ZerO to Infinity

সকল প্রকার প্রতিযোগিতামূলক পরিক্ষার সাধারণ জ্ঞান অংশের জন্য সহায়ক হ্যান্ডনোট।

জ্ঞান সংগ্রহ

বাংলাদেশ ও আন্তর্জাতিক

Writer & Editor

Raisul Islam Hridoy

অনুসন্ধান

আত্মবিশ্বাস

সাফল্য

ZerO to Infinity

Special Edition

জ্ঞান সংগ্রহ

বাংলাদেশ বিষয়াবলি

অধ্যায় ১

সংক্ষেপে বাংলাদেশ পরিচিতি

- বাংলাদেশের সাংবিধানিক নাম- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ (The People's Republic of Bangladesh)
- বাংলাদেশের স্বাধীনতা লাভ করেছে- ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর।
- এদেশের রাজধানী- ঢাকা।
- বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী- চট্টগ্রাম।
- এদেশের আয়তন- ১.৪৭.৫৭০ বর্গ কি.মি অথবা ৫৬,৯৭৭ বর্গমাইল।
- আয়তনের ভিত্তিতে পৃথিবীতে বাংলাদেশের অবস্থান- ৯০তম।
- এদেশের আইন পরিষদের নাম- পার্লামেন্ট বা জাতীয় সংসদ।
- বাংলাদেশের বিভাগ সংখ্যা- ৮টি।
- সিটি কর্পোরেশনের সংখ্যা- ১২টি।
- এদেশের সীমান্তবর্তী জেলা- ৩২টি।
- উপজেলা- ৪৯২ টি।
- পৌরসভা- ৩২৮ টি।
- ইউনিয়ন- ৪৫৭১ টি
- বাংলাদেশের সাথে যে দুটি দেশের সীমান্ত রয়েছে- ভারত ও মায়ানমার।
- জনসংখ্যা বৃদ্ধির হার- ১.৩৭%।
- এখানকার মানুষের গড় আয়ু- ৭২.০ বছর।
- এদেশের মানুষের মাথাপিছু আয়- ২০৬৪ মার্কিন ডলার।

RAISUL ISLAM HRIDOY

- বাংলাদেশের বার্ষিক গড় বৃষ্টিপাত- ২০৩ সে.মি।
- এদেশের উপর দিয়ে প্রবাহিত মোট নদ-নদীর সংখ্যা- ২০৩টি।
- এদেশের মানুষের গড়পড়তার হার- ৫৪৮% (সূত্র- অর্থনৈতিক সীমানা ২০১৯ ও প্রাথমিক গণ শিক্ষা মন্ত্রণালয় ব্যান বেইস= ৬৫.৫%)
- জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশের অবস্থান- অষ্টম।
- এদেশে সর্বোচ্চ বৃষ্টিপাত হয়- সিলেট জেলার লালখানে।
- সর্ব নিম্ন বৃষ্টিপাত হয়- নাটোর জেলার লালপুরে।
- উষ্ণতম মাস- এপ্রিল।
- শীতলতম মাস- ডিসেম্বর/জানুয়ারী।
- বাংলাদেশের সর্ব দক্ষিণের জেলা- কক্সবাজার।
- সর্ব উত্তরের জেলা- পঞ্চগড়।
- বাংলাদেশের সমুদ্র বন্দর- ২টি।
- আন্তর্জাতিক বিমানবন্দর- ৩টি।
- জনসংখ্যার ঘনত্ব- ১১১৬ জন প্রতি বর্গ কি.মি. এ।
- সবচেয়ে ঘনবসতিপূর্ণ জেলা- ঢাকা।
- সবচেয়ে কম ঘন বসতি পূর্ণ জেলা- বান্দরবন।
- বাংলাদেশের জাতিসংঘের সদস্য পদ লাভ করে- ১৯৭৪ সালে।
- বাংলাদেশের জাতিসংঘের- ১৩৬তম সদস্য।
- বাংলাদেশ নামের উৎপত্তি হয়েছে নিম্নোক্ত ক্রমধারায়- বাঙ্গাল>সুবাহ-ই বাঙলা>পূর্ববঙ্গ>পূর্ব পাকিস্তান>বাংলাদেশ।
- বাংলাদেশের ভৌগলিক অবস্থান- ২০°৩৪′ উত্তর অক্ষাংশ হতে ২৬°৩৮′উত্তর অক্ষাংশ এবং ৮৮°০১′ পূর্ব দ্রাঘিমাংশ হতে ৯২°৪১′ পূর্ব দ্রাঘিমা অংশ পর্যন্ত।

RAISUL ISLAM HRIDOY

- বাংলাদেশের সীমানা- পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ, উত্তরেভারতেরপশ্চিমবঙ্গ, মেঘালয় ও আসাম, পূর্বে ভারতের আসাম, ত্রিপুরা, মিজোরামএবংমায়ানমার, বাংলাদেশের দক্ষিণে রয়েছে বঙ্গোপসাগর।
- বাংলাদেশের সর্ব দক্ষিণের স্থান- ছেড়া দ্বীপ (না থাকলে সেন্টমার্টিন হবে)।
- বাংলাদেশের সর্ব পূর্বের স্থান- আখাইনঠং (থানচি, বান্দরবন)।
- বাংলাদেশের পশ্চিমের স্থান- মনাকসা (শিবগড়, চাঁপাই নবাবগঞ্জ)।
- বাংলাদেশের বাংলাদেশের সর্ব উত্তরের স্থান- জায়গীর জোত, বাংলা বান্ধা।
- আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় বিভাগ- চট্টগ্রাম।
- আয়তনে বাংলাদেশের সবচেয়ে ছোট বিভাগ- সিলেট।
- আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা- রাঙামাটি।
- আয়তনে বাংলাদেশের সবচেয়ে ছোট জেলা- মেহেরপুর।
- আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় উপজেলা- শ্যামনগর (সাতক্ষীরা)।
- বাংলাদেশের দক্ষিণে ভারতের কোন প্রদেশ অবস্থিত- আন্দামান নিকবর দ্বীপপুঞ্জ।
- বাংলাদেশের সমুদ্র উপকূলীয় সীমার দৈর্ঘ্য- ৭১১ কি.মি.।
- বাংলাদেশের রাজনৈতিক সমুদ্র সীমা- ১২ নটিক্যাল মাইল।
- বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্র সীমার দৈর্ঘ্য- ২০০ নটিক্যাল মাইন বা ৩৭০.৪ কি.মি.।
- বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য- ৫টি।
- বাংলাদেশের সীমান্তবর্তী জেলা- ৩২টি।
- ভারতের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা- ৩০টি।
- মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা- ৩টি।
- বাংলাদেশের কোন জেলার সাথে ভারত ও মিয়ানমারের যৌথ সীমান্ত রয়েছে- রাঙামাটি।

RAISUL ISLAM HRIDOY

- বাংলাদেশের কোন জেলার সাথে ভারতের কোন সংযোগ নেই- বান্দরবন ও কক্সবাজার।
- বাংলাদেশের সীমান্ত থেকে ভারতের ফারাক্কা বাঁধের দৈর্ঘ্য- ১৬.৫ কি.মি. বা ১১ মাইল।
- বাংলাদেশের মধ্য দিয়ে অতিক্রম করেছে- কর্কট ক্রান্তি রেখা বা ৯০ পূর্ব দ্রাঘিমা রেখা বা ট্রপিক অব ক্যানসার।
- ভারত বাংলাদেশ সীমান্ত চুক্তি স্বাক্ষরিত হয়- ১৬ মে ১৯৭৪ সালে।
- বাংলাদেশের অবস্থান ক্রান্তীয় অঞ্চলে।

বাংলাদেশের ছিটমহল ও সীমান্তবর্তী স্থানসমূহ

- বাংলাদেশ ভারত সীমান্ত চুক্তি স্বাক্ষর করেন- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ইন্দিরা গান্ধি।
- বাংলাদেশ ভারত সীমান্ত চুক্তি স্বাক্ষরিত হয়- ১৬মে ১৯৭৪ (নয়াদিল্লী)।
- বাংলাদেশের সব কটি ছিট মহল- ভারতের পশ্চিমবঙ্গের কুচবিহার জেলার অন্তর্গত।
- ছিটমহল সংক্রান্ত 'মুজিব-ইন্দিরা চুক্তি- ১৯৭৪' এর বিষয় বস্তু- নিজ ভিটায় বসবাস।
- তিন বিঘা করিডোর' এর বিনিময়ে বাংলাদেশ ভারতকে দেয়- বেরু বাড়ী ছিটমহল।
- ভারত বাংলাদেশের জন্য 'তিন বিঘা করিডোর' খুলে দেয়- ২৬ জুন ১৯৯২ সালে।
- বাংলাদেশের ভিতর ভারতের ছিটমহল আছে- ১১১টি।
- ভারতের ভিতর বাংলাদেশের ছিট মহল আছে- ৫১টি।
- ভারত ও বাংলাদেশের ছিটমহলগুলো নির্ধারণ করা হয়- 'র্যাড ক্লিফ কমিশন' অনুসারে।
- ভারতের অধিকাংশ ছিটমহল বাংলাদেশের- লালমনির হাট জেলায় (৫৯টি)।
- বাংলাদেশের সাথে ভারতের- ৫টি রাজ্যের সীমান্ত আছে।
- বাংলাদেশের সাথে দুটি দেশের সীমান্ত সংযোগ রয়েছে- ভারত ও মিয়ানমার।
- ভারতের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা- ৩০টি।
- বাংলাদেশ-ভারত ও মায়ানমার এই তিনটি জেলার যৌথ সীমান্ত রয়েছে কোন জেলায়- রাঙ্গামাটি জেলায়।
- ভারত কর্তৃক দখলকৃত 'পদুয়া' নামক স্থানটি- সিলেট সীমান্তে অবস্থিত।
- বাংলাদেশের বরিশাল বিভাগের সাথে ভারতের কোন সীমান্ত সংযোগ নেই।

RAISUL ISLAM HRIDOY

- বাংলাদেশ ও ভারতের মধ্যে সীমান্ত চিহ্নিতকরণের লক্ষ্যে গঠিত কমিটির নাম-JBWF (Joint Boundary working Groups)
- বাংলাদেশ ও ভারতের মধ্যে অচিহ্নিত সীমান্ত স্থান- ৩টি।
- তিন বিঘা করিডোর' বাংলাদেশের লালমনিরহাট জেলায় অবস্থিত।

বাংলাদেশের মাটি ও ভূ-প্রকৃতি

- বাংলাদেশের মাটিতে সবচেয়ে বেশি রয়েছে- এলুমিনিয়াম।
- বাংলাদেশের মাটিতে যে খনিজ পদার্থের অভাব রয়েছে- দস্তা ও গন্ধক।
- বাংলাদেশের মাটিকে প্রকৃতি ও রাসায়নিক গঠনের উপর ভিত্তিকরে- ৫ ভাগে ভাগ করা যায়।
- পীত মাটি পাওয়া যায়- ফরিদপুরে।
- বাংলাদেশের মৃত্তিকা গবেষণা ইন্সটিটিউট অবস্থিত- ঢাকায়।
- হিউমাস মাটির কি উপকার করে- উর্বরতা বৃদ্ধি করে।
- বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে মাটির অনুর্বরতার কারণ- লবণাক্ততা।
- পাহাড়ি মাটি- অম্ল প্রকৃতির।
- সবচেয়ে উর্বর মাটি- পলিমাটি বা পলল গঠিত মাটি।
- ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে- ৩ ভাগে ভাগ করা হয়েছে।
- বাংলাদেশের পাহাড় সমূহের ভূমিরূপ- টারশিয়ারী যুগের।
- প্লাবন সমভূমি থেকে বরেন্দ্র ভূমির উচ্চতা- ৬-১২ মিটার।
- বরেন্দ্রভূমি বলা হয়- রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিম অংশকে।
- বরেন্দ্র ভূমির মাটির রং- ধূসর ও লাল বর্ণের।
- সর্বপ্রথম বাংলাদেশের কোন অঞ্চল গঠিত হয়- টারশিয়ারী যুগের পাহাড়।
- ভাওয়ালের গড় অঞ্চল- গাজীপুর জেলায় অবস্থিত।
- মধুপুর অবস্থিত- টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলায়।

RAISUL ISLAM HRIDOY

⌘ মধুপুর ও ভাওয়ালের গড় অঞ্চলের মাটির রং- লালচে ও ধূসর।

⌘ সমভূমি থেকে মধুপুর ও ভাওয়ালের গড় অঞ্চলের উচ্চতা- ৩০ মিটার।

⌘ ঢাকার প্রতিপাদ্য স্থান- চিলির নিকট প্রশান্ত মহাসাগরে।

⌘ কক্সবাজার সমুদ্র সৈকতের ভূ-প্রকৃতি- বালুকাময়।

বাংলাদেশের আবহাওয়া ও জলবায়ু

- বাংলাদেশের আবহাওয়া কেন্দ্র- ৪টি (ঢাকা, কক্সবাজার, পতেঙ্গা, খেপুপাড়া)
- বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তর- প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে।
- বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তর- ঢাকার আগার গাঁয়ে অবস্থিত।
- বাংলাদেশের আবহাওয়া অফিস- ৩৫টি।
- সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র- ঢাকার আগার গাঁও অবস্থিত।
- সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠিত হয়- ২ জানুয়ারি ১৯৯৫ সালে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আঞ্চলিক কেন্দ্র- ২টি।
- বাংলাদেশ- ক্রান্তীয় জলবায়ু অঞ্চলের অন্তর্গত।
- বাংলাদেশের বার্ষিক গড় তাপমাত্রা- ২৬.৭০ ।
- এদেশের বায়ুর আর্দ্রতা কম থাকে- শীত কালে।
- বাংলাদেশের জলবায়ু- সম ভাবাপন্ন।
- বাংলাদেশের জলবায়ুর প্রধান বৈশিষ্ট্য- মৌসুমি বায়ু।
- এদেশে কাল বৈশাখী বৃষ্টিপাত ঝড়ের কারণ- উত্তর-পশ্চিম মৌসুমি বায়ু।
- বাংলাদেশে শীতকালে বৃষ্টিপাত হয় না- উত্তর পূর্ব মৌসুমি বায়ুর প্রভাবে।
- বাংলাদেশের আবহাওয়া দপ্তর কমপক্ষে- ১৮ ঘণ্টা পূর্বে বিপদ সংকেত দেয়।
- SPARSO – ঢাকার আগার গাঁও এ অবস্থিত।

RAISUL ISLAM HRIDOY

- SPARSO – প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন।
- SPARSO প্রতিষ্ঠিত হয় ১৯৮০ সালে।
- বাংলাদেশ স্বতন্ত্র ঋতু- বর্ষাকাল।
- বাংলাদেশে ঘড়ির কাটা ১ ঘণ্টা অগ্রগামী করা হয়- ১৯ জুন ২০০৯।
- ১৯৯১ সালের ঘূর্ণিঝড়ের পর বাংলাদেশের সাহায্যের জন্য আসা মার্কিন টাস্কফোর্স- অপারেশন সী এঙ্গেল-১
- ২০০৭ সালে ১৫ নভেম্বর ঘূর্ণিঝড় সিডরের পরে সাহায্যের জন্য আসা মার্কিন টাস্কফোর্স- অপারেশন সী এঙ্গেল- ২।
- সিডর শব্দের অর্থ- চোখ।
- আইলা শব্দের অর্থ- ডলফিন বা শুশুক।
- লায়লা শব্দের অর্থ- মেঘ কালো চুল।
- ফিয়ান শব্দের অর্থ- বন্ধু।
- বাংলাদেশের সবচেয়ে বড় দিন ও ছোট রাত- ২১ জুন।
- সবচেয়ে ছোট দিন ও বড় রাত- ২২ ডিসেম্বর।

বাংলাদেশ ভূ-উপগ্রহ কেন্দ্র

- বাংলাদেশে ভূ- উপগ্রহ কেন্দ্র আছে- ৪টি (বেতবুনিয়া, তালিবাবাদ, মহাখালী, সিলেট)
- আন্তর্জাতিক টেলিযোগাযোগের মাধ্যমকে- উপগ্রহ বলে।
- বাংলাদেশের সর্বশেষ কেন্দ্র- সিলেটে অবস্থিত।
- বাংলাদেশের উপগ্রহ কেন্দ্রটি অবস্থিত- সিলেটে অবস্থিত।
- প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্রটি অবস্থিত- বেতবুনিয়া, গাজীপুর।
- তারিবাবাদ ভূ-উপগ্রহ কেন্দ্রটি কোন জেলায় অবস্থিত- গাজীপুর।
- মহাখালীতে ভূ উপগ্রহ কেন্দ্রটি যোগাযোগ ছাড়াও- আন্তর্জাতিক ট্রাংক এক্স চেঞ্জের কাজে ব্যবহৃত হয়।

RAISUL ISLAM HRIDOY

বাংলাদেশের পাহাড়-পর্বত-উপত্যকাসমূহ

- বাংলাদেশের পাহাড়সমূহ সৃষ্টি হয়েছে- প্লেটটেকনোনিক প্রক্রিয়ায়।
- বাংলাদেশের পাহাড় সমূহ গঠিত হয়- টারশিয়ারী যুগে।
- বাংলাদেশের পাহাড় সমূহ- ভাঁজ বা ভঙ্গিল শ্রেণীর।
- বাংলাদেশের সবচেয়ে বড় পাহাড়- গারো পাহাড়।
- বাংলাদেশের পাহাড় সমূহের গড় উচ্চতা- ২০৫০ ফুট।
- আলু টিলা পাহাড়- খাগড়াছড়িতে অবস্থিত।
- লালমাই পাহাড়- কুমিল্লায় অবস্থিত।
- ইউরেনিয়াম পাওয়া গেছে- কুলাউড়া পাহাড়ে।
- কুলাউড়া পাহাড় অবস্থিত- মৌলভীবাজার জেলায়।
- চিম্বুক পাহাড়ের পাদদেশে বাস করে- মারমা উপজাতি।
- 'কালা পাহাড়' বা 'পাহাড়ের রাণী' বলা হয়- চিম্বুক পাহাড়কে (৩য় উচ্চতম)।
- হিন্দুদের তীর্থ স্থানের জন্য বিখ্যাত- চন্দ্রনাথের পাহাড়।
- বাংলাদেশের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম- তাজিংডং বা বিজয় বা মদক মুয়াল।
- বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ পর্বত শৃঙ্গ- কেওক্রাডং।
- কাপ্তাই লেক থেকে প্লাবিত রাঙ্গামাটির উপত্যকা হল- ভেঙ্গি জালি।
- সাঙ্গু ভ্যালী অবস্থিত- চট্টগ্রামে।
- হালদা ভ্যালী অবস্থিত- খাগড়াছড়িতে।

RAISUL ISLAM HRIDOY

বাংলাদেশের ভৌগলিক প্রতীকী নাম সমূহ

ভৌগলিক প্রতীকী নাম/স্থান/ভৌগলিক প্রতীকী নাম/স্থান

- সোনালী আঁশের নাম বাংলাদেশ, প্রাচ্যের ডান্ডি নারায়ণগঞ্জ
- জনসংখ্যার দেশ বাংলাদেশ ,বাংলার ডান্ডি নারায়ণগঞ্জ
- ভাটির দেশ বাংলাদেশ, মসজিদের শহর ঢাকা
- নদীমাতৃক দেশ বাংলাদেশ, রিক্সার নগরী ঢাকা
- পৃথিবীর ব-দ্বীপ বাংলাদেশ, ৩৬০ আউলিয়ার আবাস ভূমি সিলেট
- দেশের প্রবেশ দ্বার চট্টগ্রাম, বাংলাদেশ-ভারতের প্রবেশ দ্বার সিলেট
- দেশের বাণিজ্যিক রাজধানী চট্টগ্রাম, বাংলার লন্ডন সিলেট
- বার আউলিয়ার শহর চট্টগ্রাম, কুমিল্লার দুঃখ গোমতী
- চট্টগ্রামের দুঃখ চাক্তাইখাল, রসের হাঁড়ি খেজুর গুড় ফরিদপুর
- বাংলার শস্য ভাণ্ডার বরিশাল, ৫২২তম বিশ্ব ঐতিহ্য সুন্দরবন
- খাল-বিল-নদী-নালার জেলা ঊরিশাল পশ্চিম বাহিনীর নদী ডাকাতিয়া নদী
- বাংলার ভেনিস ঊরিশাল হিমালয়ের কন্যা পঞ্চগড়
- সাগর দ্বীপ ভোলা উত্তর বঙ্গের প্রবেশ দ্বার বগুড়া
- সাগর কন্যা কুয়াকাটা পাহাড়-পর্বত ও রহস্যের লীলা ভূমি বান্দরবন
- সাগর কন্যা (জেলার ক্ষেত্রে) পটুয়াখালী

বাংলাদেশের স্থাপত্য নিদর্শনসমূহ

- বাংলাদেশের কেন্দ্রীয় শহীদ মিনারের অবস্থান- ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণ।
- কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি- হামিদুর রহমান।

RAISUL ISLAM HRIDOY

- কেন্দ্রীয় শহীদ মিনারের প্রথম ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়- ২৩ জানুয়ারি ১৯৫২।
- কেন্দ্রীয় শহীদ মিনারের উদ্বোধক- শহীদ শফিউর রহমানের পিতা।
- শহীদ মিনার প্রথম উদ্বোধন করা হয়- ২৪ ফেব্রুয়ারি ১৯৫২।
- জাতীয় স্মৃতিসৌধ অবস্থিত- সাভারে।
- জাতীয় স্মৃতিসৌধ এর স্থপতি- সৈয়দ মাইনুল হোসেন।
- জাতীয় স্মৃতিসৌধ এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- জাতীয় স্মৃতিসৌধ স্থাপন করা হয়- ১৬ই ডিসেম্বর ১৯৭২।
- জাতীয় স্মৃতিসৌধ উদ্বোধন করেন- প্রেসিডেন্ট হুসেইন মুহাম্মদ এরশাদ।
- জাতীয় স্মৃতিসৌধ এর উচ্চতা- ১৫০ ফুট।
- জাতীয় স্মৃতিসৌধ এর ফলক সংখ্যা- ৭টি।
- মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স- মেহেরপুর জেলায় অবস্থিত।
- মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স এর স্থপতি- তানবীর কবির।
- মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স এর স্তম্ভ সংখ্যা- ২৩টি।
- বুদ্ধিজীবী স্মৃতিসৌধের অবস্থান- মিরপুর, ঢাকা।
- বুদ্ধিজীবী স্মৃতিসৌধের স্থপতি- মোস্তফা হারুন কুদ্দুস হিলি।
- রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ অবস্থিত- রায়ের বাজার, ধানমন্ডি।
- এর স্থপতি- ফরিদউদ্দীন আহমেদ ও জামি আল শফি।
- জাগ্রত চৌরঙ্গী অবস্থিত- জয়দেবপুর চৌরাস্তা, গাজীপুর।
- জাগ্রত চৌরঙ্গী এর ভাস্কর- আব্দুর রাজ্জাক।
- অপরাজেয় বাংলা অবস্থিত- কলাভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- এর ভাস্কর- সৈয়দ আব্দুল্লাহ খালেদ।
- স্বোপার্জিত স্বাধীনতা- ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি চত্বরে অবস্থিত।
- স্বোপার্জিত স্বাধীনতা ভাস্কর্যের স্থপতি- শামীম শিকদার।

RAISUL ISLAM HRIDOY

- শাবাশ বাংলাদেশ ভাস্কর্যটি- রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।
- শাবাশ বাংলাদেশ ভাস্কর্যটি ভাস্কর-নিতুন কুণ্ড।
- 'সংশপ্তক' ভাস্কর্যটি- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।
- 'সংশপ্তক' ভাস্কর্যটির ভাস্কর- হামিদুজ্জামান খান।
- 'স্মারক ভাস্কর্য' টি- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।
- 'স্মারক ভাস্কর্যটির স্থপতি- মতুর্জা বশীর।
- 'মুক্ত বাংলা' ভাস্কর্যটি অবস্থিত- ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
- 'মুক্ত বাংলা' ভাস্কর্যটি ভাস্কর- রশীদ আহমদ।
- 'অমর একুশে' ভাস্কর্যটি- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।
- গোল্ডেন জুবিলী টাওয়ার- রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।
- বিজয় '৭১ এর অবস্থান- বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- বিজয় '৭১ এর ভাস্কর্য- শ্যামল চৌধুরী।
- 'যুদ্ধভাসান' ভাস্কর্যটি- কুমিল্লায় অবস্থিত।
- দেশের সর্বোচ্চ শহীদ মিনারটি- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।
- দেশের এই সর্বোচ্চ শহীদ মিনারের স্থপতি- রবিউল হুসাইন।
- 'মোদের গরব' ভাস্কর্যটির অবস্থান- বাংলা একাডেমী চত্বর।
- মোদের গরব ভাস্কর্যটি ভাস্কর- অখিল পাল।
- একনজরে স্থাপত্য, ভাস্কর্য ও স্থপতি এবং অবস্থান
- স্থাপত্য/ভাস্কর্য/স্মৃতিসৌধ অবস্থান স্থপতি/ভাস্কর
- জাতীয় স্মৃতিসৌধ-সাভার-সৈয়দ মাইনুল হোসেন
- মুজিব নগর স্মৃতিসৌধ মেহেরপুর তানভীর কবির
- অপরাজেয় বাংলা ঢা.বি কলাভবন সৈয়দ আব্দুল্লাহ খালেদ
- কেন্দ্রীয় শহীদ মিনার ঢাকা মেডিক্যাল সংলগ্ন হামিদুর রহমান

RAISUL ISLAM HRIDOY

- জাগ্রত চৌরঙ্গী জয়দেবপুর চৌরাস্তা আব্দুর রাজ্জাক
- স্বোপার্জিত স্বাধীনতা ঢা.বি টিএসসি চত্বর শামীম শিকদার
- বিজয় উল্লাস আনোয়ার পাশা ভবন ঢাবি শামীম শিকদার
- স্বাধীনতা সংগ্রাম ‍ডুলার রোড, ঢাবি শামীম শিকদার
- সোনার বাংলা কৃষি বিশ্ব বিদ্যালয় ময়মনসিংহ শ্যামল চৌধুরী
- বিজয় '৭১ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ খন্দকার বদরুল ইসলাম নান্নু
- অংশুমান (জনতার রায়) রংপুর অনীক রেজা
- কমলাপুর রেল স্টেশন কমলাপুর, ঢাকা বব বুই
- তিন নেতার মাজার সোহরাওর্য়াদী উদ্যানের দক্ষিণে মাসুদ আহমেদ
- দুর্জয় রাজারবাগ, ঢাকা মৃণাল হক
- দুরন্ত শিশু একাডেমী, ঢাকা সুলতানুল ইসলাম
- সংগ্রাম সোনারগাঁও নারায়ণগঞ্জ জয়নুল আবেদীন
- বিজয় বিহঙ্গ আমতলা, বরিশাল হামিদুজ্জামান ও আমিনুল হাসান লিটু
- স্বাধীনতা ভাষা ইন্সটিটিউট সেগুনবাগিচা, ঢাকা
- রক্ত সোপান রাজেন্দ্রপুর সেনানিবাস
- বীরের প্রত্যাবর্তন বাড্ডা, ঢাকা সুদীপ্ত রায়
- প্রত্যাশা ফুলবাড়িয়া, ঢাকা, মৃণাল হক
- প্রতিরোধ মাসদাইর, নারায়ণগঞ্জ মৃণাল হক
- চির দুর্জয় রাজারবাগ, ঢাকা মৃণাল হক
- স্বাধীনতার ডাক গগনবাড়ী, সাভার হীল উৎপল কর

RAISUL ISLAM HRIDOY

আরও কিছু তথ্য:

- গারো ক্যাপিটাল বলা হয়- নেত্রকোনা জেলার দূর্গাপুর উপজেলাকে।
- বাংলাদেশ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালিত হবে- ২০২১ সালে।
- দক্ষিণ তালপট্টি দ্বীপ প্রথম জেগে ওঠে- ১৯৭০ সালে।
- জাফর পয়েন্ট অবস্থিত- খুলনা জেলায়।
- ব্রিটিশ বাংলার ৬৪ শতাংশ এলাকা নিয়ে গঠিত হয়- বাংলাদেশ।
- 'জঙ্গলবাড়ি দুর্গ' টি- কিশোরগঞ্জ জেলায় অবস্থিত।
- আগুনমুখা- পটুয়াখালী জেলার গলাচিপা থানায় অবস্থিত।
- 'নয়াগ্রাস্থা ভূ-খণ্ডটি অবস্থিত- সিলেট সীমান্তে।
- জাহাজ মারা- একটি ইউনিয়নের নাম যা নোয়াখালীতে অবস্থিত।
- রূপসী বাংলাদেশ হিসাব ঘোষণা করা হয়েছে- সোনার গাঁয়ের যাদুঘর এলাকাকে।
- 'সোযাচ অব নো গ্রাউন্ড' খাতটি অবস্থিত- বঙ্গোপসাগরে।
- বাংলাদেশ ও ভারতের অমীমাংসিত সীমান্ত দৈর্ঘ্য ৬.৫ কি.মি.।
- বাংলাদেশ মোট সীমান্ত দৈর্ঘ্য ৫১৩৮ কি.মি.।
- বাংলাদেশের মোট স্থলসীমা ৪৪২৭ কি.মি.।
- বাংলাদেশ ও মায়ানমারের সীমান্ত দৈর্ঘ্য ২৮৩ কি.মি. বা ১৭৬ মাইল।
- বাংলাদেশের সমুদ্র উপকূলের দৈর্ঘ্য ৭১১ কি.মি.।
- বাংলাদেশের রাজনৈতিক সমুদ্র সীমা- ১২ নটিক্যাল মাইল।
- ১ নটিক্যাল মাইল সমান ১.৮৫৩ কি.মি.।
- তিন বিঘা করিডোর- তিস্তা নদীর তীরে অবস্থিত।
- জনসংখ্যায় বাংলাদেশের বড় থানা- বেগমগঞ্জ, নোয়াখালী।
- বাংলাদেশের যে স্থান টি ৩০ বছর পর বি.ডি.আর, বিএস,এফ এর নিকট থেকে উদ্ধার করেছে- পদুয়া।

RAISUL ISLAM HRIDOY

- 'পদুয়া' নামক স্থানটি বি.ডি.আর পুনরুদ্ধার করে- ১৫ এপ্রিল ২০০১ সালে।
- বি.ডি.আর এবং বি.এস.এফ এর মধ্যে বড় ধরনের সংঘর্ষ হয়- রৌমারীতে ২০০১ সালে।

[http://www.bangladesh.gov.bd/]

সীমানা

আয়তন ও সীমান্ত

সীমানা	আয়তন ও সীমান্ত
সর্বমোট সীমান্ত রেখা	৫১৩৮ বর্গ কি: মি: [সূত্র :বর্ডার গার্ড বাংলাদশে] ৪৭১১ বর্গ কি: মি: [সূত্র : মাধ্যমিক ভূগোল]
স্থলসীমা	৩৯৯৫ বর্গ কি:মি: [সূত্র : মাধ্যমিক ভূগোল] ৪৪২৭ বর্গ কি:মি: [সূত্র :বর্ডার গার্ড বাংলাদশে]
বাংলাদেশের উপকূলের দৈর্ঘ্য	৭১৬ বর্গ কি:মি:[সূত্র : মাধ্যমিক ভূগোল] ৭১১ বর্গ কি:মি: [সূত্র :বর্ডার গার্ড বাংলাদশে]
অর্থনৈতিক সমুদ্রসীমা	২০০ নটিক্যাল মাইল বা ৩৭০.৮ কি:মি:
রাজনৈতিক সমুদ্রসীমা	১২ নটিক্যাল মাইল
১ নটিক্যাল মাইল	১.১৫ মাইল বা ১.৮৫২ কি:মি:
বাংলাদেশের সাথে সীমানা আছে	ভারত ও মিয়ানমারের
ভারতের সাথে সীমারেখার দৈর্ঘ্য	৩৭১৫ কি:মি:[সূত্র : মাধ্যমিক ভূগোল] ৪১৫৬কি:মি:[সূত্র :বর্ডার গার্ড বাংলাদশে]
মিয়ানমারের সাথে সীমারেখার দৈর্ঘ্য	২৮০কি:মি:[সূত্র : মাধ্যমিক ভূগোল] ২৭১কি:মি:[সূত্র :বর্ডার গার্ড বাংলাদশে]
বাংলাদেশের সীমান্তবর্তী জেলা	৩২ টি

RAISUL ISLAM HRIDOY

ভারত ও মিয়ানমার উভয়দেশের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা	রাঙ্গামাটি (বাংলাদেশের সবচেয়ে বড় জেলা)
মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা	৩ টি (রাঙ্গামাটি,বান্দরবান,খাগড়াছড়ি)
ভারতের সাথে সীমান্তবর্তী জেলা	৩০ টি

- ঢাকা ও বরিশাল বিভাগের সাথে কোন সীমান্ত নেই ।
- দেশের ২৪ তম স্থলবন্দর ভোলাগঞ্জ, কোম্পানিগঞ্জ, সিলেট।
- ময়মনসিংহ এবং সিলেট বিভাগের প্রতিটি জেলার সাথে সীমান্ত আছে।
- বিশ্বের সবচেয়ে বড় বদ্বীপ হল বাংলাদেশ।
- বাংলাদেশের দক্ষিন- পশ্চিমে হাড়িয়াভাঙ্গা নদী বাংলাদেশ – ভারত এবং দক্ষিন- পূর্বে নাফ নদী বাংলাদেশ – মিয়ানমার সীমান্ত নির্দেশ করে।
- ভারতের পাঁচটি রাজ্যের সাথে বাংলাদেশের সীমান্ত আছে। এগুলো হলো – পশ্চিমবঙ্গ, আসাম, মেঘালয়, ত্রিপুরা ও মিজোরাম।

হাইলাইটস

- উত্তরে- ভারতের পশ্চিমবঙ্গ, আসাম ও মেঘালয় প্রদেশ
- পূর্বে- ভারতের আসাম, ত্রিপুরা ও মিজোরাম প্রদেশ ও মায়ানমার
- পশ্চিমে- ভারতের পশ্চিমবঙ্গ প্রদেশ
- দক্ষিণে- বঙ্গোপসাগর
- সীমান্ত আছে- ২টি দেশের সঙ্গে (ভারত ও মায়ানমার)
- বাংলাদেশের সীমান্তে ভারতের মোট রাজ্য- ৫টি
- বাংলাদেশের সীমান্তে অবস্থিত নয়- মণিপুর রাজ্য (টিপাইমুখ বাঁধ)
- বাংলাদেশের সীমান্তবর্তী জেলা- ৩২টি
- ভারতের সঙ্গে সীমান্তবর্তী জেলা- ৩০টি
- ভারত ও মায়ানমার দু'টি দেশের সঙ্গেই সীমান্ত আছে- রাঙামাটি জেলার

RAISUL ISLAM HRIDOY

- মোট সীমান্ত- ৫১৩৮ কিমি (অথবা ৪৭১৯ কিমি)
- মোট স্থলসীমা- ৪৪২৭ কিমি
- ভারতের সাথে সীমান্ত- ৪১৪৪ কিমি (অথবা ৩৭১৫ কিমি)
- মায়ানমারের সাথে সীমান্ত- ২৮৩ কিমি
- সমুদ্র উপকূলের দৈর্ঘ্য- ৭১১ কিমি
- কক্সবাজার সমুদ্র সৈকতের দৈর্ঘ্য- ১৫৫ কিমি (পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত)
- অর্থনৈতিক সমুদ্র সীমা- ২০০ নটিক্যাল মাইল
- রাজনৈতিক সমুদ্র সীমা- ১২ নটিক্যাল মাইল
- সীমান্ত থেকে ফারাক্কা বাঁধের দূরত্ব- ১৬.৫ কিমি/ ১১ মাইল
- ভারতের ভেতরে বাংলাদেশের ছিটমহল- ৫১টি (পশ্চিমবঙ্গের কুচবিহার ও জলপাইগুড়ি জেলায়)
- বাংলাদেশের ভেতরে ভারতের ছিটমহল- ১১১টি (লালমনিরহাট, পঞ্চগড়, কুড়িগ্রাম ও নীলফামারীতে)
- সবচেয়ে বেশি ছিটমহল- লালমনিরহাটে (৫৯টি)
- স্বাধীনতার ৩০ বছর পর বিডিআর (বর্তমান বিজিবি) বিএসএফের কাছ থেকে উদ্ধার করে- সিলেটের পাদুয়া
- বাংলাদেশ-ভারত সীমান্ত চুক্তি স্বাক্ষরিত হয়- ১৬ মে, ১৯৭৪ (শেখ মুজিব ও ইন্দিরা গান্ধী)
- সর্ব উত্তরের জেলা- পঞ্চগড় (থানা- তেঁতুলিয়া)
- সর্ব দক্ষিণের জেলা- কক্সবাজার (থানা- টেকনাফ)
- সর্ব পশ্চিমের জেলা- চাঁপাই নবাবগঞ্জ (থানা- শিবগঞ্জ)
- সর্ব পূর্বের জেলা- বান্দরবান (থানা- থানচি)

ছিটমহল

- ভারতের ভেতরে বাংলাদেশের ছিটমহল- ৫১টি [প্রচলিত তথ্য]
- বাংলাদেশের ভেতরে ভারতের ছিটমহল- ১১১টি [প্রচলিত তথ্য]
- ভারতের ভেতরে বাংলাদেশের ছিটমহল- ৭১টি [তথ্যসূত্র : wikipedia]
- বাংলাদেশের ভেতরে ভারতের ছিটমহল- ১০২টি [তথ্যসূত্র : wikipedia]

RAISUL ISLAM HRIDOY

❖ বাংলাদেশ-ভারতের মোট কাউন্টার ছিটমহল আছে- ২৮টি [তথ্যসূত্র : wikipedia]

❖ বাংলাদেশ-ভারতের মোট কাউন্টার-কাউন্টার ছিটমহল আছে- ১টি [তথ্যসূত্র : wikipedia]

বিভিন্ন জেলায় ছিটমহলের সংখ্যা

বাংলাদেশের ছিটমহল (ভারতে অবস্থিত)		ভারতের ছিটমহল (বাংলাদেশে অবস্থিত)	
কুচবিহার (সর্বোচ্চ)	৪৭টি	লালমনিরহাট (সর্বোচ্চ)	৫৯টি
জলপাইগুড়ি	৪টি	পঞ্চগড়	৩৬টি
		কুড়িগ্রাম	১২টি
		নীলফামারী	৪টি
(দুইটি জেলায়-ই পশ্চিমবঙ্গে)	৫১টি		১১১টি

[প্রচলিত তথ্যের আলোকে ছকটি প্রস্তুত করা হয়েছে।]

মুজিব-ইন্দিরা গান্ধী চুক্তি এবং বেড়ুবাড়ী-তিনবিঘা করিডোর প্রসঙ্গ

⌘ মুজিব-ইন্দিরা গান্ধী সীমান্ত চুক্তি স্বাক্ষরিত হয়- ১৯৭৪ সালে

⌘ চুক্তি অনুযায়ী- বাংলাদেশ ভারতকে দক্ষিণ বেড়ুবাড়ী ছিটমহল দিয়ে দেবে । বিনিময়ে তিনবিঘা করিডোর পাবে । তিনবিঘা করিডোর বাংলাদেশের সঙ্গে দহগ্রাম-আঙ্গরপোতা ছিটমহলের যোগাযোগের একমাত্র রাস্তা ।

⌘ বাংলাদেশকে ভারতের কাছে দক্ষিণ বেড়ুবাড়ী হস্তান্তর করে- ১৯৭৪ সালে

⌘ ভারত বাংলাদেশের জন্য তিনবিঘা করিডোর খুলে দেয়- ২৬ জুন, ১৯৯২ (প্রতিদিন ১২ ঘণ্টার জন্য খোলা থাকতো)

⌘ বেড়ুবাড়ী ছিটমহল- পঞ্চগড় জেলায়

⌘ ভারত বাংলাদেশের কাছে তিনবিঘা করিডোর লিজ দেয়- ২০১১ সালে

⌘ ভারত বাংলাদেশকে তিনবিঘা করিডোর লিজ দিলেও দক্ষিণ বেড়ুবাড়ী ভারতের দখলে আছে

⌘ তিনবিঘা করিডোর বাংলাদেশের জন্য ২৪ ঘণ্টা খুলে দেয়ার জন্য ভারত-বাংলাদেশের মধ্যে আনুষ্ঠানিক চুক্তি হয়- ৬ সেপ্টেম্বর ২০১১

⌘ দহগ্রাম-আঙ্গরপোতা ছিটমহলের মানুষের জন্য তিনবিঘা করিডোর আনুষ্ঠানিকভাবে খুলে দেন- প্রধানমন্ত্রী শেখ হাসিনা (১৯ অক্টোবর ২০১১)

⌘ স্বাধীনতার ৩০ বছর পর বিডিআর (বর্তমান বিজিবি) বিএসএফের কাছ থেকে উদ্ধার করে- সিলেটের পাদুয়া

RAISUL ISLAM HRIDOY

সংবিধান

- বাংলাদেশ- একটি গণপ্রজাতন্ত্রী রাষ্ট্র
- বাংলাদেশের সরকার পদ্ধতি- এককেন্দ্রীক
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন- সংবিধান
- দেশের সর্বোচ্চ আইন প্রণয়নকারী কর্তৃপক্ষ- শাসন বিভাগ
- বাংলাদেশের সংবিধানে মোট ভাগ- ১১টি
- সংবিধানে অনুচ্ছেদ আছে- ১৫৩টি
- সংবিধানে ভাগ- ১১টি, অনুচ্ছেদ- ১৫৩টি
- সংবিধানে তফসিল আছে- ৪টি
- সংবিধানে মূলনীতি আছে- ৪টি
- সংবিধানের রূপকার- ড. কামাল হোসেন
- সংবিধান রচনা কমিটির সদস্য- ৩৪ জন(প্রধান ছিলেন- ড. কামাল হোসেন)
- সংবিধান রচনা কমিটির একমাত্র বিরোধী দলীয় সদস্য- সুরঞ্জিত সেনগুপ্ত
- সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য- বেগম রাজিয়া বানু
- বাংলাদেশের সংবিধান তৈরি করা হয়- ভারত ও বৃটেনের সংবিধানের আলোকে
- বাংলাদেশের সংবিধান জাতীয় সংসদে উত্থাপন করেন- ড. কামাল হোসেন
- সংবিধান সর্বপ্রথম গণপরিষদে উত্থাপিত হয়- ১৯৭২ সালের ১২ অক্টোবর
- সংবিধান গণপরিষদে গৃহীত হয়- ১৯৭২ সালের ৪ নভেম্বর
- সংবিধান কার্যকর হয়- ১৬ ডিসেম্বর ১৯৭২
- সংবিধান দিবস- ৪ নভেম্বর
- হস্তলিখিত লিখিত সংবিধানের অঙ্গসজ্জা করেন- শিল্পাচার্য জয়নুল আবেদীন
- সংবিধান- ২ প্রকার; লিখিত সংবিধান ও অলিখিত সংবিধান

RAISUL ISLAM HRIDOY

- বাংলাদেশের সংবিধান- লিখিত সংবিধান
- লিখিত সংবিধান নেই- বৃটেন, নিউজিল্যান্ড, স্পেন ও সৌদি আরব
- বিশ্বের সবচেয়ে বড় সংবিধান- ভারতের; আর ছোট- মার্কিন যুক্তরাষ্ট্রের
- বাংলাদেশের আইন অনুযায়ী- ১৪ বছরের নিচের শিশুদের শ্রমে নিয়োগ করা যাবে না

সংবিধান সংশোধন

- মোট সংবিধান সংশোধন- ১৭ বার
- বাংলাদেশের সংবিধান থেকে ‘সমাজতন্ত্র’ ও ‘ধর্মনিরপেক্ষতা’ বাদ পরে- ১৯৭৮ সালে
- বাংলাদেশের সংবিধানে আবার ‘সমাজতন্ত্র’ ও ‘ধর্মনিরপেক্ষতা’ সংযোজন হয়- ২০১১ সালে
- ‘বাঙালি’-র বদলে ‘বাংলাদেশি’ জাতীয়তাবাদ প্রবর্তন করা হয়- ১৯৭৬ সালে
- সংবিধানে ‘বিসমিল্লাহির রাহমানীর রাহিম’ গৃহীত হয়- ১৯৭৭ সালে
- ইনডেমনিটিবিল/অধ্যাদেশজারিহয়- ১৯৭৫সালে
- ইনডেমনিটিবিল/অধ্যাদেশবাতিলহয়- ১৯৯৬সালে
- তত্ত্বাবধায়কসরকারেরআইনপাসহয়- ১৯৯৬সালে
- জরুরিঅবস্থাজারিরবিধান- ২য়সংশোধনী
- ইসলামকেরাষ্ট্রধর্মকরাহয়- ৮মসংশোধনী
- সংসদীয়পদ্ধতিরসরকারপ্রবর্তনকরাহয়- ১২শসংশোধনী
- সংবিধানসংশোধনেরজন্য- ২/৩ভোটেরপ্রয়োজন

সংবিধানের সংশোধনী সমূহ

আইনের শিরোনাম	সংশোধনীর বিষয়বস্তু	উত্থাপনকারী	উত্থাপনের তারিখ	পাসের তারিখ	রাষ্ট্রপতির অনুমোদনের তারিখ	পক্ষে-বিপক্ষে ভোট	মন্তব্য	তৎকালীন রাষ্ট্রপতি / প্রধানমন্ত্রী
সংবিধান (প্রথম সংশোধনী) আইন ১৯৭৩	যুদ্ধাপরাধীসহ অন্যান্য মানবতাবিরোধী অপরাধীদের বিচার নিশ্চিত করা	তৎকালীন আইনমন্ত্রী মনোরঞ্জন ধর	১২ই জুলাই, ১৯৭৩	১৫ই জুলাই ১৯৭৩	১৭ই জুলাই ১৯৭৩	২৫৪-০ (বিরত ৩ জন)	***	শেখ মুজিবুর রহমান
সংবিধান (দ্বিতীয়	অভ্যন্তরীণ গোলযোগ বা	আইনমন্ত্রী	১৮ই সেপ্টেম্বর,	২০শে	২২শে সেপ্টেম্বর	২৬৭-০ (স্বতন্ত্র ও	***	শেখ মুজিবুর রহমান

RAISUL ISLAM HRIDOY

সংশোধনী) আইন ১৯৭৩ ২৫ এপ্রিল	বহিরাক্রমনে দেশের নিরাপত্তা ও অর্থনৈতিক জীবন বাধাগ্রস্ত হলে “জরুরি অবস্থা” ঘোষণার বিধান	মনোরঞ্জন ধর	১৯৭৩	সেপ্টেম্বর, ১৯৭৩	১৯৭৩	বিরোধীরা ওয়াকআউট করেন)		
সংবিধান (তৃতীয় সংশোধনী) আইন ১৯৭৪	বাংলাদেশ-ভারত সীমান্ত চুক্তি অনুমোদন এবং চুক্তি অনুযায়ী ছিটমহল ও অপদখলীয় জমি বিনিময় বিধান	আইনমন্ত্রী মনোরঞ্জন ধর	২১শে নভেম্বর, ১৯৭৪	২৩শে নভেম্বর ১৯৭৪	২৭শে নভেম্বর ১৯৭৪	২৬১-০৭	***	শেখ মুজিবুর রহমান
সংবিধান (চতুর্থ সংশোধনী) আইন ১৯৭৫	সংসদীয় শাসন পদ্ধতির পরিবর্তে রাষ্ট্রপতি শাসিত শাসন পদ্ধতি চালু এবং বহুদলীয় রাজনীতির পরিবর্তে একদলীয় রাজনীতি প্রবর্তন এবং বা ক শা ল গঠন	আইনমন্ত্রী মনোরঞ্জন ধর	২৫শে জানুয়ারি ১৯৭৫	২৫শে জানুয়ারি ১৯৭৫	২৫শে জানুয়ারি ১৯৭৫	২৯৪-০	***	শেখ মুজিবুর রহমান
সংবিধান (পঞ্চম সংশোধনী) আইন ১৯৭৯	১৯৭৫ সালের ১৫ই আগস্টের সামরিক অভ্যুত্থানের পর থেকে ১৯৭৯ সালের ৫ই এপ্রিল পর্যন্ত সামরিক সরকারের যাবতীয় কর্মকান্ডকে বৈধতা দান,"বিসমিল্লাহির রাহমানির রাহিম" সংযোজন	সংসদ নেতা শাহ আজিজুর রহমান	৪ই এপ্রিল ১৯৭৯	৬ই এপ্রিল ১৯৭৯	৬ই এপ্রিল ১৯৭৯	২৪১-০	সুপ্রীম কোর্ট কর্তৃক অবৈধ ঘোষিত এবং বাতিলকৃত	জিয়াউর রহমান
সংবিধান (ষষ্ঠ সংশোধনী) আইন ১৯৮১	উপ-রাষ্ট্রপতি পদে বহাল থেকে রাষ্ট্রপতি পদে নির্বাচনের বিধান নিশ্চিতকরন	সংসদ নেতা শাহ আজিজুর রহমান	১লা জুলাই ১৯৮১	৮ই জুলাই ১৯৮১	৯ই জুলাই ১৯৮১	২৫২-০	***	জিয়াউর রহমান
সংবিধান (সপ্তম সংশোধনী) আইন ১৯৮৬	১৯৮২ সালের ২৪শে মার্চ থেকে ১৯৮৬ সালের ৯ই নভেম্বর পর্যন্ত সামরিক আইন বলবৎ থাকাকালীন সময়ে প্রণীত সকল ফরমান, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, নির্দেশ ও অধ্যাদেশসহ অন্যান্য সকল আইন অনুমোদন	আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী বিচারপতি কে এম নুরুল ইসলাম	১০ই নভেম্বর ১৯৮৬	১০ই নভেম্বর ১৯৮৬	১০ই নভেম্বর ১৯৮৬	২২৩-০	সুপ্রীম কোর্ট কর্তৃক অবৈধ ঘোষিত এবং বাতিলকৃত	হুসেইন মুহাম্মদ এরশাদ
সংবিধান (অষ্টম সংশোধনী) আইন	রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে স্বীকৃতিদান ও ঢাকার বাইরে ৬টি জেলায় হাইকোর্টের	সংসদ নেতা ব্যারিস্টার মওদুদ	১১ই মে ১৯৮৮	৭ই জুন ১৯৮৮	৯ই জুন ১৯৮৮	২৫৪-০	***	হুসেইন মুহাম্মদ এরশাদ

RAISUL ISLAM HRIDOY

১৯৮৮	স্থায়ী বেঞ্চ স্থাপন। Dacca-এর নাম Dhaka এবং Bangali-এর নাম Bangla-তে পরিবর্তন করা হয়	আহমদ						
সংবিধান (নবম সংশোধনী) আইন ১৯৮৯	রাষ্ট্রপতি পদে নির্বাচনের সাথে একই সময়ে উপরাষ্ট্রপতি পদে নির্বাচন অনুষ্ঠান করা, রাষ্ট্রপতি পদে কোন ব্যক্তিকে পর পর দুই মেয়াদে সীমাবদ্ধ রাখা	সংসদ নেতা ব্যারিস্টার মওদুদ আহমদ	৬ই জুলাই ১৯৮৯	১০ই জুলাই ১৯৮৯	১১ই জুলাই ১৯৮৯	২৭২-০	***	হুসেইন মুহাম্মদ এরশাদ
সংবিধান (দশম সংশোধনী) আইন ১৯৯০	রাষ্ট্রপতির কার্যকালের মেয়াদ শেষ হওয়ার পূর্বে ১৮০ দিনের মধ্যে রাষ্ট্রপতি নির্বাচনের ব্যাপারে সংবিধানের ১২৩(২) অনুচ্ছেদের বাংলা ভাষ্য সংশোধন ও সংসদে মহিলাদের ৩০টি আসন আরো ১০ বছরকালের জন্য সংরক্ষণ	আইন ও বিচারমন্ত্রী হাবিবুল ইসলাম	১০ই জুন ১৯৯০	১২ই জুন ১৯৯০	২৩শে জুন ১৯৯০	২২৬-০	***	হুসেইন মুহাম্মদ এরশাদ
সংবিধান (একাদশ সংশোধনী) আইন ১৯৯১	অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের স্বপদে ফিরে যাবার বিধান	আইন ও বিচারমন্ত্রী মীর্জা গোলাম হাফিজ	২রা জুলাই ১৯৯১	৬ই আগস্ট ১৯৯১	১০ই আগস্ট ১৯৯১	২৭৮-০	***	শাহাবুদ্দিন আহমেদ (প্রধান উপদেষ্টা)
সংবিধান (দ্বাদশ সংশোধনী) আইন ১৯৯১	সংসদীয় পদ্ধতির সরকার পুনঃপ্রবর্তন ও উপরাষ্ট্রপতি পদ বিলুপ্তি	প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া	২রা জুলাই ১৯৯১	৬ই আগস্ট ১৯৯১	১৮ই সেপ্টেম্বর ১৯৯১	৩০৭-০	***	বেগম খালেদা জিয়া
সংবিধান (ত্রয়োদশ সংশোধনী) আইন ১৯৯৬	অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের জন্য নিরপেক্ষ-নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রবর্তন	আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জমির উদ্দিন সরকার	২১শে মার্চ ১৯৯৬	২৭শে মার্চ ১৯৯৬	২৮শে মার্চ ১৯৯৬	২৬৮-০	সুপ্রীম কোর্ট কর্তৃক অবৈধ ঘোষিত এবং বাতিলকৃত	বেগম খালেদা জিয়া
সংবিধান (চতুর্দশ সংশোধনী) আইন ২০০৪	নারীদের জন্য সংসদে ৪৫টি সংসদীয় আসন সংরক্ষণ, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ছবি সংরক্ষণ, অর্থ বিল, সংসদ সদস্যদের শপথ, সাংবিধানিক বিভিন্ন পদের বয়স বৃদ্ধি	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ	২৭শে মার্চ ২০০৪, দ্বিতীয়বার ২৮শে এপ্রিল ২০০৪	১৬ই মে ২০০৪	১৭মে ২০০৪	২২৬-১	***	বেগম খালেদা জিয়া
সংবিধান (পঞ্চদশ সংশোধনী) আইন ২০১১	সংবিধানের প্রস্তাবনা সংশোধন, ১৯৭২-এর	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী	২৫শে জুন ২০১১	৩০শে জুন ২০১১	৩রা জুলাই ২০১১	২৯১-১	***	শেখ হাসিনা

RAISUL ISLAM HRIDOY

	মূলনীতি পুনর্বহাল, তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্তকরণ, ১/১১ পরবর্তী দ্বিতীয় তত্ত্বাবধায়ক সরকার নিয়ম বহির্ভুতভাবে ৯০ দিনের অধিক ক্ষমতায় থাকার বিষয়টি প্রমার্জ্জনা, নারীদের জন্য সংসদে ৫০ টি সংসদীয় আসন সংরক্ষণ, নির্বাচন কমিশনের ক্ষমতা বৃদ্ধি ইত্যাদি	ব্যারিস্টার শফিক আহমদ						
সংবিধান (ষোড়শ সংশোধনী) আইন ২০১৪	বাহাত্তরের সংবিধানের ৯৬ অনুচ্ছেদ পুনঃস্থাপনের মাধ্যমে বিচারপতিদের অপসারণের ক্ষমতা সংসদকে ফিরিয়ে দেয়া	আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক	৭ সেপ্টেম্বর ২০১৪	১৭ সেপ্টেম্বর ২০১৪	২২ সেপ্টেম্বর ২০১৪	৩২৮-০	সুপ্রীম কোর্ট কর্তৃক অবৈধ ঘোষিত এবং বাতিলকৃত	শেখ হাসিনা
সংবিধান (সপ্তদশ সংশোধন) আইন - ২০১৮	আরও ২৫ বছরের জন্য জাতীয় সংসদের ৫০টি আসন শুধুমাত্র নারী সদস্যদের জন্য সংরক্ষিত রাখা	আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক	১০ এপ্রিল ২০১৮	৮ জুলাই ২০১৮	২৯ জুলাই ২০১৮	২৯৮-০	***	শেখ হাসিনা

তথ্যসূত্রঃ উকিপিডিয়া

পঞ্চদশ সংশোধনী

- উত্থাপনকারী- ব্যারিস্টার শফিক আহমেদ (সাবেক আইন প্রতিমন্ত্রী)
- সংসদে গৃহীত- ৩০ জুন, ২০১১
- রাষ্ট্রপতি কর্তৃক স্বাক্ষর- ৩ জুলাই, ২০১১

সংশোধনীসমূহ

⌘ ৭২-র সংবিধানের চার মূলনীতি পুনর্বহাল (জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা)

⌘ তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলোপ

RAISUL ISLAM HRIDOY

⌘ রাজনৈতিক সরকারের অধীনে নির্বাচন

⌘ অবৈধ ক্ষমতা দখলকারীদের সর্বোচ্চ শাস্তি

⌘ রাষ্ট্রধর্ম ইসলাম ও বিসমিল্লাহ বহাল, অন্যান্য ধর্মের সমমর্যাদা

⌘ আল্লাহর উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস বহাল

⌘ শক্তিশালী নির্বাচন কমিশন

⌘ জাতির পিতা, ৭ মার্চের ভাষণ, স্বাধীনতার ঘোষণা ও ঘোষণাপত্র যুক্তকরণ

⌘ ক্ষুদ্র নৃগোষ্ঠীর স্বীকৃতি, পরিবেশ সংরক্ষণ ও সুযোগের সমতা

⌘ সংরক্ষিত নারী আসন বৃদ্ধি (বর্তমানে- ৫০টি; পূর্বে ছিল- ৪৫টি)

⌘ মৌলিক বিধান সংশোধন-অযোগ্য

⌘ জরুরি অবস্থার মেয়াদ নির্দিষ্টকরণ

⌘ দণ্ডিত যুদ্ধাপরাধীরা নির্বাচনে অযোগ্য

গুরুত্বপূর্ণ ধারাসমূহ

ধারা	বিষয়বস্তু
২.খ	রাষ্ট্রধর্ম
৩	রাষ্ট্রভাষা
৬	বাংলাদেশি নাগরিকত্ব
১০	জাতীয় জীবনে মহিলাদের সমান অংশগ্রহণ
১১	গণতন্ত্র ও মানবাধিকার
১২	বিলুপ্ত (ধর্মনিরপেক্ষতা) (আরেকটা বিলুপ্ত- ৯২ক)
১৭	অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা
২২	নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণ
২৩ (ক)	আদিবাসী/উপজাতি সংক্রান্ত ধারা
২৭	আইনের দৃষ্টিতে সাম্য
২৮(২)	নারী ও পুরুষের সমানাধিকার
৩৯(১)	চিন্তা ও বিবেকের স্বাধীনতা
৩৯(২)ক	বাকস্বাধীনতা ও ভাবপ্রকাশের স্বাধীনতা
৩৯(২)খ	সংবাদপত্রের স্বাধীনতা
৭৭	ন্যায়পাল নিয়োগ
১৪১ক	জরুরি অবস্থা ঘোষণা

RAISUL ISLAM HRIDOY

- সংবিধান অনুযায়ী প্রেসিডেন্ট হওয়ার জন্য ন্যূনতম বয়স- ৩৫ বছর
- সংবিধান অনুযায়ী প্রধানমন্ত্রী হওয়ার জন্য ন্যূনতম বয়স- ২৫ বছর
- সংবিধান অনুযায়ী সংসদ সদস্য ও স্পিকার হওয়ার জন্য ন্যূনতম বয়স- ২৫ বছর
- এক ব্যক্তি রাষ্ট্রপতি নির্বাচিত হতে পারেন- ২ বার/মেয়াদকাল
- রাষ্ট্রপতি পদত্যাগ করেন- স্পিকারের কাছে
- প্রধানমন্ত্রী পদত্যাগ করেন- রাষ্ট্রপতির কাছে
- জাতীয় সংসদের/আইনসভার প্রধান/সভাপতি- স্পিকার
- সংসদীয় পদ্ধতিতে সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী- রাষ্ট্রপতি
- প্রতিরক্ষা বিভাগের সর্বাধিনায়ক/প্রধান- রাষ্ট্রপতি
- সংসদ অধিবেশন আহ্বান, ভঙ্গ ও স্থগিত করেন- রাষ্ট্রপতি
- প্রধান বিচারপতিকে নিয়োগ দেন- রাষ্ট্রপতি
- তত্ত্বাবধায়ক সরকার দায়বদ্ধ- রাষ্ট্রপতির কাছে
- নির্বাচন কমিশনারদের নিয়োগ দেন- রাষ্ট্রপতি
- রাষ্ট্রপতিকে অপসারণ করতে- ২/৩ অংশ ভোট দরকার

সংসদের বিভিন্ন সময়সীমা

- সংসদ নির্বাচনের ৩০ দিনের মধ্যে অধিবেশন আহ্বান করতে হয়
- সংসদের দুই অধিবেশনের মধ্যবর্তী সময় সর্বোচ্চ- ৬০ দিন
- সংসদ অধিবেশনের কোরাম- ৬০ জন
- স্পিকারের অনুমতি ছাড়া সংসদে অনুপস্থিত থাকা যায়- ৯০ দিন
- (স্পিকারের অনুমতি ছাড়া ৯০ দিনের বেশি অনুপস্থিত থাকলে সংসদ সদস্য পদ বাতিল হয়ে যায়)
- সংসদ ভেঙে গেলে বা মেয়াদে শেষ হয়ে গেলে নির্বাচন দিতে হয়- ৯০ দিনের মধ্যে

সুপ্রিম কোর্ট

- বাংলাদেশের সর্বোচ্চ আদালত- সুপ্রিম কোর্ট

RAISUL ISLAM HRIDOY

- সুপ্রিম কোর্টের বিভাগ- ২টি (আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ)
- সংবিধান নাগরিকদের মৌলিক অধিকার নিশ্চিত করার দায়িত্ব দিয়েছে- হাইকোর্টকে
- প্রধান বিচারপতিকে নিয়োগ দেন- রাষ্ট্রপতি
- প্রথম প্রধান বিচারপতি- এ এস এম সায়েম
- বর্তমান প্রধান বিচারপতি- বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন

বিচারপতি নিয়োগ প্রক্রিয়া

প্রধান বিচারপতি বাংলাদেশের একটি অন্যতম সাংবিধানিক পদ এবং দেশের সংকটজনক মূহূর্তে দেশের প্রধান নির্বাহী হিসাবে তিনি ক্ষেত্রবিশেষে দায়িত্ব পালন করে থাকেন।

বাংলাদেশের সংবিধানের ৪৮ অনুচ্ছেদের (৩) দফায় বলা হয়েছে, 'এই সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (৩) দফা অনুসারে কেবল প্রধানমন্ত্রী ও ৯৫ অনুচ্ছেদের (১) দফা অনুসারে প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্র ব্যতীত রাষ্ট্রপতি তাঁহার অন্য সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কার্য করিবেন'; এবং সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি প্রধান বিচারপতি নিয়োগ দান করে থাকেন। আর, সংবিধানের ৯৬(১) অনুচ্ছেদ অনুযায়ী ৬৭ বছর বয়স পর্যন্ত বিচারপতি হিসাবে দায়িত্বে থাকা যায়।

প্রধান বিচারপতিবৃন্দ

ক্রমিক নং	নাম	নিয়োগের তারিখ	অবসরগ্রহণের তারিখ
১	বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম	১৬ ডিসেম্বর ১৯৭২	৫ নভেম্বর ১৯৭৫
২	বিচারপতি সৈয়দ এ. বি. মাহমুদ হোসেন	১৮ নভেম্বর ১৯৭৫	৩১ জানুয়ারি ১৯৭৮
৩	বিচারপতি কামালউদ্দিন হোসেন	১ ফেব্রুয়ারি ১৯৭৮	১১ এপ্রিল ১৯৮২
৪	বিচারপতি ফজলে কাদেরী মোহাম্মদ আবদুল মুনিম	১২ এপ্রিল ১৯৮২	৩০ নভেম্বর ১৯৮৯
৫	বিচারপতি বদরুল হায়দার চৌধুরী	১ ডিসেম্বর ১৯৮৯	৩১ ডিসেম্বর ১৯৮৯
৬	বিচারপতি শাহাবুদ্দিন আহমেদ	১ জানুয়ারি ১৯৯০	৩১ জানুয়ারি ১৯৯৫
৭	বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান	১ ফেব্রুয়ারি ১৯৯৫	৩০ এপ্রিল ১৯৯৫
৮	বিচারপতি এ. টি. এম. আফজাল	১ মে ১৯৯৫	৩১ মে ১৯৯৯

RAISUL ISLAM HRIDOY

৯	বিচারপতি মোস্তফা কামাল	১ জুন ১৯৯৯	৩১ ডিসেম্বর ১৯৯৯
১০	বিচারপতি লতিফুর রহমান	১ জানুয়ারি ২০০০	২৮ ফেব্রুয়ারি ২০০১
১১	বিচারপতি মাহমুদুল আমিন চৌধুরী	১ মার্চ ২০০১	১৭ জুন ২০০২
১২	বিচারপতি মাইনুর রেজা চৌধুরী	১৮ জুন ২০০২	২২ জুন ২০০৩
১৩	বিচারপতি কে. এম. হাসান	২৩ জুন ২০০৩	২ জানুয়ারি ২০০৪
১৪	বিচারপতি সৈয়দ জে. আর. মোদাচ্ছির হোসেন	২৭ জানুয়ারি ২০০৪	২৮ ফেব্রুয়ারি ২০০৭
১৫	বিচারপতি মোঃ রুহুল আমিন	১ মার্চ ২০০৭	৩১ মে ২০০৮
১৬	বিচারপতি এম. এম. রুহুল আমিন	১ জুন ২০০৮	২২ ডিসেম্বর ২০০৯
১৭	বিচারপতি মোঃ তাফাজ্জাল ইসলাম	২৩ ডিসেম্বর ২০০৯	৭ ফেব্রুয়ারি ২০১০
১৮	বিচারপতি মোহাম্মদ ফজলুল করীম	৮ ফেব্রুয়ারি ২০১০	২৯ সেপ্টেম্বর ২০১০
১৯	বিচারপতি এ. বি. এম. খায়রুল হক	৩০ সেপ্টেম্বর ২০১০	১৭ মে ২০১১
২০	বিচারপতি মোঃ মোজাম্মেল হোসেন	১৮ মে ২০১১	১৬ জানুয়ারি ২০১৫
২১	বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা	১৭ জানুয়ারি ২০১৫	১১ নভেম্বর ২০১৭ (পদত্যাগ)
২১	বিচারপতি মোহাম্মদ আব্দুল ওয়াহহাব মিঞা (ভারপ্রাপ্ত)	১২ নভেম্বর ২০১৭	২ ফেব্রুয়ারি ২০১৮ (পদত্যাগ)
২২	বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন	৩ ফেব্রুয়ারি ২০১৮	চলমান

নির্বাচন কমিশন

- নির্বাচন কমিশনারদের নিয়োগ দেন- রাষ্ট্রপতি
- প্রথম প্রধান নির্বাচন কমিশনার- বিচারপতি এম ইদ্রিস
- বর্তমান প্রধান নির্বাচন কমিশনার- কেএম নুরুল হুদা

RAISUL ISLAM HRIDOY

প্রধান নির্বাচন কমিশনারগণের তালিকা

প্রধান নির্বাচন কমিশনার হিসাবে যারা দায়িত্ব পালন করেছেন। তারা হলেন

নাম	মেয়াদকাল
এম ইদ্রিস	০৭ জুলাই ১৯৭২ - ০৭ জুলাই ১৯৭৭
এ কে এম নূরুল ইসলাম	০৮ জুলাই ১৯৭৭ - ১৭ মে ১৯৮৫
চৌধুরী এ.টি.এম মাসুদ	১৭ মে ১৯৮৫ - ১৭ ফেব্রুয়ারি ১৯৯০
সুলতান হোসেন খান	১৭ ফেব্রুয়ারি ১৯৯০ - ২৪ ডিসেম্বর ১৯৯০
আব্দুর রউফ	২৫ ডিসেম্বর ১৯৯০ - ১৮ জুন ১৯৯৫
এ.কে.এম যাকারিয়া	২৭ জুন ১৯৯৫ - ০৬ এপ্রিল ১৯৯৬
মোহাম্মদ আবু হেনা	০৯ এপ্রিল ১৯৯৬ - ০৮ মে ২০০০
এম এ সাঈদ	২৩ মে ২০০০ - ২২ মে ২০০৫
এম. এ. আজিজ	২৩ মে ২০০৫ - ২১ জানুয়ারি ২০০৭
এ.টি.এম. শামসুল হুদা	০৫ ফেব্রুয়ারি ২০০৭ - ০৫ ফেব্রুয়ারি ২০১২
কাজী রকিবুদ্দিন আহমদ	০৯ ফেব্রুয়ারি ২০১২ - ০৯ ফেব্রুয়ারি ২০১৭
কেএম নুরুল হুদা	১৫ ফেব্রুয়ারি ২০১৭ - চলমান

বাংলার প্রাচীন ইতিহাস

২০০০০ বছর পূর্বের প্রস্তর যুগের এবং প্রায় চার হাজার বছরের পুরনো তাম্রযুগের ধ্বংসাবশেষ বাংলায় পাওয়া গেছে।

ইন্দো-আর্যদের আসার পর অঙ্গ, বঙ্গ এবং মগধ রাজ্য গঠিত হয় খ্রিষ্টপূর্ব দশম শতকে । এই রাজ্যগুলি বাংলা এবং বাংলার আশেপাশে স্থাপিত হয়েছিল । অঙ্গ বঙ্গ এবং মগধ রাজ্যের বর্ণনা প্রথম পাওয়া যায় অথর্ববেদে প্রায় ১২০০ খ্রিষ্টপূর্বাব্দে । মহাভারতে পৌন্ড্র রাজ বাসুদেব এর উল্লেখ পাওয়া যায় । এছাড়া চেদি রাজ্য আধুনা ভাওয়াল এর কাছে অবস্থিত । মগধরাজ জরাসন্ধ মহাপরাক্রমশালী নৃপতি ছিলেন। মহাভারতে পাওয়া যায় চিত্রসেন ও সমুদ্রসেন ভীমের দিগ্বিজয় আটকে দিয়েছিল । এরা বঙ্গের অতি পরাক্রমশালী নৃপতি ছিলেন ।

RAISUL ISLAM HRIDOY

খ্রিষ্টপূর্ব ষষ্ঠ শতক থেকে বাংলার অধিকাংশ অঞ্চলই শক্তিশালী রাজ্য মগধের অংশ ছিল । মগধ ছিল একটি প্রাচীন ভারতীয়-আর্য রাজ্য । মগধের কথা রামায়ণ এবং মহাভারতে পাওয়া যায় । বুদ্ধের সময়ে এটি ছিল ভারতের চারটি প্রধান রাজ্যের মধ্যে একটি । মগধের ক্ষমতা বাড়ে বিম্বিসারের (রাজত্বকাল ৫৪৪-৪৯১ খ্রীষ্টপূর্বাব্দ) এবং তার ছেলে অজাতশত্রুর (রাজত্বকাল ৪৯১-৪৬০ খ্রীষ্টপূর্বাব্দ) শাসনকালে । বিহার এবং বাংলার অধিকাংশ স্থানই মগধের ভিতরে ছিল ।

৩২৬ খ্রীষ্টপূর্বাব্দে আলেকজান্ডার দ্য গ্রেটের সেনাবাহিনী মগধের নন্দ সাম্রাজ্যের সীমানার দিকে অগ্রসর হয় । এই সেনাবাহিনী ক্লান্ত ছিল এবং গঙ্গা নদীর কাছাকাছি বাংলার বিশাল বাহিনীর মুখোমুখি হতে ভয় পেয়ে যায় । এই বাহিনী বিপাশা নদীর কাছে বিদ্রোহ ঘোষণা করে এবং আরও পূর্বদিকে যেতে অস্বীকার করে । আলেকজান্ডার তখন তার সহকারী কইনাস (Coenus) এর সাথে দেখা করার পরে ঠিক করেন ফিরে যাওয়াই ভাল ।

মৌর্য সাম্রাজ্য মগধেই গড়ে উঠেছিল । মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন চন্দ্রগুপ্ত মৌর্য । এই সাম্রাজ্য অশোকের রাজত্বকালে ভারতের অধিকাংশ, বাংলাদেশ,পাকিস্তান ও আফগানিস্তান অবধি বিস্তার লাভ করেছিল । পরবর্তীকালে শক্তিশালী গুপ্ত সাম্রাজ্য মগধেই গড়ে ওঠে যা ভারতীয় উপমহাদেশের উত্তরাংশে, বাংলাদেশ ও সম্ভবত পাকিস্তানের কিছু অংশেও বিস্তার লাভ করেছিল।

মধ্য যুগের প্রথমাবস্থা

পাহাড়পুর বৌদ্ধ বিহার; শুধু উপমহাদেশের বিভিন্ন স্থান থেকেই নয়, বরং চীন, তিব্বত, মায়ানমার (তদানীন্তন ব্রহ্মদেশ), মালয়েশিয়া, ইন্দোনেশিয়া প্রভৃতি দেশের বৌদ্ধরা এখানে ধর্মজ্ঞান অর্জন করতে আসতেন

গৌড় রাজ্য

বাংলার প্রথম স্বাধীন রাজা ছিলেন শশাঙ্ক যিনি ৬০৬ খ্রীষ্টাব্দ থেকে ৬৩৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেছিলেন। সম্ভবত তিনি গুপ্ত সম্রাটদের অধীনে একজন সামন্তরাজা ছিলেন । হর্ষবর্ধনের ভ্রাতা রাজ্যবর্ধনকে ইনি হত্যা করেন। এই জন্য হর্ষবর্ধন-এর সঙ্গে তার যুদ্ধ হয় । তার শক্তি বৃদ্ধি হতে দেখে কামরুপ রাজ ভাস্করবর্মন তার শত্রু হর্ষবর্ধনের সঙ্গে মিত্রতা স্থাপন করেন । শশাঙ্ক চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীর সাহায্য পেয়েছিলেন এদের বিরুদ্ধে।শশাঙ্ক পরম শৈব ও বৌদ্ধবিদ্বেষী ছিলেন। পাটলীপুত্র ও কুশীনগরে বহু বৌদ্ধকীর্তি ধ্বংস করেন। ৬৩৭ খ্রীষ্টাব্দে শশাঙ্ক-এর মৃত্যুর পর তার রাজ্যের পতন ঘটে। শশাঙ্কই প্রথম বাংলার রূপরেখা দিয়েছিলেন।

মাৎস্যন্যায়

৬৩৭ খ্রীষ্টাব্দে গৌড়রাজ শশাঙ্কের মৃত্যুর পর বাংলার ইতিহাসে একঘোরতর নৈরাজ্যের সৃষ্টি হয়। যা প্রায় দেড়শো বছর স্থায়ী হয় ।এই সময় বাংলাতে বহু ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের সৃষ্টি হয়। আত্মকলহ,গৃহযুদ্ধ,গুপ্তহত্যা,অত্যাচার প্রভৃতি চরমে ওঠে ।বাংলার সাধারণ দরিদ্র মানুষের দুর্দশার শেষ ছিল না ।

স্থায়ী প্রশাসন না থাকাতে বাহুবলই ছিল শেষ কথা।বাংলায় প্রতিষ্ঠিত হয় অভিজাততন্ত্র এই সময় প্রভাবশালী লোকেদের সভা প্রকৃৎপুঞ্জ গোপাল নামের এক রাজাকে নির্বাচন করেন, তিনি মাৎস্যন্যায় এর পতন ঘটান।

পাল বংশ

মাৎস্যন্যায়ের সময় বাংলার বিশৃঙ্খলা দমনের জন্য বাংলার মানুষ নির্বাচনের মাধ্যমে গোপাল নামক এক সামন্তরাজাকে বাংলার রাজা রূপে গ্রহণ করেন ।গোপালই হলেন পাল বংশের প্রতিষ্ঠাতা ।পাল বংশের সবচেয়ে শক্তিশালী দুই রাজা ছিলেন ধর্মপাল (রাজত্বকাল ৭৭৫-৮১০ খ্রীষ্টাব্দ) এবং দেবপাল (রাজত্বকাল ৮১০-৮৫০ খ্রিষ্টাব্দ)। পাল বংশের স্থায়ীত্বকাল ছিল প্রায় ৪০০ বছর।পাল বংশের অন্য উল্লেখ যোগ্য রাজা ছিলেন নারায়ণপাল ৮৬০-৯১৫ , মহীপাল ৯৭৮-১০৩০, রামপাল। তাঁর শাসনকালে শিল্প কলায় বাংলা শিখরে উঠে । কিন্তু এই সময় বহু ব্রাহ্মণ বৌদ্ধ অত্যাচারে বাংলা ত্যাগ করে উত্তর ও পশ্চিম ভারতে চলে যায় ।

মুসলমান শাসন

অষ্টম শতকের শুরু থেকে উনবিংশ শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত ভারতীয় উপমহাদেশে মুসলিম শাসন টিকে ছিলো ।

ভারতে ইসলামের শাসন শুরু হয় ৭১২ সালে মুহাম্মদ বিন কাসিম দ্বারা সিন্ধু জয়ের মাধ্যমে । ৭১২ সালে দামেস্কের খলিফা আল-ওয়ালিদের আশির্বাদপুষ্ট ও বাগদাদের গভর্নর হাজ্জাজ বিন ইউসুফের দ্বারা পারিচালিত হয়ে কাসিম ভারতে ইসলামের বিজয় ও শাসনের অভিষেক ঘটান । ১৫৯০ এর দশকে মুঘল সম্রাট আকবরের অধিনে মুসলিম শাসকগণ শক্তভাবে ভারতবর্ষের প্রায় সম্পূর্ন অঞ্চলের নিয়ন্ত্রণ লাভ করে । সম্রাট আওরঙ্গজেবের অধীনে (১৬৫৮-১৭০৭) ভারতে মুসলিম নিয়ন্ত্রণ আরো কিছুটা সম্প্রসারিত হয় । ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে ব্রিটিশ ইষ্ট ইন্ডিয়া কোম্পানির ভাড়াটিয়া বাহিনীর হাতে বাংলার নবাব সিরাজ-উদ-দৌলার পরাজয় ভারতে ব্রিটিশ শাসনের সূচনা করে । ১৭৯৯ সালে সর্বশেষ স্বাধীন মুসলিম শাসক মহীশুরের টিপু সুলতান ইংরেজদের হাতে পরাজিত হলে কার্যত ভারতে স্বাধীন মুসলিম শাসনের সমাপ্তি হয় ।

ভারতে মুসলিম শাসন প্রথম প্রতিষ্ঠা করেন মুহম্মদ ঘুরী বাংলায় প্রথম মুসলিম শাসন প্রতিষ্টা করেন ইখতিয়ার উদ্দীন মুহম্মদ বিন বখতিয়ার খলজি (১২০৪- ত্রয়োদশ শতাব্দীর শুরুতে)। এই সময় মরক্কোর বিখ্যাত পর্যটক ইবন বতুতা বাংলায় ভ্রমণ করেন। এই সময়ের কয়েকটি উল্লেখযোগ্য সুলতান সিকান্দর বিন ইলিয়াস, নাসির আল দিন মাহমুদ, হুসেন শাহ প্রভৃতি । এই সময়ে একমাত্র হিন্দু নৃপতি ছিলেন দনুজমদ্দন দেব(১৩৩৮-৪০শকাব্দ)(রাজা গণেশ) এই যুগের সর্বাপেক্ষ উল্লেখ যোগ্য ব্যাক্তি হলেন চৈতন্য দেব । ইনি হুসেন শাহের সমসাময়িক । এই সময়ে শিল্প সাহিত্যে অন্ধকার নেমে আসে । ১৫৭৬ এ মুঘোলরা বাংলা দখল করলে সুলতানি যুগের সমাপ্তি হয়।

ওলন্দাজ কলোনি

ব্রিটিশ শাসন

ব্রিটিশ শাসনের সময়ে দুটি মারাত্মক দুর্ভিক্ষ বা মন্বন্তর বহুমানুষের জীবনহানি ঘটিয়েছিল । প্রথম দুর্ভিক্ষটি ঘটেছিল ১৭৭০ খ্রীষ্টাব্দে এবং দ্বিতীয়টি ঘটেছিল ১৯৪৩ খ্রীষ্টাব্দে । ১৭৭০ সালে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কম্পানির রাজত্বকালে বাংলার দুর্ভিক্ষটি ছিল ইতিহাসের সব থেকে বড় দুর্ভিক্ষগুলির মধ্যে একটি । বাংলার এক তৃতীয়াংশ মানুষের মৃত্যু ঘটেছিল ১৭৭০ এবং তার পরবর্তী বছরগুলিতে ।

১৮৫৭ খ্রীষ্টাব্দের সিপাহি বিদ্রোহ ইস্ট ইন্ডিয়া কম্পানির শাসনের অবসান ঘটায় এবং বাংলা সরাসরি ভাবে ব্রিটিশ রাজবংশের শাসনাধীনে আসে ।

বাংলা ছিল খুব ভালো ধান উৎপাদক অঞ্চল এবং এখানে সূক্ষ্ম সুতিবস্ত্র মসলিন তৈরি হত । এছাড়া এই অঞ্চল ছিল পৃথিবীর পাট চাহিদার মুখ্য যোগানকারী । ১৮৫০ সাল থেকেই বাংলায় ভারতের প্রধান শিল্পাঞ্চল গড়ে উঠতে থাকে । এই শিল্পাঞ্চল গড়ে উঠেছিল মূলত কলকাতার আশেপাশে এবং সদ্য গড়ে ওঠা শহরতলি এলাকায় । কিন্তু বাংলার বেশিরভাগ মানুষ তখনও কৃষির উপরেই বেশি নির্ভরশীল ছিলেন । ভারতের রাজনীতি এবং সংস্কৃতিতে বাংলার মানুষেরা অগ্রণী ভূমিকা গ্রহণ করলেও বিশেষ করে পূর্ব বাংলায় তখনও খুব অনুন্নত জেলা ছিল । ১৮৭৭ খ্রীষ্টাব্দে রাণী ভিক্টোরিয়া যখন ভারতের সম্রাজ্ঞী উপাধিতে নিজেকে ভূষিত করলেন তখন ব্রিটিশরা কলকাতাকে ব্রিটিশ রাজের রাজধানী বলে ঘোষণা করে।

বঙ্গভঙ্গ

১৯৪৭ সালের আগস্ট মাসে ইংরেজ শাসিত ভারতবর্ষ ভাগ হয়ে গণপ্রজাতন্ত্র ভারত এবং ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তান নামে দুটি আলাদা রাষ্ট্র আত্মপ্রকাশ করে। তখন বাংলাকে ভাগ করে পশ্চিম বাংলাকে ভারতের একটি অংশ এবং পূর্ব বাংলাকে পাকিস্তানের একটি অংশে পরিণত করা হয়। সর্বপ্রথম ১৯০৫ সালে ব্রিটিশ সরকার পূর্ববঙ্গ ও আসামকে নিয়ে আলাদা রাজ্য গঠনের মধ্য দিয়ে বঙ্গভঙ্গের সূচনা করে, যা পরবর্তীতে ১৯১১ সালে প্রবল আন্দোলনে বাতিল করা হয়।

বাংলার স্বাধীন বৌদ্ধ ও হিন্দু নৃপতি

পাল বংশ

- প্রথম গোপাল (৭৫৭-৭৮১)
- ধর্মপাল (৭৮১-৮২১)
- দেবপাল (৮২১-৮৬১)
- প্রথম বিগ্রহপাল (৮৬১-৮৬৬)
- নারায়নপাল (৮৬৬-৯২০)
- রাজ্যপাল (৯২০-৯৫২)
- দ্বিতীয় গোপাল (৯৫২-৯৬৯)
- দ্বিতীয় বিগ্রহপাল (৯৬৯-৯৯৫)
- প্রথম মহীপাল (৯৯৫-১০৪৩)
- নয়াপাল (১০৪৩-১০৫৮)
- তৃতীয় বিগ্রহপাল (১০৫৮-১০৭৫)
- দ্বিতীয় মহীপাল (১০৭৫-১০৮০)
- দ্বিতীয় শূরপাল (১০৭৫-১০৭৭)

RAISUL ISLAM HRIDOY

- রামপাল (১০৮২-১১২৪)
- কুমারপাল (১১২৪-১১২৯)
- তৃতীয় গোপাল (১১২৯-১১৪৩)
- মদনপাল (১১৪৩-১১৬২)

সেন বংশ

- হেমন্ত সেন (১০৯৭)
- বিজয় সেন (১০৯৭-১১৬০)
- বল্লাল সেন (১১৬০-১১৭৮)
- লক্ষ্মন সেন (১১৭৮-১২০৬)
- বিশ্বরূপ সেন (১২০৬-১২২০)
- কেশব সেন (১২২০-১২৫০)

বাংলার স্বাধীন সুলতান

শাহী বাংলা ছিল মধ্যযুগের বাংলায় প্রায় তিনশ বছর ধরে স্থায়ী একটি মুসলিম স্বাধীন রাষ্ট্র যার অধীন রাষ্ট্র ছিল দক্ষিণ-পশ্চিমে ওড়িশা, দক্ষিণ-পূর্বে আরাকান,এবং পূর্বে ত্রিপুরা

ইলিয়াস শাহী বংশ (প্রথম পর্ব)

- শামসুদ্দীন ইলিয়াস শাহ (১৩৪২-১৩৫৮) (১৩৪২ থেকে পশ্চিম বাংলার লখনৌতি রাজ্যের সুলতান এবং ১৩৫২ থেকে পুরো বাংলায়)
- প্রথম সিকান্দর শাহ (১৩৫৮-১৩৯০)
- গিয়াসুদ্দীন আজম শাহ (১৩৯০-১৪১১)
- সাইফুদ্দীন হামজা শাহ (১৪১১-১৪১৩)
- মুহাম্মদ শাহ (১৪১৩)

বায়াজিদ বংশ

- শিহাবুদ্দিন বায়াজিদ শাহ (১৪১৩-১৪১৪)
- প্রথম আলাউদ্দীন ফিরোজ শাহ (১৪১৪-১৪১৫)

RAISUL ISLAM HRIDOY

গণেশ বংশ

- রাজা গণেশ (১৪১৪-১৪১৫ এবং ১৪১৬-১৪১৮)
- জালালুদ্দীন মুহাম্মদ শাহ (১৪১৫-১৪১৬ এবং ১৪১৮-১৪৩৩)
- শামসুদ্দীন আহমদ শাহ (১৪৩৩-১৪৩৫)

ইলিয়াস শাহী বংশ (দ্বিতীয় পর্ব)

- প্রথম নাসিরুদ্দিন মাহমুদ শাহ (১৪৩৫-১৪৫৯)
- রুকনুদ্দীন বারবক শাহ (১৪৫৯-১৪৭৪)
- শামসুদ্দীন ইউসুফ শাহ (১৪৭৪-১৪৮১)
- দ্বিতীয় সিকান্দর শাহ (১৪৮১)
- জালালুদ্দীন ফতেহ শাহ (১৪৮১-১৪৮৭)

হাবসি বংশ

- বারবক শাহ (১৪৮৭)
- সাইফুদ্দীন ফিরোজ শাহ (১৪৮৭-১৪৯০)
- দ্বিতীয় নাসিরুদ্দিন মাহমুদ শাহ (১৪৯০)
- শামসুদ্দীন মুজাফফর শাহ (১৪৯০-১৪৯৩)

হুসেন বংশ

- আলাউদ্দিন হুসেন শাহ (১৪৯৩-১৫১৯)
- নাসিরুদ্দীন নুসরত শাহ (১৫১৯-১৫৩২)
- দ্বিতীয় আলাউদ্দীন ফিরোজ শাহ (১৫৩২-১৫৩৩)
- গিয়াসুদ্দীন মাহমুদ শাহ (১৫৩৩-১৫৩৮)

উত্তর ভারতবর্ষের শূর সম্রাটদের অধীনে বাংলা

শূর বংশ

- শের শাহ শূরি (১৫৪০-১৫৪৫)
- ইসলাম শাহ শূরি (১৫৪৫-১৫৫৩)
- ফিরোজ শাহ শূরি (১৫৫৩)

RAISUL ISLAM HRIDOY

- আদিল শাহ শূরি (১৫৫৩-১৫৫৭)- তার শাসনকালে ১৫৫৫ সালে বাংলার শাসক মুহাম্মদ খান শূরি স্বাধীনতা ঘোষণা করেন এবং 'শামসুদ্দীন মুহাম্মদ শাহ' উপাধী ধারণ করে বাংলার সিংহাসনে বসেন।

বাংলার স্বাধীন সুলতান

শূর বংশ

- শামসুদ্দীন মুহাম্মদ শাহ (১৫৫৫)
- প্রথম গিয়াসুদ্দীন বাহাদুর শাহ (১৫৫৫-১৫৬০)
- গিয়াসুদ্দীন জালাল শাহ (১৫৬০-১৫৬২)
- দ্বিতীয় গিয়াসুদ্দীন বাহাদুর শাহ (১৫৬২-১৫৬৩)

কররানি বংশ

- তাজ খান কররানি (১৫৬৩)
- সুলায়মান কররানি (১৫৬৩-১৫৭২)
- বায়াজিদ কররানি (১৫৭২-১৫৭৩)
- দাউদ খান কররানি (১৫৭৩-১৫৭৬)

মুঘল আমল (১৫২৬-১৮৫৭)

লালবাগ দুর্গ (এছাড়াও আওরঙ্গাবাদ দুর্গ নাম পরিচিত) বুড়িগঙ্গা নদীর সামনে দাঁড়িয়ে থাকা ১৭ম শতাব্দীর একটি অসম্পূর্ণ মুঘল দুর্গ। জহির উদ্দিন মুহাম্মদ বাবর মুঘল সম্রাজ্যের প্রতিষ্ঠাতা।

মুঘল শাসনের সময় বঙ্গ মুঘলদের মুসলিম সংখ্যা গরিষ্ঠ প্রদেশ ছিল। এপ্রদেশ কাপড় উৎপাদন জাহাজ নির্মান শিল্পের জন্য বিখ্যাত ছিল। রাজধানী ঢাকার ১ লক্ষ জনগণের মধ্য ৮০০০০ ছিলে কাপড় বুননের দক্ষ কারিগর এবং সিল্ক, সুতা বস্ত্র, ইস্পাত, লবণ উৎপাদন ও রপ্তানিকারী করতো। বাংলার কৃষকরা ১৬০০ থেকে ১৬৫০ সালের মধ্য রেশম চাষ শেখে। মুঘল আমলে বাংলা ছিল মসলিন, সিল্ক এবং মুক্তা বাণিজ্যের কেন্দ্র বিন্দু। ঢাকার সিল্ক মধ্য এশিয়ায় 'ঢাকা' নামে পরিচিত ছিল।

মুঘল বাংলার শাসক

মুঘল বাংলার সুবাহদার

- শায়েস্তা খাঁ
- মুনিম খান

RAISUL ISLAM HRIDOY

ব্যক্তির নাম	শাসনকাল
মুনিম খান *খান-ই-খানান* منعمخان،خانخانان	২৫ সেপ্টেম্বর ১৫৭৪ - ২৩ অক্টোবর ১৫৭৫
হোসেন কুলি বেগ *খান জাহান ১* حسینقلیبیگ،خانجہاناول	১৫ নভেম্বর ১৫৭৫ - ১৯ ডিসেম্বর ১৫৭৮
মুজাফফর খান তুরবারি مظفرخانتربتی	১৫৭৯ - ১৫৮০
মির্জা আজিজ কোকা *খান-ই-আজম* میرزاعزیزکوکہ،خاناعظم	১৫৮২ - ১৫৮৩
শাহবাজ খান কামবোহ شہبازخانکمبوه	১৫৮৩ - ১৫৮৫
সাদিক খান صادقخان	১৫৮৫ - ১৫৮৬
ওয়াজির খান তাজিক وزیرخان	১৫৮৬ - ১৫৮৭
সাঈদ খান سعیدخان	১৫৮৭ - ১৫৯৪
রাজা মানসিংহ ১ راجہمانسنگھ	৪ জুন ১৫৯৪ - ১৬০৬
কুতুবুদিন কোকা قطبالدینخانکوکہ	২ সেপ্টেম্বর - মে ১৬০৭
জাহাঙ্গীর কুলি বেগ جہانگیرقلیبیگ	১৬০৭ - ১৬০৮
ইসলাম খাঁ ১ *ইসলাম খান চিশতী* اسلامخانچشتی	জুন ১৬০৮ - ১৬১৩
কাসিম খান চিশতি قاسمخانچشتی	১৬১৩ - ১৬১৭
ইব্রাহীম খান ফাতেহ জং ابراہیمخانفتحجنگ	১৬১৭ - ১৬২২
মোহাবাত খান محابتخان	১৬২২ - ১৬২৫
মির্জা আমানুল্লাহ *খান জামান ২* میرزاأماناللہ،خانزمانثانی	১৬২৫
মোকাররম খান مکرمخان	১৬২৫ - ১৬২৭
ফিদাই খান فدایخان	১৬২৭ - ১৬২৮
কাসিম খান জুইনি *কাসেম মনিজা* قاسمخانجوینی،قاسممانیجہ	১৬২৮ - ১৬৩২
মীর মুহাম্মাদ বাকির *আজম খান* میرمحمدباقر،اعظمخان	১৬৩২ - ১৬৩৫
মীর আব্দুস সালাম *ইসলাম খান মাশহাদি* اسلامخانمشہدی	১৬৩৫ - ১৬৩৯
সুলতান শাহ্ সুজা شاہشجاع	১৬৩৯-১৬৬০
মীর জুমলা ২	মে ১৬৬০ - ৩০ মার্চ ১৬৬৩

RAISUL ISLAM HRIDOY

ميرجمله	
মির্জা আবু তালিব *শায়েস্তা খান* ১ ميرزاابوطالب،شايستہخان	মার্চ ১৬৬৪ - ১৬৭৬
আজম খান কোকা, *ফিদাই খান* ২ اعظمخانكوكہ،فدايخانثانى	১৬৭৬ - ১৬৭৭
সুলতান মুহাম্মদ আজম শাহ *আলিজাহ* محمداعظمشاہعاليجاه	১৬৭৮ - ১৬৭৯
মির্জা আবু তালিব *শায়েস্তা খান*১ ميرزاابوطالب،شايستہخان	১৬৭৯ - ১৬৮৮
ইব্রাহীম খান ইবনে আলি মাদান খান ابراہيمخانابنعليمردانخان	১৬৮৮ - ১৬৯৭
সুলতান আজিম-উস-শাহ্ عظيمالشان	১৬৯৭ - ১৭১২
১৭১২-১৭১৭ তে অন্যরা নিযুক্ত হয়েছিলেন কিন্তু প্রকাশ করা হয় নাই। সহকারি সুবেদার মুর্শিদ কুলি খান সেসময়য় নিয়ন্ত্রণ করেছিলেন	
মুর্শিদ কুলি খান مرشدقليخان	১৭১৭ - ১৭২৭

বাংলার নবাব

- মুর্শিদকুলি জাফর খান ১৭০৩-১৭২৭
- সুজা উদ্দিন ১৭২৭-১৭৩৯
- সফররাজ খান ১৭৩৯-১৭৪০
- আলিবর্দী খান ১৭৪০-১৭৫৬
- সিরাজদ্দৌলা ১৭৫৬-১৭৫৭

ব্রিটিশ বাংলার নবাব

- মীরজাফর ১৭৫৭-১৭৬০
- মীর কাসিম ১৭৬০-১৭৬৩
- মীরজাফর (দ্বিতীয় বার) ১৭৬৩-১৭৬৫
- নাজিম উদ দৌলা ১৭৬৫-১৭৬৬
- সইফ উদ দৌলা ১৭৬৬-১৭৭০

বাংলার নবজাগরণ

অবিভক্ত ভারতের বাংলা অঞ্চলে, ১৯ শতক জুড়ে এবং ২০ শতকের প্রথমার্ধে সমাজ সংস্কার আন্দোলনই বাংলার নবজাগরণ নামে পরিচিত। রাজা রামমোহন রায়ের হাত ধরে ১৯ শতকে এ নবজাগরণের সূচনা।[1]২০ এর শতকের

RAISUL ISLAM HRIDOY

মধ্যমাংশে রবীন্দ্রনাথের হাত ধরে অবসান ঘটে এ নবজাগরণের। অসংখ্য সাহিত্যিক, বিজ্ঞানী, সাংবাদিক ও দেশপ্রেমিকের হাত ধরে বাংলার নবজাগরণ বাংলাকে উত্তরণ করে মধ্যযুগ থেকে আধুনিক যুগে।

বাংলার প্রাচীন জনপদসমূহ

প্রাচীনযুগে বাংলা নামে কোনো অখণ্ড রাষ্ট্র ছিল না। বাংলার বিভিন্ন অংশ তখন বঙ্গ, পুণ্ড্র, গৌড়, হরিকেল, সমতট, বরেন্দ্র এরকম প্রায় ১৬টি জনপদে বিভক্ত ছিল।বাংলার বিভিন্ন অংশে অবস্থিত প্রাচীন জনপদগুলোর সীমা ও বিস্তৃতি সঠিকভাবে নির্ণয় করা অসম্ভব। কেননা বিভিন্ন সময়ে এসব জনপদের সীমানা হ্রাস অথবা বৃদ্ধি পেয়েছে।বাংলার জনপদগুলোর মধ্যে প্রাচীনতম হলো পুণ্ড্র।

বাংলা প্রাচীন জনপদসমূহের তালিকা

	প্রাচীন জনপদের নাম	বর্তমান অবস্থান
১	**পুণ্ড্র**	বৃহত্তর বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর জেলার অংশ বিশেষ
২	**বরেন্দ্র**	বগুড়া,পাবনা, রাজশাহী বিভাগের উত্তর পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ
৩	**বঙ্গ**	ঢাকা, ফরিদপুর, বিক্রমপুর, বাকলা (বরিশাল)
৪	**গৌড়**	মালদহ , মুর্শিদাবাদ,বীরভূম,বর্ধমান ও চাঁপাইনবাবগঞ্জ
৫	**সমতট**	বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল
৬	**রাঢ়**	পশ্চিম বাংলার দক্ষিণাঞ্চল বর্ধমান জেলা
৭	**হরকূল বা হরিকেল**	চট্টগ্রাম, পার্বত্য চট্ট্রগ্রাম, ত্রিপুরা, সিলেট
৮	**চন্দ্রদ্বীপ**	বরিশাল, বিক্রমপুর, মুন্সীগঞ্জ জেলা ও এর পার্শ্ববর্তী অঞ্চল
৯	**সপ্তগাঁও**	খুলনা এবং সমুদ্র তীরবর্তী অঞ্চল
১০	**কামরূপ**	জলপাইগুড়ি, আসামের বৃহত্তর গোয়ালপাড়া জেলা,বৃহত্তর কামরূপ জেলা
১১	**তাম্রলিপ্ত**	মেদিনীপুর জেলা
১২	**রূক্ষ (আরাকান)**	কক্সবাজার, মায়ানমারের কিছু অংশ, কর্ণফুলি নদীর দক্ষিণা অঞ্চল

RAISUL ISLAM HRIDOY

১৩	**সূক্ষ্ম**	গঙ্গা-ভাগীরথীর পশ্চিম তীরের দক্ষিণ ভূভাগ,আধুনিক মতে বর্ধমানের দক্ষিণাংশে, হুগলির বৃহদাংশ, হাওড়া এবং বীরভূম জেলা নিয়ে সূক্ষ্ম দেশের অবস্থান ছিল
১৪	**বিক্রমপুর**	মুন্সিগঞ্জ এবং পার্শ্ববর্তী অঞ্চল
১৫	**বাকেরগঞ্জ**	বরিশাল, খুলনা, বাগেরহাট

প্রাচীনকালে বাংলার ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলগুলাের নাম দেয়া হয়েছিল জনপদ। চতুর্থ শতক হতে গুপ্ত যুগ, গুপ্ত পরবর্তী যুগ, পাল, সেন প্রভৃতি আমলের উল্কীর্ণ শিলালিপি ও সাহিত্য গ্রন্থে প্রাচীন বাংলার ১৬ টি জনপদগুলোর নাম পাওয়া যায় (বাংলায় ছিল ১০টি)। বঙ্গ, গৌড়, সমতট, হরিকেল, চন্দ্রদ্বীপ, রাঢ়, পুণ্ড ও বারিন্দ্রী প্রভৃতি নামে জনপদ ছিল।

পুন্ড্র

'পৌন্ড্রিক শব্দ থেকে 'পু নামের উৎপত্তি। এর অর্থ- আখ বা চিনি। বাংলাদেশের সর্বপ্রাচীন জনপদ হল পুণ্ড্র। বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর জেলার অবস্থানভূমিকে কেন্দ্র করে গড়ে উঠে পুণ্ড্র জনপদ। প্রাচীন পুণ্ড রাজ্যের রাজধানী ছিল পুণ্ড্রবর্ধন বা পুণ্ড্রনগর। সম্রাট অশাােকের রাজত্বকালে প্রাচীন পুণ্ড্র রাজ্যের স্বাধীনতা বিলুপ্ত হয়। বর্তমান অবস্থান বগুড়া জেলার মহাস্থানগড়। বৈদিক সাহিত্য ও মহাভারতে এ জাতির উল্লেখ আছে। পাল রাজারা উত্তরবঙ্গকে তাদের পিতৃভূমি মনে করত। সেজন্য এর নামকরণ করেছিল বারিন্দ্রী। এই বারিন্দ্রী থেকে বরেন্দ্র শব্দের উৎপত্তি। বর্তমান করতোয়া নদীর পশ্চিম তীরের লালমাটি সমৃদ্ধ অঞ্চলই বরেন্দ্রভূমি নামে পরিচিত। গঙ্গা ও করতোয়া নদীর পশ্চিমাংশের মধ্যবর্তী অংশকে রামায়ণে বারিন্দ্রীমণ্ডল বলে উল্লেখ করা হয়েছে।

হাইলাইটেড তথ্য

- ⌘ বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র- পুণ্ড্রবর্ধন বা মহাস্থানগড়।
- ⌘ প্রাচীন পুরাজ্যের রাজধানী ছিল- পুণ্ড্রনগর বা পুণ্ড্রবর্ধন।
- ⌘ বিখ্যাত সাধক শাহ-সুলতান বলখির মাজার অবস্থিত- মহাস্থানগড়ে।
- ⌘ বেহুলা-লখিন্দরের বাসর ঘর অবস্থিত- মহাস্থানগড়ে।

গৌড়

প্রাচীন বাংলার জনপদ গুলোকে শশাঙ্ক গৌড় নামে একত্রিত করেন। পাণিনির গ্রন্থে সর্বপ্রথম গৌড়ের উল্লেখ পাওয়া যায়। কৌটিল্যের অর্থশাস্ত্র' গ্রন্থে এ জনপদের শিল্প ও কৃষিজাত দ্রব্যের উল্লেখ পাওয়া যায়। হর্ষবর্ধনের শিলালিপি হতে প্রমাণিত হয় যে, সমুদ্র উপকূল হতে গৌড় দেশ খুব বেশি দূরে ছিল না। সাত শতকে গৌড়রাজ শশাঙ্কের রাজধানী ছিল মুর্শিদাবাদ জেলার কর্ণসুবর্ণ। বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ ও এর সন্নিকটের এলাকা গৌড়

RAISUL ISLAM HRIDOY

রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। আধুনিক এ লদহ, মুর্শিদাবাদ, বীরভূম ও বর্ধমানের কিছু অংশ গৌড়ের সীমানা মনে করা হয়।

বঙ্গ

বৃহত্তর ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, বরিশাল, পাবনা, ফরিদপুর নোয়াখালী, বাকেরগঞ্জ ও পটুয়াখালীর নিম্ন জলাভূমি এবং পশ্চিমের উচ্চভূমি যশোর, কুষ্টিয়া, নদীয়া, শান্তিপুর ও ঢাকার বিক্রমপুর সংলগ্ন অঞ্চল ছিল বঙ্গ জনপদের অন্তর্গত। পাঠান আমলে সমগ্র বাংলা বঙ্গ নামে ঐক্যবদ্ধ হয়। পুরানো শিলালিপিতে 'বিক্রমপুর' ও 'নাব্য' নামে দুটি অংশের উল্লেখ রয়েছে। প্রাচীন বঙ্গ ছিল একটি শক্তিশালী রাজ্য। ঐতরেয় আরণ্যক' গ্রন্থে বঙ্গ নামে উল্লেখ পাওয়া যায়। এছাড়া রামায়ণ, মহাভারতে এবং কালিদাসের 'রঘুবংশ' গ্রন্থে 'বঙ্গ' নামের উল্লেখ পাওয়া যায়।

সমতট

চীনা পরিব্রাজক হিউয়েন সাং এর বিবরণ অনুযায়ী সমতট ছিল বঙ্গ রাজ্যের দক্ষিণ পূর্বাংশের একটি নতুন রাজ্য। মেঘনা নদীর মোহনাসহ বর্তমান কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল সমতটের অন্তর্ভুক্ত। কুমিল্লা জেলার বড় কামতা সমতট রাজ্যের রাজধানী ছিল বলে জানা যায়। কুমিল্লা ময়নামতিতে পাওয়া প্রাচীন নিদর্শনের মধ্যে অন্যতম 'শালবন বিহার।

রাঢ়

রাঢ় বাংলার একটি প্রাচীন জনপদ। ভাগীরথী নদীর পশ্চিম তীর হতে গঙ্গা নদীর দক্ষিণাঞ্চল রাঢ় অঞ্চলের অন্তর্গত। অজয় নদী রাঢ় অঞ্চলকে দুই ভাগে ভাগ করেছে। উত্তর রাঢ় বর্তমান মুর্শিদাবাদ জেলার পশ্চিমাংশ সমগ্র বীরভূম জেলা এবং বর্ধমান জেলার কাটোয়া মহকুমা দক্ষিণ রাঢ় বর্ধমানে দক্ষিণাংশ হুগলি বহুলাংশ এবং হাওড়া জেলা।

হরিকেল

সপ্তম শতকের লেখকেরা হরিকেল নামে একটি জনপদের বর্ণনা করেছেন। চীনা ভ্রমণকারী ইৎ সিং বলেছেন, হরিকেল ছিল পূর্ব ভারতের শেষ সীমায়। ত্রিপুরার শৈলশ্রেণির সমান্তরাল অঞ্চল সিলেট হতে চট্টগ্রাম পর্যন্ত হরিকেল বিস্তৃত। ঢাকা বিশ্ববিদ্যালয়ে রক্ষিত দুইটি শিলালিপিতে হরিকেল সিলেটের সঙ্গে সমর্থক বলে উল্লেখ করা হয়েছে।

তামলিপ্ত

তাম্রলিপ্ত নামক জনপদ হরিকেল ও রাঢ়ের দক্ষিণে অবস্থিত ছিল বলে ধারণা করা হয়। তাম্রলিপ্ত প্রাচীন বাংলার একটি বিখ্যাত বন্দর ছিল। বর্তমান মেদিনীপুর জেলার তমলুকই এলাকাই ছিল তাম্রলিপ্ত জনপদের কেন্দ্রস্থল। পেরিপ্লাস' নামক গ্রন্থে এবং টলেমি, ফা-হিয়েন, হিউয়েন সাং ও ইৎ সিংয়ের বিবরণে এই তাম্রলিপ্ত জনপদের নাম বন্দর হিসেবে উল্লেখ আছে। সপ্তম শতক হতে এটা দণ্ডভুক্তি নামে পরিচিত হতে থাকে। আট শতকের পর হতেই তাম্রলিপ্ত বন্দরের সমৃদ্ধি নষ্ট হয়ে।

RAISUL ISLAM HRIDOY

চন্দ্রদ্বীপ/বাকলা

'আইন-ই-আকবরী' গ্রন্থে উল্লেখিত বাকলা পরগণা বর্তমান বরিশাল জেলার অন্তর্গত। মধ্যযুগে বর্তমানে বরিশাল জেলাই ছিল চন্দ্রদ্বীপের মূল ভূখণ্ড ও প্রাণকেন্দ্র। এ প্রাচীন জনপদটি বালেশ্বর ও মেঘনার মধ্যবর্তী স্থানে অবস্থিত ছিল। পাল যুগে এটি ত্রৈলোক্যচন্দ্রের শাসনাধীন ভূখণ্ডরূপে শাসিত হতা।

আর্যপূর্ব যুগে বাংলা

বঙ্গদেশে জনবসতির প্রাথমিক তথ্য পাওয়া না গেলেও প্রস্তর যুগ, নব্য প্রস্তর যুগ এবং তাম্র যুগের কিছু অস্ত্রশস্ত্রের সন্ধান মেলে এখানে। খ্রিষ্টের জন্মের প্রায় দেড় হাজার বছর আগে এখানে এক সুসভ্য জাতির বাস ছিল বলে পণ্ডিতরা অনুমান করেন। এরা চাষাবাদ, পশু শিকার ও পশুপালন করে তাদের জীবিকা নির্বাহ করত। এরা পাথর ও তামা ব্যবহার করত এবং ইট পাথরের ভিটার উপর প্রশস্ত ঘর তৈরি করত। প্রাচীন পুণ্ড্র ও বঙ্গজাতি আর্যপূর্ব যুগের মানুষ ছিল বলে ধারণা করা হয়। আর্যপূর্ব যুগে বাংলার অধিবাসীরা সভ্যতার দিক থেকে যথেষ্ট উন্নত ছিল। কৃষিকাজ, নৌকা নির্মাণ, বয়ণশিল্প, ধাতুশিল্প প্রভৃতি আর্যপূর্ব যুগের লাোকেরাই বাংলায় প্রথম প্রচলন করেন। কুমার, কামার, সূত্রধর, তাম্রকার স্বর্ণকার, মণিকার, বাসারী, শাখারী ইত্যাদি পেশাদারদের কারিগরি কাজে এরা সুদক্ষ ছিল।

আর্য জাতি

যারা ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠীর ইন্দো-ইরানীয় আর্যভাষা তথা ল্যাটিন, গ্রিক, জার্মান, ফরাসি ভাষায় কথা বলতো তারা আর্যজাতি। এদের বসবাস ছিল ইউরাল পর্বতের দক্ষিণের তৃণভূমি অঞ্চলে তথা ককেশাস অঞ্চল। এরা সনাতন ধর্মাবলম্বী ছিল এবং এদের ধর্মগ্রন্থের নাম 'ঋকবেদ। আফগানিস্তানের খাইবার গিরিপথ দিয়ে খ্রিষ্টপূর্ব ১৫০০ অব্দে আর্যগণ ভারতবর্ষে প্রবেশ করে। ভারতবর্ষে প্রবেশের চৌদ্দশত বছর পর খ্রিষ্টপূর্ব ১০০ অব্দে আর্যগণ বাংলায় প্রবেশ করে। এসময় বঙ্গদেশ অস্ট্রিক জাতির প্রভাবাধীন ছিল। প্রায় আটশত বছর তথা মৌর্য ও গুপ্ত শাসনামল পর্যন্ত বঙ্গদেশে আর্যীকরণ ঘটেছিল বলে ধারণা করা হয়।

বিভিন্ন শাসনামলে বাংলার রাজধানী

মৌর্য বংশ	গৌড়
গুপ্ত বংশ	গৌড়
গৌড় (শশাঙ্ক)	কর্ণসুবর্ণ (মুর্শিদাবাদ)
মৌর্যযুগ	পুণ্ড্রবর্ধন (মহাস্থানগড়)
চন্দ্রগুপ্ত মৌর্য	পাটলিপুত্র
ঈশা খাঁ	সোনারগাঁও
পুণ্ড্র জনপদ	পুণ্ড্রবর্ধন (মহাস্থানগড়)

RAISUL ISLAM HRIDOY

লক্ষণ সেন	নদীয়া বা নবদ্বীপ
গুপ্ত রাজবংশ	বিদিশা

গুরুত্বপূর্ণ তথ্যাবলী

- ঐতরেয় আরণক গ্রন্থে সর্বপ্রথম ‘বঙ্গ শব্দের উল্লেখ পাওয়া যায়।
- মোগল সম্রাট আকবরের সভাকবি আবুল ফজল তাঁর ‘আইন-ই-আকবরি’ গ্রন্থে সর্প্রথম দেশবাচক বাংলা শব্দের ব্যবহার করেন। তিনি ‘বাংলা’ নামের উৎপত্তি সর্ম্পকে দেখান, এদেশের প্রাচীন নাম ‘বঙ্গ’ এর সাথে বাধঁ বা জমরি সীমানা সূচক ‘ আল’ যোগে ‘বাংলা’ শব্দ গঠিত হয়।
- কলহনের ভারতীয় প্রাচীন ইতিহাস গ্রন্থ ‘রাজতরঙ্গিনী’ গ্রন্থে মৌর্য আমল হতে শুরু করে কাশ্মীরের রাজাদের কাহিনী বর্ণনা করা হয়েছে।
- পাণিনি গ্রন্থে প্রথম ‘গৌড়’র উল্লেখ পাওয়া যায়।
- কালিদাসের গ্রন্থে ‘বঙ্গ’ জনপদের উল্লেখ পাওয়া যায়।
- প্রাচীন শিলালিপিত ‘বিক্রমপুর’ ও ‘নাব্য’ নামে বঙ্গের দুইটি অঞ্চলের উল্লেখ পাওয়া যায়। বতর্মান ফরিদপুর বরিশাল ও পটুয়াখালী নিম্ন জলাভূমি ছিল ‘নাব্যের’ অর্ন্তভুক্ত ।
- বাকেরগঞ্জ বলতে বরিশাল, বাগেরহাট ও খুলনাকে বুঝায়।
- ইতিহাসের জনক প্রাচীন গ্রীসের হেরাডোটাস।
- প্রাগৈতিহাসিক যুগ হলো পাথরের যুগ। পাথরের পরবর্তী যুগ ধাতুর যুগ।
- বিশ্ব সভ্যতার যাত্রা শুরু হয় খিস্ট্রপূর্ব ৫০০০ অব্দে।
- মৌর্যদের আমল হতে বাংলাকে সাম্রাজ্যভূক্ত করা হয় ও স্বাধীন বাংলা রাজ্যের গোড়াপত্তন হয়.বাংলার প্রথম স্বাধীন নরপতি হলো শশাঙ্ক।
- বাংলার স্বাধীনতার সূচনা করেন ফখরুদ্দীন মুবারক শাহ।
- বাংলায় প্রথম নৌবাহিনী গড়ে তোলেন গিয়াসউদ্দিন আযম শাহ।
- সমটতের রাজধানী ‘বড় কামতা’।
- বাংলার ইতিহাস ইউরোপীয়দের আগমন ও বৃটিশ আমল

RAISUL ISLAM HRIDOY

বাংলায় ইউরোপীয়দের আগমন

ক্রমানুসারে জাতির নাম	গুরুত্বপূর্ণ তথ্য
পর্তুগিজ	ভারতের আসার জলপথ আবিষ্কার (১৪৮৭ সালে) ১৪৮৭ সালে- বার্থলোমিউ দিয়াজ উত্তমাশা অন্তরীপে পৌছান ভাস্কো দা গামা সেই পথ দিয়ে ভারতবর্ষে আসেন- ১৪৯৮ সালে ভাস্কো দা গামা কালিকট বন্দরে আসেন ভারতে আসতে ভাস্কো দা গামা আরব নাবিকদের সাহায্য নেন ইউরোপীয়দের মধ্যে প্রথম ভারতে আসে ও ঘাঁটি স্থাপন করে ঘাঁটি স্থাপন করে- ১৫১৬ সালে
ওলন্দাজ	ডাচ বা নেদারল্যান্ডের অধিবাসীদের ওলন্দাজ বলা হয়
দিনেমার	ডেনমার্কের অধিবাসীদের দিনেমার বলা হয়
ইংরেজ	ইংলিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি গঠন- ১৬০০ সালে উদ্দেশ্য ছিল- ব্যবসা করা উপমহাদেশে/বাংলায় ইংরেজদের প্রথম কুঠি- সুরাটে (১৬০৮ সালে) কলকাতার ফোর্ট উইলিয়াম দূর্গ স্থাপন- ১৭০০ সালে
ফরাসি	ইউরোপীয়দের মধ্যে সবার শেষে আসে উদ্দেশ্য ছিল সাম্রাজ্য স্থাপন

- বাংলার প্রথম নবাব- মুর্শিদকুলী খান
- বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তর করেন- মুর্শিদকুলী খান

সিরাজ-উদ-দৌলার বীরত্ব, মীর জাফর গংয়ের বিশ্বাসঘাতকতা ও বাংলায় ইংরেজ প্রভূত্ব প্রতিষ্ঠা

সিরাজ-উদ-দৌলা

- বাংলার নবাব হন- ১৭৫৬ সালে
- বাংলার প্রথম স্বাধীন নবাব- মুর্শিদকুলী খান
- বাংলার শেষ স্বাধীন নবাব- সিরাজ-উদ-দৌলা
- কলকাতার নাম রাখেন- আলিনগর

RAISUL ISLAM HRIDOY

অন্ধকূপ হত্যা(১৭৫৬)

- একটি মিথ্যা অভিযোগ
- হলওয়ে সিরাজ-উদ-দৌলার বিরুদ্ধে বৃটিশদের ফোর্ট উইলিয়াম দূর্গে ১২৩ জন ইংরেজকে আটকে রেখে নির্মমভাবে হত্যার মিথ্যা অভিযোগ/কাহিনী প্রচার করে। এটাই ইতিহাসে অন্ধকূপ হত্যা নামে পরিচিত। পরবর্তীতে এটা মিথ্যা প্রমাণ করা হয়। এই অভিযোগের ভিত্তিতে নবাব সিরাজ-উদ-দৌলার বিরুদ্ধে ইংরেজরা যুদ্ধ করে।

পলাশীর যুদ্ধ (২৩ জুন, ১৭৫৭; পলাশীর প্রান্তর)

- পক্ষ- বাংলার নবাব সিরাজ-উদ-দৌলা ও ইংরেজ সেনাপতি রবার্ট ক্লাইভ
- পরাজিত পক্ষ- বাংলার নবাব সিরাজ-উদ-দৌলা
- সিরাজ-উদ-দৌলার পরাজয়ের মূল কারণ- প্রধান সেনাপতি মীর জাফরের বিশ্বাসঘাতকতা
- সিরাজ-উদ-দৌলার হত্যাকারী- মোহাম্মদী বেগ

বক্সারের যুদ্ধ

- সময়- ১৭৬৪ সাল
- পক্ষ- ইংরেজ ও মীর কাসিম
- পরাজিত পক্ষ- মীর কাসিম

বৃটিশ ভাইসরয়দের গুরুত্বপূর্ণ কাজ/অবদান/ঘটনা

নাম	কাজ/অবদান/ঘটনা	সাল
লর্ড ক্লাইভ	দ্বৈত শাসন ব্যবস্থা প্রবর্তন (মোঘল সম্রাট শাহ আলমের সঙ্গে চুক্তি করেন)	১৭৬৫
লর্ড কার্টিয়ার	'৭৬-র মন্বন্তর	১৭৭০ (১১৭৬বঙ্গাব্দ)
লর্ড ওয়ারেন হেস্টিংস ১ম গভর্নর জেনারেল	দ্বৈত শাসন ব্যবস্থা রহিত	১৭৭২
	৫ শালা বন্দোবস্ত	
	১ শালা বন্দোবস্ত	
	রাজধানী মুর্শিদাবাদ থেকে কোলকাতায় স্থানান্তর	
	রাজস্ব বোর্ড গঠন	
লর্ড কর্নওয়ালিস	দশশালা বন্দোবস্ত	১৭৯০
	চিরস্থায়ী বন্দোবস্ত + সূর্যাস্ত আইন	১৭৯৩
	সিভিল সার্ভিস পরীক্ষা	
লর্ড উইলিয়াম বেন্টি	সতীদাহ প্রথা বিলোপ (রাজা রামমোহন রায়)	১৮২৯

RAISUL ISLAM HRIDOY

ঙ্ক	আদালতে আরবির বদলে ফার্সি ভাষা প্রচলন	১৮৩৫
লর্ড ডালহৌসি	রেল যোগাযোগ	১৮৫৩
	বিধবা বিবাহ (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর)	১৮৫৬
	স্বত্ববিলোপ নীতি	
লর্ড ক্যানিং	কাগজের মুদ্রা প্রচলন	১৮৫৭
	সিপাহী বিদ্রোহ	১৮৫৭
	ক্ষমতা ইস্ট ইন্ডিয়া কোম্পানির হাত থেকে সরাসরি রাণী ভিক্টোরিয়ার হাতে	১৮৫৮
	পুলিশ সার্ভিস	১৮৬১
	১ম বাজেট	১৮৬১
লর্ড রিপন 'ভারতের বন্ধু' খ্যাত	১ম আদমশুমারি	১৮৬১
লর্ড কার্জন	বঙ্গভঙ্গ নতুন বাংলা প্রদেশের রাজধানী- ঢাকা	১৯০৫
	বাংলা প্রদেশের ১ম লেফটেন্যান্ট গভর্নর- ব্যামফিল্ড ফুলার	১৯০৫
লর্ড হার্ডিঞ্জ (২য়)	বঙ্গভঙ্গ রদ	১৯১১
	রাজধানী কোলকাতা হতে দিল্লীতে স্থানান্তর	
	হার্ডিঞ্জ ব্রিজ (পদ্মা)	১৯১৫
লর্ড লিনলিথগো	ভারত ছাড় আন্দোলন	১৯৪২
	পঞ্চাশের মন্বন্তর	১৯৪৩ (১৩৫০ বঙ্গাব্দ)
লর্ড মাউন্টব্যাটেন সর্বশেষ বৃটিশ গভর্নর		

ইস্ট ইন্ডিয়া কোম্পানির আমলে বৃটিশ বিরোধী আন্দোলন

আন্দোলন	সময়কাল	প্রধান নেতা	গুরুত্বপূর্ণ তথ্য
ফকির আন্দোলন		ফকির মজনু শাহ অন্যান্য- ভবানী পাঠক	
তিতুমীরের আন্দোলন		তিতুমীর প্রকৃত নাম- সৈয়দ নিসার আলী মৃত্যু- ১৮৩১ ১ম বাঙালি শহীদ	বাঁশের কেল্লা- নারিকেলবাড়িয়ায় ধ্বংস হয়- ১৮৩১ সালে
ফরায়েজী আন্দোলন		হাজী শরীয়তউল্লাহ	

RAISUL ISLAM HRIDOY

		জন্ম- ১৭৮১; শরীয়তপুরে মৃত্যু- ১৮৪০ পরবর্তী নেতা- দুদু মিয়া (হাজী শরীয়তউল্লাহর পুত্র)	
সিপাহী বিদ্রোহ	১৮৫৭		শুরু হয়- ব্যারাকপুর থেকে এনফিল্ড রাইফেলের চর্বির টোটায় গরু ও শূকরের মাংস মেশানোর গুজব ফলাফল- ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে। ভারত সরাসরি রাণী ভিক্টোরিয়ার শাসনাধীন হয়।
নীল বিদ্রোহ	অবসান ঘটে- ১৮৬০		ইংল্যান্ডে শিল্প বিপ্লব হয় ১৮ শতকের শেষের দিকে গুরুত্বপূর্ণ বই(নাটক)- নীল দর্পণ (দীনবন্ধু মিত্র)
চাকমা বিদ্রোহ	১৭৭৬-৮৭	জুম্মা খান	
সাঁওতাল বিদ্রোহ	১৮৫৫-৫৬	২ ভাই- কানু আর সিদু	

বৃটিশ আমলে ধর্ম ও সমাজ সংস্কারকগণ

রাজা রামমোহন রায়	ব্রাহ্ম সমাজ' প্রতিষ্ঠা- ১৮২৮ 'ব্রাহ্ম ধর্ম' প্রবর্তন (একেশ্বরবাদ প্রবর্তন ও প্রচার) সতীদাহ প্রথা রহিতকরণে ভূমিকা- ১৮২৯ (লর্ড বেন্টিঙ্কের আমলে) রাজা উপাধি দেন- সম্রাট দ্বিতীয় আকবর
হাজী মুহম্মদ মুহসীন	হুগলির ইমামবাড়া নির্মাণ করেন মুসলমানদের শিক্ষার জন্য সর্বস্ব দান করেন
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	বিধবা বিবাহ প্রচলনে ভূমিকা- ১৯৫৬ (লর্ড ডালহৌসী) নিযুক্ত ছিলেন- ফোর্ট উইলিয়াম কলেজ, সংস্কৃত কলেজ
নওয়াব আব্দুল লতিফ	মোহামেডান লিটারেরি সোসাইটি' প্রতিষ্ঠা- ১৮৬৩ মুসলিম সাহিত্য সমাজ- ১৮৬৩ ১ম মুসলমান আইন পরিষদের সদস্য
সৈয়দ আমীর আলী	সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান অ্যাসোসিয়েশন- ১৮৭৭ ভারতীয় উপমহাদেশের ১ম প্রিভি কাউন্সিল সদস্য

RAISUL ISLAM HRIDOY

	গ্রন্থ- 'দি স্পিরিট অফ ইসলাম', 'এ শর্ট হিস্টোরি অফ দি সেরাসিনম'
স্যার সৈয়দ আহমদ খান	আলীগড় আন্দোলন আলীগড় অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ- ১৮৭৭ আলীগড় মোহামেডান এডুকেশন কনফারেন্স- ১৮৮৬

কংগ্রেস

- কংগ্রেস প্রতিষ্ঠা- ১৮৮৫
- প্রতিষ্ঠাতা- এ্যালান অক্টোভিয়ান হিউম
- মুসলিম লীগ- ১৯০৬
- প্রতিষ্ঠাতা- নবাব সলিমুল্লাহ
- প্রকৃত নাম- নিখিল ভারত মুসলিম লীগ

বৃটিশ আমলে রাজনৈতিক আন্দোলন ও গুরুত্বপূর্ণ ঘটনা :

- অহিংসা ও অসহযোগ আন্দোলনের প্রবক্তা- মহাত্মা গান্ধী
- মহাত্মা গান্ধীর প্রকৃত নাম- মোহনদাস করমচাঁদ গান্ধী
- জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড ঘটে- ১৯১৯
- রবীন্দ্রনাথ 'নাইট' উপাধি প্রত্যাখ্যান করেন- জালিওয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদে
- খেলাফত আন্দোলন সংঘটিত হয়- ১৯২০ সালে
- নেতৃত্ব দেন- মাওলানা মুহম্মদ আলী ও মাওলানা শওকত আলী
- বৃটিশদের বিরুদ্ধে সশস্ত্র আন্দোলন করেন- মাস্টারদা সূর্যসেন
- চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন করেন- ১৮ এপ্রিল, ১৯৩০
- মাস্টারদা'কে ফাঁসি দেয়া হয়- ১৯৩১
- সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে ফাঁসি দেয়া হয়- ক্ষুদিরামকে
- 'প্রীতিলতা ওয়াদ্দেদার' জড়িত ছিলেন- মাস্টারদা সূর্যসেনের সঙ্গে বৃটিশ বিরোধী আন্দোলনের সঙ্গে
- ভারত ছাড় আন্দোলনের সূচনা হয়- ১৯৪২
- বাংলায় দুর্ভিক্ষ/পঞ্চাশের মন্বন্তর- ১৯৪৩ (১৩৫০ বঙ্গাব্দ)
- দ্বি-জাতিতত্ত্বের প্রবক্তা- মুহম্মদ আলী জিন্নাহ (১৯৩৯)
- লাহোর প্রস্তাবের প্রবক্তা- এ কে ফজলুল হক (১৯৪০)
- ঋন সালিসী আইন- এ কে ফজলুল হক
- বাংলার প্রথম মুখ্যমন্ত্রী/অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী- এ কে ফজলুল হক
- ভারত বিভক্তির সময় বাংলার প্রধানমন্ত্রী- হোসেন শহীদ সোহরাওয়ার্দী

RAISUL ISLAM HRIDOY

- ভারত-পাকিস্তান বিভক্তির জন্য গঠিত কমিশন- র‍্যাডক্লিফ কমিশন (লিঙ্ক : সীমান্ত লাইন, র‍্যাডক্লিফ লাইন)
- ভারত-পাকিস্তান বিভক্তির সময় বৃটিশ গভর্নর- লর্ড মাউন্টব্যাটেন

ভারত ও পাকিস্তানের স্বাধীনতা

- পাকিস্তান স্বাধীন হয়- ১৪ আগস্ট ১৯৪৭
- ভারত স্বাধীন হয়- ১৫ আগস্ট ১৯৪৭

পাকিস্তান আমল

- বাংলাদেশ পাকিস্তানের অন্তর্ভূক্ত ছিল- ২৪ বছর

গুরুত্বপূর্ণ পাকিস্তানী/পাকিস্তানপন্থী ব্যক্তিত্ব

মুহম্মদ আলী জিন্নাহ	পাকিস্তানের জাতির জনক উপাধি- কায়েদে আজম স্বাধীন পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল
লিয়াকত আলী খান	পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী
খাজা নাজিমউদ্দীন	ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী পূর্ববঙ্গ প্রদেশের/ পাকিস্তান আমলে বাংলার প্রথম মুখ্যমন্ত্রী (অবিভক্ত বাংলার অর্থাৎ বৃটিশ আমলের বাংলা প্রদেশের প্রথম মুখ্যমন্ত্রী- এ কে ফজলুল হক)
ইস্কান্দার মির্জা	পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট প্রথম সামরিক আইন জারি করেন (১৯৫৮)
জেনারেল আইয়ুব খান	ইস্কান্দার মির্জাকে সরিয়ে নিজেই প্রেসিডেন্ট হন
আগা মোহাম্মদ ইয়াহিয়া খান	আইয়ুব খান পদত্যাগ করলে পাকিস্তানের প্রেসিডেন্ট হন
নুরুল আমিন	ভাষা আন্দোলনের সময় পূর্ববঙ্গের মুখ্যমন্ত্রী

পাকিস্তানের প্রথম

- পাকিস্থানের প্রথম গভর্নর জেনারেল মোহামম্মদ আলী জিন্নাহ
- পাকিস্থানের প্রথম প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান
- পূর্ব বাংলার প্রথম মূখ্য মূখ্যমন্ত্রী খাজা নাজিমুদ্দিন

RAISUL ISLAM HRIDOY

আওয়ামী মুসলিম লীগ

১৯৪৯ সালের ২৩ জুন আওয়ামী মুসলিম লীগ গঠিত হয়। এর প্রতিষ্ঠাতা সভাপতি মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী ।আর প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন শামসুল হক। বঙ্গবন্ধু ছিলেন আওয়ালী মুসলিম লীগের যুগ্ম সম্পাদক। ১৯৫৫ সালে আওয়ালী মুসলিম লীগের নাম থেকে মুসলিম শব্দটি বাদ দিয়ে 'আওয়ালী লীগ' নামকরণ করে অন্যান্য ধর্মাবলম্বীদের জন্য এর দ্বার উন্মুক্ত করা হয়।

পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০

গণদাবির কারনে মুসলিম লীগ সরকার ১৯৪৮ সালের ৩১ মার্চ পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব বিল উপস্থাপ করে। বহু বির্তকের পর ১৯৫০ সালের ডিসেম্বর মাসে বিলটি আইনে পরিণত হয়। এ আইনের ফলে জমিদারি প্রথা বিলুপ্ত হয়।

কোয়ালিশন সরকার

১৯৫৩ সালে বঙ্গবন্ধু আওয়ামী লীগের সাধারণ সম্পাদকরে দায়িত্ব পান এবং যুক্তফ্রন্টে যোগ দিয়ে ১৯৫৪ সালের নির্বাচনে অংশগ্রহণ করেন। ১৯৫৪ সালের মন্ত্রিসভায় তিনি কৃষি মন্ত্রী হন। বঙ্গবন্ধু ১৯৫৬ সালে কোয়লিশন সরকারের মন্ত্রিসভায় শিল্প, বাণিজ্য ও শ্রম মন্ত্রণালয়ের মন্ত্রী হন।

ভাষা আন্দোলন

- ১৯০১ সালে রংপুরে অনুষ্ঠিত প্রাদেশিক শিক্ষা সম্মেলনে সৈয়দ নওয়াব আলী চৌধুরী বাংলা ভাষাকে জাতীয় পর্যায়ে স্বীকারের আহ্বান জানান।
- পাকিস্থানের জনসংখ্যার শতকরা ৫৬ ভাগ মানুষের মাতৃভাষা ছিল বাংলা।
- অন্যদিকে সমগ্র পাকিস্থানের জনসংখ্যার শতকরা ৬ ভাগ মানুষের মাতৃভাষা ছিল উর্দু।
- ১৯৪৭ সালের সেপ্টেম্বরে ঢাকায় জনাব তাসাদ্দুক হোসেন সভাপতিত্বে পূর্বপাকিস্থান যুবকর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনেই প্রথম ফূর্ব পাকিস্থানের অফিস ও আইন আদালতের ভাষা এবং শিক্ষার বাহন হিসেবে বাংলাকে চালু করার দাবি জানিয়ে প্রস্তাব গ্রহণ করা হয়।
- ১৯৪৭ সালে ড. মোহাম্মদ শহিদুল্লাহ 'দৈনিক আজদ' পত্রিকায় 'পাকিস্থানের ভাষা সমস্যা' শিরোনামে বাংলাকে পাকিস্থানের অন্যতম রাষ্ট্র ভাষার দাবি করেন।
- ১৯৪৭ সালের ৫ ডিসেম্বরে করাচিতে একটি শিক্ষা সম্মেলনে পাকিস্থানের শিক্ষামন্ত্রী ফজলুর রহমানের নেতৃত্বে উর্দুকে রাষ্ট্র ভাষা করার দাবি করা হয়।

RAISUL ISLAM HRIDOY

তমদ্দুন মজলিশ

- ১৯৪৭ সালের ২ সেপ্টেম্বর 'তমদ্দুন মজলিশ' নামে একটি সাংস্কৃতিক প্রতিষ্ঠান গঠিত হয়।'তমদ্দুন মজলিশ' এর প্রতিষ্ঠাতা ছিলেন অধ্যাপক আবুল কাশেম। পাকিস্থানের অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে বাংলাকে চালু করার দাবি নিয়ে এগিয়ে আসে 'তমদ্দুন মজলিশ'। তমদ্দুন মজলিশ থেকে ১৯৪৭ সালের ১৫ সেপ্টেম্বর 'পাকিস্থানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু' নামে প্রবন্ধ প্রকাশিত হয়। এর তিনজন লেখক ছিলেন -অধ্যাপক আবুল কাসেম, ড. কাজী মোতাহার হোসেন এবং আবুল মনসুর আহমদ।এটা ছিল আন্দোলনের প্রথম প্রবন্থ বা পুস্তিকা। এর তিনজন লেখকই ছিলেন 'তমদ্দুন মজলিশ' এর প্রতিষবঠাতা সদস্য।
- ১৯৪৮ সালের সালের জানুয়ারি মাসে বাংলাকে রাষ্ট্রভাষা করার উদ্দ্যেশে ঢাকায় 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়।

পাকিস্তানের গণপরিষদ

১৯৪৭ সালের ১০ আগস্ট পাকিস্থানের গণপরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়। ১৯৪৮ সালের ২৫ ফেব্রুয়ারি গণপরিষদের এক অধিবেশনে 'ইংরেজির পাশাপাশি উর্দু ভাষাতে অধিবেশনের কার্যক্রম শুরু হলে পূর্ব বাংলার গণপরিষদ সদস্য কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত এর প্রতিবাদ করেন এবং বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষারূপে সরকারি স্বীকৃতি দাবি জানান। কিন্তু গণপরিষদ দাবি প্রত্যাখান করলে পূর্ব বাংলা ছাত্র-শিক্ষক ও বুদ্ধিজীবী মহলে অসন্তোষ দেখা দেয়।

সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ

১৯৪৮ সালের ২ মার্চ কামরুদ্দিন আহমেদের সভাপতিত্বে 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়। এই সংগ্রাম পরিষদ রাষ্ট্রভাষার ক্ষেত্রে সরকারের ষড়যন্ত্র রোধ করার জন্য ১৯৪৮ সালের ১১ মার্চ থেকে সাধারণ ধর্মঘটের ডাক দেয়। এই দিন ঢাকায় বহু ছাত্র আহত, বঙ্গবন্ধু শেখ মুজিব, অলি আহাদ, শামসুল আলমসহ আরোও অনেক ছাত্র নেতা গ্রেফতার হন। এজন্য ১৯৪৮-১৯৫২ এর ভাষা আন্দোলনের সময়কালে প্রতিবছর ১১ মার্চ 'ভাষা দিবস' পালন করা হত। ১৫ই মার্চ আন্দোলনের মুখে বঙ্গবন্ধুসহ অন্যান্য ছাত্রনেতাকরে মুক্তি দেওয়া হয় এবং খাজা নাজিমউদ্দিন ছাত্রদের সাথে আট দফা চুক্তি করতে বাধ্য হন।ফলে আন্দোলন কিছুটা স্থিমিত হয়।

- ১৯৪৮ সালের ২১ মার্চ মোহাম্মদ আলী জিন্নাহ ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে এক জনসভায় ঘোষনা দে, 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্থানের রাষ্ট্রভাষা'। ২৪ মার্চ কার্জন হলে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে তিনি একই কথার পুনরাবৃত্তি করলে উপস্থিত ছাত্ররা 'না না' বলে তীব্র প্রতিবাদ করে।

RAISUL ISLAM HRIDOY

- ১৯৪৯ সালে পূর্ব বাংলা সরকার বাংলা ভাষা সংস্কারের নামে 'পূর্ব বাংলা ভাষা কমিটি' গঠন করে। মওলানা আকরাম খাঁ ছিলেন এ কমিটির সভাপতি। এই কমিটি ১৯৫০ সালে রিপোর্ট প্রদান করে। এত উর্দুকে পূর্ব বাংলার শিক্ষা প্রতিষ্ঠানের দ্বিতীয় ভাষা রূপে পাঠ করানোর সুপারিশ করা হয়।
- ১৯৫০ সালে পাকিস্থানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান ঘোষনা করেন, 'উর্দুই পাকিস্থানের জাতীয় ভাষা হবে'। ১৯৫১ সালে লিয়াকত আলী খান আততায়ীর হাতে নিহত হলে খাজা নাজিমউদ্দিন পাকিস্থানের প্রধানমন্ত্রী নির্বাচিত হন।
- ১৯৫১ সালে ভাষা সৈনিক মতিনের নেতৃত্বে গীঠত হয় 'ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষা সংগ্রাম কমিটি'।
- ১৯৫২ সালের ২৬ জানুয়ারি পাকিস্থানের তৎকালীন প্রধানমন্ত্রী খাজা নাজিমউদ্দিন ঢাকায় এক জনসভায় ঘোষনা করেন, 'উর্দুই হবে পাকিস্থানের রাষ্ট্রভাষা'।
- পাকিস্থানের তৎকালীন প্রধানমন্ত্রী খাজা নাজিমউদ্দিন ঐ দিনই অর্থাৎ ২৬ জানুয়ারি আতাউর রহমান খানের সভাপতিত্বে কাজী গোলাম মাহবুবকে আহবায়ক করে 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ কমিটি' গঠন করা হয়।

ভাষা আন্দোলন -১৯৫২

সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ কমিটি' ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি রোজ বৃহস্পতিবার 'রাষ্ট্রভাষা দিবস' পালনের সিদ্ধান্ত গ্রহণ করেন এবং সারাদেশে হরতাল পালনের সিদ্ধান্ত গ্রহণ করেন। ছাত্র আন্দোলনের ভয়ে ভীত হয়ে নুরুল আমিন সরকার ২০ ফেব্রুয়ারি ১৪৪ ধারা জারি করে এভং সভা সমাবেশ নিষিদ্ধ করেন। কিন্তু ২১ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সংগঠিতভাবে ১৪৪ ধারা ভঙ্গ করে 'রাষ্ট্রভাষা বাংলা চাই' শ্লোগান দিতে দিতে বর্তমান ঢাকা মেডিকেল কলেজ চত্বরে সমবেত হয় পুলিশ উপস্থিত ছাত্র-জনতাকে ছত্রভঙ্গ করতে কাঁদুনে গ্যাস নিক্ষেপ করলে ছাত্র-পুলিশ সংঘর্ষ বাধে। পুলিশ এক পর্যায়ে গুলি বর্ষণ করলে সালাম, বরকত, রফিক, জব্বারসহ অনেকে শহীদ হন। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি দিনটি ছিল বৃহস্পতিবার এবং ঐতিহাসিক এ দিনটির বাংলা তারিখ ৮ই ফাল্গুন, ১৩৫৮।

- ২১ ফেব্রুয়ারিতেই শহীদদের স্মরণে রাজশাহী সরকারি কলেজ প্রাঙ্গনে ভাষা আন্দোলনের প্রথম শহীদ মিনার স্থাপিত হয়।
- পুলিশের গুলি বর্ষণের প্রতিবাদে ১৯৫২ সালের ২২ ফেব্রুয়ারি বিশাল শোভাযাত্রা বের হয়। এ শোভাযাত্রার উপরও পুলিশ গুলি বর্ষণ করে। ফলে শফিউর রহমান মৃত্যুবরণ করেন।
- ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় পাকিস্থানের প্রধানমন্ত্রী ছিলেন খাজা নাজিমউদ্দিন এবং পূর্ব বাংলার মূখ্যমন্ত্রী ছিলেন নুরুল আমিন।
- ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় পাকিস্থানের গর্ভণর ছিলেন মালিক মোহাম্মদ ফিরোজ খান নুন।
- ১৯৫২ সালের ২৪ ফেব্রুয়ারি ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গনে স্থাপিত হয় ঢাকার প্রথম শহীদ মিনার। ডা. বদরুল আলম এবং ডা. সাঈদ হায়দার এর নকশাঁ আঁকেন। এই শহীদ মিনারটি উদ্বোধন করেন শহীদ

RAISUL ISLAM HRIDOY

শফিউর রহমানের পিতা। ২৬ তারিখ সাহিত্যিক আবুল কালাম পুনরায় উদ্বোধন করেন।ঐ রাতেই শহীদ মিনারটি মুসলীম লীগ কর্মীরা ভেঙ্গে দেয়। ১৯৫৬ সালের শাসনতন্ত্রে বা সংবিধানে বাংলাকে পাকিস্থানের অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা প্রদান করা হয়।

- বাংলা পাকিস্থানের অন্যতম রাষ্ট্রভাষার সাংবিধানিক স্বীকৃতি পায় ২৯ ফেব্রুয়ারি ১৯৫৬। এদিন পাকিস্থানের গণপরিষদের ইসলামিক রিপাবলিক অব পাকিস্থানের প্রথম সংবিধান গৃহীত হয়। এ সংবিধানে ২৪১(১) অনুচ্ছেদে বলা হয় "পাকিস্থানের রাষ্ট্রভাষা হবে উর্দু এবং বাংলা।" ২৩ মার্চ ১৯৫৬ সালে এ সংবিধান কার্যকর হয়।

- ভাষা শহীদ আবুল বরকত ১৯২৭ সালে মুর্শিদাবাদ জেলায় জন্মগ্রহণ করেন। ১৯৫১ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে স্নাতক ডিগ্রি লাভ করে। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গনে গুলিবিদ্ধ হয়ে তিনি শহীদ হন। ভাষার জন্য আত্মদানের জন্য তাকে ২০০০ সালে মরণোত্তর একুশে পদকে ভূষিত হন।
- ১৯৪৮ সালে ভাষা আন্দোলনের প্রথম গান রচনা করেন অধ্যাপক আনিসুল হক চৌধুরী। গানটির সুর করেন শেখ লৎফর রহমান।
- ২১ ফেব্রুয়ারি ১৯৫২ চট্টগ্রামের মাহবুবুল আলম চৌধুরী 'কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি' নামে ১৬ পৃষ্ঠার কবিতা রচনা করেন। এটি ছিল একুশের প্রথম কবিতা।
- ভাষা সংগ্রামী গাজীউল হক রচনা করেন 'ভুলবো না, ভুলবো না, একুশে ফেব্রুয়ারি ভুলবো না'। সুর করেন নিজামুল হক। এটি একুশের প্রথম গান।
- 'সাপ্তাহিক সৈনিক' ছিল ভাষা আন্দোলনের মুখপাত্র।১৯৪৮ সালে অধ্যাপক সাহেদ আলীর সম্পাদনায় প্রকাশ শুরু হয়। পাকিস্থানের গণপরিষদে প্রথম বাংলায় বক্তৃতা দেন মাওলানা আব্দুর রশীদ তর্কবাগীশ।
- বাংলাদেশের বাহিরে ভাষা আন্দোলন: ১৯৬১ সালের ১৯ মে বাংলা ভাষার দাবিতে আসামের কাছাড় জেলার ভাষা আন্দোলন সংঘঠিত হয়। পুলিশ গুলি চালালে ১১ জন মারা যায়। ১৯ মে আসামে রাষ্ট্রভাষা দিবস পালিত হয়। ১৯৬১ সালেই অসমীয় ভাষার পাশাপাশি বাংলাকেও আসামের সরকারি ভাষা ঘোষনা করা হয়।
- ১৯৯৭ সালে বৃটেনের ওল্ডহ্যাম শহরে প্রথম শহীদ মিনার নির্মিত হয়। এটি ছিল দেশের বাহিরে প্রথম শহীদ মিনার।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

- ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে বিশ্বব্যাপী পালন করা হয়।
- ২১শে ফেব্রুয়ারিকে ১৯৯৯ সালের ১৭ই নভেম্বর ইউনেস্কো তাঁর ৩১ তম বৈঠকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষনা করেন। ২০০০ সালে প্রথমবারের মত বাংলা ভাষাকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালন করা হয়।

RAISUL ISLAM HRIDOY

- জাতিসংঘ ২০০৮ সালে ২১শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি দেয়।
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রথমবারের মত বাংলাদেশের কেন্দ্রীয় শহীদ মিনারের ছবি সম্বলিত ডাক টিকেট প্রকাশ করে যুক্তরাষ্ট্র।
- ভাষাভাষী জনসংখ্যার বিবেচনায় বাংলা ভাষার অবস্থান বিশ্বে বাংলা পিডিয়ার মতে সপ্তম এবং মাধ্যমিক ব্যাকরণ বইয়ের সূত্রমতে ৪র্থ।
- বাংলা ভাষাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার স্বীকৃতি দিয়েছে সিয়েরা লিয়ন।
- বাংলা ভাষাকে সর্বস্তরের ব্যবহারের জন্য জাতীয় সংসদে আইন পাস হয় ১৯৮৭ সালে।
- সরকারি ভাষা হিসেবে এদেশে ইংরেজি ভাষার ব্যবহার শুরু হয় ১৮৩৫ সালে।
- ১৯৭৫ সালের ২১ মার্চ রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাকে রাষ্ট্র ও জাতীয় ভাষা ঘোষনা করেন। আদেশে বলা হয় সরকারি, স্বায়ত্তশাসিতও আধা সরকারি অফিসে বাংলায় নথি ও চিঠিপত্র লিখতে হবে।

১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচন ও যুক্তফ্রন্ট

নির্বাচনের মাধ্যমে পূর্ব পাকিস্থানে মুসলিম লীগকে চরম শিক্ষা দেওয়ার জন্য ১৯৫৩ সালের ৪ ডিসেম্বর সমমনা কয়েকটি বিরোধীদল 'যুক্তফ্রন্ট' নামে একটি ঐক্যজোট গঠন করে। যুক্তফ্রন্ট মূলত ৪টি বিরোধী রাজনৈতিক দলের সমন্বয়ে গঠিত হয়েছিল। এগুলো হল:

- মাওলানা ভাসানীর নেতৃত্বাধীন আওয়ামী মুসলিম লীগ
- এ কে ফজলুল হকের নেতৃত্বাধীন কৃষক শ্রমীক পার্টি
- মওলানা আতাহার আলীর নেতৃত্বাধীন নেজাম-ই-ইসলামী
- হাজী দানেশের নেতৃত্বাধীন বামপন্থী গণতন্ত্রী দল
- নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল নৌকা এবং ২১ দফা কর্মসূচির ভিত্তিতে যুক্তফ্রন্ট নির্বাচনে অংশগ্রহণ করেন। ২১ দফা দাবির প্রথম দাবি ছিল বাংলাকে পাকিস্থানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া। অন্যান্য উল্লেখ্যযোগ্য দফাগুলো হল:
- ২নং: বিনা ক্ষতিপূরণে জমিদারি প্রথা উচ্ছেদ ও খাজনা আদায়কারী মধ্যস্বত্ব ভোগীদের উচ্ছেদ করে ভূমিহীন কৃষকদেরমধ্যে উদ্বৃত্ত জমি বন্টনেরব্যবস্থা করা।
- ৩নং: পাট ব্যবসায়ে জাতীয়করণ ও পাটের ন্যায্যমূল্য প্রদান।
- ৫নং: পূর্ব বাংলাকে লবনের ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণ করা।
- ৯নং: অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তন ও শিক্ষকদের বেতন বৃদ্ধি করা।
- ১০নং: সরকারি ও বেসরকারি বিদ্যালয়ের ব্যবধান দূর করা এবং বাংলা ভাষাকে শিক্ষার মাধ্যম করা।
- ১১নং: বিশ্ববিদ্যালয় সংক্রান্ত সকল কালাকানুন বাতিল করে বিশ্ববিদ্যালয়গুলোকে পূর্ণ স্বায়ত্বশাসন প্রদান করা।
- ১৫নং: শাসন বিভাগ থেকে বিচার বিভাগ পৃথক করা।

RAISUL ISLAM HRIDOY

- ১৬নং: বর্ধমান হাউজকে (বর্তমান বাংলা একাডেমী) আপাতত ছাত্রাবাস এবং পরে বাংলা ভাষা ও সাহিত্যে গবেষণাগার করা।
- ১৭নং: বাংলা ভাষার জন্য শহীদদের স্মরণে শহীদ মিনার নির্মাণ করা।
- ১৮নং: একুশে ফেব্রুয়ারিবে শহীদ দিবস ও সরকারি ছটির দিন হিসাবে পালন করা

- ২১ দফা কর্মসূচি বা মেনিফেস্টো প্রণয়ন করেন তৎকালীন আওয়ামী লীগ এর সহসভাপতি আবুল মনসুর আহমেদ। ২১ দফা মেনিফেস্টোতে ভাষা সম্পর্কিত দফা ছিল ৫টি (১,১০,১৬,১৭ ও ১৮)
- ১৯৫৪ সালের ১১ মার্চ পূর্ব পাকিস্থানের প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে পূর্ববাংলা আইন পরিষদের মোট আসন সংখ্যা ছিল ৩০৯টি। এর মধ্যে মুসলিম আসন ছিল ২৩৭টি এবং অমুসলিম সম্প্রদায়ের আসন ছিল ৭২ টি। মুসলিম আসনের মধ্যে যুক্তফ্রন্ট ২২৩ টি আসন এবং মুসলিম লীগ ৯টি আসন লাভ করে। অমুসলিমদের জন্য সংরক্ষিত ৭২টি আসনের মধ্যে যুক্তফ্রন্ট ১৩টি আসন লাভ করে। অর্থাৎ মোট ৩০৯ আসন বিশিষ্ট প্রাদেশিক আইন সভায় যুক্তফ্রন্ট ২৩৬টি আসন লাভ করে। ১৯৫৪ সালের ৪ এপ্রিল প্রাদেশিক নির্বাচনের পর যুক্তফ্রন্ট পূর্ববাংলায় মন্ত্রিসভা গঠন করে। মন্ত্রিসভার মূখ্যমন্ত্রী হন এ কে ফজলুল হক। শেখ মুজিব এই মন্ত্রিসভায় কৃষি, সমবায়, পল্লী উন্নয়ন মন্ত্রনালয়ের দায়িত্বে ছিলেন। পাকিস্থানের তৎকালীন গভর্নর গোলাম মোহাম্মদ ১৯৫৪ সালের ৩০ মে দেশদ্রোহিতার অভিযোগে ফজলুল হকের 'যুক্তফ্রন্ট' মন্ত্রিসভা ভেঙ্গে দিয়ে পূর্ব বাংলায় কেন্দ্রের শাসন জারি করে।

পাকিস্থানের প্রথম শাসনতন্ত্র

পাকিস্থানের প্রথম শাসনতন্ত্র রচিত হয় ১৯৫৬ সালে। এ শাসনতন্ত্রের মাধ্যমে পাকিস্থান ইসলামী প্রজাতন্ত্রে পরিণত হয়। পশ্চিমাঞ্চলীয় প্রদেশগুলোকে একত্রিত করে একটি ইউনিট গঠনের ফলে এর নাম হয় 'পশ্চিম পাকিস্থান' এবং পূর্ব বাংলার নাম হয় 'পূর্ব পাকিস্থান'। পাকিস্থান ইসলামী প্রজাতন্ত্রের প্রথম প্রেসিডেন্ট নিযুক্ত হন ইস্কান্দার মির্জা।

কাগমারী সম্মেলন

১৯৫৭ সালের ৭ ফেব্রুয়ারি আওয়ামী লীগের সার্বিক তত্ত্বাবধানে টাঙ্গাইল জেলার সন্তোষে একটি ঐতিহাসিক সম্মেলন অনুষ্ঠিত হয় যা 'কাগমারী সম্মেলন' নামে পরিচিত। সম্মেলনে সভাপতিত্ব করেন মাওলানা আবদুল হামিদ খান ভাসানী এবং প্রধান অথিতি হিসেবে উপস্থিত ছিলেন হোসেন সোহরাওয়ার্দী। সম্মেলনের প্রধান এজেন্ডা ছিল পূর্ব পাকিস্থানের স্বায়ত্তশাসন ও বৈদেশিক নীতি। অনুষ্ঠানে মাওলানা আবদুল হামিদ খান ভাসানী পাকিস্থানের কেন্দ্রীয় সরকারের প্রতি হুশিয়ারি উচ্চারণ করেন বলেন, যদি পূর্বপাকিস্থানের শোষণ অব্যাহত থাকে তবে তিনি পশ্চিম পাকিস্থাকে 'আসসালামুআলাইকুম' জানাতে বাধ্য হবেন।

RAISUL ISLAM HRIDOY

সামরিক শাসন

১৯৫৮ সালের ৭ অক্টোবর এক ঘোষনাবলে তৎকালীন প্রেসিডেন্ট ইস্কান্দার মির্জা সামরিক শাসন জারি করেন। তিনি প্রধান সেনাপতি জেনারেল মোহাম্মদ আইয়ুব খানকে প্রধান সামরিক শাসনকর্তা নিয়োগ করেন। মাত্র ২০ দিনের মাথায় আইয়ুব খান প্রেসিডেন্ট ইস্কান্দার মির্জাকে ক্ষমতাচ্যুত করেন এবং দেশত্যাগে বাধ্য করেন। ১৯৫৮ সালের ২৭ অক্টোবর জেনারেল আইয়ুব খান নিজেকে পাকিস্থানের স্বনির্বাচিত প্রেসিডেন্ট হিসাবে ঘোষণা করেন। একই সাথে তিনি পাকিস্থানের প্রধান সেনাপতি ও সামরিক শাসকের পদেও বহাল থাকেন। প্রেসিডেন্ট আইয়ুব খান ১৯৬০ সালের ২৩ মার্চ সামরিক শাসন প্রত্যাহার করেন।

মৌলিক গণতন্ত্র

জেনারেল আইয়ুব খান ছিলে উচ্চভিলাষী। প্রেসিডেন্ট পদে অধিষ্ঠিত হয়েই নিজের ভবিষ্যৎ ক্ষমতার ভিত্তি সুদৃঢ় ও সুনিশ্চিত করার জন্য তিনি বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেন। ১৯৫৯ সালের ২৭ অক্টোবর ক্ষমতা গ্রহণের ঠিক একবছর পরে তিনি 'মৌলিক গণতন্ত্র অধ্যাদেশ' জারি করেন। এই আদেশ বলে তিনি যে স্থানীয় সরকারের পরিকল্পনা করেন তার নামকরণ করেন 'মৌলিক গণতন্ত্র'। মৌলিক গণতন্ত্র অধ্যাদেশে ৪ স্তর বিশিষ্ট স্থানীয় স্বায়ত্তশাসন গড়ে তোলার কথা বলা হয়। প্রথম স্তরে ছিল গ্রামে 'ইউনিয়ন কাউন্সিল', পৌর এলাকায় 'ইউনিয়ন কমিটি' এবং ছোট শহরে 'টাউন কমিটি'। ২য় স্তরে ছিল গ্রামে থানা কাউন্সিল, পৌর এলাকায় 'মিউনিসিপ্যাল কমিটি' সামরিক এলাকায় 'ক্যান্টমেন্ট বোর্ড'। ৩য় স্তরে ছিল 'জেলা কাউন্সি ' এবং ৪র্থ স্তরে ছিল 'বিভাগীয় কাউন্সিল'।

পূর্ব পাকিস্থানের ৪০ হাজার এবং পশ্চিম পাকিস্থানের ৪০ হাজার 'মৌলিক গণতন্ত্রী সদস্য জনগণের ভোটে নির্বাচিত হবেন বলে বিধান করা হয়। এই মৌলিক গণতন্ত্রীদের ভোটেই ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান, আইন সভার সদস্য ও রাষ্ট্রপতি নির্বাচনের বিধান রাখা হয়। ১৯৬০ সালের এক সাধারণ নির্বাচনের মাধ্যমে সারাদেশে ৮০ হাজার গণতন্ত্রীর আস্থাসূচক ('হ্যাঁ' বা 'না' ভোট) জেনারেল আইয়ুব খান পাঁচ বছরের জন্যপাকিস্থানের প্রেসিডেন্ট নির্বাচিত হয়। এই মৌলিক গণতন্ত্রীদের সমর্থনের জোরেই আইয়ুব খান তাঁর রাজনৈতিক অবস্থানকে সূদৃঢ় করতে সক্ষম হয়। ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে 'মৌলিক গণতন্ত্র' পর্যদস্ত হয়ে পড়ে। নির্বাচনে অন্যকোন প্রার্থীর থাকার প্রশ্নই উঠে না। কেননা এটা ছিল আস্থা যাচাইয়ের ভোট। এ প্রহসনমূলক নির্বাচনের আইয়ুব খান শতকরা ৯৫.৬২ ভাগ ভোট লাভ করে।

পাকিস্থানের দ্বিতীয় শাসনতন্ত্র

প্রেসিডেন্ট আইয়ুব খানের শাসনামলে ১৯৬২ সালে পাকিস্থানের দ্বিতীয় সংবিধান প্রণীত হয়।এই সংবিধানে পাকিস্থানকে একটি ইসলামী প্রজাতন্ত্র হিসাবে ঘোষনা করা হয়। বঙ্গবন্ধুসহ আওয়ামী লীগের ১৩ জন সদস্য উক্ত

RAISUL ISLAM HRIDOY

সংবিধানে স্বাক্ষর করেননি। কারণ পূর্ব বাংলার নাম রাখা হয় 'ইসলামিক রিপাবলিক অব ইস্ট পাকিস্থান।' সংসদীয় গণতন্ত্রের পরিবর্তে রাষ্ট্রপতি শাসিত সরকার প্রতিষ্ঠিত হয়। এ সময়ে পাকিস্থানের রাজধানী করাচি থেকে ইসলামাবাদ স্থানান্তর করা হয়।

শরীফ শিক্ষা কমিশন

৩০ ডিসেম্বর, ১৯৫৮ সালে আইয়ুব খান পাকিস্থানের শিক্ষা সচিব এস.এম. শরীফকে চেয়ারম্যান করে ১১ সদস্য বিশিষ্ট যে কমিশন গঠিত করে তাকে শরীফ শিক্ষা কমিশন বলে।

১৯৬২ সালে এই কমিশন রিপোর্ট দেয়। এই রিপোর্টে বলা হয় "শিক্ষা এমন কোন জিনিস নয় যা বিনামূল্যে পাওয়া যেতে পারে।"

শরীফ শিক্ষা কমিশনের সুপারিশসমূহ হলো:

১. শিক্ষা প্রতিষ্ঠানের মোট ব্যয়ের ৬০% আসবে ছাত্রদের বেতন থেকে, ২০% আসবে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছ থেকে।

২. ৬ষ্ঠ থেকে ডিগ্রী পর্যন্ত ইংরেজিকে বাধ্যতামূলক করা।

৩. উর্দুকে মুষ্টিমেয় লোকের পরিবর্তে জনগণের ভাষায় পরিণত করতে হবে।

৪. পাকিস্থানের জন্য অভিন্ন বর্ণমালায় ব্যবস্থা করা।

হামিদুর রহমান শিক্ষা কমিশনরে বিরুদ্ধে আন্দোলন

ছাত্ররা ১৯৬২ সালের ১৭ সেপ্টেম্বর গণতান্ত্রিক শিক্ষার দাবিতে হামিদুর রহমান শিক্ষা কমিশনরে বিরুদ্ধে প্রতিবাদ জানায় এবং স্বৈরাচার আইয়ুব খানের বিরুদ্ধে দেশব্যাপী হরতাল পালন করে। এটাই ছিল স্বৈরাচার আইয়ুব খানের বিরুদ্ধে প্রথম গণঅভ্যুত্থান।

১৯৬৫ সালে রাষ্ট্রপতি নির্বাচন

প্রেসিডেন্ট আইয়ুব খান ১৯৬৫ সালের ২ জানুয়ারি মৌলিক গণতন্ত্রের ভিত্তিতে প্রেসিডেন্ট নির্বাচন দেন এবং নিজে কনভেনশন মুসলিম লীগের পক্ষ থেকে প্রেসিডেন্ট প্রার্থী হন। এমতাবস্থায় অধিকাংশ বিরোধী দল মিলিত হয়ে COP (Combined Opposition Party) নামে একটি সম্মিলিত জোট গঠন করে। এ জোটের প্রার্থী ছিলেন মোহাম্মদ আলী জিন্নাহর ভাগনী ফাতেমা জিন্নাহ।এ নির্বাচনে আইয়ুব খান মৌলিক গণতন্ত্রী পন্থায় প্রেসিডেন্ট নির্বাচিত হন।

RAISUL ISLAM HRIDOY

১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধ

১৯৬৫ সালের সেপ্টেম্বর মাসে কাশ্মীর প্রশ্নে ভারত-পাকিস্থান সর্ম্পকের অবনতি ঘটে। ৬ সেপ্টেম্বর শুরু হয় পাক-ভারত যুদ্ধ। ১৭ দিন ব্যাপী এ যুদ্ধে বাঙালী সৈন্যরা অসম্ভব সাহসিকতা দেখায়। অতঃপর জাতিসংঘের হস্তক্ষেপে উভয়পক্ষের যুদ্ধবিরতি হয়।

শেরেবাংলা এ.কে. ফজলুল হক পূর্ব বাংলার গভর্নর

১৯৫৬ সালের ২৪ মার্চ শেরেবাংলা এ কে ফজলুল হক পূর্ব বাংলার গভর্নর নিযুক্ত হন। (অপসারিত হন ৪ এপ্রিল ১৯৫৮)। এছাড়াও তিনি অভিক্ত বাংলার শিক্ষামন্ত্রী ও প্রধানমন্ত্রীসহ অনেক গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। রাজনৈতিক নেতৃত্বের গুণাবলি ও প্রগাঢ় জ্ঞানের অধিকারী হওয়ার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় তাকে ‘ডক্টন অব ল’ ডিগ্রি প্রদান করেন।

ছয়-দফা আন্দোলন, ১৯৬৬

১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলের এক সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্থানের রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রতিরক্ষার দাবি স্বিলিত একটি কর্মসূচি ঘোষনা করেন। ইতিহাসে এটি ৬ দফা কর্মসূচি নামে পরিচিত। পরবর্তীতে ২৩ মার্চ, ১৯৬৬ সালে লাহোরের এক সংবাদ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে ছয় দফা কর্মসূচি ঘোষণা করেন। ছয় দফা কর্মসূচি ঐতিহাসিক ‘লাহোর প্রস্তাব’ এর ভিত্তিতে রচিত। ছয় দফা দাবির প্রথম দাবিটি ছিল পূর্ব বাংলার স্বায়ত্তশাসন। ছয় দফা দাবির দফাগুলো নিম্নরূপ:

১. লাহোর প্রস্তাবের ভিত্তিতে সংবিধান রচনা করে পাকিস্থানকে একটি ফেডারেল রাষ্ট্র হিসাবে গঠন করতে হবে। এটি সংসদীয় পদ্ধতির যুক্তরাষ্ট্র ব্যবস্থা হবে। প্রাপ্ত বয়স্কদের সাবজনীন ভোটাধিকারের মাধ্যমে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে গঠিত কেন্দ্রীয় ও প্রাদেশিক আইনসভা হবে সার্বভৌম।

২. ফেডারেল সরকারের হাতে থাকবে প্রতিরক্ষা ও পররাষ্ট্র বিষয়। অন্যান্য বিষয় থাকবে প্রাদেশিক সরকারের হাতে।

৩. দেশের দুই অঞ্চলের জন্য সহজে বিনিময়যোগ্য দুটি মুদ্রা চালু থাকবে। মুদ্রা লেনদেনের হিসাব রাখার জন্য দুই অঞ্চলের জন্য দুইটি স্বতন্ত্র স্টেট ব্যাংক থাকবে। মুদ্রা ও ব্যাংক পরিচালনার ক্ষমতা থাকবে প্রাদেশিক সরকারের হাতে অথবা দুই অঞ্চলের একই মুদ্রা থাকবে তবে সংবিধানে এমন ব্যবস্থা রাখতে হবে যাতে এক অঞ্চলের মুদ্রা ও মূলধন অন্য অঞ্চলে পাচার হতে না পারে। একটি ফেডারেল রিজার্ভ ব্যাংক থাকবে এবং দুটি আঞ্চলিক রিজার্ভ ব্যাংক থাকবে।

৪. সর্বপ্রকার কর ও শুল্ক ধার্য ও আদায়ের ক্ষমতা থাকবে প্রাদেশিক সরকারের হাতে। আদায়কৃত অর্থের একটি নির্দিষ্ট অংশ ফেডারেল সরকার ব্যয় নির্বাহ করবে।

৫. বৈদেশিক মুদ্রা ও বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে প্রদেশগুলোর হাতে পূর্ণ নিয়ন্ত্রণ থাকবে। তবে আয় হতে একটি নির্দিষ্ট অংশ ফেডারেল সরকারের বৈদেশিক মুদ্রার চাহিদা মিটাতে দেয়া হবে।

৬. প্রদেশগুলো চাইলে তাদের আঞ্চলিক সংহতি ও জাতীয় নিরাপত্তা রক্ষার জন্য নিজস্ব মিলিশিয়া বা আধা সামরিক বাহিনী গঠন ও পরিচালনা করতে পারবে।

ছয়দফা দাবি কর্মসূচি বাঙ্গালী জাতির 'মুক্তির সনদ' বা 'ম্যাগনাকার্টা' হিসাবে পরিচিত। ১৯৬৬ সালের ৭ জুন বঙ্গবন্ধুসহ সকল রাজবন্দীর মুক্তি ও ছয় দফা দাবিতে পূর্ব পাকিস্থানে হরতাল পালিত হয়। এই দিন তেজগাঁও এলাকায় পুলিশের গুলিতে শ্রমিক নেতা মনু মিয়া নিহত হন। তিনি ছয় দফা আন্দোলনের প্রধম শহীদ। এ কারণে ৭ জুন কে ছয় দফা দিবস হিসাবে পালন করা হয়।

আগরতলা ষড়যন্ত্র মামলা ও উনসত্তরের গণঅভ্যুত্থান

পাকিস্থান রাষ্ট্রের জন্মের পর থেকেই পূর্ব পাকিস্থানের প্রতি পশ্চিম পাকিস্থানিদের বৈষম্য ক্রমেই বাড়ছিল। বঙ্গবন্ধু রাজনৈতিক কর্মকাণ্ড রুদ্ধ করার জন্য পশ্চিম পাকিস্থান সরকার বার বার তাকে গ্রেফতার করে জেলে পাঠিয়েছিল। তারপরও বঙ্গবন্ধুকে এ ভূখন্ড স্বাধীন করার প্রচেষ্টা থেকে বিরত রাখা যায়নি। বিভিন্ন সময় বঙ্গবন্ধুর সাথে নানা শোর বিশেষ করে সামরিক বাহিনীর তরুণ বাঙ্গালী সদস্যদের যোগাযোগ ছিল। ১৯৬২ সালে পাকিস্থান নৌবাহিনীর লেফটেন্যান্ট কমান্ডার মোয়াজ্জেম হোসেন একদল সেনা সদস্য নিয়ে বঙ্গবন্ধুর সাথে দেখা করেন। তাদের সাথে বঙ্গবন্ধুর সশস্ত্র আন্দোলন নিয়ে মতবিনিময় হয়। ১৯৬৩ সালে বঙ্গবন্ধু গোপনে ত্রিপুরা যান। সেখানে ত্রিপুরার রাজধানী আগরতলায় তৎকালীন কংগ্রেস নেতা ও পরবর্তীকালে ত্রিপুরার মূখ্যমন্ত্রী শচীন্দ্রলাল সিংহের সাথে তাঁর বৈঠক হয়। সেখানে তিনি শচীন্দ্রলাল এর মাধ্যমে ভারতের প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুকে বার্তা পাঠিয়ে সশস্ত্র আন্দোলনে সহযোগিতা কামনা করেন।এদিকে সামরিক বাহিনীতে বিদ্যমান বৈষ্যমের কারণে কয়েকজন বাঙ্গালী অফিসার ও সেনা সদস্য গোপনে সশস্ত্র বিপ্লবের জন্য সংগঠিত হতে থাকে। কিন্তু পাকিস্থান সরকারের গোয়েন্দা সংস্থার কাছে বিষয়টি প্রকাশ হয়ে পড়ে। সারা পাকিস্থানে দেড় হাজার বাঙ্গালীকে গ্রেফতার করা হয়।

এ ষড়যন্ত্রের জন্য বঙ্গবন্ধুকে প্রধান আসামি হিসেবে করে অভিযুক্ত করা হয়। তখন বঙ্গবন্ধু জেলে বন্দি ছিলেন। এ মামলাটি দায়ের করা হয় ১৯৬৮ সালের ১৮ জানুয়ারি। অভিযুক্তদের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের অভিযোগ ছিল বঙ্গবন্ধুর নেতৃত্বে ভারতের ত্রিপুরা রাজ্যের রাজধানী আগরতলায় ভারতীয় সরকারি কর্মকর্তাদের গোপন বৈঠক হয়। সেখানে ভারতের সহায়তায় সশস্ত্র আন্দোলনের মাধ্যমে পূর্ব পাকিস্থানকে স্বাধীন করার পরিকল্পনা করা হয়। এ জন্য মামলাটির নাম হয় 'আগরতলা ষড়যন্ত্র মামলা'। সরকারি নথিতে মামলার নাম হলো 'রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য'। ১৯৬৬ সালের ৯ই মে ৬ দফা আন্দোলনের কারণে জেলে বন্দী বঙ্গবন্ধু শেখ মুজিবুর

RAISUL ISLAM HRIDOY

রহমানকে ১৯৬৮ সালের ১৭ জানুয়ারি বেকসুর খালাস দেয়া হয় আবার ১৮ জানুয়ারি সামরিক আইনে জেলগেট থেকে আবার গ্রেফতার করে ঢকা ক্যান্টনমেন্টে নিয়ে যাওয়া হয়। এ মামলায় ৩৫ জন অভিযুক্ত ছিলেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে অন্য ৩৪ জন অভিযুক্তদের মধ্যে উল্লেখযোগ্য ৫ জনের নাম দেওয়া হল:

১. লে. কমান্ডার মোয়াজ্জেম হোসেন

২. স্টুয়ার্ড মুজিবুর রহমান

৩. ফ্লাইট সার্জেন্ট ফজলুল হক

৪. সার্জেন্ট জহুরুল হক

৫. ক্যাপ্টেন শওকত আলী

আগরতলা মামলার বিচার কার্য পরিচালনার জন্য বিশেষ ট্রাইব্যুনাল গঠন করা হয়। ১৯৬৮ সালের ১৯শে জুন বেলা ১১টায় মামলার শুনানি শুরু হয়। প্রখ্যাত আইনজীবী আব্দুস সালাম খানের নেতৃত্বে অভিযুক্তদের আইনজীবীদের নিয়ে একটি ডিফেন্স টিম গঠন করা হয়।অনদিকে যুক্তরাজ্যে প্রবাসী বাঙ্গালীরা বৃটেনের প্রখ্যাত আইনজীবী টমাস উইলিয়ামকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আইনজীবী হিসেবে প্রেরণ করে। পাকিস্থান সরকারের পক্ষে প্রধান কৌশলি ছিলেন সাবেক পররাষ্ট্রমন্ত্রী মঞ্জুরকাদের ও এডভোকেট জেনারেল টি এচই খান। ট্রাইব্যুনালের প্রধান বিচারপতি ছিলেন এস.এ রহমান। অপর দুই বিচারপতি ছিলেন এম আর খান ও এম হাকিম। বিচারকার্য চলার সময় পূর্বপাকিস্থানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুক্তি ও আগরতলা মামলা প্রত্যাহারের মামলা জোরদার হয়। আইয়ুব-মোনায়েম বিরোধী আন্দোলনে জনগণ যখন মুখর, তখন ১৯৬৯ সালের ৪ জানুয়ারি ‘ডাকসু’ কার্যালয়ে ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন (মতিয়া ও মেনন উভয় গ্রুপ) জাতীয় ছাত্র ফেডারেশনের একাংশ (দোলন গ্রুপ) সাংবাদিক সম্মেলন করে স্টুডেন্ট একশান কমিটি (SAC) গঠন করে এবং ১১ দফা কর্মসূচি ঘোষণা করে। ছাত্রদের ১১ দফা ঘোষিত হলে জনগণ ছাত্রসমাজের ডাকে স্বতঃস্ফূর্তভাবে সাড়া দেয় এবং সংগ্রামী ভূমিকায় অবতীর্ণ হয়। ছাত্রদের এই ঐক্যবদ্ধ আন্দোলনে উদ্বুদ্ধ হয়েই ৮টি রাজনৈতিক দল মিলে ১৯৬৯ সালের ৮ জানুয়ারি DAC (Democratic Action Committee) গঠন করে। দলগুলোর মধ্যে উল্লেখযোগ্য ছিল পাকিস্থান আওয়ামী লীগ, পাকিস্থান মুসলিম লীগ, নেজামে ইসলামিক পার্টি, ন্যাশনাল আওয়ামী পার্টি, ন্যাশনাল ডেমোক্রেটিক ফ্রন্ট ইত্যাদি। DAC ৮ দফা কর্মসূচি ঘোষণা করে। SAC এর ১১ দফা ও DAC এর ৮ দফার ভিত্তিতে আন্দোলন বেগবান হয়। SAC এর ১১ দফার মধ্যে ১ টি দফা ছিল ৬ দফা।

২০ জানুয়ারি ছিল ৬৯'র গণআন্দোলনের মাইলস্টোন। ঐদিন পুলিশের গুলিতে অন্যতম ছাত্রনেতা আসাদুজ্জামান নিহত হয়। ২৪ তারিখে নবকুমার ইনষ্টিটিউটের দশম শ্রেণির ছাত্র মতিউর এবং খুলনায় তিন জন নিহত হন। ২৪ জানুয়ারিকে বর্তমানে গণঅভ্যুত্থান দিবস হিসাবে পালন করা হয়। ১৫ ফেব্রুয়ারি আগরতলা ষড়যন্ত্র মামলার অন্যতম আসামি সার্জেন্ট জহুরুল হককে ক্যান্টনমেন্টের অভ্যন্তরে নির্মমভাবে হত্যা করা হয় এবং ১৮ই ফেব্রুয়ারি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. শামসুজ্জোহাকে পাকিস্থানের সেনারা বিশ্ববিদ্যালয়ের গেইটের সামনে শান্ত মাথায় কোন কারণ ছাড়াই নৃশংসভাবে বেয়নেট চার্জ করে হত্যা করে। অবশেষে আইয়ুব

RAISUL ISLAM HRIDOY

সরকার পূর্বপাকিস্থানের জনগণের কাছে নতি শিকার করে। আগরতলা মামলার প্রত্যাহার করে নেয়। বঙ্গবন্ধুসহ মামলার সকল অভিযুক্তদেরকে ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে মুক্তি দেওয়া হয়। বঙ্গবন্ধুর মুক্তি উপলক্ষে ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ রেসকোর্স ময়দানে একটি সংবর্ধনার আয়োজন করা হয়। সেই বিশাল জনসভায় ছাত্রনেতা তোফায়েল আহমেদ ছাত্র সংগ্রাম পরিষদের (SAC) পক্ষ থেকে শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন।

১৯৭০ সালের নির্বাচন

১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে ২৫ মার্চ আইয়ুব খান পদত্যাগ করলে তাঁর উত্তরসূরি জেনারেল ইয়াহিয়া খান পাকিস্থানের গণতন্ত্র ফিরিয়ে আনার আশ্বাস দেন। ইয়াহিয়া খান ক্ষমতায় এসে ১৯৭০ সালের ২৬ শে মার্চ এক বেতার ভাষণে পরবর্তী নির্বাচন ও নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা ছেড়ে দেওয়ার প্রতিশ্রুতি দেন। এরই ধারাবাহিকতায় ১৯৭০ সালের ১ জানুয়ারি থেকে সর্বপ্রকার বিধিনিষেধ প্রত্যাহার করে পুনরায় রাজনৈতিক তৎপরতার অনুমোদন দেওয়া হয়। পাশাপাশি ৫ই অক্টোবর জাতীয় পরিষদ ও ২২শে অক্টোবর প্রাদেশিক পরিষদের নির্বাচনে তারিখ ঘোষনা করা হলেও শেষ পর্যন্ত তা পিছিয়ে ৭ই ডিসেম্বর এবং ১৭ই ডিসেম্বর অনুষ্ঠিত হয়। তবে কিছু এলাকায় ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস হওয়ায় ওইসব এলাকাতে ১৯৭১ সালের ১৭ই জানুয়ারি নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে আওয়ামী লীগের দলীয় প্রতীক ছিল নৌকা এবং নির্বাচনী কর্মসূচি ছিল ৬ দফা। এই নির্বাচনে বঙ্গবন্ধু জাতীয় পরিষদের ১১১নং আসন (ঢাকা-৮) থেকে নির্বাচনে অংশগ্রহণ করে এবং জয়ী হন।

১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদে ১৬২টি আসনের মধ্যে ১৬০ আসন লাভ করে। যে দুটি আসন আওয়ামী লীগ জয়ী হতে হয়নি সেগুলো হল: পার্বত্য রাঙ্গামাটি (চট্টগ্রাম-১০) আসনে চাকমা রাজা ত্রিদিব রায় জয় লাভ করে। এটি ছিল পরিষদের ১৬২ নং আসন। অন্যটি হল ময়মনসিংহ ৮ আসন যাতে জয়লাভ করেন নুরুল ইসলাম। সংরক্ষিত মহিলা আসন সহ আওয়ামী লীগ মোট ১৬৯টি আসনের মধ্যে ১৬৭টি আসন লাভ করে একক সংখ্যা গরিষ্ঠতা অর্জন করে। আবার, পূর্ব পাকিস্থানের প্রাদেশিক পরিষদের ৩০০টি আসনের মধ্যে আওয়ামী লীগ পায় ২৮৮টি আসন। সংরক্ষিত নারী আসনের ১০টি সহ মোট ৩১০টি আসনের মধ্যে ২৯৮টি আসন পেয়ে নিরুঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। সে সময় জাতীয় পরিষদের সদস্যদের এমএনএ এবং

প্রাদেশিক পরিষদের সদস্যদের এমপিএ বলা হত। জাতীয় এবং প্রাদেশিক পরিষদে আওয়ামী লীগ নিরুঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করায় এ দলের নেতৃত্বে সরকার গঠিত হওয়া ছিল ন্যায় সঙ্গত। কিন্তু পাকিস্থানের সামরিক শাসক ইয়াহিয়া খান আওয়ামী লীগের হাতে ক্ষমতা দিতে গড়িমসি শুরু করে। তিনি ৩রা মার্চ অনুষ্ঠিতব্য জাতীয় পরিষদের অধিবেশন জুলফিকার আলী ভুট্টোর প্ররোচনায় ১লা মার্চ স্থগিত ঘোষণা করে। এ ঘোষণার সঙ্গে সঙ্গে পূর্ব পাকিস্থানের ছাত্র, শ্রমিক, সরকারি-বেসরকারি কর্মকর্তা-কর্মচারী তথা সাধারণ মানুষ বিক্ষোভে ফেটে পড়ে। ১লা মার্চ বঙ্গবন্ধুর নির্দেশে ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে নূরে আলম সিদ্দিকী ও শাহজাহান সিরাজ ডাকসুর সহসভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে আ.স.ম আব্দুর রব ও আব্দুল কুদ্দুস মাখন এ চার নেতা মিলে এক বৈঠকে 'স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ' গঠন করেন। এ চার ছাত্রনেতাকে বলা হত

RAISUL ISLAM HRIDOY

মুক্তিযুদ্ধের চার খলিফা। এ সংগঠনের উদ্যোগে ২রা মার্চ দেশব্যাপী ধর্মঘট আহ্বান করা হয় এবং ঐ দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক ছাত্র সমাবেশে বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়।

স্বাধীনতার ইশতেহার

একাত্তরের ৩রা মার্চ ছাত্র সংগ্রাম পরিষদ আহূত পল্টন ময়দানের সমাবেশে 'স্বাধীনতার ইশতেহার' পাঠ করা হয়। স্বাধীনতার ইশতেহার পাঠ করেন শাহজাহান সিরাজ। ১৯৭১ সালের ৩রা মার্চের স্বাধীনতার ইশতেহারে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের ঘোষনা দেওয়া হয় এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জাতির পিতা' ঘোষণা করা হয়।

অসহযোগ আন্দোলন

বঙ্গবন্ধু একাত্তরের ৩রা মার্চ অসহযোগ আন্দোলনের ডাক দেন এবং ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের পর তা আর বেগবান হয়। বঙ্গবন্ধু ঘোষিত অসহযোগ আন্দোলনের কর্মসূচি সমূহ ছিল:

- কর প্রদান বন্ধ
- সকল অফিস আদালত হরতাল পালন করবে
- সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে
- বেতার টিভি আওয়ামী লীগের সংবাদ প্রচার করবে
- পরিবহণ চালু থাকবে
- ব্যাংক ২টা পর্যন্ত খোলা থাকবে
- প্রত্যেক ভবনে পতাকা উড়বে
- ব্যাংকসমূহ পশ্চিম পাকিস্থানে অর্থ প্রেরণ করবে না

আন্দোলন চাঙ্গা হয়ে উঠলে ইয়াহিয়া খান বাধ্য হয়ে ৬ই মার্চ ঘোষণা করেন যে, '২৫ মার্চ জাতীয় পরিষদের অধিবেশন বসবে এবং তার পূর্বে ১০ মার্চ ঢাকায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ অন্যান্য ১২ জন নেতার এক ঘরোয়া বৈঠক অনুষ্ঠিত হবে' কিন্তু বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ ঘোষনার মধ্যে ষড়যন্ত্রের আভাস লক্ষ্য করে দৃঢ় কণ্ঠে বলেন যে, 'বাঙ্গালীর তাজা রক্ত মাড়িয়ে আমি কোন সম্মেলনে বসতে পারিনা।'

৭ মার্চের ঐতিহাসিক ভাষণ

১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে) এক বিশাল জনসভায় ভাষণ দেন। রেসকোর্সের বিশাল জনসমুদ্রে বঙ্গবন্ধু ঘোষনা করেন, 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। তিনি আরও বলে, 'রক্ত যখন দিয়েছি রক্ত আরো দবি, এই দেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাআল্লাহ।' বঙ্গবন্ধুর ৭ মার্সের বিষয়বস্তু ছিল ৪টি। যথা:

RAISUL ISLAM HRIDOY

১. চলমান সামরিক আইন প্রত্যাহার

২. সৈন্যদের ব্যারাকে ফিরিয়ে নিয়ে যাওয়া

৩. গণহত্যার তদন্ত করা

৪. নির্বাচিত প্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর করা

পাকিস্তানী শাসকদের কতিপয় দম্ভোক্তি

১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় জেনারেল ইয়াহিয়া খান বলেছিলেন, "এদেশের মানুষ চাইনা, মাটি চাই।" মুক্তিযুদ্ধের শুরুতে বঙ্গবন্ধু সম্পর্কে টিক্কা খান দম্ভোক্তি করে বলেছিল, "লোকটি এবং তার দল পাকিস্থানের শত্রু, এবার তারা শাস্তি এড়াতে পারবেনা।"

বাংলাদেশের মুক্তিযুদ্ধ

মুক্তিযুদ্ধের প্রথম সশস্ত্র প্রতিরোধ

বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের পর বাঙ্গালীদের আন্দোলন দুর্বল করতে জয়দেবপুরের দ্বিতীয় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বাঙ্গালী সৈন্যদের কৌশলে নিরস্ত্র করার লক্ষ্যে তাদের অস্ত্র জমা দেওয়ার নির্দেশ দেয়। কিন্তু মুক্তিকামী বাঙ্গালী সৈন্য এবং স্থানীয় জনতা তাদের মতলব বুঝতে পেরে অস্ত্র জমা না দিয়ে চাঁন্দনা মোড় থেকে জয়দেবপুর পর্যন্ত সড়ক অবরোধ করে। ১৯৭১ সালের ১৯ মার্চ পাকিস্থানি হানাদার বাহিনীর বিরুদ্ধে এভাবেই সর্বপ্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলে জয়দেবপুর তথা গাজীপুরের বীর জনতা।

- ১৫ ফেব্রয়ারি ১৯৪৮ সালে মেজর আবদুল গণি এ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট প্রতিষ্ঠা করেন।
- ২৫ মার্চের গণহত্যা ও মুক্তিযুদ্ধের সূচনা – অপারেশন সার্চ লাইট
- পাকিস্থানি সৈন্যরা ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে তৎকালীন পূর্ব পাকিস্থানে যে গণহত্যামূলক অভিযান চালিয়েছিল তার নাম দিয়েছিল 'অপারেশ সার্চ লাইট'।

RAISUL ISLAM HRIDOY

অপারেশন বিগ বার্ড

অপারেশন ব্লিজ ও অপারেশ সার্চ লাইটের কোথাও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাম সরাসরি ছিলোনা। তবে পাক সেনাদের এসব অপারেনে 'বিগ বার্ড, নামে বঙ্গবন্ধুর একটি কোড নাম ছিল।বঙ্গবন্ধুকে গ্রেপ্তার করে পাকিস্থানের হাতে বন্দী করার প্রক্রিয়ার নামই ছিল অপারেশন বিগ বার্ড।

স্বাধীনতার ঘোষণা

বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণে বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তির জন্য যুদ্ধ প্রস্তুতির ঘোষণা দিয়েছিলেন। পৃথিবীতে দুটি দেশে স্বাধীনতার ঘোষণা দেওয়া হয়েছিল – একটি বাংলাদেশ এবং অন্যটি মার্কিন যুক্তরাষ্ট্র।

২৫ মার্চ, ১৯৭১ রোজ বৃহস্পতিবার দিবাগত রাত দেড়টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ধানমন্ডির ৩২ নং বাসা থেকে গ্রেফতার করা হয়। ওইদিন দিনের বেলা যে কোন জরুরি ঘোষণা প্রচারের উপলক্ষে তিনি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কয়েকজন প্রকৌশলী নিয়ে ধানমন্ডির ৩২ নং বাসভবনে একটি ট্রান্সমিটার স্থাপন করেন বলে আওয়ামী লীগ সূত্রে উল্লেখ আছে। বন্দি হবার পূর্বে মধ্যরাতে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে তিনি বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন এবং এ ঘোষণা ওয়ারলেস যোগে চট্টগ্রামে প্রেরণ করেন। পরের দিন বিবিসির প্রভাতী অধিবেশনে বঙ্গবন্ধুর ঘোষণাটি প্রচারিত হয়। ১৯৭১ সালের ২৬ মার্চকে স্বাধীনতা দিকস বা জাতীয় দিবস হিসেবে ঘোষনা করা হয়। ১৯৭১ সালে ২৬ মাচের দুপুরে তৎকালীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল হান্নান বঙ্গবন্ধুর পক্ষে কালুরঘাট বেতার কেন্দ্র থেকে স্বাধীনতার ঘোষণাপত্রটি প্রচার করেন। ২৭ মার্চ, ১৯৭১ কালুরঘাট বেতার কেন্দ্র থেকে মেজর জিয়াউর রহমান নিজে এবং পরে বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন। অধ্যাপক ইউসুফ আলী ১৭ এপ্রিল ১৯৭১ সালে মেহেরপুরের মুজিবনগরে (বৈদ্যনাথতলা) স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন।

১৯৭১ সালে ২৬ মার্চ ১.৩০ মিনিটে বঙ্গবন্ধুকে গ্রেফতার করে জিপে তুলে ক্যান্টনমেন্টে নিয়ে যাওয়া হয়। ওই রাতে বঙ্গবন্ধুকে রাখা হয় ক্যান্টনমেন্টে আদমজী স্কুলে। ২৬ মার্চ দিনের বেলায় তাকে ফ্লাগ হাউজে নেওয়া হয়। তিনদির পর বিমানযোগে তাকে পাকিস্থান নিয়ে যাওয়া হয়।

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র

১৯৭১ সালের ২৫ শে মার্চ মধ্যরাতে দেশের সকল রেডিও স্টেশন পাকিস্থানি সৈন্যদের নিয়ন্ত্রনে চলে যায়। চট্টগ্রামের কতিপয় আওয়ামী লীগ নেতার উদ্যোগে চট্টগ্রামের কালুরঘাটে প্রেরণ করা হয় এবং কালুরঘাট কেন্দ্রিক বেতার কেন্দ্র গড়ে তোলা হয় এবং নাম দেওয়া হয় 'স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র'। ১৯৭১ সালের ২৮শে এপ্রিল মেজর জিয়ার অনুরোধে 'স্বাধীন বাংলা বিপ্লবী বেতার কেন্দ্র' থেকে বিপ্লবী শব্দটি বাদ দিয়ে নামকরণ করা হয় 'স্বাধীন বাংলা বেতার কেন্দ্র'। ১৯৭১ সালের ৩০ শে মার্চ হানাদার বিমান বাহিনীর বোমা বর্ষণের ফলে বেতার

RAISUL ISLAM HRIDOY

কেন্দ্রটি ধ্বংস হয়ে যায়। একই বছর ২৫শে মে কলকাতর বালিগঞ্জে বেতার কেন্দ্রটি ২য় পর্যায়ের সম্প্রচার শুরু হয়।

স্বাধীন বাংলা বেতারের অতন্ত্য জনপ্রিয় দুইটি অনুষ্ঠান ছিলো 'চরমপত্র' ও 'জল্লাদের দরবার'। 'জল্লাদের দরবার' জেনারেল ইয়াহিয়া খানের অমানবিক চরিত্র ও পাশবিক আচরণকে 'কেল্লা ফতেহ খান' চরিত্রের মাধ্যমে চিত্রিত করা হয়েছে। চরমপত্র সিরিজটির পরিকল্পনা করেন জাতীয় পরিষদ সদস্য আব্দুল মান্নান এবং ঢাকাইয়া ভাষায় এর স্ক্রিপ্ট লেখা হত ও তাঁর উপস্থাপনা করেন এম আর আকতার মুকুল।

মুজিবনগর সরকারের গঠন ও কার্যাবলি

মুজিবনগর সরকার:

মুক্তিযুদ্ধের গতিময় ও সুসংহত করার জন্য, ভারতে আশ্রয়গ্রহণকারী লক্ষ লক্ষ বাঙ্গালীর দেখাশুনা এবং বাঙ্গালী জাতির ভাবমূর্তিকে তুলে ধরার জন্য 'প্রবাসী সরকার' গঠনের চিন্তা ভাবনা শুরু হয়। ১৯৭১ সালের ১০ এপ্রিল ঘোষিত হয় 'বাংলাদেশের স্বাধীনতার ঘোষণার আদেশ'। অবশেষে ১৯৭১ সালের ১০ এপ্রিলের ঘোষণা অনুযায়ী স্বাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রবাসী সরকার গঠন করা হয়। এ সরকারের প্রধান ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

তার নাম অনুসারে বৈদ্যনাথ তলার নতুন নাম হয় 'মুজিবনগর' আর অস্থায়ী সরকার পরিচিত হয় 'মুজিব নগর সরকার' নামে।এ সরকার 'প্রবাসী সরকার' ও 'অস্থায়ী বিপ্লবী সরকার' নামে পরিচিত। বালাদেশের প্রথম অস্থায়ী রাজধানী করা হয় মুজিবনগরকে, আর অস্থায়ী সচিবালয় স্থাপিত হয় কলকাতার ৮নং থিয়েটার রোডে।

মুজিবনগর সরকারের নেতৃবৃন্দ

ব্যক্তির নাম	পদবি ও দায়িত্ব
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	রাষ্ট্রপতি
সৈয়দ নজরুল ইসলাম	উপ- রাষ্ট্রপতি (অস্থায়ী রাষ্ট্রপতি)
তাজউদ্দিন আহমেদ	প্রধানমন্ত্রী/প্রতিরক্ষামন্ত্রী

RAISUL ISLAM HRIDOY

এম মনসুর আলী	অর্থমন্ত্রী
এ. এইচ.এম. কামরুজ্জামান	স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসনমন্ত্রী
খন্দকার মোস্তাক আহমদ	পররাষ্ট্র ও আইনমন্ত্রী
কর্নেল আতাউল গণি ওসমানী	প্রধান সেনাপতি
গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার	উপসেনাপ্রধান ও বিমান বাহিনীর প্রধান

মেহেরপুর ছিল তখন হানাদারমুক্ত ও মুক্তিযোদ্ধাদের দখলে। মেহেরপুরের ভবের পাড়া গ্রামের বৈদ্যনাথ তলার আম্রকাননে বহু দেশি-বিদেশি সাংবাদিক, মুক্তিযোদ্ধা এবং আইন সভার সদস্যদের উপস্থিতিতে ১৯৭১ সালের ১৭ই এপ্রিল 'মুজিব নগর সরকার' শপথ পাঠ করেন।স্বাধীনতার ঘোষনাপত্র পাঠ করেন আইনসভার সদস্য ও আওয়ামীলীগের প্রখ্যাত নেতা অধ্যাপক ইউসুফ আলী। এই স্বাধীনতার ঘোষনা পত্র কার্যকর হয় ১৯৭১ সালে ২৬ শে মার্চ থেকে। তিনি মন্ত্রীপরিষদের শপথ বাক্যও পাঠ করান।

সর্বদলীয় উপদেষ্টা কমিটি

প্রবাসী সরকারের উপদেশ ও পরামর্শ প্রদানের জন্য ন্যাশনাল আওয়ামী পার্টির (ভাসানী) মাওলানা আব্দুল হামিদ ভাসানী, ন্যাশনাল আওয়ামী পার্টির (মোজাফফর) অধ্যাপক মোঃ মোজাফফর আহমেদ, কমিউনিস্ট পার্টির কমরেড মনি সিং, কংগ্রেসের শ্রী মনোরঞ্জন এবং আওয়ামী লীগের ৫ জনপ্রতিনিধি নিয়ে সর্বমোট ৯ সদস্য বিশিষ্ট একটি 'উপদেষ্টা পরিষদ' গঠিত হয়। এই উপদেষ্টা কমিটির প্রধান ছিলেন মাওলানা আব্দুল হামিদ ভাসানী।

লন্ডন, নিউইয়র্ক, স্টকহোম ও কলকাতায় মিশন খোলা হয়।এ দূতাবাসগুলো বাংলাদেশের পক্ষে বর্হিবিশ্বে বিশেষ দূত ছিলেন অধ্যাপক আবু সাইদ চৌধুরী।

মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিশোধ

নাম	পরিচিতি
মাওলানা আব্দুল হামিদ ভাসানী	সভাপতি-ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ-ভাসানী)

RAISUL ISLAM HRIDOY

কমরেড মনি সিংহ	সভাপতি-বাংলাদেশ কমিউনিস্ট পার্টি
অধ্যাপক মোঃ মোজাফফর আহমেদ	সভাপতি-ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ-মোজাফফর)
শ্রী মনোরঞ্জন ধর	সভাপতি-বাংলাদেশ জাতীয় কংগ্রেস
তাজউদ্দিন আহমেদ	প্রধানমন্ত্রী – বাংলাদেশ সরকার
খন্দকার মোস্তাক আহমদ	পররাষ্ট্র – বাংলাদেশ সরকার

মুক্তিযুদ্ধের রণকৌশল

তেলিয়াপাড়া রণকৌশল: ১৯৭১ সালের ৪ এপ্রিল সিলেটের তেলিয়াপাড়ায় পাকিস্থান সেনাবাহিনী, ইস্ট পাকিস্থান রাইফেলস, আনসার ও পুলিশ বাহিনীর উচ্চপদস্থ বাঙ্গালী সদস্যরা এক বৈঠকে মিলিত হয়ে পাকিস্থানী হানাদার বাহিনীর বিরুদ্ধে এক সম্মিলিত আক্রমণের পরিকল্পনা করেন। এ সভাতেই মুক্তিযুদ্ধের অংশগ্রহণকারী বাহিনী সম্পর্কিত সাংগঠনিক ধারণা এবং কমান্ড কাঠামোর রূপরেখা প্রণীত হয়।

মুক্তিযুদ্ধের সামরিক প্রশাসনঃ

মুক্তিবাহিনী সরকারী পর্যায়ে দুইভাগে বিভক্ত ছিল। যথা-নিয়মিত বাহিনী ও অনিয়মিত বাহিনী।

নিয়মিত বাহিনী

সেক্টর ট্রুপস: প্রধান তাজউদ্দিন আহমেদের নির্দেশে সশস্ত্র বাহিনীর প্রধান জেনারেল এম এ জি ওসমানী সুষ্ঠভাবে মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য সমগ্র যুদ্ধ ক্ষেএকে ১১টি সেক্টরে এবং ৬৪টি সাব-সেক্টরে ভাগ করেন।প্রতিটি সেক্টরের দায়িত্ব একজন কমান্ডারের উপর ন্যস্ত করা হয়।

বিগ্রেড ফোর্স: ১১টি সেক্টর ও অনেকগুলো সাবসেক্টর ছাড়াও রণাঙ্গনকে তিনটি বিগ্রেড ফোর্সে বিভক্ত করা হয়। ফোর্সের নামকরণ করা হয় অধিনায়কদের নামের আদ্যক্ষর দিয়ে।

- ⌘ জেড ফোর্স : মেজর জিয়াউর রহমান
- ⌘ এস ফোর্স : মেজরকে এম শফিউল্লাহ
- ⌘ কে ফোর্স : মেজর খালেদ মোশারফ

RAISUL ISLAM HRIDOY

অনিয়মিত বাহিনী

এ বাহিনীতে ছিল ছাত্র ও যুবকেরা। গেরিলা পদ্ধতিতে যুদ্ধ করার জন্য এদেরকে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। এদেরকে ফ্রিডম ফাইটারর্স (এফ.এফ) বলা হয়, আর সরকারি নাম ছিল অনিয়মিত বাহিনী বা গণবাহিনী।

মুক্তিযুদ্ধের সেক্টর এলাকা

সেক্টর	এলাকা
১	চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং ফেনী নদী পর্যন্ত
২	নোয়াখালী এবং কুমিল্লা, ঢাকা ও ফরিদপুর জেলার অংশ বিশেষ
৩	হবিগঞ্জ, কিশোরগঞ্জ এবং কুমিল্লা ও ঢাকা জেলার অংশ বিশেষ
৪	সিলেট জেলার অংশ বিশেষ
৫	জেলার অংশবিশেষ এবং বৃহত্তর ময়মনসিংহের সীমান্তবর্তী অঞ্চল
৬	রংপুর ও দিনাজপুরের ঠাকুরগাঁও মহাকুমা
৭	রাজশাহী, পাবনা, বগুড়া জেলা এবং ঠাকুরগাঁও ছাড়া দিনাজপুরের অবশিষ্ঠ অংশ
৮	কুষ্টিয়া, মেহেরপুর, যশোর এবং ফরিদপুর ও খুলনার অংশ বিশেষ
৯	খুলনা ও ফরিদপুর জেলার অংশ বিশেষ এবং বৃহত্তর বরিশাল ও পটুয়াখালী জেলা
১০	এ সেক্টরের অধীনে ছিল নৌ কমান্ডোরা। সমুদ্র উপকূলীয় অঞ্চল এবং অভ্যন্তরীন নৌপথ ছিল এই সেক্টরের অধীনে
১১	কিশোরগঞ্জ জেলা ব্যতিত ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা

RAISUL ISLAM HRIDOY

অপারেশন জ্যাকপট

১৯৭১ সালের ১৫ আগস্ট পরিচালিত নৌ কমান্ডো বাহিনীর প্রথম অভিযান **'অপারেশন জ্যাকপট'** । পাকিস্থান হানাদার বাহিনী বাংলাদেশে নৌপথে সৈন্য ও অন্যান্য সরঞ্জাম নৌ পথে আনা নেওয়া করতো। এ জন্য এই ১৫ আগস্ট রাতে নৌ-কমান্ডোরা একযোগে মংলা, চট্টগ্রাম, চাঁদপুর, নোয়াখালী, নারায়নগঞ্জ আক্রমণ করে এবং নৌ-কমান্ডোরা প্রায় ১২৬টি জাহাজ, কোস্টার, ফেরি নষ্ট করে বা ডুবিয়ে দেয়.অক্টোবর ও নবেম্বর মাসেও এরকম কয়েকটি অপারেশ চালিয়ে পাকিস্থানের সমুদ্রগামী ও উপকূলীয় জাহাজ বন্দরে ডুবিয়ে দেওয়া হয়।

মুক্তিফৌজ: ১৯৭১ সালের ৪ এপ্রিল মুক্তিফৌ গঠন করা হয়। ৯ এপ্রিল ১৯৭১ সালে নামকরণ করা হয় মুক্তিবাহিনী।

সেক্টর কমান্ডাররদের পরিচয়

সেক্টর	**সেক্টর কমান্ডারদের**
১	মেজর জিয়াউর রহমান (এপ্রিল-জুন) মেজর রফিকুল ইসলাম (জুন-ডিসেম্বর)
২	মেজর খালেদ মোশারফ (এপ্রিল- সেপ্টেম্বর) মেজর এটি এম হায়দার (সেপ্টেম্বর-ডিসেম্বর)
৩	মেজর কে এম শফিউল্লাহ(এপ্রিল-সেপেম্বর) মেজর নুরুজ্জামান (সেপ্টেম্বর-ডিসেম্বর)
৪	মেজর সি আর দত্ত, ক্যাপ্টেন এ রব
৫	মেজর মীর শওকত আলী
৬	উইং কমান্ডার এম কে বাশার
৭	মেজর নাজমুল হক, জের এ রব, মেজর কাজী নুরুজ্জামান
৮	মেজর আবু ওসমান চৌধুরী (এপ্রিল-অক্টোবর)

RAISUL ISLAM HRIDOY

	মেজর আবুল মনছুর (আগস্ট-ডিসেম্বর)
৯	মেজর আবদুল জলিল এম এ মঞ্জুর (অতিরিক্ত দায়িত্ব)
১০	মুক্তিবাহিনীর ট্রেনিংপ্রাপ্ত নৌ কমান্ডারগণ যখন সেক্টরে কাজ করেছেন তখন সেসব কমান্ডারগণের নির্দেশ মোতাবেক কাজ করেছেন। নৌবাহিনীর ৮ জন বাঙ্গালী কর্মকর্তা সেক্টর পরিচালনার দায়িত্বে নিয়োজিত ছিলেন। বীরশ্রেষ্ঠ রুহুল আমীন ছিলেন ১০নং সেক্টরের একজন কর্মকর্তা।
১১	মেজর আবু তাহের (এপ্রিল-নভেম্বর) ফ্লাইট লেঃ এম হামিদুল্লাহ (নভেম্বর-ডিসেম্বর)

মুক্তিযুদ্ধে সম্মানসূচক খেতাব

স্বাধীনতা যুদ্ধকালে বা পরবর্তী সময়ে বিভিন্ন ইউনিট, সেক্টর, বিগ্রেড থেকে পাওয়া খেতাবের জন্য সুপারিশসহ এয়ার মার্শাল এ.কে খন্দকারের নেতৃত্বে একটি কমিটি দ্বারা নিরীক্ষা করা হয়। এরপর ১৯৭৩ সালের ১৪ ডিসেম্বর প্রতিরক্ষামন্ত্রী হিসেবে প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিব খেতাব তালিকায় স্বাক্ষর করেন।১৯৭৩ সালের ১৫ ডিসেম্বরের পূর্বে নির্বাচিতসকল মুক্তিযোদ্ধাদের নামসহ মোট ৬৭৬ জন মুক্তিযোদ্ধাকে নিম্নোক্ত খেতাব প্রদান করা হয়:

- বীরশ্রেষ্ঠ – ৭ জন
- বীর উত্তম -৬৮ জন
- বীর বিক্রম – ১৭৫ জন
- বীর প্রতীক – ৪২৬ জন

১৯৯২ সালের ১৫ ডিসেম্বর জাতীয়ভাবে বীরত্বসূচক খেতাব প্রাপ্তদের পদক ও রিবন প্রদান করা হয়। ২০০১ সালের ৭ মার্চ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের আর্থিক পুরস্কার এবং সনদপত্র প্রদানকরা হয়।

বাহিনীভিত্তিক খেতাবপ্রাপ্তদের সংখ্যা:

- সেনাবাহিনী -২৮৮ জন
- নৌবাহিনী – ২৪ জন
- বিমান বাহিনী – ২১ জন
- বাংলাদেশ রাইফেলস – ১৪৯ জন
- পুলিশ – ৫ জন
- মুজাহিদ/আনসার – ১০ জন

RAISUL ISLAM HRIDOY

◎ গণবাহিনী – ১৭৫ জন

- ⌘ খেতাবপ্রাপ্তদের মধ্যে রয়েছে দুইজন মহিলা। পাঁচজন অবাঙালিও বীরত্বসূচক খেতাব পান যাদের মধ্যে একজন বিদেশি।
- ⌘ বীরশ্রেষ্ঠদের মধ্যে ৩ জন সেনাবাহিনীর, ১ জন নৌবাহিনীর, ১ জন বিমানবাহিনীর এবং ২ জন ইপিয়ারের।
- ⌘ মুক্তিযুদ্ধে একমাত্র আদীবাসী বীর বিক্রম ইউ কে চিং মারমা।
- ⌘ বীর প্রতীক খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশী মুক্তিযোদ্ধ ডব্লিউ এস ওয়ান্ডারল্যান্ড। তিনি ১৯১৭ সালে নেদারল্যান্ডে জন্মগ্রহণ করেন। কিন্তু তিনি ছিলেন অস্ট্রেলিয়ার নাগরিক। ২০০১ সালে তিনি মারা যান।
- ⌘ স্বাধীনতা যুদ্ধে 'বীর প্রতীক' খেতাবপ্রাপ্ত দুইজন মহিলা হলেন 'তারামন বিবি' (১১ নং সেক্টর) ও 'ক্যাপ্টেন ডা. সেতারা বেগম' (২নং সেক্টর)।
- ⌘ মুক্তিযুদ্ধে বীরাঙ্গনা ও গুপ্তচর-কাকন বিবি (খাসিয়া সম্প্রদায়ে জন্ম)। আসল নাম কাকন হেনইজঞ্জিতা। স্বাধীনতার আগে তিনি এক মুসলমানকে বিয়ে করে ইসলাম গ্রহণ করেণ। নাম হয় কাকন ওরফে নূরজাহান। স্বামী মজিদ আলী ছিলেন ইপিআর সৈনিক। সিলেটের কাকন বিবি 'মুক্তিবেটি' নামে পরিচিত।১৯৯৬ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁকে বীর প্রতীক উপাধীতে ঘোষিত করলেও আজও তা গেজেট আকারে প্রকাশিত হয়নি।
- ⌘ সর্বকনিষ্ট খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা – শহীদুল ইসলাম লালু (বীর প্রতীক)।
- ⌘ উল্লেখ্য যে, সর্বশেষ খেতাবপ্রাপ্ত বীর উত্তম ব্রিগেডিয়ার জেনারেল জামিল আহমেদ (কর্ণেল জামিল নামেই পরিচিত)। তিনি ১৯৭৫ সালের ১৫ আগস্ট বাংলাদেশের তৎকালীন রাষ্ট্রপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেহরক্ষী হিসেবে কর্তব্যরত অবস্থা নিহত হন। তাই তাকে ২০১০ সালে মরণোত্তর বীরউত্তম খেতাবে ঘোষিত করা হয়।তাই মক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত বীর উত্তম ৬৮ জন। কিন্ত মোট খেতাবপ্রাপ্ত বীর উত্তম ৬৯ জন।
- ⌘ এছাড়াও পার্বত্য চট্টগ্রামে বিচ্ছিন্নবাদীদের বিরুদ্ধে লড়াইয়ে বীরত্বপূর্ণ ভূমিকার জন্য লেফটেনেন্ট জেনারেল চৌধুরী হাসান সোহরাওয়ার্দী ও ব্রিগেডিয়ার জেনারেল মোজাফফর আহমেদ কে বীর বীক্রম খেতাব দেওয়া হয়।তাই মুক্তিযুদ্ধে ১৭৫ জন বীর বীক্রম খেতাব পেলেও মোট বীর বীক্রম খেতাবপ্রাপ্ত ১৭৭ জন।

বীরাঙ্গনা মুক্তিযোদ্ধা

২০১৯ সালের আগস্ট পর্যন্ত ৩২২ জন বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধাকে স্বীকৃতি প্রদান করা হয়েছে।

মুক্তিযুদ্ধে বিদেশীদের অবদান

বাংলাদেশ স্বাধীনতা সম্মাননা পান ১জন। বাংলাদেশ স্বাধীনতা সম্মাননা দেওয়া হয় ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে। বাংলাদেশ মুক্তিযুদ্ধ সম্মাননা পান ১৫ জন। মুক্তিযুদ্ধ মৈত্রী সম্মাননা পায় ৩১২ জন ও ১০টি সংগঠন।

মুক্তিযুদ্ধে নিহত বিদেশী নাগরিক হলেন ইতালির মারিও ভেরেনজি। তিনি ১৯৭১ সালের ৪ এপ্রিল মারা যান।

সাতজন বীরশ্রেষ্ঠ পরিচিতি

১. বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সী আবদুর রউফ

- জন্ম: ১৯৪৩ সালে ফরিদপুর জেলাতে।
- কর্মস্থল : ই.পি. আর (আস্ট পাকিস্থান রাইফেল)
- পদবী : ল্যান্স নায়েক
- সেক্টর : ১ নং সেক্টরে যুদ্ধ করেন।
- মৃত্যু: ৭ এপ্রিল, ১৯৭১ [সূত্র: বাংলাপিডিয়া]
- ৮ এপ্রিল, ১৯৭১ [সূত্র: বাংলাএকাডেমি চরিতাভিধান]
- ২০ এপ্রিল, ১৯৭১ [সূত্র: মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়]
- সমাধি স্থল: রাঙ্গামাটি জেলার নানিয়া চর

২. বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামাল

- জন্ম: ১৯৪৯ সালে ভোলা জেলাতে।[সূত্র: মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়]
- ১৯৪৭ সালে ভোলা জেলাতে।[সূত্র: বাংলাপিডিয়া]
- কর্মস্থল : সেনাবাহিনী
- পদবী : সিপাহী
- সেক্টর : ২ নং সেক্টরে যুদ্ধ করেন।
- মৃত্যু: ১৭ এপ্রিল, ১৯৭১ [সূত্র: বাংলাপিডিয়া]
- ১৮ এপ্রিল, ১৯৭১ [সূত্র: মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়]
- সমাধি স্থল: ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়ার মোগরা গ্রামে।

৩. বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান

- জন্ম: ১৯৪৯ সালে ঢাকা জেলাতে।
- কর্মস্থল : বিমানবাহিনী
- পদবী : লেফটেন্যান্ট
- মুক্তিযুদ্ধের সময় তিনি পাকিস্থানে কর্মরত ছিলেন। পাকিস্থান বিমান বাহিনীর একটি টি-৩৩ প্রশিক্ষন বিমান (ছদ্মনাম-'ব্লু বার্ড') ছিনতাই করে নিয়ে দেশে ফেরার পথে তার সহযোগী পশ্চিম পাকিস্থানী পাইলট রাশেদ মিনহাজের সাথে ধস্তাধস্তির একপর্যায়ে বিমানটি বিধ্বস্ত হয় এবং তিনি নিহত হন)
- মৃত্যু: ২০ আগস্ট, ১৯৭১

RAISUL ISLAM HRIDOY

- সমাধি স্থল: পাকিস্থানের করাচির মৌরিপুর মাশরুর ঘাটিতে ছিল তাঁর সমাধিস্থল। ২০০৬ সাওলের ২৩ জুন বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমানের দেহাবশেষ পাকিস্থান হতে বাংলাদেশে ফিরিয়ে আনা হয়। তাঁকে পূর্ণ মর্যাদায় ২৫ জুন মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে পুনরায় দাফন করা হয়।

৪. বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ

- জন্ম: ১৯৩৬ সালে নড়াইল জেলাতে।
- কর্মস্থল : ই.পি. আর (আস্ট পাকিস্থান রাইফেল)
- পদবী : ল্যান্স নায়েক
- সেক্টর : ৮ নং সেক্টরে যুদ্ধ করেন।
- মৃত্যু: ৫ সেপ্টেম্বর, ১৯৭১
- সমাধি স্থল: যশোরের শর্শা উপজেলার কাশিপুর গ্রামে।

৫. বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমান

- জন্ম: ১৯৫৩ সালে ঝিনাইদহের মহেশপুর উপজেলার খালিশপুরে।
- কর্মস্থল : সেনাবাহিনী
- পদবী : সিপাহী
- সেক্টর : ৪ নং সেক্টরে যুদ্ধ করেন।
- মৃত্যু: ২৮ অক্টোবর, ১৯৭১ । তিনি হলেন সর্বকনিষ্ট বীরশ্রেষ্ট মুক্তিযোদ্ধা।
- সমাধি স্থল: প্রথমে সমাধি ছিলো ভারতের ত্রিপুরা রাজ্যের হাতিমেরছড়া গ্রামে।
- পরবর্তীতে ২০০৭ সালের ১০ ডিসেম্বর বাংলাদেশ রাইফেলন এর একটি দল ত্রিপুরা সীমান্তে হামিদুর রহমানের দেহাবশেষ গ্রহণ করেন।
- ১১ ডিসেম্বর তাঁকে পূর্ণ মর্যাদায় মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে পুনরায় দাফন করা হয়।

৬. বীরশ্রেষ্ঠ স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার রুহুল আমিন

- জন্ম: ১৯৩৫ সালে নোয়াখালী জেলাতে।
- কর্মস্থল : নৌবাহিনী
- পদবী : স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার।
- সেক্টর : ২নং এবং ১০ নং সেক্টরে যুদ্ধ করেন।
- মৃত্যু: ১০ ডিসেম্বর, ১৯৭১ [সূত্র: মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়]
- ৬ ডিসেম্বর, ১৯৭১ [সূত্র: বাংলাপিডিয়া]
- সমাধি স্থল: খুলনার রূপসা উপজেলার বাগমারা গ্রামে রূপসা নদীর তীরে।

৭. বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর

RAISUL ISLAM HRIDOY

- জন্ম: বরিশাল জেলাতে ১৯৪৯ [সূত্র: মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়]
- ১৯৪৮ [সূত্র: বাংলাপিডিয়া]
- কর্মস্থল : নৌবাহিনী
- পদবী : স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার।
- সেক্টর : ৭নং সেক্টরে যুদ্ধ করেন।
- মৃত্যু: ১৪ ডিসেম্বর, ১৯৭১। বীরশ্রেষ্টদের মধ্যে সর্বশেষ শহীদ হন।
- সমাধি স্থল: চাঁপাইনবাবগঞ্জের সোনা মসজিদ প্রাঙ্গনে।

মুক্তিবাহিনীর ক্রেন গেরিলা দলের সদস্য

শহীদ শাফি ইমাম রুমী ছিলেন জাহানারা ইমামের একমাত্র সন্তান। মুক্তিযুদ্ধের সময় তিনি ঢাকায় কয়েকটি গেরিলা অপারেশনে অংশগ্রহণ করেন। পরবর্তীতে পাকিস্থানিদের হাতে ধরা পড়েন এবং নিখোঁজ হন। জাহানারা ইমামকে তাঁর পুত্রের মহান আত্মত্যাগের জন্য 'শহীদ জননী' বলা হয়।

বুদ্ধিজীবী হত্যা

মুক্তিযুদ্ধে বিজয়ের ঠিক পূর্ব মুহুর্তে বাংলাদেশের স্বাধীনতা অনিবার্য হয়ে পড়লে পাকিস্থানি হানাদার ও তাদের মিত্র আলবদর ১৪ ডিসেম্বর, ১৯৭১ বাঙ্গালীর তৎকালীন শ্রেষ্ঠ সন্তান তথা বুদ্ধিজীবীদের হত্যা বরে এক কলঙ্গময় ইতিহাসের সৃষ্টি করেন। শহীদ বুদ্ধিজীবীদের মধ্যে উল্লেখ্যযোগ্য – ডাঃ ফজলে রাব্বী, ডাঃ আলীম চৌধুরী, দার্শনিক জিসি দেব, সুরকার আলতাফ মাহমুদ, রাজনীতিবিদ ধীরেন্দ্রনাথ দত্ত, শহীদুল্লাহ কায়সার, সাহিত্যিক মুনীর চৌধুরী, সাহিত্যিক আনোয়ার পাশা, জ্যোর্তিময় গুহ ঠাকুরতা, সাংবাদিক সেলিনা পারভীন, ডাঃ সিরাজুল ইসলাম প্রমুখ।

পাক বাহিনীর আত্মসমর্পণ এবং বাংলাদেশের অভ্যুদয়

২১ নভেম্বর, ১৯৭১ সালে বাংলাদেশ ও ভারত সরকার যৌথ কমাণ্ড গঠন করে। মুক্তিবাহিনী ও মিত্রবাহিনী (ভারতের সেনাবাহিনী) সমন্বয় এটি গঠিত। ৩ ডিসেম্বর, ১৯৭১ পাকিস্থান বিমানবাহিনী ভারতের বিমান ঘাটিতে হামলা চালালে সেদিনই তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী পাকিস্থানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষনা করেন। ১৯৭১ সালের ৬ ডিসেম্বর বাংলাদেশের প্রথম জেলা হিসেবে যশোর শত্রুমুক্ত হয়। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাক বাহিনীর ইস্টার্ন কমান্ডের অধিনায়ক লে. জেনারেল আমির আবদুল্লাহ খান নিয়াজী ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে) বাংলাদেশ ও ভারতের সম্মিলিত মিত্র ও মুক্তিবাহিনীর পূর্বাঞ্চলীয় লে. জেনারেল জগজিৎ সিং অরোরার নিকট আত্মসমর্পণ করেন। মুক্তিযুদ্ধের বিজয়ের দিন আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন গ্রুপ ক্যাপ্টেন একে খন্দকার।

অন্যান্যঃ

- বাংলা এ পর্যন্ত দুই বার বিভক্ত হয়। প্রথমবার ১৯০৫ সালে বঙ্গভঙ্গের ফলে এবং দ্বিতীয় বার ১৯৪৭ সালে ভারত বিভাগের ফলে।
- ঢাকা এ পর্যন্ত পাঁচবার বাংলার রাজধানী হয়। প্রথমবার ১৬১০ সালে সুবেদার ইসলাম খান সুবা বাংলার রাজধানী করেন ঢাকাকে। দ্বিতীয়বার ১৬৬০ সালে সুবেদার মীর জুমলা ঢাকাকে সুবা বাংলার রাজধানী করেন। তৃতীয়বার ১৯০৫ সালে লর্ড কার্জন পূর্ববঙ্গ ও আসামের রাজধানী করেন ঢাকাকে। চতুর্থবার পাকিস্থান সরকার পূর্ববাংলার রাধানী করেন ঢাকাকে এবং সর্বশেষ ১৯৭১ সালে বাংলাদেশ সরকার বাংলাদেশ রাষ্ট্রের রাজধানী হিসেবে ঢাকাকে ঘোষনা করেন।

কনসার্ট ফর বাংলাদেশ

'The Concert for Bangladesh' হলো ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশের শরনার্থীদের সাহায্যের উদ্দেশ্যে নিউইয়র্কের ম্যাডিসন স্কোয়ার গার্ডেন প্রাঙ্গনে দি ব্রিটলস ব্যান্ডের জর্জ হ্যারিসন এবং ভারতীয় সেতারবাদক পণ্ডিত রবি সংকর কর্তৃক আয়োজিত দাতব্য সঙ্গীতানুষ্ঠান। সঙ্গীতানুষ্ঠানটি আয়োজিত হয় ১৯৭১ সালের ১ আগস্ট। এই সঙ্গীতানুষ্ঠানে বিশ্বখ্যাত সঙ্গীতশিল্পীদের এক বিশাল দল অংশ নিয়েছিলেন যাদের মধ্যে বব ডিলান, এরিক ক্লাপটন, লিয়ন রাসেল, বিলি প্রিস্টন, ওস্তাদ আয়াত আলী খাঁর, লিয়ন রাসেল, ব্যাড ফিঙ্গারের নাম উল্লেখযোগ্য। কনর্সাট ও অণ্যান্য অনুষঙ্গ থেকে প্রাপ্ত অর্থ সাহায্যের পরিমাণ ছিলো প্রায় ২,৪৩,৪১৮,৫১ মার্কিন ডলার, যা ইউনিসেফের মাধ্যমে শরণার্থীদের সাহায্যার্থে ব্যয়ীত হয়।

বব ডিলান ২০১৬ সালে ১৩ অক্টোবর সুইডিস একাডেমী তাঁকে সাহিত্যে নোবেল পুরস্কারে ভূষিত করেন।তিনি পৃথিবীর প্রথম গীতিকার যিনি নোবেল পুরস্কার লাভ করেন। অদ্যাবধি তাঁর বিক্রিত রেকর্ডের সংখ্যা ১০ কোটিরও বেশি।

মুক্তিযুদ্ধে বিদেশিদের বিশেষ অবদান

১৯৭১ সালে পূর্ব পাকিস্থানে পাকিস্থানে পাকিস্থানি বর্বরতার খবর সর্বপ্রথম বহির্বিশ্বে প্রকাশ করেন সাইমন ড্রিং।

স্বাধীনতা যুদ্ধের জন্য অর্থ সংগ্রহের কবিতা পাঠের আয়োজন করেন রাশিয়ার ইয়েভগেনি ইয়েস তুসোস্কোর এবং ভারতের এলেন গিনেসবার্গ। এলন গিনেসবার্গ বাংলাদেশী শরণার্থীদের করুণ ঘটনার বর্ণনা দিয়ে 'সেপ্টেম্বর অন যশোর রোড' নামক কবিতা রচনা করেন।

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে সবচেয়ে বেশি সহযোগিতা করেছেন ইন্দিরা গান্ধী। স্বাধীনতার পরে ১৯৭২ সালের ১৭ই মার্চ প্রথম রাষ্ট্রীয় অথিতি হিসেবে তিনি প্রথম বাংলাদেশে আসেন। তার আগে আর কোন বিদেশি রাষ্ট্র বা সরকার প্রধান বাংলাদেশে আসেননি।

RAISUL ISLAM HRIDOY

রাশিয়া (সোভিয়েত ইউনিয়ন) এবং ভারত মুক্তিযুদ্ধে বাংলাদেশের পক্ষে অবস্থান নেন। অন্য দিকে আমেরিকা এবং চীন মুক্তিযুদ্ধে বাংলাদেশের বিপক্ষে অবস্থান নেন। আমেরিকার মূল ভূখণ্ডের বাইরে সবচেয়ে বড় নেভাল ফোর্সের নাম 'সপ্তম নৌবহর'। বরন প্রধান ঘাঁটি জাপানের ইয়াকোসুকা। আমেরিকার সবচেয়ে এবং শক্তিশালী জাহাজগুলো সপ্তম নৌ বহর থাকে।১৯৭১ সালের ডিসেম্বরে মুক্তিযুদ্ধে আমেরিকার পরাজয় নিশ্চিত দেখে আমেরিকা জাতিসংঘকে ব্যবহার করে পাকিস্থানের পক্ষে সামরিক শক্তি প্রয়োগ করতে চায়। কিন্তু রাশিয়ার বিরোধিতায় জাতিসংঘকে ব্যবহারে তারা ব্যর্থ হয়ে একতরফা শক্তি প্রদর্শনের সিদ্ধান্ত নেয়। এ সময় আমেরিকা ভিয়েতনাম যুদ্ধের কারণে সপ্তম নৌবহরের বেশির ভাগ জাহাজ ভিয়েতনামের কাছকাছি ছিল।১৯৭১ সালের ১০ই ডিসেম্বর সপ্তম নৌবহরে কয়েকটি জাহাজ নিয়ে 'টার্স্কফোস ৭৪' গঠিত হয়। জাহাজগুলো সিঙ্গাপুরে একত্রিত হয়ে বঙ্গোপসাগরের দিকে যাত্রা করে।এই বহরের প্রধান জাহাজ ছিলো 'ইউএসএ এন্টারপ্রাইজ' যা তৎকালীন বিশ্বের সবচেয়ে বড় বিমানবাহী (৭০ টির বেশি যুদ্ধ বিমান ছিল) জাহাজ।ঐ জাহাজে নিউক্লিয়ার বোমাও (৭৫০০০ টন পারমানবিক ক্ষমতাসম্পন্ন) ছিলো।কিন্তু সোভিয়েতের পাল্টা ধাওয়াতে যুক্তরাষ্ট্রের সব প্রয়াস ব্যর্থ হয় এবং তার পিছু হটে। চীন বাংলাদেশের স্বাধীনতা লাভের পরও জাতিসংঘে বাংলাদেশের সদস্যপদ লাভের বিরুদ্ধে ভেটো প্রদান করে।

হাইলাইটস

- শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ দেন- রেসকোর্স ময়দানে
- অপারেশন সার্চলাইট- ১৯৭১ সালের ২৫ মার্চ রাতের ঘটনা
- বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন- শেখ মুজিবুর রহমান, ২৫ মার্চ দিবাগত রাতে
- (পরে ২৬ মার্চ চট্টগ্রামের আওয়ামী নেতা এম এ হান্নান চট্টগ্রাম বেতার থেকে শেখ মুজিবের পক্ষ থেকে স্বাধীনতার ঘোষণা প্রচার করেন। ২৭ মার্চ স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে শেখ মুজিবের পক্ষ থেকে স্বাধীনতার ঘোষণা প্রচার করেন তৎকালীন মেজর জিয়াউর রহমান।)
- স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রথম স্বাধীনতার ঘোষণা দেন- জিয়াউর রহমান
- স্বাধীন বাংলা বেতার কেন্দ্র স্থাপিত হয়- ২৬ মার্চ, ১৯৭১; চট্টগ্রামের কালুরঘাটে
- মুজিবনগর সরকার গঠিত হয়- ১০ এপ্রিল ১৯৭১; শপথ নেয়- ১৭ এপ্রিল ১৯৭১
- প্রথম স্বাধীন বাংলাদেশের সরকার গঠিত হয়- ১৭ এপ্রিল, ১৯৭১
- বাংলাদেশ প্রজাতন্ত্র ঘোষণা করা হয়- ১৭ এপ্রিল ১৯৭১
- অস্থায়ী সরকারকে শপথ বাক্য পাঠ করান- অধ্যাপক ইউসুফ আলী (১৭ এপ্রিল)
- স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন- অধ্যাপক ইউসুফ আলী (১৭ এপ্রিল)
- স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করা হয়- মেহেরপুর জেলার মুজিবনগরে
- মুজিবনগরের অস্থায়ী সরকারের সদস্য- ৬ জন
- রাষ্ট্রপতি (সরকার প্রধান)- শেখ মুজিবুর রহমান
- অস্থায়ী রাষ্ট্রপতি/প্রেসিডেন্ট - সৈয়দ নজরুল ইসলাম (উপরাষ্ট্রপতি; অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন)

RAISUL ISLAM HRIDOY

- প্রধানমন্ত্রী- তাজউদ্দীন আহমেদ
- অর্থমন্ত্রী- ক্যাপ্টেন মনসুর আলী
- স্বরাষ্ট্রমন্ত্রী- এ এইচ এম কামরুজ্জামান
- আইন , সংসদীয় ও পররাষ্ট্রমন্ত্রী- খন্দকার মোশতাক আহমদ
- (এঁদেরকেই জাতীয় চার নেতা বলে অভিহিত করা হয়)
- মুজিবনগর অবস্থিত- মেহেরপুরে
- মুজিবনগরের পুরাতন নাম- বৈদ্যনাথতলার ভবেরপাড়া
- মুজিবনগর নামকরণ করেন- তাজউদ্দীন আহমেদ
- মুজিবনগর সরকার গঠিত হয়- ১৯৭১ সালের ১০ এপ্রিল
- অস্থায়ী সরকারের সচিবালয়- ৮, থিয়েটার রোড, কলকাতা
- প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলে- ইস্ট বেঙ্গল রেজিমেন্ট
- মুক্তিবাহিনীর সর্বাধিনায়ক- জেনারেল এম এ জি ওসমানী
- জেনারেল ওসমানীকে মুক্তিবাহিনীর সর্বাধিনায়ক পদে নিয়োগ দেয়া হয়- ১৮ এপ্রিল, ১৯৭১
- বিমান বাহিনীর প্রধান- ক্যাপ্টেন এ কে খন্দকার

মুক্তিযুদ্ধের সেক্টর

- মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে- ১১টি সেক্টরে ভাগ করা হয়েছিলো
- নৌ-বাহিনীর অধীনে ছিল- ১০ নং সেক্টর (সকল নদী ও বঙ্গোপসাগর)
- ১০ নং সেক্টরে কোনো সেক্টর কমান্ডার ছিল না
- চট্টগ্রাম- ১ নং সেক্টর
- ঢাকা- ২ নং সেক্টর
- রাজশাহী- ৭ নং সেক্টর
- মুজিব নগর- ৮ নং সেক্টর
- সুন্দরবন- ৯ নং সেক্টর

নিচে সংক্ষেপে ১১টি সেক্টরের অঞ্চল পরিচিতি দেয়া হল :

সেক্টর	অঞ্চল	বীরশ্রেষ্ঠ
১ নং সেক্টর	চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম	বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রব
২ নং সেক্টর	ঢাকা, নোয়াখালী, ফরিদপুর ও কুমিল্লার অংশবিশেষ	
৩ নং সেক্টর	কুমিল্লা, কিশোরগঞ্জ ও হবিগঞ্জ	(বীরশ্রেষ্ঠ রুহুল আমিন প্রথমে এই সেক্টরে যুদ্ধ করেন)
৪ নং সেক্টর	মৌলভীবাজার ও সিলেটের পূর্বাংশ	
৫ নং সেক্টর	সিলেট ও সুনামগঞ্জ	বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান

RAISUL ISLAM HRIDOY

৬ নং সেক্টর	রংপুর (বিভাগ)	
৭ নং সেক্টর	রাজশাহী (বিভাগ)	বীরশ্রেষ্ঠ মহিউদ্দীন জাহাঙ্গীর
৮ নং সেক্টর	কুষ্টিয়া, যশোর থেকে খুলনা, সাতক্ষীরা	বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ
৯ নং সেক্টর	সুন্দরবন ও বরিশাল (বিভাগ)	
১০ নং সেক্টর	সকল নৌপথ ও সমুদ্র উপকূলীয় অঞ্চল	বীরশ্রেষ্ঠ রুহুল আমিন
১১ নং সেক্টর	ময়মনসিংহ	

- বীরশ্রেষ্ঠ মতিউর রহমান- কোনো সেক্টরে ছিলেন না
- বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রব- ১ নং সেক্টরে যুদ্ধ করেন
- বীরশ্রেষ্ঠ মহিউদ্দীন- ৭ নং সেক্টরে যুদ্ধ করেন
- বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল- ৮ নং সেক্টরে যুদ্ধ করেন
- বীরশ্রেষ্ঠ রুহুল আমিন- ১০ নং সেক্টরে যুদ্ধ করেন

এছাড়াও ব্রিগেড আকারে ফোর্স গঠন করা হয়েছিলো- ৩টি

- এস ফোর্স : মেজর শফিউল্লাহর নেতৃত্বাধীন
- কে ফোর্স : মেজর খালেদ মোশাররফের নেতৃত্বাধীন
- জেড ফোর্স : মেজর জিয়াউর রহমানের নেতৃত্বাধীন

এছাড়াও দেশের অভ্যন্তর থেকে যে সব বাহিনী মুক্তিযুদ্ধে অত্যন্ত সক্রিয় ছিল-

- টাঙ্গাইলের কাদের সিদ্দিকীর নেতৃত্বাধীন কাদেরিয়া বাহিনী
- বরিশালের হেমায়েত বাহিনী
- কমরেড তোহা
- সিরাজ সিকদার
- মুজিব বাহিনী (বি.এল.এফ) (প্রধান প্রশিক্ষক- হাসানুল হক ইনু)

- বিদেশের মিশনে প্রথম বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়- কলকাতায়
- বাংলাদেশের বিরোধীতা করে- মার্কিন যুক্তরাষ্ট্র ও চীন
- বাংলাদেশকে সহায়তা করে- রাশিয়া
- ভারত-বাংলাদেশ যৌথবাহিনী গঠন- ২১ নভেম্বর ১৯৭১
- ভারত-বাংলাদেশ মিত্রবাহিনীর প্রধান- ফিল্ড মার্শাল স্যাম মানেকশ
- ভারত-বাংলাদেশ যৌথবাহিনীর সেনাধ্যক্ষ- জেনারেল জগজিৎ সিং অরোরা
- পাকিস্তান বাহিনীর প্রধান- জেনারেল এ এ কে নিয়াজী
- প্রথম শত্রুমুক্ত জেলা- যশোর (৭ ডিসেম্বর)
- পাকিস্তান আত্মসমর্পণ করে- ১৬ ডিসেম্বর ১৯৭১

RAISUL ISLAM HRIDOY

- ⌘ আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করে- রেসকোর্স ময়দানে
- ⌘ বাংলাদেশের পক্ষে দলিলে স্বাক্ষর করে- যৌথবাহিনী প্রধান জেনারেল জগজিৎ সিং অরোরা
- ⌘ পাকিস্তানের পক্ষে দলিলে স্বাক্ষর করে- জেনারেল এ এ কে নিয়াজী
- ⌘ মুক্তিবাহিনীর পক্ষে উপস্থিত ছিলেন/নেতৃত্ব দেন- এয়ার কমোডর এ কে খন্দকার
- ⌘ মোট ৯৩ হাজার পাকিস্তানি সৈন্য আত্মসমর্পণ করে
- ⌘ মুক্তিযুদ্ধে অবদান/বীরত্ব প্রদর্শনের জন্যে রাষ্ট্রীয় পুরস্কার- ৪টি
- ⌘ বীরশ্রেষ্ঠ- ৭ জন
- ⌘ বীরউত্তম- ৬৮ জন
- ⌘ বীরবিক্রম- ১৭৫ জন
- ⌘ বীরপ্রতীক- ৪২৬ জন
- ⌘ সাতজন বীরশ্রেষ্ঠ- ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর, সিপাহী হামিদুর রহমান, সিপাহী মোস্তফা কামাল, মোহাম্মদ রুহুল আমিন, ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান, ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ এবং ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ
- ⌘ জীবিত ব্যক্তিকে প্রদত্ত সর্বোচ্চ বীরত্বসূচক পদবী- বীরউত্তম
- ⌘ সাতজন বীরশ্রেষ্ঠের নামে ৭টি পুকুর খনন করা হয়েছে- সুন্দরবনে
- ⌘ বীরশ্রেষ্ঠ রুহুল আমিনের কোন কবর নেই/মতান্তরে রূপসা নদীর তীরে কবর দেয়া হয়
- ⌘ বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের কবর- করাচি থেকে আনা হয় (২০০৬)
- ⌘ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের কবর আনা হয়- আসামের আমবাসা থেকে (২০০৭)
- ⌘ বীরশ্রেষ্ঠ মতিউর রহমান যে বিমানটি ছিনিয়ে আনছিলেন- টি-৩৩ (ছদ্মনাম ব্লু বার্ড)
- ⌘ খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা- ২ জন (২ জনই বীরপ্রতীক) (সেতারা বেগম ও তারামন বিবি)
- ⌘ নারী মুক্তিযোদ্ধা- সেতারা বেগম, তারামন বিবি ও কাঁকন বিবি
- ⌘ আদিবাসী নারী মুক্তিযোদ্ধা- কাঁকন বিবি
- ⌘ কাঁকন বিবি- খাসিয়া
- ⌘ কাঁকন বিবির আসল নাম- কাকাত হেনইঞ্চিতা
- ⌘ সর্বকনিষ্ঠ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা- শহীদুল ইসলাম চৌধুরী (মুক্তিযুদ্ধের সময় তাঁর বয়স-১২ বছর)
- ⌘ একমাত্র আদিবাসী/উপজাতি খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা- ইউ কে চিং (বীর বিক্রম)
- ⌘ একমাত্র বিদেশি বীরপ্রতীক- ডব্লিউ এ এস ওডারল্যান্ড (অস্ট্রেলিয়া; জন্ম নেদারল্যান্ড)
- ⌘ ওডারল্যান্ড মারা যান- ১৮ মে ২০০১ সালে
- ⌘ প্রথম পাক বর্বরতার খবর বহির্বিশ্বে প্রকাশ করেন- বিদেশি সাংবাদিক সাইমন ড্রিং
- ⌘ মুক্তিযুদ্ধে মারা যাওয়া বিদেশি- ফাদার মারিও ভেরেনজি (ইতালি)
- ⌘ মুক্তিযুদ্ধে অংশগ্রহণের আগ্রহ প্রকাশ করেন- ফরাসি সাহিত্যিক আদ্রেঁ মায়ারা
- ⌘ ১৯৭১ সালে অনুষ্ঠিত ‘কনসার্ট ফর বাংলাদেশ’-এর প্রধান শিল্পী- জর্জ হ্যারিসন (ইংল্যান্ড/বৃটেন)
- ⌘ কনসার্ট ফর বাংলাদেশ আয়োজন করেন- জর্জ হ্যারিসন (USA) ও পণ্ডিত রবিশংকর (ভারত)
- ⌘ কনসার্ট ফর বাংলাদেশ আয়োজনে সহায়তা করে- ফোবানা

RAISUL ISLAM HRIDOY

⌘ কনাসর্ট ফর বাংলাদেশ আয়োজিত হয়- ১ আগস্ট ১৯৭১

⌘ কনাসর্ট ফর বাংলাদেশ আয়োজিত হয়- নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ারে

⌘ কনসার্ট ফর বাংলাদেশে অংশ নেয়া উল্লেখযোগ্য শিল্পী- পণ্ডিত রবিশংকর (সেতার), ওস্তাদ আলী আকবর খাঁ (সরোদ), আল্লারা খাঁ (তবলা), কমলা চক্রবর্তী (তানপুরা); জর্জ হ্যারিসন, এরিক ক্ল্যাপটন, বব ডিলান, রিঙ্গো স্টার, লিওন রাসেল, বিলি প্রিস্টন, প্রমুখ

⌘ জর্জ হ্যারিসনের ব্যান্ডের নাম- বিটলস (ইংল্যান্ড/ বৃটিশ ব্যান্ড)

⌘ 'সেপ্টেম্বর অন যশোর রোড' রচনা করেছেন- কবি অ্যালেন গিন্সবার্গ

⌘ অর্থ সংগ্রহের জন্য কবিতা পাঠের আয়োজন করেন- অ্যালেন গিন্সবার্গ (আমেরিকা) ও ইয়েভগেনি ইয়েভ তুসোস্কোর (রাশিয়া)

স্বীকৃতি দানকারী দেশসমূহ

- বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম দেশ- ভূটান। এর কিছুক্ষণ পর ভারত
- বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ- ইরাক
- বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম সমাজতান্ত্রিক দেশ- পোল্যান্ড
- বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম ইউরোপীয় দেশ- পোল্যান্ড
- বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম অনারব মুসলিম দেশ- মালয়েশিয়া
- বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আফ্রিকান দেশ- সেনেগাল
- বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম ওশেনিয়ান (অস্ট্রেলিয়া মহাদেশের) দেশ- টোঙ্গা
- বাংলাদেশকে স্বীকৃতি দানকারী দ্বিতীয় দেশ- ভারত
- মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশকে স্বীকৃতি দেয়- ১৯৭২ সালে
- পাকিস্তান বাংলাদেশকে স্বীকৃতি দেয়- ১৯৭৮ সালে

এক নজরে স্বীকৃতি দানকারী দেশসমূহ :

প্রথম	দেশ/ দক্ষিণ এশিয় দেশ	ভূটান
	আরব দেশ	ইরাক
	সমাজতান্ত্রিক/ইউরোপীয় দেশ	পোল্যান্ড
	অনারব মুসলিম দেশ	মালয়েশিয়া
	আফ্রিকান দেশ	সেনেগাল
	ওশেনিয়ান দেশ	টোঙ্গা
	দ্বিতীয় দেশ	ভূটান

- পাকবাহিনী বুদ্ধিজীবীদের হত্যা করে- ১৪ ডিসেম্বর ১৯৭১
- মুক্তিযোদ্ধা দিবস- ১ ডিসেম্বর
- মুক্তিযুদ্ধ যাদুঘর- ঢাকার সেগুনবাগিচায়

RAISUL ISLAM HRIDOY

- মুক্তিযোদ্ধা সংসদ প্রতিষ্ঠা করেন- শেখ মুজিবুর রহমান
- মুক্তিযোদ্ধা সংসদের পত্রিকা- মুক্তিবার্তা (সাপ্তাহিক)

মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র

মুক্তিযুদ্ধপূর্ব, ভাষা আন্দোলনভিত্তিক চলচ্চিত্র	
জীবন থেকে নেয়া	জহির রায়হান
Let their be light (documentary)	জহির রায়হান
মুক্তিযুদ্ধভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (feature film)	
ওরা ১১ জন	চাষী নজরুল ইসলাম
অরুণোদয়ের অগ্নিসাক্ষী	সুভাষ দত্ত
আবার তোরা মানুষ হ	খান আতাউর রহমান
ধীরে বহে মেঘনা	আলমগীর কবির
আলোর মিছিল	নরায়ণ ঘোষ মিতা
সংগ্রাম	চাষী নজরুল ইসলাম
আগুনের পরশমণি	হুমায়ুন আহমেদ
এখনও অনেক রাত	খান আতাউর রহমান
হাঙ্গর নদী গ্রেনেড	চাষী নজরুল ইসলাম
আমার বন্ধু রাশেদ	মোরশেদুল ইসলাম (২০১১)
গেরিলা	নাসির উদ্দীন ইউসুফ বাচ্চু (২০১১)
মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র (short film)	
একাত্তরের যীশু	নাসির উদ্দীন ইউসুফ বাচ্চু
নদীর নাম মধুমতী	তানভীর মোকাম্মেল
হুলিয়া	তানভীর মোকাম্মেল
পতাকা	এনায়েত করিম বাবুল
আগামী	মোরশেদুল ইসলাম
দুরন্ত	খান আখতার হোসেন
ধূসর যাত্রা	সুমন আহমেদ
আমরা তোমাদের ভুলব না	হারুনুর রশীদ
শরৎ একাত্তর	মোরশেদুল ইসলাম
নরসুন্দর	তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ
মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র (documentary)	
Stop Genocide	জহির রায়হান
A State is Born	জহির রায়হান
A State in Born	জহির রায়হান
মুক্তির গান	তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ
মুক্তির কথা	তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ
স্মৃতি '৭১	তানভীর মোকাম্মেল

মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ ও উপন্যাস

RAISUL ISLAM HRIDOY

মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ	
বাংলাদেশ কথা কয়	আবদুল গাফফার চৌধুরী
বাংলাদেশ আমার বাংলাদেশ	রামেন্দু মজুমদার
একাত্তরের রণাঙ্গন	শামসুল হুদা চৌধুরী
একাত্তরের যীশু	শাহরিয়ার কবির
একাত্তরের ঢাকা	সেলিনা হোসেন
একাত্তরের ডায়েরি	জাহানারা ইমাম
একাত্তরের বর্ণমালা	এম আর আখতার মুকুল
আমি বিজয় দেখেছি	এম আর আখতার মুকুল
বিজয় ৭১	এম আর আখতার মুকুল
আমি বীরাঙ্গনা বলছি	নীলিমা ইব্রাহিম
আমার কিছু কথা	শেখ মুজিবুর রহমান
বঙ্গবন্ধু হত্যার দলিলপত্র	অধ্যাপক আবু সাইয়ীদ
মুক্তিযুদ্ধের ইতিহাস সংকলন	হাসান হাফিজুর রহমান
সেই সব দিন	মুনতাসির মামুন
ঢাকার কথা	মুনতাসির মামুন
দ্য লিবারেশন অব বাংলাদেশ	সুখবন্ত সিং
দ্য রেপ অব বাংলাদেশ	রবীন্দ্রনাথ ত্রিবেদী
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম	গাজীউল হক
ফেরারী সূর্য	রাবেয়া খাতুন
লক্ষ প্রাণের বিনিময়ে	মেজর রফিকুল ইসলাম
মুক্তিযুদ্ধ ও তারপর	ড. আনিসুজ্জামান
আমার একাত্তর	আনিসুজ্জামান
দুইশত ছেষট্টি দিনে স্বাধীনতা	মোহাম্মদ নুরুল কাদির
স্মৃতি শহর	শামসুর রাহমান
মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস	
রাইফেল রোটি আওরাত (মুক্তিযুদ্ধের মধ্যে লেখা একমাত্র উপন্যাস)	আনোয়ার পাশা
আগুনের পরশমণি	হুমায়ুন আহমেদ
জাহান্নাম হইতে বিদায়	শওকত ওসমান
জন্ম যদি তব বঙ্গে	শওকত ওসমান
দুই সৈনিক	শওকত ওসমান
নেকড়ে অরণ্য	শওকত ওসমান
নিষিদ্ধ লোবান	সৈয়দ শামসুল হক
নীল দংশন	সৈয়দ শামসুল হক
খাঁচায়	রশীদ হায়দার
দেয়াল	আবু জাফর শামসুদ্দীন
বিধ্বস্ত রোদের ঢেউ	সরদার জয়েন উদ্দীন
হাঙ্গর নদী গ্রেনেড	সেলিনা হোসেন

RAISUL ISLAM HRIDOY

কাঁটাতারে প্রজাপতি	সেলিনা হোসেন
নিরন্তর ঘণ্টাধ্বনি	সেলিনা হোসেন
উপমহাদেশ	আল মাহমুদ

- সম্প্রতি (২০১২ সালের ২৭ মার্চ) বাংলাদেশ সরকার মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য স্বাধীনতা সম্মাননা দিয়েছে- ১২৯ জন বিদেশি নাগরিক ও সংগঠনকে
- মোট- ২৬টি দেশের নাগরিকদের স্বাধীনতা সম্মাননা দেয়া হয়েছে

এক নজরে সম্মাননাপ্রাপ্তগণ

দেশ	উল্লেখযোগ্য নাগরিক	সংগঠন
ভারত (৪৩ জন)	শচীন্দ্র লাল সিংহ, রাজেশ্বর রাও, সিদ্ধান্ত শংকর রায়, পি এ সাংমা, বিচারপতি সা'দত আবুল মাসুদ, মহারানী বিভা কুমারী দেবী, প্রফেসর দিলীপ চক্রবর্তী, সমর সেন, দেবদুলাল বন্দোপাধ্যায়, পণ্ডিত রবিশংকর, ওস্তাদ আকবর আলী খাঁ, মাদার তেরেসা, ওয়াহিদা রহমান, সুনীল দত্ত, জে পি নারায়ণ, জ্যোতি বসু, গৌরী প্রসন্ন মজুমদার, অন্নদাশংকর রায়, জগজীবন রাম, অরুন্ধতি ঘোষ, ভূপেশ গুপ্ত, কাইফি আজমী, ভূপেন হাজারিকা, অ্যাডভোকেট সুব্রত রায় চৌধুরী, ফিল্ড মার্শাল এসএএম মানেকশ, লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরা, লেফটেন্যান্ট জেনারেল জ্যাকব, ল্যান্স নায়েক আলবার্ট এক্কা পরমী বীরচক্র, নারায়ণ দেশাই, মানিক সরকার, আইপি গুপ্ত, জি বি হাসপাতালের সার্জন সুপারিনটেন্ডেন্ট ডা. রথিন দত্ত, রওশন আরা বেগম সামা, দশরথ দেব বর্মন, লতা মুঙ্গেশকর, ডিপি ধর, জেনারেল উবান, গোলক মজুমদার, পিএন হাকসার, ড. কিরণ সিং, সরদার শরণ সিং, শরৎ চন্দ্র সিংহ	মিত্রবাহিনী
রাশিয়া (১০ জন)	নিকোলাই ভিক্টোরোভিচ পোডগরনি, আঁদ্রে গ্রোমিকো, ইয়াকভ আলেকজান্দ্রোভিচ মালিক, আলেক্সি নিকোলেভিচ কোসিগিন, প্রফেসর ভ্লাদিমির স্ট্যানিস, লিওনেড ব্রেজনেভ, নিকোলাই ফিরোবিন, আনাতলি ডবরিনিন	অ্যাডমিরাল জুয়েনকু ও তার দল, সিপিএসইউ
যুক্তরাষ্ট্র (২১ জন)	সিনেটর এডওয়ার্ড মুর কেনেডি, রিচার্ড টেনলর, প্রফেসর রবার্ট ডরফিনান, অ্যানা ব্রাউন টেনলর, আর্চার কে ব্লাড, লিয়ার লেভিন, ফাদার উইলিয়াম রিচার্ড টিম, সিনেটর ফ্রেড রয় হেরিস, টমাস ডাইন, ডা. জোসেফ গার্স্ট, সিনেটর ফ্রাংক চার্চ, উইলিয়াম গ্রিনো, এডওয়ার্ড সি মেসন, প্রফেসর এডওয়ার্ড সি ডিকম জুনিয়র, ডেভিড ওয়াইজব্রড, অ্যালেন গিনসবার্গ, সিনেটর উইলিয়াস স্যাক্সবি, সিনেটর জর্জ ম্যাকগাভার্ন, কংগ্রেসম্যান মর্নেলিয়াস গ্যালাগার, শহীদ ফাদার উইলিয়াম ইভান্স ও প্রফেসর জে কেনেথ গলব্রেথ	
যুক্তরাজ্য (১২ জন)	স্যার এডওয়ার্ড রিচার্ড জর্জ হিথ, লর্ড হ্যারল্ড উইলসন, লর্ড রিচার্ড ডেভিড শোর, মাইকেল বার্নস, সায়মন ড্রিং, জর্জ হ্যারিসন, ব্রুস ডগলাস মান, জুলিয়াস ফ্রান্সিস, পল কানেট, ইলেন কানেট, বিমান মল্লিক ও মার্ক টালি	
যুগোশ্লাভিয়া	মার্শাল জোসেফ টিটো	
ইতালি	ফাদার মারিও ভ্যারোনিচি	

RAISUL ISLAM HRIDOY

জাপান	তাকাশি হায়াকাওয়া, প্রফেসর ইওসি নারা, কাতামাসা সুজুকি, নাওয়াকি উসুই	
নেপাল	ড. রাম রামন যাদব, বি পি কৈরালা	
কিউবা	ফিদেল কাস্ত্রো	
আর্জেন্টিনা	ভিক্টোরিয়া ওকাম্পো, হোর্হে লুইস বোর্হেস	
ভেনিজুয়েলা	কার্দেনাল হোসে উমবের্তো কিনতারো	
সুইজারল্যান্ড	প্রফেসর জ্যঁ জিলার এমপি	
ভুটান	জিগমে দর্জি ওয়াংচুক	
সুইডেন	ওলফ পামে, প্রফেসর গানার মিরডাল	
ডেনমার্ক	ড. কার্সটিন ওয়াস্টার গার্স্ট	
মালয়েশিয়া	ড. এ সুরিয়ান	
শ্রীলংকা	স্যার সেনারত্ন গুণবর্ধন	
নেদারল্যান্ডস	ডমসেস কিনটেন ওয়াটে বাগ	
দক্ষিণ কোরিয়া	হং সুক জা	
পোল্যান্ড	অগাস্ট জালেস্কি	
ভিয়েতনাম	মাদার বিন	
জার্মানি	উইলি ব্রান্ট, বারবারা দাশগুপ্ত, সুনীল দাশগুপ্ত, এরিক হোয়েনকার	
অস্ট্রেলিয়া	উইলিয়াম এ এস ওরিল্যান্ড বিপি	
অস্ট্রিয়া	রুনো ক্রেইস্কি	
কানাডা	পিয়ার ট্রুডো	
আয়ারল্যান্ড	শন ম্যাকব্রাইড, ব্যারিস্টার নোরা শেরিফ, কিরিল্লোউইচ কোস্কই	
অন্যান্য সংগঠন	জাতিসংঘ শরণার্থী বিষয়ক প্রতিষ্ঠান (UNHCR), BBC (ব্রিটিশ), আকাশবাণী (ভারতীয়), কলকাতা বিশ্ববিদ্যালয় সহায়ক সমিতি, রমেশচন্দ্র ও বিশ্ব শান্তি পরিষদ, অক্সফাম (ব্রিটিশ), ICRC, আঁদ্রে মারলো (ফরাসি)	

Raisul Islam Hridoy

For more Eboos-

Email me:- Hridoy's Ebook

My WhatsApp:- 01300430768

ফেসবুকে অনেক গ্রুপে খেয়াল করবেন আকর্ষনীয় বিজ্ঞাপন দিয়ে শীট ও নোট বিক্রি করছে। প্রায় পোষ্টেই ওরা বলে ১০০% কমন, ৯০% কমন এমন অনেক গ্যারান্টি দিয়ে ওরা আপনাকে বোকা বানিয়ে বিভিন্ন জনের কপি-পেস্ট করা কিছু পাঁচমিশালি কিছু নোট দিয়ে টাকা হাতিয়ে নিবে। চাকরির পরিক্ষায় কমন বলতে তেমন কিছু নাই। আপনি কতটুকু বেসিক ভালো করে আয়ত্ব করতে পেরেছেন সেটার উপর নির্ভর করবে কমন পরা। বাজার থেকে মান সম্মত বই কিনুন আর নিজের বেসিক স্ট্রং করুন। অন্যের তৈরি নোট না পড়ে নিজে নিজের জন্য নোট তৈরি করুন। এই নোটগুলো আমি নিজের জন্য তৈরি করেছিলাম। যদি কারো এই নোটগুলো ভালো লাগে তাহলে আমার থেকে নিতে পারেন। আমি কোনো নোট বিক্রি করিনা। অনুগ্রহ করে ইমেইলে আমাকে টাকা, পেমেন্ট এসব বলে অসম্মান করবেন না। ভালো কিছু করার উদ্দেশ্য থেকেই মহৎ কিছু করা যায়।

আমি নিজেকে লুকিয়ে রাখতেই বেশি পছন্দ করি। সবার মাঝে পরিচিত বা বিখ্যাত হবার ইচ্ছা নাই। আড়াল থেকেই সাহায্যের হাত বাড়িয়ে রেখেছি। আপনার পড়াশোনার জন্য সকল ধরনের প্রয়োজনে পাশে থাকবো, ইনশাআল্লাহ।

- আল্লাহ তায়ালা সবার মনের নেক ইচ্ছা পুরণ করুন। (আমিন)

অধ্যায় ২

বাংলাদেশের বিভাগ, জেলা, উপজেলা ও থানা পরিচিতি

বাংলাদেশ (Bangladesh) ৮ টি বিভাগ (Division) এবং ৬৪ টি জেলা নিয়ে গঠিত । জেলা বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থায় একটি গুরুত্বপূর্ণ স্তর। কয়েকটি উপজেলা নিয়ে একটি জেলা গঠিত হয়। প্রশাসনিকভাবে একটি জেলা একটি বিভাগের অধিক্ষেত্রভুক্ত। বর্তমানে বাংলাদেশের ৮টি বিভাগ এর অন্তর্গত ৬৪টি জেলা রয়েছে। ১৯৭১-এ বাংলাদেশ প্রতিষ্ঠাকালে জেলার সংখ্যা ছিল ১৮। রাষ্ট্রপতি এরশাদ মহুকুমাগুলোকে জেলায় উন্নীতকরণের প্রক্রিয়া চালু করেন। ১৯৪৭ খ্রিস্টাব্দে পাকিস্তান প্রতিষ্ঠালগ্নে পূর্ব পাকিস্তান তথা বর্তমান বাংলাদেশের জেলার সংখ্যা ছিল ১৮ টি। ১৯৬৯-এ ময়মনসিংহ জেলার টাঙ্গাইল মহুকুমাকে একটি জেলায় উন্নীত করা হয়। স্বাধীন বাংলাদেশে সর্বপ্রথম পটুয়াখালী মহুকুমাকে একটি জেলায় উন্নীত করা হয়। প্রতিটি জেলায় বহু সরকারী কর্মকর্তা নিযুক্ত থাকে। তবে জেলা প্রশাসক বা ডেপুটি কমিশনারকে জেলার প্রধান সরকারি প্রতিনিধি গণ্য করা হয়। সধারনত প্রতিটি জেলারই রয়েছে কিছু নিজস্বতা। এবং রয়েছে তাদের নিজ নিজ জেলার নামের রহস্য, খাবার (recipe) ও দর্শনীয় স্থান ধর্মীয় (religious) স্থান । কোন জেলা কি কারণে নামকরণ করা হয়েছে তা হয়তো আমাদের অনেকেরই অজানা। তাই আমাদের এবারের আয়োজন ৬৪ টি জেলার নামকরণের ইতিহাস।

বাংলাদেশে মোট বিভাগ ৭ টি। নিম্নে বিভাগ অনুযায়ী প্রত্যেক জেলার নামকরণের ইতিহাস তুলে ধরা হল।

মানচিত্রে বাংলাদেশের বিভাগ

RAISUL ISLAM HRIDOY

RAISUL ISLAM HRIDOY

- ঢাকা বিভাগ (Dhaka Division)
- চট্টগ্রাম বিভাগ (Chittagong Division)
- খুলনা বিভাগ (Khulna Division)
- রাজশাহী বিভাগ (Rajshahi Division)
- বরিশাল বিভাগ (Barisal Division)
- রংপুর বিভাগ (Rangpur Division)
- সিলেট বিভাগ (Sylhet Division) ও
- ময়মনসিংহ বিভাগ (Maymansingh Division)

বিভাগের পরিচিতি

বিভাগ	প্রতিষ্ঠিত	জনসংখ্যা	আয়তন (কিমি^{2})	জনসংখ্যা ঘনত্ব ২০১১ (লোক/কিমি^{2})	বৃহত্তম শহর (জনসংখ্যা-সহ)
ঢাকা	১৮২৯	৩৬,০৫৪,৪১৮	২০,৫৩৯	১,৭৫১	ঢাকা (৭,০৩৩,০৭৫)
চট্টগ্রাম	১৮২৯	২৮,৪২৩,০১৯	৩৩,৭৭১	৮৪১	চট্টগ্রাম (২,৫৯২,৪৩৯)
রাজশাহী	১৮২৯	১৮,৪৮৪,৮৫৮	১৮,১৯৭	১,০১৫	রাজশাহী (৪৪৯,৭৫৬)
খুলনা	১৯৬০	১৫,৬৮৭,৭৫৯	২২,২৭২	৭০৪	খুলনা (৬৬৩,৩৪২)
বরিশাল	১৯৯৩	৮,৩২৫,৬৬৬	১৩,২৯৭	৬২৬	বরিশাল (৩২৮,২৭৮)
সিলেট	১৯৯৫	৯,৯১০,২১৯	১২,৫৯৬	৭৮০	সিলেট (৪৭৯,৮৩৭)
রংপুর	২০১০	১৫,৭৮৭,৭৫৮	১৬,৩১৭	৯৬০	রংপুর (৩৪৩,১২২)
ময়মনসিংহ	২০১৫	১১,৩৭০,০০০	১০,৫৮৪	১,০৭৪	ময়মনসিংহ (৪৭১,৮৫৮)
		১৪৪,০৪৩,৬৯৭	১৪৭,৫৭০	৯৭৬	ঢাকা

RAISUL ISLAM HRIDOY

ঢাকা বিভাগে মোট ১৩ টি জেলা রয়েছে

১. ঢাকা, ২. ফরিদপুর, ৩. টাঙ্গাইল, ৪. গাজীপুর, ৫. গোপালগঞ্জ, ৬. কিশোরগঞ্জ, ৭. মাদারিপুর, ৮. মানিকগঞ্জ, ৯. মুন্সিগঞ্জ, ১০. নারায়ণগঞ্জ, ১১. নরসিংদী, ১২. রাজবাড়ী, ১৩. শরিয়তপুর

১. ঢাকা জেলা:

বাংলাদেশের রাজধানী ঢাকা মোঘল-পূর্ব যুগে কিছু গুরুত্বধারন করলেও শহরটি ইতিহাসে প্রসিদ্ধি লাভকরে মোঘল যুগে। ঢাকা নামের উৎপত্তি সম্পর্কে স্পষ্ট করে তেমন কিছু জানা যায় না। এ সম্পর্কে প্রচলিতমতগুলোর মধ্যে কয়েকটি নিম্নরূপ:

ক) একসময় এ অঞ্চলে প্রচুর ঢাক গাছ (বুটি ফুডোসা) ছিল; খ) রাজধানী উদ্বোধনের দিনে ইসলাম খানেরনির্দেশে এখানে ঢাক অর্থাৎ ড্রাম বাজানো হয়েছিল; গ) 'ঢাকাভাষা' নামে একটি প্রাকৃত ভাষা এখানেপ্রচলিত ছিল; ঘ) রাজতরঙ্গিণী-তে ঢাক্কা শব্দটি 'পর্যবেক্ষণ কেন্দ্র' হিসেবে উল্লেখিত হয়েছে অথবাএলাহাবাদ শিলালিপিতে উল্লেখিত সমুদ্রগুপ্তের পূর্বাঞ্চলীয় রাজ্য ডবাকই হলো ঢাকা।

কথিত আছে যে, সেন বংশের রাজা বল্লাল সেন বুড়িগঙ্গা নদীর তীরবর্তী এলাকায় ভ্রমণকালে সন্নিহিতজঙ্গলে হিন্দু দেবী দুর্গার বিগ্রহ খুঁজে পান। দেবী দুর্গার প্রতি শ্রদ্ধাস্বরূপ রাজা বল্লাল সেন ঐ এলাকায় একটিমন্দির প্রতিষ্ঠা করেন। যেহেতু দেবীর বিগ্রহ ঢাকা বা গুপ্ত অবস্থায় পাওয়া গিয়েছিল তাই রাজা মন্দিরেরনাম ঢাকেশ্বরী মন্দির। মন্দিরের নাম থেকেই কালক্রমে স্থানটির নাম ঢাকা হিসেবে গড়ে ওঠে।আবারঅনেক ঐতিহাসিকদের মতে, মোঘল সম্রাট জাহাঙ্গীর যখন ঢাকাকে সুবা বাংলার রাজধানী হিসেবে ঘোষণাকরেন, তখন সুবাদার ইসলাম খান আনন্দের বহিঃপ্রকাশ স্বরূপ শহরে 'ঢাক' বাজানোর নির্দেশ দেন। এইঢাক বাজানোর কাহিনী লোকমুখে কিংবদন্দির রূপ ধারণ করে এবং তা থেকেই এই শহরের নাম ঢাকা হয়েযায়। এখানে উল্লেখ্য যে, ১৬১০ খ্রিষ্টাব্দে ইসলাম খান

চিশতি সুবাহ বাংলার রাজধানী রাজমহল থেকেঢাকায় স্থানান্তর করেন এবং সম্রাটের নামানুসারে এর নামকরণ করে জাহাঙ্গীরনগর।

২. ফরিদপুর জেলা:

ফরিদপুরের নামকরণ করা হয়েছে এখানকার প্রখ্যাত সুফী সাধক শাহ শেখ ফরিদুদ্দিনের নামানুসারে।

৩. টাঙ্গাইল জেলা:

টাঙ্গাইলের নামকরণ বিষয়ে রয়েছে বহুজনশ্রুতি ও নানা মতামত। ১৭৭৮ খ্রিস্টাব্দে প্রকাশিত রেনেল তাঁরমানচিত্রে এ সম্পূর্ণ অঞ্চলকেই আটিয়া বলে দেখিয়েছেন। ১৮৬৬ খ্রিস্টাব্দের আগে টাঙ্গাইল নামে কোনোস্বতন্ত্র স্থানের পরিচয় পাওয়া যায় না। টাঙ্গাইল নামটি পরিচিতি লাভ করে ১৫ নভেম্বর ১৮৭০ খ্রিস্টাব্দেমহকুমা সদর দপ্তর আটিয়া থেকে টাঙ্গাইলে স্থানান্তরের সময় থেকে।

টাঙ্গাইলের ইতিহাস প্রণেতা খন্দকার আব্দুর রহিম সাহেবের মতে, ইংরেজ আমলে এদেশের লোকেরা উচুশব্দের পরিবর্তে 'টান' শব্দই ব্যবহার করতে অভ্যস্ত ছিল বেশি। এখনো টাঙ্গাইল অঞ্চলে 'টান' শব্দের প্রচলনআছে। এই টানের সাথে আইল শব্দটি যুক্ত হয়ে হয়েছিল টান আইল। আর সেই টান আইলটি রূপান্তরিতহয়েছে টাঙ্গাইলে। টাঙ্গাইলের নামকরণ নিয়ে আরো বিভিন্নজনে বিভিন্ন সময়ে নানা মত প্রকাশ করেছেন।কারো কারো মতে, বৃটিশ শাসনামলে মোগল প্রশাসন কেন্দ্র আটিয়াকে আশ্রয় করে যখন এই অঞ্চল জম-জমাট হয়ে উঠে। সে সময়ে ঘোড়ার গাড়িছিল যাতায়াতের একমাত্র বাহন, যাকে বর্তমান টাঙ্গাইলেরস্থানীয় লোকেরা বলত 'টাঙ্গা'। বর্তমান শতকের মাঝামাঝি পর্যন্তও এ অঞ্চলের টাঙ্গা গাড়ির চলাচল স্থলপথে সর্বত্র। আল শব্দটির কথা এ প্রসঙ্গে চলে আসে। বর্তমান টাঙ্গাইল অঞ্চলের বিভিন্ন স্থানের নামের সাথেএই আল শব্দটির যোগ লক্ষ্য করা যায়। আল শব্দটির অর্থ সম্ভবত সীমা নির্দেশক যার স্থানীয় উচ্চারণআইল। একটি স্থানকে যে সীমানা দিয়ে বাঁধা হয় তাকেই আইল বলা হয়। টাঙ্গাওয়ালাদের বাসস্থানেরসীমানাকে 'টাঙ্গা+আইল' এভাবে যোগ করে হয়েছে 'টাঙ্গাইল' এমতটি অনেকে পোষণ করেন। আইল শব্দটিকৃষিজমির সঙ্গে সম্পৃক্ত। এই শব্দটি আঞ্চলিক ভাবে বহুল ব্যবহৃত শব্দ। টাঙ্গাইলের ভূ-প্রকৃতি অনুসারেস্বাভাবিক ভাবে এর ভূমি উঁচু এবং ঢালু। স্থানীয়ভাবে যার সমার্থক শব্দ হলো টান। তাই এই ভূমিরূপেরকারণেই এ অঞ্চলকে হয়তো পূর্বে 'টান আইল' বলা হতো। যা পরিবর্তীত হয়ে টাঙ্গাইল হয়েছে।

৪. গাজীপুর জেলা:

বিলু কবীরের লেখা 'বাংলাদেশের জেলা : নামকরণের ইতিহাস' বই থেকে জানা যায়, মহম্মদ বিনতুঘলকের শাসনকালে জনৈক মুসলিম কুস্তিগির গাজী এ অঞ্চলে বসতি স্থাপন করেছিলেন এবং তিনিবহুদিন সাফল্যের সঙ্গে এ অঞ্চল শাসন করেছিলেন। এ কুস্তিগির/পাহলোয়ান গাজীর নামানুসারেই এঅঞ্চলের নাম রাখা হয় গাজীপুর বলে লোকশ্রুতি রয়েছে। আরেকটি জনশ্রুতি এ রকম সম্রাট আকবরেরসময় চব্বিশ পরগনার জায়গিরদার ছিলেন ঈশা খাঁ। এই ঈশা খাঁরই একজন অনুসারীর ছেলের নাম ছিলফজল গাজী। যিনি ছিলেন ভাওয়াল রাজ্যের প্রথম 'প্রধান'। তারই নাম বা নামের সঙ্গে যুক্ত 'গাজী' পদবিথেকে এ অঞ্চলের নাম রাখা হয় গাজীপুর। গাজীপুর নামের আগে এ অঞ্চলের নাম ছিল জয়দেবপুর। এজয়দেবপুর নামটি কেন হলো, কতদিন থাকল, কখন, কেন সেটা আর থাকল না সেটিও প্রাসঙ্গিক ওজ্ঞাতব্য। ভাওয়ালের জমিদার ছিলেন জয়দেব নারায়ণ রায় চৌধুরী। বসবাস করার জন্য এ জয়দেবনারায়ণ রায় চৌধুরী পীরাবাড়ি গ্রামে একটি গৃহ নির্মাণ করেছিলেন। গ্রামটি ছিল চিলাই নদীর

RAISUL ISLAM HRIDOY

দক্ষিণপাড়ে। এ সময় ওই জমিদার নিজের নামের সঙ্গে মিল রেখে এ অঞ্চলটির নাম রাখেন 'জয়দেবপুর' এবং এনামই বহাল ছিল মহকুমা হওয়ার আগ পর্যন্ত। যখন জয়দেবপুরকে মহকুমায় উন্নত করা হয়, তখনই এরনাম পাল্টে জয়দেবপুর রাখা হয়। উল্লেখ্য, এখনো অতীতকাতর-ঐতিহ্যমুখী স্থানীয়দের অনেকেই জেলাকে'জয়দেবপুর' বলেই উল্লেখ করে থাকেন। গাজীপুর সদরের রেলওয়ে স্টেশনের নাম এখনো 'জয়দেবপুররেলওয়ে স্টেশন'। তবে বিস্তারিত আলোচনায় গেলে বলতেই হয়, গাজীপুরের আগের নাম জয়দেবপুর এবংতারও আগের নাম ভাওয়াল। গাজীপুরকে ১৯৮৪ খ্রিস্টাব্দের ১ মার্চ জেলা এবং ২০১৩ খ্রিস্টাব্দের ৭জানুয়ারী রোজ: সোমবার সিটি কর্পোরেশন ঘোষণা করা হয়।

৫. গোপালগঞ্জ জেলা:

গোপালগঞ্জ জেলা শহরের রয়েছে প্রাচীন ইতিহাস। অতীতের রাজগঞ্জ বাজার আজকের জেলা শহরগোপালগঞ্জ। আজ থেকে প্রায় শতাব্দীকাল পূর্বে শহর বলতে যা বুঝায় তার কিছুই এখানে ছিলোনা। এরপরিচিতি ছিলো শুধু একটি ছোট্ট বাজার হিসেবে। এঅঞ্চলটি মাকিমপুর ষ্টেটের জমিদার রানী রাসমণিরএলাকাধীন ছিলো। উল্লেখ্য রানী রাসমণি একজন জেলের মেয়ে ছিলেন। সিপাই মিউটিনির সময় তিনিএকজন উচ্চ পদস্থ ইংরেজ সাহেবের প্রাণ রক্ষা করেন। পরবর্তীতে তারই পুরস্কার হিসাবে বৃটিশ সরকাররাসমণিরকে মাকিমপুর ষ্টেটের জমিদারী প্রদার করেন এবং তাঁকে রানী উপাধিতে ভূষিত করেন। রানীরাসমণির এক নাতির নাম ছিলো নব-গোপাল তিনি তাঁর স্নেহাস্পদ নাতির নাম এবং পুরানো ইতিহাসকেস্মরণীয় করে রাখার জন্য নাতিন নামের 'গোপাল' অংশটি প্রথমে রেখে তার সাথে রাজগঞ্জের 'গঞ্জ' যোগকরে এ জায়গাটির নতুর নামকরণ করেন গোপালগঞ্জ। ১৯৮৪ সালে ফরিদপুর জেলার মহকুমা থেকেগোপালগঞ্জ জেলা সৃষ্টি হয়।

৬. কিশোরগঞ্জ জেলা:

১৮৬০ খ্রিস্টাব্দে কিশোরগঞ্জ মহকুমার জন্ম হয়। মহকুমার প্রথম প্রশাসক ছিলেন মিঃ বকসেল। বর্তমানকিশোরগঞ্জ তৎকালীন জোয়ার হোসেনপুর পরগনার অন্তর্ভক্ত ছিল। অষ্টাদশ শতাব্দীর শেষ দিকেওকিশোরগঞ্জ এলাকা 'কাটখালী' নামে পরিচিত ছিল। ইতিহাসবিদদের ধারণা ও জনশ্রুতি মতে এ জেলারজমিদার ব্রজকিশোর মতান্তরে নন্দকিশোর প্রামানিকের 'কিশোর' এবং তাঁর প্রতিষ্ঠিত হাট বা গঞ্জের 'গঞ্জ'যোগ করে কিশোরগঞ্জ নামকরণ করা হয়।

৭. মাদারীপুর জেলা:

মাদারীপুর জেলা একটি ঐতিহাসিক সমৃদ্ধ জনপদ ছিল। পঞ্চদশ শতাব্দীতে সাধক হযরত বদরুদ্দিন শাহমাদার (র) এর নামানুসারে এই জেলার নামকরণ করা হয়। প্রাচীনকালে মাদারীপুরের নাম ছিল ইদিলপুর।১৯৮৪ সালে মাদারীপুর জেলা হিসেবে স্বীকৃতি লাভ করে।

৮. মানিকগঞ্জ জেলা:

মূরত সংস্কৃত 'মানিক্য' শব্দ থেকে মানিক শব্দটি এসেছে। মানিক হচ্ছে চুনি পদ্মরাগ। গঞ্জ শব্দটি ফরাসী।মানিকগঞ্জের নামের ঋৎপত্তি ইতিহাস আজও রহস্যবৃত। অষ্টাদশ শতকের প্রথমার্ধে সুফি দরবেশ মানিকশাহ সিংগাইর উপজেলার মানিকনগরে আসেন এবং খানকা প্রতিষ্ঠা করে ইসলাম ধর্ম প্রচার শুরু

করেন।কারও মতে দূর্ধষ পাঠান সর্দার মানিক ঢালীর নামানুসারে মানিকগঞ্জ নামের উৎপত্তি। আবার কারোমতে, নবাব সিরাজ উদ-দৌলার বিশাবাস ঘাতক মানিক চাঁদের প্রতি কৃতজ্ঞতা স্বরূপ তার নমানুসারে১৮৪৫ সালের মে মাসে মানিকগঞ্জ মহকুমার নামকরণ হয়। মানিকগঞ্জ মহকুমার নামকরণ সম্পর্কীতউল্লেখ্য তিনটি পৃথক স্থানীয় জনশ্রুতি এবং অনুমান নির্ভর। এর কোন ঐতিহাসিক ভিত্তি পাওয়া যায়নি,তবে মানিক শাহের নামানুসারে মানিকগঞ্জ মহকুমার নামকরণ সম্পর্কীত জনশ্রুতি এবং ঘটনা প্রবাহথেকে যে চিত্র পাওয়া যায় তাই সঠিক বলে ধরা হয়।

৯. মুন্সীগঞ্জ জেলা:

মুন্সিগঞ্জে প্রাচীন নাম ছিল ইদ্রাকপুর। মোঘল শাসনামলে এই ইদ্রাকপুর গ্রামে মুন্সী হায়দার হোসেন নামেএকজন ব্যক্তি ছিলেন। তিনি মোঘল শাসক দ্বারা ফৌজদার নিযুক্ত ছিলেন। অত্যন্ত সজ্জন ও জনহিতৈষীমুন্সী হায়দার হোসেনের নামে ইদ্রাকপুরের নাম হয় মুন্সীগঞ্জ। কারো কারো মতে জমিদার এনায়েত আলীমুন্সীর নামানুসারে মুন্সীগঞ্জে নামকরণ করা হয়।

১০. নারায়ণগঞ্জ জেলা:

১৭৬৬ সালে হিন্দু সম্প্রদায়ের নেতা বিকন লাল পান্ডে(বেণু ঠাকুর বা লক্ষীনায়ায়ণ ঠাকুর) ইস্ট ইন্ডিয়াকোম্পানির নিকট থেকে এ অঞ্চলের মালিকানা গ্রহণ করে। তিনি প্রভু নারায়ণের সেবার ব্যয়ভার বহনেরজন্য একটি উইলের মাধ্যমে শীতলক্ষা নদীর তীরে অবস্থিত মার্কেটকে দেবোত্তর সম্পত্তি হিসেবে ঘোষণাকরেন। তাই পরবর্তীকালে এ স্থানের নাম হয় নারায়ণগঞ্জ।

১১. নরসিংদী জেলা:

কথিত আছে, প্রাচীনকালে এ অঞ্চলটি নরসিংহ নামক একজন রাজার শাসনাধীন ছিল। আনুমানিক পঞ্চদশশতাব্দীর প্রথম দিকে রাজা নরসিংহ প্রাচীন ব্যক্ষপুত্র নদের পশ্চিম তীরে নরসিংহপুর নামে একটি ছোটনগর স্থাপন করেছিলেনঅ তাঁরই নামানুসারে নরসিংদী নামটি আবির্ভূত হয়। নরসিংহ নামের সাথে ‘দী’যুক্ত হয়ে নরসিংদী হয়েছে। নরসিংহদী শব্দের পরিবর্তিত রূপই “নরসিংদী”।

১২. রাজবাড়ী জেলা:

রাজা সূর্য্য কুমারের নামানুসারে রাজবাড়ীর নামকরণ করা হয়। রাজা সূর্য্য কুমারের পিতামহ প্রভুরামনবাব সিরাজ-উদ-দৌলার রাজকর্মী থাকাকালীন কোন কারণে ইংরেজদের বিরাগভাজন হলে পলাশীরযুদ্ধের পর লক্ষীকোলে এস আত্মগোপন করেন। পরে তাঁর পুত্র দ্বিগেন্দ্র প্রসাদ এ অঞ্চলে জমিদারী গড়েতোলেন। তাঁরই পুত্র রাজা সূর্য্য কুমার ১৮৮৫ সালে জনহিতকর কাজের জন্য রাজা উপাধি প্রাপ্ত হন।১৯৮৪ সালে ১মার্চ জেলা হিসেবে ঘোষণা করা হয়।

১৩. শরীয়তপুর জেলা:

বৃটিশ বিরোধী তথা ফরায়েজী আন্দোলনের অন্যতম নেতা হাজী শরীয়ত উল্লাহর নামানুসারেশরীয়তপুরের নামকরণ করা হয়। ১৯৮৪ সালে ১লা মার্চ শরীয়তপুর জেলা শুভ উদ্বোধন করেনতৎকালীন তথ্য মন্ত্রী জনাব নাজিম উদ্দিন হাসিম।

RAISUL ISLAM HRIDOY

আরো কিছু তথ্যঃ-

- কথিত আছে যে, সেন বংশের রাজা বল্লাল সেন বুড়িগঙ্গা নদীর তীরবর্তী এলাকায় ভ্রমণকালে সন্নিহিতজঙ্গলে হিন্দু দেবী দুর্গার বিগ্রহ খুঁজে পান।
- দেবী দুর্গার প্রতি শ্রদ্ধাস্বরূপ রাজা বল্লাল সেন ঐ এলাকায় একটি মন্দির প্রতিষ্ঠা করেন।
- যেহেতু দেবীর বিগ্রহ ঢাকা বা গুপ্ত অবস্থায় পাওয়া গিয়েছিল তাই রাজা মন্দিরের নাম রাখেন ঢাকেশ্বরী মন্দির।
- মন্দিরের নাম থেকেই কালক্রমে স্থানটির নাম ঢাকা হিসেবে গড়ে ওঠে।
- একসময় এ অঞ্চলে প্রচুর ঢাক গাছ (বুটি ফুডোসা) ছিল।
- এই ঢাক গাছের নাম থেকে এ অঞ্চলের নাম হয় ঢাকা।
- 'ঢাকাভাষা' নামে একটি প্রাকৃত ভাষা এখানে প্রচলিত ছিল সেই ভাষার নামে স্থানের নামকরণ হয় ঢাকা।
- রাজতরঙ্গিণী-তে ঢাক্কা শব্দটি 'পর্যবেক্ষণ কেন্দ্র' হিসেবে উল্লেখিত হয়েছে অথবা এলাহাবাদ শিলালিপিতে উল্লেখিত সমুদ্রগুপ্তের পূর্বাঞ্চলীয় রাজ্য ডবাকই হলো ঢাকা।
- মোঘল সম্রাট জাহাঙ্গীর যখন ঢাকাকে সুবা বাংলার রাজধানী হিসেবে ঘোষণাকরেন, তখন সুবাদার ইসলাম খান আনন্দের বহিঃপ্রকাশ স্বরূপ শহরে 'ঢাক' বাজানোর নির্দেশ দেন।
- এই ঢাক বাজানোর কাহিনী লোকমুখে কিংবদন্দির রূপ ধারণ করে এবং তা থেকেই এই শহরের নাম ঢাকা হয়ে যায়।
- এখানে উল্লেখ্য যে, ১৬১০ খ্রিষ্টাব্দে ইসলাম খান চিশতি সুবাহ বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তর করেন এবং সম্রাটের নামানুসারে এর নামকরণ করে জাহাঙ্গীরনগর।

RAISUL ISLAM HRIDOY

ঢাকার মেট্রোপলিটন থানাসমূহ

1. কোতোয়ালী	16. খিলগাও	31. যাত্রাবাড়ী
2. সূত্রাপুর	17. শ্যামপুর	32. উত্তরখান

3. লালবাগ	18. কাফরুল	33. দক্ষিণখান
4. ডেমরা	19. বাড্ডা	34. দারুসসালাম
5. সবুজবাগ	20. কামরাঙ্গীর চর	35. কদমতলী
6. মতিঝিল	21. হাজারীবাগ	36. রামপুরা
7. তেজগাঁও	22. বিমানবন্দর	37. কলাবাগান
8. রমনা	23. নিউমার্কেট	38. চকবাজার
9. ধানমন্ডি	24. পল্টন	39. শেরেবাংলা নগর
10. মোহাম্মদপুর	25. শাহআলী	40. গেন্ডারিয়া ও
11. উত্তরা	26. খিলক্ষেত	41. বংশাল
12. ক্যান্টনমেন্ট	27. তুরাগ	
13. মিরপুর	28. আদাবর	
14. পল্লবী	29. শাহবাগ	
15. গুলশান	30. তেজগাঁও শিল্পাঞ্চল	

ঢাকা জেলার ০৫ টি উপজেলা

০১.সাভার, ০২.ধামরাই, ০৩.কেরাণীগঞ্জ, ০৪.নবাবগঞ্জ, ০৫.দোহার

ঢাকা জেলার ৭৯ টি ইউনিয়ন

তেজগাঁও উন্নয়ন সার্কেল	ধামরাই	নবাবগঞ্জ	সাভার	কেরাণীগঞ্জ	দোহার
1. বাড্ডা	1. আমতা	1. বক্সনগর	1. সাভার সদর	1. আগানগর	1. নয়াবাড়ী
2. মাতুয়াইল	2. কুশুরা	2. বারুয়াখালী	2. ভাকুর্তা	2. কোন্ডা	2. কুসুমহাটি
3. মান্ডা	3. গাংগুটিয়া	3. কলাকোপা	3. কাউন্দিয়া	3. কলাতিয়া	3. রাইপাড়া
4. নাসিরাবাদ	4. সূতিপাড়া	4. চূড়াইন	4. বনগাঁও	4. তারানগর	4. সূতারপাড়া
5. হরিরামপুর	5. ভাড়ারিয়া	5. গালিমপুর	5. আশুলিয়া	5. শাক্তা	5. নারিশা
6. ভাটারা	6. ধামরাই সদর	6. কৈলাইল	6. তেঁতুলঝোড়া	6. কালিন্দী	6. মুকসুদপুর
7. বেড়াইদ	7. বালিয়া	7. শোলস্না	7. ইয়ারপুর	7. বাস্তা	7. মাহমুদপুর
8. দনিয়া	8. নান্নার	8. নয়নশ্রী	8. পাথালিয়া	8. রোহিতপুর	8. বিলাসপুর
9. ডুমনী	9. কুল্লা	9. জয়কৃষ্ণপুর	9. ধামসোনা	9. জিনজিরা	
10. সুলতানগঞ্জ	10. যাদবপুর	10. বাহ্রা	10. শিমুলিয়া	10. শুভ্যাঢা	
11. শ্যামপুর	11. সূয়াপুর	11. বান্দুরা	11. আমিনবাজার	11. তেঘরিয়া	
12. দক্ষিনগাও	12. সানোড়া	12. আগলা	12. বিরুলিয়া	12. হযরতপুর	
13. দক্ষিণখান	13. চৌহাট	13. শিকারীপাড়া			
14. সাতারকুল	14. বাইশাকান্দা				
15. সারুলিয়া					

RAISUL ISLAM HRIDOY

16. ডেমরা 17. উত্তরখান	15. সোমভাগ 16. রোয়াইল	14. যন্ত্রাইল			

ঢাকা জেলার ৫১ টি পোস্টাল কোড

SL.	Thana	Sub Office	Post Code
01.	Demra	Demra	1360
02.	Demra	Matuail	1362
03.	Demra	Sarulia	1361
04.	Dhaka Cantt.	Dhaka CantonmentTSO	1206
05.	Dhamrai	Dhamrai	1350
06.	Dhamrai	Kamalpur	1351
07.	Dhanmondi	Jigatala TSO	1209
08.	Gulshan	Banani TSO	1213
09.	Gulshan	Gulshan Model Town	1212
10.	Jatrabari	Dhania TSO	1232
11.	Joypara	Joypara	1330
12.	Joypara	Narisha	1332
13.	Joypara	Palamganj	1331
14.	Keraniganj	Ati	1312
15.	Keraniganj	Dhaka Jute Mills	1311
16.	Keraniganj	Kalatia	1313
17.	Keraniganj	Keraniganj	1310
18.	Khilgaon	KhilgaonTSO	1219
19.	Khilkhet	KhilkhetTSO	1229
20.	Lalbag	Posta TSO	1211
21.	Mirpur	Mirpur TSO	1216
22.	Mohammadpur	Mohammadpur Housing	1207
23.	Mohammadpur	Sangsad BhabanTSO	1225
24.	Motijheel	BangabhabanTSO	1222
25.	Motijheel	DilkushaTSO	1223
26.	Nawabganj	Agla	1323
27.	Nawabganj	Churain	1325
28.	Nawabganj	Daudpur	1322
29.	Nawabganj	Hasnabad	1321
30.	Nawabganj	Khalpar	1324
31.	Nawabganj	Nawabganj	1320
32.	New market	New Market TSO	1205
33.	Palton	Dhaka GPO	1000
34.	Ramna	Shantinagr TSO	1217

RAISUL ISLAM HRIDOY

35.	Sabujbag	Basabo TSO	1214
36.	Savar	Amin Bazar	1348
37.	Savar	Dairy Farm	1341
38.	Savar	EPZ	1349
39.	Savar	Jahangirnagar Univer	1342
40.	Savar	Kashem Cotton Mills	1346
41.	Savar	Rajphulbaria	1347
42.	Savar	Savar	1340
43.	Savar	Savar Canttonment	1344
44.	Savar	Saver P.A.T.C	1343
45.	Savar	Shimulia	1345
46.	Sutrapur	Dhaka Sadar HO	1100
47.	Sutrapur	Gendaria TSO	1204
48.	Sutrapur	Wari TSO	1203
49.	Tejgaon	Tejgaon TSO	1215
50.	Tejgaon Industrial Area	Dhaka Politechnic	1208
51.	Uttara	Uttara Model TwonTSO	1230

ঐতিহাসিক ও দর্শনীয় স্থান

☞ জাতীয় শহীদ মিনার ☞ জাতীয় স্মৃতিসৌধ ☞ জাতীয় সংসদ ভবন ☞ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ ☞ সুপ্রিম কোর্ট ভবন ☞ গণভবন ☞ বঙ্গভবন ☞ কার্জন হল ☞ আহসান মঞ্জিল ☞ সোহরার্দী উদ্যান ☞ শাজালাল আন্তর্যাতিক বিমান বন্দর ☞ কমলাপুর রেল স্টেশন ☞ রমনা পার্ক ☞ শিক্ষা অনির্বাণ ☞ ঢাকেশ্বরী মন্দির ☞ বায়তুল মোকাররম মসজিদ ☞ লালবাগ কেল্লা ☞ তারা মসজিদ ☞ পরী বিবির মাজার ☞ সাত গম্বুজ মসজিদ ☞ বিনত বিবির মসজিদ ☞ শাক্যমুনি বৌদ্ধ বিহার ☞ রামকৃষ্ণ মঠ ☞ বড় কাটরা ☞ ছোট কাটরা ☞ হাতির ঝিল ☞ আওরঙ্গবাগ দুর্গ ☞ চামেলী হাউস

চট্টগ্রাম বিভাগে মোট ১১ টি জেলা রয়েছে

১. বান্দরবান, ২. ব্রাহ্মণবাড়িয়া, ৩. চাঁদপুর, ৪. চট্টগ্রাম, ৫. কুমিল্লা, ৬. কক্সবাজার, ৭. ফেনী, ৮. খাগড়াছড়ি, ৯. লক্ষ্মীপুর, ১০. নোয়াখালী ও ১১. রাঙামাটি

১. বান্দরবন জেলা:

বান্দরবন জেলার নামকরণ নিয়ে একটি কিংবদন্তি আছে, এলাকার বাসিন্দাদের মুখে প্রচলিত রূপকথায়অত্র এলাকায় এ সময় অসংখ্য বানর বাস করত। আর এ ই বানরগুলো শহরের প্রবেশ মুখে ছড়ার পাড়েপ্রতিনিয়ত লবণ খেতে আসত। এক সময় অতি বৃষ্টির কারণে ছড়ার পানি বৃদ্ধি পেলে বানরের দল ছড়াপাড় থেকে পাহাড়ে যেতে না পারায় একে অপরকে ধরে সারিবদ্ধভাবে ছড়া পার হয়। বানরের ছড়াপারাপারের এই দর্শ্য ধেকতে পায়

RAISUL ISLAM HRIDOY

এই জনপদের মানুষ। এই সময় থেকে জায়গাটি “ম্যাঅকছি ছড়া” হিসেবেপরিচিতি লাভ করে। মার্মা ভাষায় ম্যাঅক শব্দটির অর্থ হল বানর আর ছিঃ শব্দটির অর্থ হল বাধঁ। কালেরপ্রবাহে বাংল ভাষাভাষির সাধারণ উচ্চারণে এই এলাকার নাম বান্দরবন হিসেবে পরিচিতি লাভ করে।তবে মার্মা ভাষায় বান্দরবনের প্রকৃত নাম “রদ ক্যওচি চিম্রো’।

২. ব্রাক্ষ্মণবাড়িয়া জেলা:

১৯৮৪ সালে ব্রাক্ষবাড়িয়া জেলা হিসেবে আত্মপ্রকাশ করে। তার আগে এটি কুমিল্লা জেলার একটি মহকুমাছিল। ব্রাক্ষ্মণবাড়িয়া জেলার নামকরণের সঠিক ইতিহাস খুঁজে পাইনি, আপনাদের জানা থাকলে দয়া করেজানাবেন।

৩. চাঁদপুর জেলা:

১৭৭৯ খ্রিস্টাব্দে ব্রিটিশ শাসনামলে ইংরেজ জরিপকারী মেজর জেমস রেনেল তৎকালনি বাংলার যেমানচিত্র অংকন করেছিলেন তাতে চাঁদপুর নামে এক অখ্যাত জনপদ ছিল। তখন চাঁদপুরের দক্ষিণেনরসিংহপুর নামক (বর্তমানে যা নদীগর্ভে বিলীন) স্থানে চাঁদপুরের অফিস-আদালত ছিল। পদ্মা ও মেঘনারসঙ্গমস্থল ছিল বতৃমান স্থান থেকে পাওয়া প্রায় ৬০ মাইল দক্ষিণ-পশ্চিমে। মেঘনা নদীর ভাঙ্গাগড়ার খেলায়এ এলাকা বর্তমানে বিলীন। বার ভূঁইয়াদের আমলে চাঁদপুর অঞ্চল বিক্রমপুরের জমিদার চাঁদরায়ের দখলেছিল। ঐতিহাসিক জে.এম সেনগুপ্তের মতে চাঁদরায়ের নামানুসারে এ অঞ্চলের নাম চাঁদপুর। কথিত আছেচাঁপুরের (কোড়ালিয়া) পুরিন্দপুর মহল্লার চাঁদ ফকিরের নামানুসারে এ অঞ্চলের নাম চাঁদপুর। কারো কারোমতে, শাহ আহমেদ চাঁদ নামে একজন প্রশাষক দিল্লী থেকে পঞ্চদশ শতকে এখানে এসে একটি নদী বন্দরস্থাপন করেছিলেন। তাঁর নামানুসারে চাঁদপুর। ১৮৭৮ সালে প্রথম চাঁদপুর মহকুমার সৃষ্টি হয়। ১৮৯৬সালের ১ অক্টোবর চাঁদপুর শহরকে পৌরসভা হিসেবে ঘোষণা করা হয়। ১৯৮৪ সালের ১৫ ই ফেব্রুয়ারীচাঁদপুর জেলা হিসেবে আত্মপ্রকাশ করে।

৪. চট্টগ্রাম জেলা:

চট্টগ্রামের প্রায় ৪৮ টি নামের খোঁজ পাওয়া যায়। এর মধ্যে রম্যভূমি, চাটিগাঁ, চাতগাও, রোসাং, চিতাগঞ্জ,জাটিগ্রাম ইত্যাদি। চট্টগ্রাম নামের উৎপত্তি নিয়ে বিশেষজ্ঞদের মধ্যে মতপার্থক্য আছে, পন্ডিত বার্নোলিরমতে, আরবি ‘শ্যাত (খন্ড) অর্থ বদ্বীপ, গাঙ্গ অর্থ গঙ্গা নদী থেকে চট্টগ্রাম নামের উৎপত্তি। অপর এক মতেত্রয়োদশ শতকে এ অঞ্চলে ইসলাম প্রচার করতে এসেছিলেন বার জন আউলিয়া। তাঁরা একটি বড় বাতি বাচেরাগ জ্বালিয়ে উঁচু জায়গায় স্থাপন করেছিলেন। চট্টগ্রামের আঞ্চলিক ভাষায় ‘চাটি’ অর্থ বাতি বা চেরাগএবং গাঁও অর্থ গ্রাম। এ থেকে নাম হয় ”চাটিগাঁও”। এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা স্যার উইলিয়ামজোন্সের মতে, এ এলাকার একটি ক্ষুদ্র পাখির নাম থেকে চট্টগ্রাম নামের উৎপত্তি। ১৬৬৬ খ্রিস্টাব্দে চট্টগ্রামমোঘল সম্রাজের অংশ হয়। আরাকানদের পরাজিত করে মোঘল এর নাম রাখেন ইসলামাবাদ। ১৭৬০খ্রিস্টাব্দে মীর কাশিম আলী খান ইসলামাবাদকে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাছে হস্তান্তর করেন। পরেকোম্পানি এর নাম রাখেন চিটাগাং।

৫. কুমিল্লা জেলা:

প্রাচীনকালে এটি সমতট জনপদের অন্তর্গত ছিল এবং পরবর্তীতে এটি ত্রিপুরা রাজ্যের অংশ হয়। কুমিল্লানামকরণের অনেকগুলো প্রচলিত লোককথা আছে, যার মধ্যে উল্লেখ্যযোগ্য চৈনিক পরিব্রাজক ওয়াংচোয়াং

RAISUL ISLAM HRIDOY

কর্তৃক সমতট রাজ্য পরিভ্রমণের বৃত্তান্ত। তাঁর বর্ণনায় কিয়া-মল-ঙ্কিয়া (করধসড়ষড়হশরধ) নামকস্থানের বর্ণনা রয়েছে তা থেকে কমলাঙ্ক বা কুমিল্লার নামকরণ হয়েছে। ১৯৮৪ সালে কুমিল্লা জেলা হিসেবেআত্মপ্রকাশ করে।

৬. কক্সবাজার জেলা:

আরব ব্যবসয়ী ও ধর্ম প্রচারকগণ ৮ম শতকে চট্টগ্রাম ও আকিব বন্দরে আগমন করেন। এই দুই বন্দরেরমধ্যবর্তী হওয়ায় কক্সবাজার এলাকা আরবদের ঘনিষ্ঠ সংস্পর্শে আসে। নবম শতাব্দীতে কক্সবাজার সহবৃহত্তর চট্টগ্রাম হরিকেলার রাজা কান্তিদেব দ্বারা শাসিত হয়। ৯৩০ খ্রিস্টাব্দে আরাকান রাজা সুলাত ইঙ্গচট্টগ্রাম দখল করে নেবার পর থেকে কক্সবাজার আরাকান রাজ্যের অংশ হয়। ১৭৮৪ সালে রার্মারাজবোধাপায়া আরাকান দখল করে নেয়। ১৭৯৯ সালে বার্মারাজের হাত থেকে বাঁচার জন্য প্রায় ১৩ হাজারআরাকনি কক্সবাজার থেকে পালিয়ে যায়। এদের পূনর্বাসন করার জন্য ইস্ট ইন্ডিয়া কোম্পানি একজনহিরাম কক্সকে নিয়োগ করে। পূনর্বাসন প্রক্রিয়া শেষ হবার পূর্বেই হিরাম কক্স মৃত্যু বরণ করেন। পূনর্বাসনপ্রক্রিয়ায় তাঁর অবদানের জন্য কক্স-বাজার নামক একটি বাজার প্রতিষ্ঠিত হয়েছিল। এই কক্স-বাজারথেকে কক্সবাজার নামের উৎপত্তি।

৭. ফেনী জেলা:

ফেনী নদীর নাম অনুসারে এ অঞ্চলের নাম রাখা হয় ফেনী। মধ্যযুগে কবি ও সাহিত্যিকদের কবিতা ওসাহিত্যে একটি বিশেষ নদীর স্রোদধা ও ফেনী পরাপারের ঘাট হিসেবে আমরা ফনী শব্দটি পাই। ষোড়শশতাব্দীতে কবি কবীন্দ্র পরমেশ্বর পরাগলপুরের বর্ণনায় লিখেছেন, ‘ফনী নদীতে বেষ্টিত চারিধার, পূর্বেমহাগিরি পার পাই তার’। সতের শতকে মির্জা নাথানের ফার্সী ভাষায় রচিত ‘বাহরিস্থান-ই-গায়েরীতে’ফনী শব্দ ফেনীতে পরিণত হয়।

আটারো শতকের ষেষ ভাগে কবি আলী রেজা প্রকাশ কানু ফকির তাঁরপীরের বসতি হাজীগাঁওয়ের অবস্থান সম্পর্কে বর্ণনা দিতে গিয়ে লিখেছেন, 'ফেনীর দক্ষিণে এক বর উপাম,হাজীগাঁও করিছিল সেই দেশের নাম'। মোহাম্মদ মুকিম তাঁর পৈতৃক বসতির বর্ণনাকালে বলেছেন,"ফেনীরপশ্চিম ভাগে জুগিদিয়া দেশ। বলাবাহুল্য তাঁরাও নদী অর্থে ফেনী শব্দ ব্যবহার করেছেন। মুসলমানকবি-সাহিত্যিকদের ভাষায় আদি শব্দ 'ফনী' ফেনীতে পরিণত হয়েছে।

৮. খাগড়াছড়ি জেলা:

খাগড়াছড়ি একটি নদীর নাম। নদীর পাড়ে খাগড়া বন থাকায় খাগড়াছড়ি নামে পরিচিতি লাভ করে।

৯. লক্ষীপুর জেলা:

১৯৮৪ সালে লক্ষ্মীপুর একটি পূর্নাঙ্গ জেলা হিসেবে প্রতিষ্ঠিত হয়। এ জেলার অধীনে ৫ টি উপজেলা, ৩ টিপৌরসভা, ৫৫টি মহল্লা, ৪৭ টি ইউনিয়ন পরিষদ, ৪৪৫টি মৌযা এবং ৫৩৬ টি গ্রাম আছে। তবে লক্ষীপুরজেলার নামকরণের সঠিক ইতিহাস খুঁজে পাওয়া যায়নি।

১০. নোয়াখালী জেলা:

নোয়াখালী জেলা প্রচীন নাম ছিল ভুলুয়া। নোয়াখালী সদর থানার আদি নাম ছিল সুধারাম।ইতিহাসবিদদের মতে, একবার ত্রিপুরার পাহাড় থেকে প্রবাহিত ডাকাতিয়া নদীর পানিতে ভুলুয়ার উত্তর-পূর্বাঞ্চল ভয়াবহভঅবে প্লাবিত হয়ে ফসলি জমির ব্যপক ক্ষয়ক্ষতি করে।এ অবস্থা থেকে পরিত্রাণের উপায়হিসেবে ১৬৬০ সালে একটি বিশাল খাল খনন করা হয়, যা পানি প্রবাহকে ডাকাতিয়া নদী হতে রামগঞ্জ,সোইমুড়ী ও চৌমুহনী হয়ে মেঘনা এবং ফেনী নদীর দিকে প্রবাহিত করে। এই বিশাল খালকে নোয়াখালীরভাষায় 'নোয়া (নুতুন) খাল' বলা হত এর ফলে 'ভুলুয়া' নামটি পরিবর্তিত হয়ে ১৬৬৮ সালে নোয়াখালীনামে পরিচিতি লাভ করে।

১১. রাঙ্গামাটি জেলা:

রাঙামাটি জেলা নামকরণ সম্পর্কে বিলু কবীরের লেখা 'বাংলাদেশ জেলা : নামকরণের ইতিহাস' বই থেকেজানা যায় তা হলো- এই এলাকায় পর্বতরাজি গঠিত হয়েছিল টারশিয়রি যুগে। এই যুগের মাটির প্রধানব্যতিক্রম এবং বৈশিষ্ট্য হচ্ছে এর রঙ লালচে বা রাঙা। এই এলাকার গিরিমৃত্তিকা লাল এবং মাটিও রাঙাবলেই এই জনপদের নাম হয়েছে রাঙামাটি। প্রকৃতি সূচক এই নামকরণটির বিষয়ে অন্য প্রচলিতকথাপরম্পরা হলো- বর্তমান রাঙামাটি জেলা সদরের পূর্বদিকে একটি ছড়া ছিল, যা এখন হ্রদের মধ্যেনিমজ্জিত। এই হ্রদের স্বচ্ছ পানি যখন লাল বা রাঙামাটির উপর দিয়ে ঢাল বেয়ে প্রপাত ঘটাতো, তখনতাকে লাল দেখাতো। তাই এই ছড়ার নাম হয়েছিল 'রাঙামাটি'। এই জেলা সদরের পশ্চিমে আরও একটিছাড়া ছিল। অনুরূপ কারণে তার নাম দেয়া হয়েছিল 'রাঙাপানি'। এই দুই রাঙা ছড়ার মোহনার বাঁকেইগড়ে উঠেছে বর্তমান জেলা শহর। যা মূলত ছিল অনাবাদী টিলার সমষ্টি এবং বহু উপত্যকার একনয়নাভিরাম বিস্ময়ভূমি। এই দুটি ছড়া রাঙামাটি ও রাঙাপানি হতে 'রাঙামাটি' জেলার নামকরণ হয়েছেবলে ধারণা করা হয়। ১৯৮৩ সালে রাঙামাটি পার্বত্য জেলা গঠন করা হয়।

RAISUL ISLAM HRIDOY

চট্টগ্রামের জেলার ১২টি মেট্রোপলিটন পুলিশ থানা

০১. কোতোয়ালি ০২. চন্দগাঁও ০৩. বন্দর ০৪. ডবলমুরিং ০৫. বায়েজিদ বোস্তামি ০৬. বাকলিয়া ০৭. খুলশী ০৮. হালিশহর ০৯. পতেঙ্গা ১০. কর্ণফুলী ১১. পাহাড়তলী ১২. পাঁচলাইশ

চট্টগ্রামের জেলার ১৭টি উপজেলা

প্রকল্প প্রস্তুতির সাথে যুক্ত কিছু লোকের দুর্নীতির অভিযোগ উঠায় বিশ্বব্যাংক তার প্রতিশ্রুতি প্রত্যাহার করে নেয় এবং অন্যান্য দাতারা সেটি অনুসরণ করে। যাইহোক, দুর্নীতি অভিযোগ পরবর্তীতে মিথ্যা প্রমাণিত হয় এবং কোন প্রমাণ না পাওয়ায় কানাডিয়ান আদালত পরবর্তীতে মামলাটি বাতিল করে দেয়। বর্তমানে প্রকল্পটি বাংলাদেশ সরকারের নিজস্ব সম্পদ থেকে অর্থায়ন করা হচ্ছে।[৫] AECOM এর ডিজাইনে পদ্মা নদীর উপর বহুমুখী আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্প 'পদ্মা বহুমুখী সেতুর' নির্মাণকাজ শুরু হওয়ার কথা ছিল ২০১১ সালে এবং শেষ হওয়ার কথা ছিল ২০১৩ সালে। মূল প্রকল্পের পরিকল্পনা করেন সাবেক তত্ত্বাবধায়ক সরকার ২০০৭ সালের ২৮ আগস্ট ১০ হাজার ১৬১ কোটি টাকার বহুল আলোচিত পদ্মা সেতু প্রকল্প পাস করেছিল। পরে আওয়ামী লীগ সরকার এসে রেলপথ সংযুক্ত করে ২০১১ সালের ১১ জানুয়ারি প্রথম দফায় সেতুর ব্যয় সংশোধন করে। তখন এর ব্যয় ধরা হয়েছিল ২০ হাজার ৫০৭ কোটি টাকা। পদ্মা সেতুর ব্যয় আরও আট হাজার কোটি টাকা বাড়ানো হয়। ফলে পদ্মা সেতুর ব্যয় দাঁড়িয়েছে সব মিলিয়ে ২৮ হাজার ৭৯৩ কোটি টাকা ।

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বাসেক) ২০১০ সালের এপ্রিলে প্রকল্পের জন্য প্রাক যোগ্যতা দরপত্র আহবান করে। ২০১১ সালের শুরুর দিকে সেতুর নির্মাণ কাজ আরম্ভ হওয়ার কথা ছিল এবং ২০১৩ সালের মধ্যে প্রধান কাজগুলো শেষ হবে (সকল কাজ ২০১৫ সালের শেষ নাগাদ সম্পন্ন হবে)। প্রস্তাবিত পদ্মা বহুমুখী সেতু প্রকল্প মাওয়া-জাজিরা পয়েন্ট দিয়ে নির্দিষ্ট পথের মাধ্যমে দেশের কেন্দ্রের সাথে দক্ষিণ-পশ্চিম অংশের সরাসরি সংযোগ তৈরি করবে। এই সেতুটি অপেক্ষাকৃত অনুন্নত অঞ্চলের সামাজিক, অর্থনৈতিক ও শিল্প বিকাশে উল্লেখযোগ্যভাবে অবদান রাখবে। প্রকল্পটির ফলে প্রত্যক্ষভাবে প্রায় ৪৪,০০০ বর্গ কিঃমিঃ (১৭,০০০ বর্গ মাইল) বা বাংলাদেশের মোট এলাকার ২৯% অঞ্চলজুড়ে ৩ কোটিরও অধিক জনগণ প্রত্যক্ষভাবে উপকৃত হবে। ফলে প্রকল্পটি দেশের পরিবহন

RAISUL ISLAM HRIDOY

নেটওয়ার্ক এবং আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নের জন্য খুব গুরুত্বপূর্ণ অবকাঠামো হিসাবে বিবেচিত হচ্ছে। সেতুটিতে ভবিষ্যতে রেল, গ্যাস, বৈদ্যুতিক লাইন এবং ফাইবার অপটিক কেবল সম্প্রসারণের ব্যবস্থা রয়েছে।

এই সেতুটি নির্মিত হলে দেশের জিডিপি ১.২ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পাবে।

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১

ফ্যালকন ৯ রকেট দিয়ে বঙ্গবন্ধু -১ উৎক্ষেপণ

অভিযানের ধরণ	যোগাযোগ এবং সম্প্রচার স্যাটেলাইট
অপারেটর	বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানী লিমিটেড

RAISUL HRIDOY

ওয়েবসাইট	বঙ্গবন্ধু স্যাটেলাইট প্রকল্প, বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানী লিমিটেড, BCSCL
অভিযানের সময়কাল	১৫ বছর
মহাকাশযানের বৈশিষ্ট্য	
বাস	স্পেসবাস ৪০০০বি২
প্রস্তুতকারক	থেলিস অ্যালেনিয়া স্পেস
লঞ্চ ভর	~৩,৭০০ কিলোগ্রাম (৮,২০০ পাউন্ড)
ক্ষমতা	৬kW
মিশন শুরু	
উৎক্ষেপণ তারিখ	১১ মে ২০১৮, ২০:১৪ ইউটিসি(ভোর ০২:১৪ বিএসটি)[১]
উৎক্ষেপণ রকেট	ফ্যালকন ৯ ব্লক ৫[২]
উৎক্ষেপণ স্থান	কেনেডি স্পেস সেন্টার লঞ্চ কমপ্লেক্স ৩৯এ
কন্ট্রাক্টর	স্পেস এক্স
কক্ষপথের পরামিতি	
আমল	জিও
দ্রাঘিমাংশ	১১৯.০৯° পূর্ব

RAISUL ISLAM HRIDOY

উৎকেন্দ্রিকতা	০.০০০১
Perigee	৩৫৭৮৯.৩ কিমি
Apogee	৩৫৭৯৮.৫ কিমি
সময়কাল	১,৪৩৬.১ মিনিট
বেগ	৩.০৭ কিমি/সে.
ইপোক	৬ই জুন ২০১৮
ট্রান্সপন্ডার	
ব্যান্ড	১৪ সি ব্যান্ড, ২৬ কু ব্যান্ড

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের প্রথম ভূস্থির যোগাযোগ ও সম্প্রচার উপগ্রহ। এটি ১১ মে ২০১৮ কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়। এর মধ্য দিয়ে ৫৭ তম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় যোগ হয় বাংলাদেশ। এই প্রকল্পটি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক বাস্তবায়িত হয় এবং এটি ফ্যালকন ৯ ব্লক ৫ রকেটের প্রথম পেলোড উৎক্ষেপণ ছিল।

২০০৮ সালে বাংলাদেশে টেলিযোগাযোগ খাতের নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসি কৃত্রিম উপগ্রহ নির্মাণ বিষয়ে একটি কমিটি গঠন করে। এরপর ২০০৯ সালে জাতীয় তথ্যপ্রযুক্তি নীতিমালায় রাষ্ট্রীয় কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণের বিষয়টি যুক্ত করা হয়। বাংলাদেশের নিজস্ব কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণের জন্য আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিটের (আইটিইউ) কাছে ইলেক্ট্রনিক আবেদন করে বাংলাদেশ। কৃত্রিম উপগ্রহ ব্যবস্থার নকশা তৈরির জন্য ২০১২ সালের মার্চে প্রকল্পের মূল পরামর্শক হিসেবে যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান ‘স্পেস পার্টনারশিপ ইন্টারন্যাশনাল’ কে নিয়োগ দেওয়া হয়। স্যাটেলাইট সিস্টেম কিনতে ফ্রান্সের কোম্পানি থ্যালাস অ্যালেনিয়া স্পেসের সঙ্গে এক হাজার ৯৫১ কোটি ৭৫ লাখ ৩৪ হাজার টাকার চুক্তি করে বিটিআরসি। ২০১৫ সালে বিটিআরসি রাশিয়ার উপগ্রহ কোম্পানি ইন্টারস্পুটনিকের কাছ থেকে কক্ষপথ (অরবিটাল স্লট) কেনার আনুষ্ঠানিক চুক্তি করে।

RAISUL ISLAM HRIDOY

২০১৭ সালে কৃত্রিম উপগ্রহের সার্বিক ব্যবস্থাপনার জন্য 'বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানী লিমিটেড' নামে একটি সংস্থা গঠন করা হয়। এই সংস্থার প্রাথমিক মূলধন হিসেবে অনুমোদন দেওয়া হয় পাঁচ হাজার কোটি টাকা।

নির্মাণ ব্যয়

কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণের মাধ্যমে বাংলাদেশে সম্প্রচার ও টেলিযোগাযোগ সেবা পরিচালনার জন্য ২০১৪ সালের সেপ্টেম্বর মাসে একনেক সভায় দুই হাজার ৯৬৮ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়। এর মধ্যে বাংলাদেশ সরকারের নিজস্ব তহবিল থেকে বরাদ্দ দেওয়া হয় এক হাজার ৩১৫ কোটি ৫১ লাখ টাকা, যা মোট ব্যয়ের প্রায় ৪৪ শতাংশ। এ ছাড়া 'বিডার্স ফাইন্যান্সিং' এর মাধ্যমে এ প্রকল্পের জন্য এক হাজার ৬৫২ কোটি ৪৪ লাখ টাকা সংগ্রহের পরিকল্পনা নেওয়া হয়। ২০১৬ সালের সেপ্টেম্বরে হংকং সাংহাই ব্যাংকিং করপোরেশনের (এইচএসবিসি) সাথে সরকারের প্রায় একহাজার ৪০০ কোটি টাকার ঋণচুক্তি হয়। এক দশমিক ৫১ শতাংশ হার সুদসহ ১২ বছরে ২০ কিস্তিতে এই অর্থ পরিশোধ করতে হবে।

২০১৪ সালের ডিসেম্বর মাসে রাশিয়ার সংস্থা ইন্টারস্পুটনিকের কাছ থেকে অরবিটাল স্লট অনুমোদন দেওয়া হয়। এর অর্থমূল্য ২১৮ কোটি ৯৬ লাখ টাকা।

বঙ্গবন্ধু-১ কৃত্রিম উপগ্রহটি ১১৯.১° ডিগ্রী পূর্ব দ্রাঘিমার ভূস্থির স্লটে স্থাপিত হবে। এটিকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নামকরণ করা হয়েছে। ফ্রান্সের থ্যালিস অ্যালেনিয়া স্পেস কর্তৃক নকশা ও তৈরি করা হয়েছে এবং এটি যুক্তরাষ্ট্রের ব্যক্তিমালিকানাধীন মহাকাশযান সংস্থা স্পেস এক্স থেকে উৎক্ষেপণ করা হয়েছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ১৬০০ মেগাহার্টজ ক্ষমতাসম্পন্ন মোট ৪০টি কে-ইউ এবং সি-ব্যান্ড ট্রান্সপন্ডার বহন করবে এবং এটির আয়ু ১৫ বছর হওয়ার কথা ধরা হয়েছে। স্যাটেলাইটের বাইরের অংশে বাংলাদেশের লাল-সবুজ পতাকার রঙের নকশার ওপর ইংরেজিতে লেখা রয়েছে বাংলাদেশ ও বঙ্গবন্ধু ১। বাংলাদেশ সরকারের একটি মনোগ্রামও সেখানে রয়েছে।

বিএস-১ উপগ্রহটি ২৬টি কে-ইউ ব্যান্ড এবং ১৪টি সি ব্যান্ড ট্রান্সপন্ডার সজ্জিত হয়েছে ১১৯.১ ডিগ্রি পূর্ব দ্রাঘিমার কক্ষপথের অবস্থান থেকে। কে-ইউ ব্যান্ডের আওতায় রয়েছে বাংলাদেশ, বঙ্গোপসাগরে তার জলসীমাসহ ভারত, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা, ফিলিপাইন ও ইন্দোনেশিয়া অঞ্চল। সি ব্যান্ডেরও আওতায় রয়েছে এই সমুদয় অঞ্চল।

উৎক্ষেপণ

স্পেসএক্স ফ্যালকন ৯ উৎক্ষেপণ যানে করে ১১ মে ২০১৮ সফলভাবে বঙ্গবন্ধু-১ কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ করা হয়। এটি ফ্যালকন ৯ রকেটির নতুন ব্লক ৫ মডেল ব্যবহার করে প্রথম পেলোড উৎক্ষেপণ ছিল।

RAISUL ISLAM HRIDOY

বঙ্গবন্ধু-১ কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণের জন্য ২০১৭ সালের ১৬ ডিসেম্বর তারিখ ঠিক করা হয়, তবে হারিকেন ইরমার কারণে ফ্লোরিডায় ব্যাপক ক্ষয়ক্ষতি হলে তা পিছিয়ে যায়। ২০১৮ সালেও কয়েক দফা উৎক্ষেপণের তারিখ পিছিয়ে যায় আবহাওয়ার কারণে।

চূড়ান্ত পর্যায়ে উৎক্ষেপণ প্রস্তুতির অংশ হিসেবে ৪ মে ২০১৮ তারিখে ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টারে দুই পর্যায়ের এই রকেটের স্ট্যাটিক ফায়ার টেস্ট সম্পন্ন হয়। কৃত্রিম উপগ্রহটি ১০ মে ২০১৮ তারিখে উৎক্ষেপণের তারিখ ঠিক করা হয়; কিন্তু ১০ মে উৎক্ষেপণের সময় t-৫৮ সেকেন্ডে এসে তা বাতিল করা হয়। শেষ মিনিটে কিছু কারিগরি সমস্যার কারণে উৎক্ষেপণ স্থগিত করা হয়। অবশেষে এটি ১১ মে উৎক্ষেপণ করা হয়।

কৃত্রিম উপগ্রহটি উৎক্ষেপণ করার পর, বাংলাদেশ ১২ মে ২০১৮ তারিখে এটি থেকে পরীক্ষামূলক সংকেত পেতে শুরু করে।

সুবিধা

বঙ্গবন্ধু ১ স্যাটেলাইট থেকে ৩ ধরনের সুবিধা পাওয়া যাবে।

- টিভি চ্যানেলগুলো তাদের সম্প্রচার কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য স্যাটেলাইট ভাড়া করে। এক্ষেত্রে বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট চ্যানেলের সক্ষমতা বিক্রি করে বৈদেশিক মুদ্রা আয় হবে। আবার দেশের টিভি চ্যানেলগুলো যদি এই স্যাটেলাইটের সক্ষমতা কেনে তবে দেশের টাকা দেশেই থাকবে। এর মাধ্যমে ডিটিএইচ বা ডিরেক্ট টু হোম ডিশ সার্ভিস চালু সম্ভব।
- বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটের ৪০টি ট্রান্সপন্ডারের মোট ফ্রিকোয়েন্সি ক্ষমতা হলো ১ হাজার ৬০০ মেগাহার্টজ। এর ব্যান্ডউইডথ ও ফ্রিকোয়েন্সি ব্যবহার করে ইন্টারনেটবঞ্চিত অঞ্চল যেমন পার্বত্য ও হাওড় এলাকায় ইন্টারনেট সুবিধা দেয়া সম্ভব। প্রত্যন্ত অঞ্চলে ইন্টারনেট ও ব্যাংকিং সেবা, টেলিমেডিসিন ও দূরনিয়ন্ত্রিত শিক্ষাব্যবস্থা প্রসারেও ব্যবহার করা যাবে বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট।
- বড় প্রাকৃতিক দুর্যোগের সময় মোবাইল নেটওয়ার্ক অচল হয়ে পড়ে। তখন এর মাধ্যমে দুর্গত এলাকায় যোগাযোগব্যবস্থা চালু রাখা সম্ভব হবে।

বাংলাদেশের দিবসসমূহ

শুধুমাত্র বাংলাদেশের নিজস্ব দিবসগুলোকে "বাংলাদেশের দিবস" বলা হচ্ছে। এই দিবসগুলো শ্রেফ বাংলাদেশেই পালিত হয়। অবশ্য, বিশ্বের বিভিন্ন দেশে অবস্থানরত প্রবাসি বাঙালিরাও এই দিবসগুলো সীমিতাকারে পালন করে থাকেন।

RAISUL ISLAM HRIDOY

জানুয়ারি

- **বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস* : ১০ জানুয়ারি**
    - বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালীন নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন দীর্ঘ ১০ মাস কারাভোগের পর ১৯৭২ খ্রিস্টাব্দের এই দিনে স্বদেশে (বাংলাদেশের ভুখন্ডে) ফিরে আসেন, তারই উপলক্ষে এই দিবসটি পালিত হয়।
- **জাতীয় শিক্ষক দিবস : ১৯ জানুয়ারি**
- **শহীদ আসাদ দিবস : ২০ জানুয়ারি**
    - ১৯৬৯ খ্রিস্টাব্দের এই দিনে আমানুল্লাহ আসাদুজ্জামান নামের একজন ছাত্রনেতা তৎকালীন পূর্ব পাকিস্তানের (বর্তমান বাংলাদেশ) শাসক আইয়ুবশাহীর পতনের দাবীতে মিছিল করার সময় পুলিশের গুলিতে নিহত হন। তিনি ১৯৬৯ সালের বাঙালির গণ-আন্দোলনে তৎকালীন পূর্ব-পাকিস্তানের তিন শহীদদের একজন, অন্য দু'জন হচ্ছেন- শহীদ রুস্তম ও শহীদ মতিউর।
- **গণঅভ্যুত্থান দিবস : ২৪ জানুয়ারি**
    - ১৯৬৯ খ্রিস্টাব্দের এই দিনে তৎকালীন পাকিস্তানী শাসকদের বিরুদ্ধে পূর্ব পাকিস্তানের ছাত্র-জনতা প্রতিরোধ গড়ে তোলে, মিছিল বের করে। মিছিলে পুলিশের গুলিবর্ষণে নিহত হন নবম শ্রেণীর ছাত্র মতিউর রহমান। সেই গণঅভ্যুত্থানের স্মরণে এই দিনটি পালিত হয়।
- **কম্পিউটারে বাংলা প্রচলন দিবস : ২৫ জানুয়ারি**
    - প্রবাসী প্রকৌশলী সাইফুদ্দাহার শহীদ ১৯৮৫ খ্রিস্টাব্দে অ্যাপলের ম্যাকিন্টোশ কম্পিউটারে এদিন প্রথম বাংলা লিখন চালু করেন।
- **সলঙ্গা দিবস : ২৭ জানুয়ারি**

ফেব্রুয়ারি

- প্রতি বছর ৫ ফেব্রুয়ারি পালিত বাংলাদেশের জাতীয় গ্রন্থাগার দিবসের একটি পোস্টার। স্থান: জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।

- **জাতীয় গ্রন্থাগার দিবস : ০৫ ফেব্রুয়ারি**
- সড়ক হত্যা দিবস: ১১ই ফেব্রুয়ারি
- **সুন্দরবন দিবস : ১৪ ফেব্রুয়ারি**

RAISUL ISLAM HRIDOY

- ২০০১ খ্রিস্টাব্দের এই দিনে বাংলাদেশ পরিবেশ আন্দোলনের আওতায় খুলনা বিশ্ববিদ্যালয়সহ ৭০টি পরিবেশবাদী সংগঠনের অংশগ্রহণে অনুষ্ঠিত প্রথম জাতীয় সুন্দরবন সম্মেলনে দিবসটিকে সুন্দরবন দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

- **শহীদ দিবস : ২১ ফেব্রুয়ারি**
- **জাতীয় ডায়াবেটিস সচেতনতা দিবস : ২৮ ফেব্রুয়ারি**

  - ১৯৫৬ খ্রিস্টাব্দের এই দিনে ড. মো. ইব্রাহিমের উদ্যোগে বাংলাদেশ ডায়াবেটিক সমিতি প্রতিষ্ঠিত হয়। তাই এই দিনটিকে ডায়াবেটিস সচেতনতা তৈরিতে উপজীব্য করা হয়। এছাড়াও প্রতি বছরই ১৪ নভেম্বর বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত হয়।

মার্চ

- **জাতীয় বিমা দিবস : ১ মার্চ**
- **জাতীয় ভোটার দিবস : ২ মার্চ**
- **জাতীয় পতাকা দিবস : ২ মার্চ**
- জাতীয় পাট দিবস : ৬ মার্চ
- জাতীয় নারী দিবস: ৮ মার্চ
- **শিশু দিবস* : ১৭ মার্চ**

  - বাংলাদেশ আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকারের সিদ্ধান্তে জাতীয় নেতা শেখ মুজিবুর রহমানের জন্ম তারিখে শিশু দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয় ২০১১ খ্রিস্টাব্দ থেকে।

- **পতাকা উত্তোলন দিবস* : ২৩ মার্চ**

  - ১৯৭১ খ্রিস্টাব্দের এই দিনে পল্টন ময়দানে শেখ মুজিবুর রহমানের উপস্থিতিতে ছাত্র সংগ্রাম পরিষদ স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলন করে। এই দিবসটি বাংলাদেশের স্বাধীনতার চেতনাস্বরূপ পালিত হয়।

- **স্বাধীনতা দিবস : ২৬ মার্চ**

  - ১৯৭১ খ্রিস্টাব্দের এই দিনে পাকিস্তানী শাসকদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য আনুষ্ঠানিকভাবে বাঙালিদের প্রতি আহ্বান জানানো হয়, যা 'স্বাধীনতার ঘোষণা' হিসেবে সমধিক পরিচিত। ঐ দিন বেশ কয়েকবার সম্প্রচার মাধ্যমগুলোতে এই ঘোষণা প্রচারিত হয় এবং বাংলাদেশের (তৎকালীন পূর্ব পাকিস্তান)

RAISUL ISLAM HRIDOY

আনুষ্ঠানিকভাবে যুদ্ধে যোগদান করে। এই যুদ্ধ ঐ বছরই ১৬ ডিসেম্বর সমাপ্ত হয় এবং পূর্ব পাকিস্তান স্বাধীনতা লাভ করে ও বাংলাদেশ নামক নতুন একটি দেশ আত্মপ্রকাশ করে। এর পর থেকে প্রতি বছর মার্চ মাসের এই দিনটিকে 'স্বাধীনতা ঘোষণার দিবস' বা 'স্বাধীনতা দিবস' হিসেবে পালিত হয়ে আসছে।

- **জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস : ৩১ মার্চ**
    - ১৯৯৮ খ্রিস্টাব্দ থেকে প্রতিবছর বাংলাদেশে, দুর্যোগ মোকাবিলা করার প্রস্তুতিস্বরূপ এই দিবসটি পালিত হয়ে আসছে।

এপ্রিল

- **জাতীয় প্রতিবন্ধী দিবস : ২ এপ্রিল**
- **পহেলা বৈশাখ বা বাংলা নববর্ষ : ১৪ এপ্রিল**
    - বাংলা বর্ষপঞ্জি অনুযায়ী বর্ষশুরু দিবস হিসেবে উদযাপিত হয়ে থাকে।
- **মুজিবনগর দিবস* : ১৭ এপ্রিল**
    - ১৯৭১ খ্রিস্টাব্দের এই দিনে কুষ্টিয়া জেলার (বর্তমান মেহেরপুর জেলা) বৈদ্যনাথতলায় তৎকালীন পূর্ব পাকিস্তানের বিপ্লবী সরকার শপথ গ্রহণ করেছিলো।
- **জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবস : ২৮ এপ্রিল**

মে

- **মহান মে দিবস** : ১ মে বিশ্ব শ্রমিক দিবস।
- **ফারাক্কা লংমার্চ দিবস** বা **ফারাক্কা দিবস : ১৬ মে**
    - ফারাক্কা বাঁধের কারণে বাধাপ্রাপ্ত জলপ্রবাহের নিমিত্তে বাংলার মজলুম জননেতা মাওলানা আবদুল হামিদ খান ভাসানীর ডাকে লাখো মানুষ ভারত থেকে বাংলাদেশে প্রবাহিত গঙ্গার পানির ন্যায্য হিস্যা আদায়ের সংগ্রামে ফারাক্কা অভিমুখে মিছিলে অংশ নিয়েছিলো। সেই দাবিকে বারে বারে উত্থাপনের লক্ষ্যেই প্রতি বছর দিবসটি পালিত হয়।
- **জাতীয় নৌ নিরাপত্তা দিবস : ২৩ মে**

RAISUL ISLAM HRIDOY

- ২০০৪ সালের ২৩ মে বাংলাদেশের চাঁদপুরের কাছে মেঘনা নদীতে ডুবে যায় ফিটনেসবিহীন লঞ্চ এমভি লাইটিং সান। মাদারীপুর থেকে ছেড়ে আসা লঞ্চটিতে চার শতাধিক যাত্রী ছিলেন যার অধিকাংশের প্রাণহানির ঘটনা ঘটে। দুর্ঘটনার চার দিন পর শেষ উদ্ধারকৃত লাশটি ছিল সুমন শামসের মায়ের। এই ঘটনার পর থেকেই শুরু হয় নিরাপদ নৌ চলাচলের নিশ্চয়তার দাবীতে এবং নদ-নদী দখল-দূষণ রোধে সামাজিক সংগঠন নোঙর - এর কার্যক্রম। নোঙর গত ১২ বছরেরও বেশি সময় ধরে বহুবিধ কর্মসূচীর মাধ্যমে দিবসটি পালন করছে। নৌ নিরাপত্তা বিষয়ে দেশব্যাপী জনসচেতনতা গড়ে তুলতে সমাজের সকল শ্রেণীর অংশগ্রহণে চলছে নানান কর্মকাণ্ড। গত ২৩ মে ২০১৬ বাংলাদেশের তথ্য মন্ত্রী হাসানুল হক ইনুর উপস্থিতিতে নৌ নিরাপত্তা বিষয়ক একটি ভাসমান সেমিনারে ২৩ মে জাতীয় নৌ নিরাপত্তা দিবস ঘোষণার দাবী তোলেন নোঙর সভাপতি সুমন শামস, তাৎক্ষণিকভাবে বিষয়টি নৌ পরিবহন মন্ত্রী শাজাহান খান-কে জানানো হলে তিনি এবং উপস্থিত সবাই এই বিষয়ে একাত্মতা প্রকাশ করেন।

- বাংলাদেশের বিদ্রোহী কবি **কাজী নজরুল ইসলাম-এর জন্মবার্ষিকী : ২৫ মে**
- **নিরাপদ মাতৃত্ব দিবস : ২৮ মে**

জুন

- **ছয় দফা দিবস* : ৭ জুন**

  - তৎকালীন পশ্চিম পাকিস্তানীদের শোষণ থেকে মুক্তির লক্ষ্যে শেখ মুজিবুর রহমানের দেয়া ৬ দফা বাস্তবায়নের লক্ষ্যে ১৯৬৬ খ্রিস্টাব্দের এই তারিখে রাস্তায় নেমে আসে লাখো লাখো মানুষ। হরতাল চলাকালে পুলিশের গুলিতে ঢাকা, নারায়ণগঞ্জসহ বিভিন্ন জায়গায় নিহত হোন অন্তত ১১জন। তাঁদের স্মরণে এবং জাতীয় মুক্তির স্বারকস্বরূপ এই দিবসটি পালিত হয়ে থাকে।

- **নারী উত্ত্যক্তকরণ প্রতিরোধ দিবস** বা **ইভ টীজিং প্রতিরোধ দিবস : ১৩ জুন**

  - নারী উত্ত্যক্তকরণ প্রতিরোধে জনসচেতনতা তৈরিতে বাংলাদেশের শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে সারা দেশব্যাপী ২০১০ খ্রিস্টাব্দে ঘোষিত ও প্রথম পালিত হয়।

- **পলাশী দিবস : ২৩ জুন**

জুলাই

- **ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস : ১ জুলাই**

RAISUL ISLAM HRIDOY

- ১৯২১ খ্রিস্টাব্দের এই তারিখে প্রতিষ্ঠিত হয়েছিলো বাংলাদেশের ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়।

জন্ম নিবন্ধন দিবস : ৩ জুলাই

- ২০০৬ ২০০৬ সালে এই তারিখে বাংলাদেশে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা কার্যকর হয়েছে।

আগস্ট

শোক দিবস : ১৫ আগস্ট

- ১৯৭৫ খ্রিস্টাব্দের এ দিনে বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা হয়।

দিঘলিয়ার দেয়াড়া গণহত্যা দিবস : ২৭ আগস্ট

- ১৯৭১ খ্রিস্টাব্দের এই দিনে খুলনার দিঘলিয়ার দেয়াড়া গ্রামে মুক্তিযুদ্ধ চলাকালীন পাকিস্তানী হানাদারদের গুলি ও ধারালো অস্ত্র দিয়ে চালানো গণহত্যায় ৬০ জন নিরপরাধ বাঙালির হত্যা উপলক্ষে পালিত দিবস।

সেপ্টেম্বর

মহান শিক্ষা দিবস : ১৭ সেপ্টেম্বর

- তৎকালীন পশ্চিম পাকিস্তান সরকারের গণবিরোধী, শিক্ষা-সংকোচনমূলক শিক্ষানীতি চাপিয়ে দেয়ার প্রতিবাদে এবং একটি গণমুখী শিক্ষানীতি চালু করার দাবিতে ১৯৬২ খ্রিস্টাব্দের এই দিনে ছাত্র-জনতার ব্যাপক গণআন্দোলন দমাতে পুলিশ ঢাকার হাইকোর্ট মোড়ে গুলি চালায়। ন্যায্য দাবির জন্য এই গণহত্যার স্মরণে দিবসটি পালিত হয়।

কৃষ্ণপুর গণহত্যা দিবস : ১৮ সেপ্টেম্বর

- ১৯৭১ খ্রিস্টাব্দে মুক্তিযুদ্ধের সময় এই দিনে হবিগঞ্জের কৃষ্ণপুরে হিন্দু ধর্মাবলম্বীদের ১২৭জন পুরুষকে নির্মমভাবে হত্যা করেছিলো পাকিস্তানি হানাদার বাহিনী। এছাড়া আশেপাশের এলাকাগুলোতে হামলা চালিয়ে আরো প্রায় শতাধিক পুরুষকে হত্যা করে তারা।

প্রীতিলতার আত্মাহুতি দিবস : ২৩ সেপ্টেম্বর

RAISUL ISLAM HRIDOY

- ব্রিটিশবিরোধী আন্দোলনের নেত্রী প্রীতিলতা ওয়াদ্দেদার ১৯৩২ খ্রিস্টাব্দের এই দিনে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষায় আত্মাহুতি দেন। তিনি ১৯৩০ খ্রিস্টাব্দে মাস্টারদা সূর্য সেনের সংস্পর্শে এসে এই সশস্ত্র আন্দোলনে সম্পৃক্ত হোন।

- **মাহমুদপুর গণহত্যা দিবস** (গোপালপুর উপজেলার মুক্তিযুদ্ধের গণহত্যার স্মরণে) **: ২৯ সেপ্টেম্বর**
- **কন্যা শিশু দিবস : ৩০ সেপ্টেম্বর**

অক্টোবর

- **পথশিশু দিবস বা সুবিধাবঞ্চিত শিশু দিবস : ২ অক্টোবর**
- **শিক্ষক দিবস : ৫ অক্টোবর**
- **নিরাপদ সড়ক দিবস : ২২ অক্টোবর**

নভেম্বর

- **জাতীয় যুব দিবস : ১ নভেম্বর**
- **জাতীয় সমবায় দিবস : প্রথম শনিবার**
- **জেলহত্যা দিবস* : ৩ নভেম্বর**
  - ১৯৭৫ সালের ৩ নভেম্বর এক ষড়যন্ত্রের মাধ্যমে ঢাকা কেন্দ্রীয় কারাগারে বন্দী অবস্থায় হত্যা করা হয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে মুক্তিযুদ্ধ পরিচালনাকারী জাতীয় চার নেতাকে। এই চার নেতা হলেন: বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম, প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ, মন্ত্রিসভার সদস্য এম মনসুর আলী এবং এ এইচ এম কামরুজ্জামান। এই দিবসটি স্মরণ করে ৩ নভেম্বর জেলহত্যা দিবস পালিত হয়।
  - ঘটনার পরদিনই 4 নভেম্বর তৎকালীন কারা উপমহাপরিদর্শক (ডিআইজি প্রিজন) আবদুল আউয়াল লালবাগ থানায় একটি হত্যা মামলা করেন। মামলায় রিসালদার মোসলেহ উদ্দিনের নাম উল্লেখ করে বলা হয়, তাঁর নেতৃত্বে চার-পাঁচজন সেনাসদস্য কারাগারে ঢুকে চার নেতাকে হত্যা করেন। গুলি করে নেতাদের হত্যা করা হয়। পরে বেয়নেট দিয়ে খুঁচিয়ে মৃত্যু নিশ্চিত করা হয়।

- **সংবিধান দিবস : ৪ নভেম্বর**
- **জাতীয় বিপ্লব ও সংহতি দিবস* : ৭ নভেম্বর**
- **নূর হোসেন দিবস বা স্বৈরাচার বিরোধী দিবস : ১০ নভেম্বর**
- **সশস্ত্রবাহিনী দিবস : ২১ নভেম্বর**
  - ১৯৭১ খ্রিস্টাব্দের এই দিনে বাংলাদেশের সর্বদিক দিয়ে সামরিক বাহিনীসহ তৎকালীন বাঙালি আপামর জনতা একত্রে আক্রমণ করে তৎকালীন পশ্চিম পাকিস্তানী হানাদারদের উপর। এই

RAISUL ISLAM HRIDOY

বিশেষ দিনটিকে স্মরণ রেখেই অতীতে বিভিন্ন দিবসে পালিত সশস্ত্র বাহিনী দিবসকে এই দিনে পালন করা হয়।

- **জাতীয় আয়কর দিবস : ৩০ নভেম্বর**
  - ২০০৭ খ্রিস্টাব্দ থেকে এই দিবস বাংলাদেশে জাতীয়ভাবে পালিত হয়ে আসছে

ডিসেম্বর

- **মুক্তিযোদ্ধা দিবস* : ১ ডিসেম্বর** এই দিনটি বেসরকারীভাবে মুক্তিযোদ্ধারা মুক্তিযোদ্ধা দিবস হিসেবে পালন করে আসছেন প্রতিবছর। নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস চেতনা পৌঁছিয়ে দেয়ার উদ্দেশ্যে মুক্তিযোদ্ধারা এই দিনটিকে সরকারীভাবে জাতীয় মুক্তিযোদ্ধা দিবস হিসেবে ঘোষণার দাবী জানাচ্ছেন।
- **স্বৈরাচার পতন দিবস*** বা **সংবিধান সংরক্ষণ দিবস : ৬ ডিসেম্বর**
  - ১৯৯০ খ্রিস্টাব্দের এই দিনে স্বৈরশাসক এরশাদ সরকারের পতন হয়েছিলো। পরবর্তীতে এরশাদের রাজনৈতিক দল জাতীয় পার্টি এই দিনটিকে 'সংবিধান সংরক্ষণ দিবস' হিসেবে পালন করে
- **জাতীয় যুব দিবস : ৮ ডিসেম্বর**
- **রোকেয়া দিবস : ৯ ডিসেম্বর**
- ডিজিটাল বাংলাদেশ দিবস :১২ ডিসেম্বর
- **শহীদ বুদ্ধিজীবী দিবস : ১৪ ডিসেম্বর**
- **বিজয় দিবস: ১৬ ডিসেম্বর**
- **বাংলা ব্লগ দিবস: ১৯ ডিসেম্বর**

- দিবসটি প্রথমবার পালিত হয় ২০০৯ খ্রিস্টাব্দে। ২০০৫ খ্রিস্টাব্দে ইন্টারনেটে প্রথম বাংলা ব্লগিং-এর সূচনা হয়। মূলত ব্লগিং, বিশেষ করে বাংলায় ব্লগিং-এ আগ্রহী করতেই ব্লগাররা দিবসটি পালন করে আসছেন।

বৈশ্বিক দিবসসমূহ

- বিশ্বের কোনো এক দেশে প্রারম্ভের পর, দিবসটির প্রতিপাদ্যগত সৌন্দর্যে বা ফলপ্রদতায় আকৃষ্ট হয়ে বাংলাদেশেও চালু হওয়া দিবসগুলোকে **বৈশ্বিক দিবস, বিশ্ব দিবস** বা **আন্তর্জাতিক দিবস** হিসেবে আখ্যায়িত করা হচ্ছে।

জানুয়ারি

- **বিশ্ব কুষ্ঠ দিবস: শেষ রবিবার**

RAISUL ISLAM HRIDOY

- আন্তর্জাতিক অঙ্গনে ছড়িয়ে-ছিটিয়ে থাকা কুষ্ঠ রোগে আক্রান্ত রোগীদের প্রতি করণীয় ও রোগ নিরূপণে সচেতনতা বৃদ্ধিতে প্রতি বছরের জানুয়ারি মাসের শেষ রবিবার বিশ্বের ১০০টিরও অধিক দেশে **বিশ্ব কুষ্ঠ দিবস** পালন করা হয়।

- **বিশ্ব জনসংখ্যা নিয়ন্ত্রণ দিবস: ২ জানুয়ারি**
- **আন্তর্জাতিক কাস্টম্‌স দিবস: ২৬ জানুয়ারি**
  - ওয়ার্ল্ড কাস্টম্‌স অর্গানাইজেশনের (WCO) অন্যতম সদস্য হিসেবে বাংলাদেশে দিবসটি পালিত হয়।

ফেব্রুয়ারি

- ২ ফেব্রুয়ারি: **বিশ্ব জলাভূমি দিবস**
- ১২ ফেব্রুয়ারি: বিশ্ব ডারউইন দিবস,
  - বিজ্ঞানী চার্লস ডারউইনের জন্মবার্ষিকীতে সারা বিশ্বব্যাপী অন্ধবিশ্বাস আর কুসংস্কারের বিরুদ্ধে দিবসটি পালিত হয়। ক্যালিফোর্নিয়ার প্যালো আলতোর মানবতাবাদী সম্প্রদায় ১৯৯৫ খ্রিস্টাব্দে সর্বপ্রথম এই দিবসটি পালন শুরু করে, এবং এরপর দিবসটি প্রতিবছর পালিত হয়ে আসছে।

- ১৪ ফেব্রুয়ারি:বিশ্ব ভালোবাসা দিবস বা সেন্ট ভ্যালেন্টাইন'স ডে
- ১৫ ফেব্রুয়ারি: বিশ্ব শিশু ক্যান্সার দিবস
- ২১ ফেব্রুয়ারি : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
- ২২ ফেব্রুয়ারি: বিশ্ব স্কাউট দিবস,
  - স্কাউটিং আন্দোলনের প্রবক্তা ব্যাডেন পাওয়েল ১৮৫৭ খ্রিস্টাব্দের এই দিনে জন্মগ্রহণ করেন এবং তাঁরই হাত ধরে ১৯০৭ খ্রিস্টাব্দে স্কাউটিং আন্দোলনের সূত্রপাত ঘটে। তাই এই দিনটিকে বিশ্বব্যাপী স্কাউট দিবস হিসেবে পালিত হয়।

- ২৪ ফেব্রুয়ারি: আল কুদ্‌স দিবস

মার্চ

- **কমনওয়েলথ দিবস: দ্বিতীয় সোমবার**
  - সাংবার্ষিকভিত্তিতে মার্চ মাসের ২য় সোমবার কমনওয়েলথভুক্ত দেশসমূহে যথাযোগ্য মর্যাদায় কমনওয়েলথ দিবস পালন করা হয়। সাধারণতঃ অধিভুক্ত দেশের রাষ্ট্রপ্রধান, কমনওয়েলথ মহাসচিব এবং হাইকমিশনারগণের উপস্থিতিতে মহামান্য রাণী ২য় এলিজাবেথ ওয়েস্টমিনিস্টার

RAISUL ISLAM HRIDOY

অ্যাবে, লন্ডনে বহুমূখী বিশ্বাসযোগ্য সেবার বার্তা নিয়ে জনসমক্ষে উপস্থিত হন। সেখানে রাণী কমনওয়েলথবাসীদের কাছে তাঁর বক্তব্য পেশ করেন যা বিশ্বব্যাপী সরাসরি সম্প্রচারিত হয়।

- **বিশ্ব বই দিবস: ৩ মার্চ**
- **বিশ্ব নারী দিবস: ৮ মার্চ**
- **বিশ্ব কিডনি দিবস: ১০ মার্চ**
- **আন্তর্জাতিক নদীকৃত্য দিবস (International Day of Actions for Rivers): ১৪ মার্চ**
    - ১৯৯৭ খ্রিস্টাব্দে ব্রাজিলের কুরিতিবা শহরে এক সমাবেশের আয়োজন করে নদীর প্রতি দায়বদ্ধতার কথা স্মরণ করিয়ে দেয়া হয়। তাইওয়ান, ব্রাজিল, চিলি, লেসোথো, আর্জেন্টিনা, থাইল্যান্ড, রাশিয়া, ফ্রান্স, সুইজারল্যান্ড ও যুক্তরাষ্ট্র থেকে অংশগ্রহণ করা লোকজনই সর্বপ্রথম এই দিনে নদীকৃত্য দিবস পালনের ঘোষণা দেন।
- **বিশ্ব পাই দিবস: ১৪ মার্চ**
    - পাই দিবস বা আপাত পাই দিবস গাণিতিক ধ্রুবক পাই (π)-এর সম্মানে উদযাপনের দিন। পাই-এর মান প্রায় ৩.১৪ বলে প্রতি বছর মার্চ ১৪ (৩/১৪) পাই দিবস হিসাবে পালিত হয়। ১৯৮৮ খ্রিস্টাব্দে ল্যারি শ' যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকো এক্সপ্রোরেটরিয়ামে সর্বপ্রথম পাই দিবস উদযাপন করেন। তাছাড়া এই দিনে বিজ্ঞানী আইনস্টাইনেরও জন্মদিন। তবে আপাত পাই দিবস নানা দিনে পালিত হয়ে থাকে।
- **পঙ্গু দিবস: ১৫ মার্চ**
- **বিশ্ব ক্রেতা অধিকার দিবস: ১৫ মার্চ**
- **বিশ্ব শিশুনাট্য দিবস: ২০ মার্চ**
- **বিশ্ব বন দিবস: ২১ মার্চ**
- **বিশ্ব বর্ণবৈষম্য দিবস: ২১ মার্চ**
- **বিশ্ব পানি দিবস: ২২ মার্চ**
- **বিশ্ব আবহাওয়া দিবস: ২৩ মার্চ**
- **বিশ্ব যক্ষ্মা দিবস: ২৪ মার্চ**
- **আর্থ আওয়ার: ২৬ মার্চ**
- **বিশ্ব নাট্য দিবস: ২৭ মার্চ**

এপ্রিল

- **বিশ্ব অটিজম সচেতনতা দিবস: ২ এপ্রিল**
    - বিশ্বব্যাপী অটিজম বা মানব-প্রতিবন্ধিতা বিষয়ে সচেতনতা তৈরিতে ২০০৮ খ্রিস্টাব্দ থেকে দিবসটি পালিত হয়ে আসছে।

RAISUL ISLAM HRIDOY

- **বিশ্ব শিশু বই দিবস : ২ এপ্রিল**
- **বিশ্ব মাইন বিরোধী দিবস : ৪ এপ্রিল**
- **বিশ্ব স্বাস্থ্য দিবস : ৭ এপ্রিল**
- **বিশ্ব কণ্ঠ দিবস: ১৬ এপ্রিল**
    - ২০০২ খ্রিস্টাব্দ থেকে দিবসটি পালিত হয়ে আসছে।
- **বিশ্ব হিমোফেলিয়া দিবস : ১৭ এপ্রিল**
- **বিশ্ব ধরিত্রী দিবস: ২২ এপ্রিল**
    - ২০০৯ খ্রিস্টাব্দে বলিভিয়ার প্রেসিডেন্ট ইভো মরোলেস-এর প্রস্তাবে এ দিনটিকে বিশ্ব ধরিত্রি দিবস হিসেবে পালনের ব্যাপারে জাতিসংঘ অনুমোদন দেয়।
- **বিশ্ব পুস্তক দিবস বা বিশ্ব গ্রন্থ ও গ্রন্থস্বত্ব দিবস: ২৩ এপ্রিল**
- **বিশ্ব ভেটেরিনারি দিবস: ২৪ এপ্রিল**
- **বিশ্ব ম্যালেরিয়া দিবস : ২৫ এপ্রিল**
- **বিশ্ব মেধাসম্পদ দিবস: ২৬ এপ্রিল**
- **আন্তর্জাতিক শব্দ সচেতনতা দিবস : ২৬ এপ্রিল**
- **বিশ্ব নকশা দিবস : ২৭ এপ্রিল**
- **বিশ্ব পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা দিবস: ২৮ এপ্রিল**

- **বিশ্ব সাংবাদিকতা দিবস: ৩ মে**
- **বিশ্ব রেডক্রস ও রেডক্রিসেন্ট দিবস: ৮ মে**
- **বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস** (ওয়ার্ল্ড হাইপারটেনশন ডে) **: ১৭ মে:** ওয়ার্ল্ড হাইপারটেনশন লীগের উদ্যোগে বিশ্বব্যাপী উচ্চ রক্তচাপের ব্যাপারে সচেতনতার লক্ষ্যে এই দিবসটি পালিত হয়।[9]
- **বিশ্ব টেলিযোগাযোগ দিবস: ১৭ মে**
- **আন্তর্জাতিক জাদুঘর দিবস: ১৮ মে:** ১৯৭৮ খ্রিস্টাব্দ থেকে আন্তর্জাতিক জাদুঘর পরিষদ এই দিবসটি পালিত হয়ে আসছে।[9]
- **বিশ্ব তামাকমুক্ত দিবস: ৩১ মে**

জুন

- **বিশ্ব বাবা দিবস: তৃতীয় রবিবার**।
    - ধারণা করা হয়, ১৯০৮ খ্রিস্টাব্দের ৫ জুলাই যুক্তরাষ্ট্রের পশ্চিম ভার্জিনিয়ার ফেয়ারমেন্টের এক গির্জায় দিবসটি প্রথম পালিত হয়। বিশ্বব্যাপী মা দিবসের অনুকরণে বাবার প্রতি সন্তানের ভালোবাসা প্রকাশার্থে দিবসটি পালিত হয়।

RAISUL ISLAM HRIDOY

- **বিশ্ব পরিবেশ দিবস: ৫ জুন**
- **বিশ্ব ব্রেইন টিউমার দিবস: ৮ জুন**
  - ২০০০ খ্রিস্টাব্দে জার্মান ব্রেইন টিউমার এসোসিয়েশন এ দিনটি পালনের সিদ্ধান্ত নেয়।
- **বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস: ১২ জুন**
  - শিশু অধিকার প্রতিষ্ঠা ও রক্ষাকল্পে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম বন্ধে রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনকে একজোটে কাজ করতে উদ্বুদ্ধ করতে এই দিবসটি পালিত হয়। ২০০২ খ্রিস্টাব্দে আন্তর্জাতিক শ্রম সংস্থা দিবসটি পালনের ঘোষণা দেয়।
- **বিশ্ব রক্তদাতা দিবস: ১৪ জুন**
  - বিশ্বব্যাপী স্বেচ্ছায় রক্তদান কর্মসূচীকে বেগবান করতে ও রক্তদাতাদের উৎসাহিত করতে ২০০৪ খ্রিস্টাব্দ থেকে দিবসটি পালিত হয়ে আসছে।
- **বিশ্ব মরুময়তা দিবস (World Day to Combat Desertification and Drought): ১৭ জুন**
- **বিশ্ব সঙ্গীত দিবস: ২১ জুন**

জুলাই

- **বিশ্ব ক্রীড়া সাংবাদিকতা দিবস: ২ জুলাই**
- **বিশ্ব বাঘ দিবস (Global Tiger Day): ২৯ জুলাই**
  - ২০১০ খ্রিস্টাব্দের ২৯ জুলাই থেকে এই দিবসটি বিশ্ব বাঘ দিবস হিসেবে বিশ্বব্যাপী পালিত হয়ে আসছে।

আগস্ট

- **বিশ্ব বন্ধু দিবস: প্রথম রবিবার**
  - ১৯৩৫ খ্রিস্টাব্দে মার্কিন যুক্তরাষ্ট্রের কংগ্রেস প্রতি বছরের প্রথম রবিবারকে বন্ধু দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত নেয়।
- **বিশ্ব মাতৃদুগ্ধ দিবস: ১ আগস্ট**
- **হিরোশিমা দিবস: ৬ আগস্ট**
- **নাগাসাকি দিবস: ৯ আগস্ট**

সেপ্টেম্বর

- **বিশ্ব ফিজিওথেরাপি দিবস: ৮ই সেপ্টেম্বর**

RAISUL ISLAM HRIDOY

- যে সব মানুষ শারীরিক ভাবে অক্ষম তাদের স্বাধীনভাবে চলাফেরা করার লক্ষে সচেতনতার জন্য সারাবিশ্বব্যপী ফিজিওথেরাপিষ্টগন এই দিনটি পালন করে থাকেন | যা ১৯৯৬ সালে ওয়ার্ল্ড কনফেডারেশন ফর ফিজিক্যাল থেরাপী থেকে উৎপত্তি

- **বিশ্ব নৌ দিবস: ১৮ সেপ্টেম্বর**
- **বিশ্ব কারামুক্ত দিবস: ২২ সেপ্টেম্বর**
  - যানজট, দূষণ ও জ্বালানি ব্যয় কমাতে ইউরোপে ১৯৭০ খ্রিস্টাব্দ থেকে দিবসটি পালিত হয়ে আসছে। এখন দিবসটি বিশ্বজনীন মর্যাদা পেয়েছে।
- **মীনা দিবস: ২৪ সেপ্টেম্বর**
  - ১৯৯১ খ্রিস্টাব্দ থেকে ইউনিসেফের উদ্যোগে শুরু হলেও ১৯৯৮ খ্রিস্টাব্দে দক্ষিণ এশীয় সহযোগিতা-সংগঠন সার্কের উদ্যোগে প্রতি বছর ২৪ সেপ্টেম্বর মীনা দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়া হয়। এই দিবসটি উপলক্ষে সার্কভুক্ত দেশগুলোতে শিশুদের জন্য এবং তাদের ভবিষ্যত উন্নতির লক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে।
- **বিশ্ব হার্ট দিবস: ২৬ সেপ্টেম্বর**
- **বিশ্ব পর্যটন দিবস: ২৭ সেপ্টেম্বর**
- **বিশ্ব জলাতঙ্ক দিবস: ২৮ সেপ্টেম্বর**
- **বিশ্ব কন্যা শিশু দিবস: ৩০ সেপ্টেম্বর**

অক্টোবর

- **আন্তর্জাতিক প্রবীণ দিবস: ১ অক্টোবর**
- **বিশ্ব নিরামিষ দিবস: ১ অক্টোবর**
- **বিশ্ব প্রাণী দিবস: ৪ অক্টোবর**
- **বিশ্ব শিক্ষক দিবস: ৫ অক্টোবর**
  - শিক্ষকদের অধিকার নিয়ে ইউনেস্কো ও আইএলও'র মধ্যকার ১৯৬৬ খ্রিস্টাব্দে সই করা চুক্তির প্রেক্ষিতে ১৯৯৪ খ্রিস্টাব্দ থেকে দিবসটি পালিত হয়ে আসছে।
- **বিশ্ব ডাক দিবস: ৯ অক্টোবর**
  - ১৮৭৪ খ্রিস্টাব্দের ৯ অক্টোবর ২২টি দেশের প্রতিনিধিরা প্রথম আন্তর্জাতিক ডাক চুক্তি স্বাক্ষর করেন। তখন থেকেই দিবসটি পালিত হয়ে আসছে।
- **বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস: ১০ অক্টোবর**
  - মানসিক স্বাস্থ্য নিরাপত্তার লক্ষ্য নিয়ে দিবসটি পালিত হয়ে থাকে।
- **বিশ্ব মান দিবস: ১৪ অক্টোবর**
  - ১৯৭০ খ্রিস্টাব্দ থেকে বিশ্বব্যাপী দিবসটি পালিত হয়ে আসছে।

RAISUL ISLAM HRIDOY

- বিশ্ব দৃষ্টি দিবস: ১৪ অক্টোবর
  - বিশ্বব্যাপী দৃষ্টি প্রতিবন্ধিদের প্রতি সাধারণ্যের দৃষ্টিকে সংহত করতে এই দিবসটি পালিত হয়ে আসছে। এখন দিবসটি ২০২০ খ্রিস্টাব্দ নাগাদ নিরাময়যোগ্য অন্ধত্বকে নির্মূল করার লক্ষ্যে পলিত হচ্ছে।
- বিশ্ব সাদাছড়ি দিবস: ১৫ অক্টোবর
- বিশ্ব খাদ্য দিবস: ১৬ অক্টোবর
- বিশ্ব তথ্য উন্নতকরণ দিবস: ২৪ অক্টোবর
- বিশ্ব মিতব্যয়িতা দিবস: ৩১ অক্টোবর
- আন্তর্জাতিক পোস্টকার্ড সপ্তাহ: অক্টোবরের প্রথম সপ্তাহ
- বিশ্ব স্থাপত্য দিবস: অক্টোবরের প্রথম সোমবার
- বিশ্ব হাসি দিবস: অক্টোবরের প্রথম শুক্রবার

নভেম্বর

- বিশ্ব ডায়াবেটিস দিবস: ১৪ নভেম্বর
  - ১৯৯১ খ্রিস্টাব্দ থেকে দিবসটি পালিত হয়ে আসছে।
- বিশ্ব নিউমোনিয়া দিবস: ১২ নভেম্বর
  - অতীতে ১ নভেম্বর অথবা ২ নভেম্বর দিবসটি পালিত হতো। কিন্তু ২০১০ খ্রিস্টাব্দ থেকে সারা বিশ্বে সম্মিলিতভাবে ১২ নভেম্বর দিবসটি পালন শুরু হয়।
- আফ্রিকার শিল্পায়ন দিবস: ২০ নভেম্বর
- ফিলিস্তিন সংহতি দিবস: ২৯ নভেম্বর

ডিসেম্বর

- বিশ্ব এইড্স দিবস: ১ ডিসেম্বর
- বিশ্ব পর্বত দিবস: ১১ ডিসেম্বর
- বড় দিন বা যিশু খ্রিস্টের জন্মদিন: ২৫ ডিসেম্বর

আন্তর্জাতিক দিবসসমূহ

- সাধারণত জাতিসংঘ কর্তৃক চালু করা ও উদযাপিত দিবসগুলোই "আন্তর্জাতিক দিবস" হিসেবে উদযাপিত হয়ে থাকে। বাংলাদেশ, জাতিসংঘের অন্যতম সদস্য হিসেবে এই দিবসগুলো যথাযোগ্য মর্যাদায় পালন করে থাকে।

জানুয়ারি

RAISUL ISLAM HRIDOY

- **আন্তর্জাতিক শুল্ক দিবস: ২৫ জানুয়ারি**
- **ফেব্রুয়ারি**
- **বিশ্ব ক্যান্সার দিবস:** ৪ ফেব্রুয়ারি
  - প্রতি বৎসর ৪ঠা ফেব্রুয়ারি বিশ্ব ক্যান্সার দিবস বা বিশ্ব ক্যান্সার সচেতনতা দিবস পালন করা হয়।
- **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস: ২১ ফেব্রুয়ারি**
  - ১৯৯৯ খ্রিস্টাব্দের ১৭ নভেম্বর ইউনেস্কো'র প্যারিস অধিবেশনে ২১ ফেব্রুয়ারিকে বাঙালি জাতির ভাষার জন্যে আত্মাহুতিকে সম্মান জানিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয় এবং ২০০০ খ্রিস্টাব্দ থেকে দিবসটি প্রথম, সারা বিশ্বব্যাপী জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহে পালন শুরু হয়।

মার্চ

- **বিশ্ব পানি দিবস : ২২ মার্চ**
  - ১৯৯৩ খ্রিস্টাব্দে জাতিসংঘ এই দিনে দিবসটি পালনের ঘোষণা দেয়।

এপ্রিল

- **আন্তর্জাতিক নৃত্য দিবস : ২৯ এপ্রিল**

মে

- **আন্তর্জাতিক শ্রমিক দিবস বা মে দিবস : ১ মে**
  - ১৮৮৬ খ্রিস্টাব্দের এই দিনে যুক্তরাষ্ট্রের শিকাগো শহরের হে মার্কেটে দৈনিক ৮ ঘণ্টা কাজের দাবিতে ধর্মঘট আহ্বান করেছিলেন খেটে খাওয়া শ্রমিকেরা। ১৮৯০ খ্রিস্টাব্দ থেকে দিবসটি পালিত হয়ে আসছে।
- **আন্তর্জাতিক পরিবার দিবস : ১৫ মে**
- **আন্তর্জাতিক জাদুঘর দিবস : ১৮ মে**
- **বিশ্ব শান্তিরক্ষী দিবস : ২৯ মে**
  - ২০১১ খ্রিস্টাব্দের ১১ ডিসেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদের ৫৪/১২৯ প্রস্তাবনার আলোকে এই দিনকে বিশ্বব্যাপী শান্তিরক্ষী দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত হয়।

জুন

RAISUL ISLAM HRIDOY

- **বিশ্ব মহাসাগর দিবস : ৮ জুন**
  - ১৯৯২ খ্রিস্টাব্দে ব্রাজিলের রিও ডি জেনেরোতে সংঘটিত ধরিত্রী সম্মেলনে প্রথম এই দিনটিকে বিশ্ব মহাসাগর দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত হয় এবং পরবর্তিতে ২০০৯ খ্রিস্টাব্দে জাতিসংঘ এই দিবসটি বিশ্বব্যাপী পালনের ঘোষণা দেয়।
- **বিশ্ব শরণার্থী দিবস : ২০ জুন**
  - ২০০০ খ্রিস্টাব্দের ৪ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ অধিবেশনে ৫৫-৭৯ ভোটে দিবসটি পালনের সিদ্ধান্ত হয় এবং ২০০১ খ্রিস্টাব্দের ২০ জুন থেকে দিবসটি পালন শুরু হয়। বিশ্বব্যাপী শরনার্থীদের অমানবিক অবস্থার প্রতি বিশ্ব নের্তৃবৃন্দের দৃষ্টি আকর্ষণের জন্য দিবসটি পালিত হয়।
- **আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস : ২৬ জুন**
  - মাদকের ভয়াবহতা রোধে ১৯৮৭ খ্রিস্টাব্দে জাতিসংঘের ৪২তম অধিবেশনে এই তারিখে দিবসটি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

জুলাই

- **আন্তর্জাতিক সমবায় দিবস : প্রথম শনিবার**
  - ১৯৯৫ খ্রিস্টাব্দে জাতিসংঘের ঘোষণা অনুযায়ী সমবায়ের মনোভাবকে গুরুত্ব দিতে প্রতিবছর জুলাই মাসের প্রথম শনিবার।আন্তর্জাতিকভাবে সমবায় জোট গড়ে তোলা এই দিবসটির একটি মূল উদ্দেশ্য।
- **বিশ্ব জনসংখ্যা দিবস : ১১ জুলাই**
  - ১৯৮৯ খ্রিস্টাব্দে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচীর গভর্নিং কাউন্সিল বিশ্বব্যাপী জনসংখ্যা বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির জন্য দিবসটি চালু করে।

আগস্ট

- **আন্তর্জাতিক আদিবাসী দিবস : ৯ আগস্ট**
  - ১৯৮২ খ্রিস্টাব্দে জাতিসংঘের মানবাধিকার কমিশনের উন্নয়ন ও সংরক্ষণ সাব-কমিশনের আদিবাসী জনগণ সম্পর্কিত কর্মগোষ্ঠী তাদের প্রথম সভায় এই তারিখে দিবসটি পালনের জন্য বেছে নেয়। আদিবাসী জনগোষ্ঠীর মানবাধিকার, পরিবেশ উন্নয়ন, শিক্ষা ও স্বাস্থ্যসমস্যা নিরসনের লক্ষ্যে আন্তর্জাতিক সহযোগিতা ও গণসচেতনতা তৈরি করাই দিবসটির মূল প্রতিপাদ্য।

সেপ্টেম্বর

- **বিশ্ব স্বাক্ষরতা দিবস : ৮ সেপ্টেম্বর**

RAISUL ISLAM HRIDOY

- ১৯৬৫ খ্রিস্টাব্দের ১৭ নভেম্বর ইউনেস্কো এই দিবসটির ঘোষণা দেয়। ১৯৬৬ খ্রিস্টাব্দে এটি প্রথমবারের মতো পালিত হয়।

- **আন্তর্জাতিক ওজনস্তর রক্ষা দিবস : ১৬ সেপ্টেম্বর**
  - ১৯৯৪ খ্রিস্টাব্দের ১৯ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ সভায় দিবসটি নির্বাচন করা হয়।
- **বিশ্ব শান্তি দিবস : ২১ সেপ্টেম্বর**
  - ১৯৮১ খ্রিস্টাব্দে বিশ্ব শান্তি প্রতিষ্ঠা ও যুদ্ধবিরতির উদ্দেশ্যে এ দিবসটি জাতিসংঘের সাধারণ সভার সিদ্ধান্তে প্রথমবারের মতো পালিত হয়।
- **অক্টোবর**

বিশ্ব শিশু দিবস : ১ অক্টোবর

- ১৯২০ খ্রিস্টাব্দের ২৩ এপ্রিল দিবসটি প্রথম পালিত হলেও পরে ১৯৯৬ খ্রিস্টাব্দে জাতিসংঘ কর্তৃক দিবসটি বিশ্বব্যাপী পালনের ঘোষণা দেয়া হয়।

- **আন্তর্জাতিক প্রবীণ দিবস : ১ অক্টোবর**
  - ১৯৯০ খ্রিস্টাব্দের ১৪ ডিসেম্বর তারিখে জাতিসংঘের সাধারণ পরিষদের সভায় এই দিনটিকে আন্তর্জাতিক প্রবীণ দিবস হিসেবে ঘোষণা করা হয়। জাতিসংঘের হিসাবে বিশ্বে প্রবীণদের সংখ্যা ৭০ কোটি, বাংলাদেশের মোট জনসংখ্যার ৭% প্রবীণ এবং বাংলাদেশের প্রবীণদের ৭৮% বিধবা। জাতিসংঘের সংজ্ঞানুযায়ী ৬০ বছর বয়সোর্ধ্ব ব্যক্তিকে "প্রবীণ" বলা হয়।
- **বিশ্ব শিক্ষক দিবস : ৫ অক্টোবর**
- **বিশ্ব আবাসন দিবস** বা **বিশ্ব বসতি দিবস : প্রথম সোমবার**
  - ১৯৮৫ খ্রিস্টাব্দের ১৭ ডিসেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদের ৪০তম অধিবেশনে এই দিবস পালনের সিদ্ধান্ত হয়। ১৯৮৯ খ্রিস্টাব্দ থেকে জাতিসংঘ, বসবাড়ির পরিবেশ উন্নয়নে অবদান রাখায় ব্যক্তি ও সংস্থাকে "জাতিসংঘ বসতি পুরস্কার" প্রদান করছে।
- **আন্তর্জাতিক প্রাকৃতিক দুর্যোগ হ্রাসকরণ দিবস : দ্বিতীয় বুধবার**
- **আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস : ১৫ অক্টোবর**
  - ২০০৭ খ্রিস্টাব্দের নভেম্বরে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে ১৫ অক্টোবরকে আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত নেয়া হয়।
- **আন্তর্জাতিক দারিদ্র্য দূরীকরণ দিবস : ১৭ অক্টোবর**
- **জাতিসংঘ দিবস : ২৪ অক্টোবর**

RAISUL ISLAM HRIDOY

ডিসেম্বর

- আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস : ৩ ডিসেম্বর
- আন্তর্জাতিক সামাজিক ও অর্থনৈতিক স্বেচ্ছাসেবক দিবস : ৫ ডিসেম্বর
- আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল দিবস : ৭ ডিসেম্বর
- **আন্তর্জাতিক দূর্নীতিবিরোধী দিবস : ৯ ডিসেম্বর**
- **মানবাধিকার দিবস: ১০ ডিসেম্বর**
  - ১৯৪৮ খ্রিস্টাব্দের এই দিনে জাতিসংঘের জাতিসংঘ সাধারণ পরিষদে দিবসটি আনুষ্ঠানিক স্বীকৃত লাভ করে এবং এরপর থেকে প্রতিবছর বিশ্বব্যাপী পালিত হয়ে আসছে। দিবসটি জাতিসংঘ কর্তৃক স্বীকৃত এবং বিশ্বের সর্বত্র পালিত হয়। কিন্তু, দক্ষিণ আফ্রিকায় শার্পেভিল গণহত্যাকে স্মরণ করে দিবসটি পালন করা হয় ২১ মার্চ।
- **আন্তর্জাতিক অভিবাসী দিবস : ১৮ ডিসেম্বর**
  - অধিকার সংরক্ষণ ও নিজ নিজ দেশের অর্থনীতিতে অবদানের স্বীকৃতির দাবিতে ২০০০ খ্রিস্টাব্দ থেকে দিবসটি পালিত হয়ে আসছে। ঐ বছর ৪ ডিসেম্বর জাতিসংঘের ৫৫তম সাধারণ পরিষদের সবায় দিবসটি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- **আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস : ২৯ ডিসেম্বর**

RAISUL ISLAM HRIDOY

ZerO to Infinity

Special Edition

জ্ঞান সংগ্রহ

আন্তর্জাতিক বিষয়াবলি

অধ্যায় ১

পৃথিবীর সংক্ষিপ্ত পরিচিতি

- পৃথিবীর বয়স : ৪৬০ কোটি বছর (৪.৬ বিলিয়ন বছর)।
- আয়তন : ৫১ কোটি ৬৬ হাজার বর্গকিমি।
- স্থলভাগের আয়তন : ১৪ কোটি ৮৬ লাখ ৪৭ হাজার বর্গকিমি (মোট আয়তনের ২৯.১%)।
- জলভাগের আয়তন ; ৩৬ কোটি ১৪ লাখ ১৯ হাজার বর্গকিমি (মোট আয়তনের ৭০.৯%)।
- সমুদ্র এলাকার আয়তন : ৩৩ কোটি ৫২ লাখ ৫৮ হাজার বর্গকিমি।
- উপকূলীয় রেখার আয়তন : ৩ লাখ ৫৬ হাজার বর্গকিমি।

পরিধি :

- নিরক্ষরেখা বরাবর ৪০,০৬৬ কিমি।
- মেরুরেখা বরাবর ৩৯,৯৯২ কিমি।

ব্যাস :

- নিরক্ষরেখা বরাবর ১২,৭৫৩ কিমি।
- মেরুরেখা বরাবর ৬,৩৫৫ কিমি।

ব্যাসার্ধ :

- নিরক্ষরেখা থেকে ৬,৩৭৬ কিমি।
- মেরুরেখা থেকে ৬,৩৫৫ কিমি।

- সর্বোচ্চ বিন্দু : মাউন্ট এভারেষ্ট, উচ্চতা ৮৮৫০ মিটার।
- সর্বনিম্ন বিন্দু : বেন্টলে সাবগ্ল্যাসিয়াল ট্রেঞ্চ, যা সমুদ্র সমতল থেকে ২৫৫৫ মিটার গভীর। সামুদ্রিক এলাকায় সর্বনিম্ন বিন্দু প্রশান্ত মহাসাগরের মারিয়ানা ট্রেঞ্চ, যা ১০,৯২৪ মিটার বা ৩৫,৮৪০ ফুট গভীর।
- স্থলসীমা : ২ লাখ ৫০ হাজার ৪৭২ কিমি।

RAISUL ISLAM HRIDOY

- সর্বাধিক সীমান-বেষ্টিত দেশ : দুটি; চীন ও রাশিয়া (উভয় দেশ ১৪ টি দেশ কর্তৃক সীমানা বেষ্টিত)।
- পানির প্রকারভেদ : দুই প্রকার (৯৭% লবণাক্ত, ৩% সুপেয়।)
- সূর্যের চারদিকে ঘুরে আসতে সময় লাগে : ৩৬৫ দিন ৫ ঘন্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ড।
- নিজ অক্ষের উপর একবার আবর্তন করতে সময় লাগে : ২৩ ঘন্টা ৫৬ মিনিট।
- আবর্তনের গতিবেগ ; ৬৬,৭০০ মাইল/ঘন্টা বা ১,০৭,৩২০ কিমি/ঘন্টা।
- সূর্য থেকে দূরত্ব : ১৪ কোটি ৯৫ লক্ষ কিমি (প্রায়)।
- একমাত্র উপগ্রহ : চাঁদ।
- উত্তর গোলার্ধে সবচেয়ে বড় দিন : ২১ জুন।
- দক্ষিণ গোলার্ধে সবচেয়ে বড় দিন : ২২ ডিসেম্বর।
- সর্বত্র দিনরাত্রি সমান : ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর।
- গঠন : লোহা ৩৫%, অক্সিজেন ২৮%, ম্যাগনেসিয়াম ১৭%, সিলিকন ১৩%, সালফার ২.৭%, নিকেল ২.৭%, ক্যালসিয়াম ১.২% ও এলুমিনিয়াম ০.৪%।
- আয়তনে বিশ্বের বৃহত্তম দেশ : রাশিয়া; ১,৭০,৭৫,২০০ বর্গকিমি বা ৬৫,৯২,৭৬৮.৮৭ বর্গমাইল।
- বিশ্বের বর্তমান জনসংখ্যাঃ ৭.৫৯৪ বিলিয়ন (২০১৮) ।
- জাতিসংঘের হিসাব অনুযায়ী বিশ্বের বর্তমান জনসংখ্যা আনুমানিক 782 কোটি।
- জনসংখ্যা বৃদ্ধির হারঃ ১.১% (২০১৬-১৮)। [২০১৮ বিশ্ব রিপোর্ট অনুযায়ী]
- জনসংখ্যার বৃহত্তম দেশ : চীন, ১৪৩ কোটি ৩৭ লাখ [UNFPA ২০১৯]।
- আয়তনে বৃহত্তম মুসলিম দেশ : কাজাখস্থান; ২৭,১৭,৩০০ বর্গকিমি।
- জনসংখ্যায় বৃহত্তম মুসলিম দেশ : ইন্দোনেশিয়া।
- আয়তন ও জনসংখ্যায় ক্ষুদ্রতম দেশ : ভ্যাটিক্যান; আয়তন ০.৪৪ বর্গকিমি বা ০.১৭ বর্গমাইল এবং লোকসংখ্যা ৭৯৯ জন (মার্চ ২০১৯)।
- মহাসাগর : ৫টি; প্রশান্ত মহাসাগর, আটলান্টিক মহাসাগর, ভারত মহাসাগর, দক্ষিণ বা এন্টার্কটিকা মহাসাগর ও উত্তর বা আর্কটিক মহাসাগর ।
- বৃহত্তম মহাসাগর : প্রশান্ত মহাসাগর ।
- গভীরতম মহাসাগর : প্রশান্ত মহাসাগর।
- মহাসাগরের সর্বোচ্চ গভীর খাত : প্রশান্ত মহাসাগরের মারিয়ানা ট্রেঞ্চ।

RAISUL ISLAM HRIDOY

- গভীরতম সাগর : ক্যারিবিয়ান সাগর, যার গভীরতা ২২৭৮৮ ফুট বা ৬৯৪৬ মিটার।
- বৃহত্তম সাগর : দক্ষিণ চীন সাগর (আয়তন ২৯,৭৪,৬০০ বর্গকিমি)।
- দীর্ঘতম নদী : নীল নদ, আফ্রিকা, দৈর্ঘ্য ৬৮২৫ কিমি।
- উচ্চতম দ্বীপ : নিউগিনি (সমুদ্র সমতল থেকে যার উচ্চতা ৫০৩০ মিটার বা ১৬৫০০ ফুট)।
- বৃহত্তম হ্রদ দ্বীপ : ম্যানিটুলিন, (হিউন হ্রদ, অন্টারিও; আয়তন ১০৬৮ বর্গমাইল বা ২৭৬৬ বর্গকিমি)।
- বৃহত্তম হ্রদ : কাস্পিয়ান, অবস্থান এশিয়া-ইউরোপ; আয়তন ৩,৭১,০০০ বর্গকিমি।
- গভীরতম হ্রদ : বৈকাল হ্রদ, রুশ ফেডারেশন; গভীরতা ৫,৩১৫ ফুট বা ১৬২০ মিটার।
- মহাদেশ : ৭টি; এশিয়া, আফ্রিকা, ইউরোপ, উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ওশেনিয়া এবং আন্টার্কটিকা।
- আয়তনের বৃহত্তম মহাদেশ : এশিয়া; ৪ কোটি ৪৫ লাখ ৭৯ হাজার বর্গকিমি।
- লোকসংখ্যায় বৃহত্তম মহাদেশ : এশিয়া; ৪১৬ কোটি ৪২ লাখ [UNFPA ২০১৯]।
- জনশূন্য মহাদেশ : এন্টার্কটিকা।
- বিশ্বে মোট দেশ : ২৩৩টি
- মোট রাষ্ট্র ২০৪ টি

(তথ্যসূত্র : http://en.wikipedia.org/wiki/List_of_sovereign_states)

- মোট স্বাধীন রাষ্ট্র- ১৯৩টি (জাতিসংঘ স্বীকৃত রাষ্ট্র) ২টি পর্যবেক্ষক রাষ্ট্র, এবং ১১টি অন্যান্য রাষ্ট্রসমূহ

(তথ্যসূত্র: http://en.wikipedia.org/wiki/List_of_sovereign_states)

- বিশ্বে স্বাধীন দেশের সংখ্যা- ১৯৫ টি (সর্বশেষ: দক্ষিণ সুদান, ৯ জুলাই ২০১১)।
- স্বাধীন ও সার্বভৌম দেশ : ১৯৪ টি (কসভো স্বাধীন কিন্তু সার্বভৌম নয়)।
- জাতিসংঘের সদস্য দেশ : ১৯৩টি (কসভো ও ভ্যাটিকান জাতিসংঘের সদস্য নয়)
- গনতান্ত্রিক দেশ : ১২২টি
- এলডিসিভুক্ত দেশ : ৪৯টি।
- পৃথিবীর ২টি দেশ এশিয়া ও ইউরোপ দুই মহাদেশে অবস্থিত- রাশিয়া ও তুরস্ক।

RAISUL ISLAM HRIDOY

- ⌘ পৃথিবীর কোন শহর বা নগর ২টি মহাদেশে অবস্থিত- ইস্তাম্বুল (তুরস্ক)।
- ⌘ বিশ্বে ২টি দেশ জাতিসংঘের সদস্য নয়- ভ্যাটিকান সিটি ও কসভো।
- ⌘ পৃথিবীর ছিদ্রায়িত রাষ্ট্র- ইতালি। কারণ এর মধ্যে ভ্যাটিকান সিটি ও সানম্যারিনো অবস্থিত।
- ⌘ পৃথিবীর একমাত্র ইহুদি রাষ্ট্র ইসরাইল (এটি মধ্যপ্রাচ্যর ক্যান্সার নামেও পরিচিত)।
- ⌘ নিজ ভূমিতে পরাধীন কোন দেশ- ফিলিস্তিন।
- ⌘ বিশ্বে জাতীয় পতাকা অর্ধনিমিত নিষিদ্ধ কোন দেশে- সৌদি আরব ও ইরান।
- ⌘ বিশ্বে কোন দেশগুলোর নাম ও রাজধানীর একই- মোনাকো, লুক্সেমবার্গ, সানম্যারিনো, ভ্যাটিকান সিটি (ইউরোপ); জিবুতি (আফ্রিকা; সিঙ্গাপুর (এশিয়া)।
- ⌘ ইউরোপের মুসলিম দেশগুলো: বসনিয়া- হার্জেগোভিনা,তুরস্ক, আলবেনিয়া ও কসভো।
- ⌘ সর্বোচ্চ সংখ্যক স্বাধীন দেশ রয়েছে : আফ্রিকা মহাদেশে (৫৩টি)।
- ⌘ প্রধান ধর্ম : ইসলাম, খ্রিষ্ট, বৌদ্ধ, হিন্দু প্রভৃতি।
- ⌘ উত্তরের নগরী : হ্যামারফাষ্ট (নরওয়ে)।
- ⌘ দক্ষিণের নগরী : পুয়ের্তো উইলিয়াম (চিলি)।
- ⌘ প্রাচীনতম দেশ : সানমারিনো; ৩০১ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত।
- ⌘ উচ্চতম রাজধানী : লাপাজ।
- ⌘ সর্বাধিক রাষ্ট্রভাষার দেশ : ভারত।
- ⌘ পারমাণবিক শক্তিধর রাষ্ট্র : ৮টি (যুক্তরাষ্ট্র, রাশিয়া, ব্রিটেন, ফ্রান্স, চীন, ভারত, পাকিস্তান ও উত্তর কোরিয়া)।
- ⌘ উচ্চতম পর্বতশৃঙ্গ : মাউন্ট এভারেষ্ট, চীন নেপাল; ৮৮৫০ মিটার বা ২৯,০৩৫ ফুট।
- ⌘ ঘনবসতিপূর্ণ দেশ : মোনাকো; ১৬,২০৫ জন প্রতি বর্গকিমি]
- ⌘ কম ঘনবসতিপূর্ণ দেশ : মঙ্গোলিয়া ও নামিবিয়া ২ জন প্রতি বর্গকিমি।
- ⌘ জনসংখ্যা বৃদ্ধির হার :১.৭%। [UNFPA ২০১৯]।
- ⌘ মহিলা প্রতি উর্বরতার হার : ২.৫৪ শতাংশ।
- ⌘ মাথাপিছু আয় :৯,৯৭২ মার্কিন ডলার।
- ⌘ সর্বোচ্চ মুদ্রাস্ফিতির দেশ : জিম্বাবুয়ে।
- ⌘ সর্বাধিক জনসংখ্যা বৃদ্ধিহারের দেশ : কাতার, ১১.৩৭% [UNFPA ২০১৯]।
- ⌘ সর্বাধিক শিশু মৃত্যুহারের দেশ : সিয়েরা লিওন, প্রতি হাজার জীবিত জনে ২৬২ জন মরে।
- ⌘ সর্বনিম্ন শিশু মৃত্যুহারের দেশ : সিঙ্গাপুর, সুইডেন, লুক্সেমবার্গ, লিচটেনষ্টাইন, আইসল্যান্ড; প্রতি হাজার জীবিত জনে ৩ জন।

RAISUL ISLAM HRIDOY

⌘ সর্বোচ্চ গড় আয়ুর দেশ : জাপান; ৮২.৭ বছর [UNFPA ২০১৮]।
⌘ সর্বনিম্ন গড় আয়ুর দেশ : আফগানিস্থান, ৪৬.৬ বছর [মানব উন্নয়ন রিপোর্ট ২০১৯]।
⌘ সর্বাধিক ব্যবহৃত ভাষা : মান্দারিন (চীনা); শতাধিক কোটি মানুষ এটি ব্যবহার করে।

২০২০ সালে জনসংখ্যার ক্রম অনুযায়ী দেশের তালিকা

Rank	Country	Populations	% of World
1	China	1,404,934,160	18.0%
2	India	1,368,588,808	17.5%
3	United States	330,499,310	4.23%
4	Indonesia	269,603,400	3.45%
5	Pakistan	220,892,331	2.82%
6	Brazil	212,219,313	2.71%
7	Nigeria	206,139,587	2.64%
8	Bangladesh	169,497,120	2.17%
9	Russia	146,748,590	1.88%
10	Mexico	127,792,286	1.63%

RAISUL ISLAM HRIDOY

⊙ বৃহত্তম রাজধানী শহর (জনসংখ্যায়) : টোকিও (জাপান); ৩ কোটি ৫৩ লাখ ২৭ হাজার।
⊙ বৃহত্তম নগর (জনসংখ্যায়) : সাংহাই (চীন); ১ কোটি ৩৩ লাখ।

- উষ্ণতম স্থান : দালাল, দেনাকিল ডিপ্রেসন, ইথিওপিয়া; বার্ষিক গড় তাপমাত্রা ৯৩,২০ ফারেনহাইট বা ৩৪০ সেন্টিগ্রেড।
- বৃহত্তম মরুভূমি:
- উষ্ণমণ্ডলীয়: সাহারা, উত্তর আফ্রিকা; ৩৫,০০,০০০ বর্গমাইল বা ৯১,০০,০০০ বর্গকিলোমিটার।
- উপকূলীয়: আতাকামা, চিলি; ৫৪,০০০ বর্গমাইল বা ১৩৯,৮৬০ বর্গকিলোমিটার।
- নাতিশীতোষ্ণ: গোবি মরুভূমি, চীন; ৫,০০,০০০ বর্গমাইল বা ১২,৯৫,০০০ বর্গকিলোমিটার।
- পৃথিবীর বৃহত্তম অরণ্য : তৈগা।
- বৃহত্তম দ্বীপ; গ্রিনল্যান্ড, যার আয়তন ৮,৪০,০০৪ বর্গ মাইল বা ২১,৭৫,৬০০ বর্গকিলোমিটার।
- উল্লেখ্য, অষ্ট্রেলিয়া হলো ব্যাপকভাবে মহাদেশীয় ভূখণ্ড হিসেবে পরিচিত পৃথিবীর বৃহত্তম দ্বীপ, যার আয়তন ২৯,৪১,৫১৭ বর্গমাইল বা ৭৬,১৮,৪৯৩ ববর্গকিলোমিটার।
- বৃহত্তম দ্বীপ দেশ : ইন্দোনেশিয়া, যার আয়তন ৭,৩৫,৩৫৮ বর্গমাইল বা ১৯,০৪,৫৬৯ বর্গকিলোমিটার।
- বৃহত আগ্নেয় দ্বীপ : সুমাত্রা, ইন্দোনেশিয়া; আয়তন ১,৭১,০৬৯ বর্গমাইল বা ৪,৪৩,০৬৬ বর্গকিলোমিটার।
- শীতলতম স্থান : প্লাটু ষ্টেশন, এন্টার্কটিকা; বার্ষিক গড় তাপমাত্রা- ৫৬.৭০ সেলসিয়াস।
- আর্দ্রতম স্থান : মসিনরাম, আসাম, ভারত; বার্ষিক গড় বৃষ্টিপাত ১১,৮৭৩ মিলিমিটার বা ৪৬৭৪ ইঞ্চি।
- শুষ্কতম স্থান : আতাকামা মরুভূমি, চিলি (বার্ষিক বৃষ্টিপাত অনুযায়ী)।
- শুষ্কতম স্থান (জনবসতিপূর্ণ) : আসওয়ান, মিশর; বার্ষিক বৃষ্টিপাত ০.০২"।
- আর্দ্রতম জনবসতিপূর্ণ স্থান : বুয়েনা ভেনতিয়া, কলম্বিয়া, বার্ষিক বৃষ্টিপাত ২৬৭ ইঞ্চি বা ৬৭৮১.৮০ মিলিমিটার।
- মহাদেশ - ৭টি। (এশিয়া, ইউরোপ, আফ্রিকা, উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ওশেনিয়া, এন্টার্কটিকা)।
- বৃহত্তম মহাদেশ - এশিয়া (আফ্রিকার ১.৫গুণ, ইউরোপের ৪.৫ গুণ,অষ্ট্রেলিয়ার ৬ গুণ) আয়তন প্রায়-৪ কোটি৪০ লক্ষ ৩০ হাজার বর্গ কি.মি.)
- আফ্রিকার সিং-ইথিপিয়া
- মালভূমির মহাদেশ- আফ্রিকা।

RAISUL ISLAM HRIDOY

- বরফের মহাদেশ-এন্টার্কটিকা।
- এশিয়া-ইউরোপকে একত্রে বলা হয় - ইউরেশিয়া
- জনবসতিহীন মহাদেশ-এন্টার্কটিকা (উচ্চ তম মহাদেশ)
- জ্যামিতিক সীমারেখায় বিভক্ত-উত্তর আফ্রিকার দেশ সমূহ
- ডাউন আন্ডার - অষ্ট্রেলিয়া, নিউজিল্যান্ড
- দুই মহাদেশে অবস্থিত দেশ - রাশিয়া তুরস্ক , মিশর।
- পৃথিবীর উন্মুক্ত চিড়িয়াখানা - আফ্রিকা মহাদেশ ' কোন জলভাগ দ্বারা বিচ্ছিন্ন নয় - এশিয়া ও ইউরোপ মহাদেশ ও ক্ষুদ্রতম মহাদেশ-ওশেনিয়া
- দুই মহাদেশে অবস্থিত শহর-ইস্তাম্বুল
- মূল মধ্যরেখা-গিনিচের মান মন্দিরের উপর দিয়ে কল্পনা করা হয়েছে ' বিষুব রেখা/নিরক্ষ রেখার মান -০
- কর্কটক্রান্তি রেখার (Tropic of cancer) মান -২৩.৫ উত্তর অক্ষংশ
- মকরক্রান্তি রেখার (Tropic of Capricorn) মান-২৩.৬৬ দক্ষিণ অক্ষাংশ

সাধারণ ভৌগোলিক তথ্য

- সবচেয়ে সরু দেশ কোনটি? ➾ উত্তরঃ চিলি। (দৈর্ঘ্য ৬১৫৫)।
- পৃথিবীর সর্ব দক্ষিনের শহর কোনটি? ➾ পুন্টা আরেনাস, চিলি।
- সর্বাধিক দ্বীপ নিয়ে গঠিত দেশ কোনটি? ➾ ইন্দোনেশিয়া ১৩,৫০০)
- ইন্দোনেশিয়ার কতটি দ্বীপে মানব বসতি আছে? ➾ প্রায় ৬০০০টি।
- সবচেয়ে বেশি নিরপেক্ষ দেশ কোনটি? ➾ সুইজারল্যান্ড।
- কোন দেশ আন্তর্জাতিকভাবে কোন যুদ্ধে অংশগ্রহন করেনি? ➾ সুইজারল্যান্ড।
- সুইজারল্যান্ড কবে জাতিসংঘের সদস্য পদ গ্রহন করে? ➾ ১০ সেপ্টেম্বর, ২০০২
- বিশ্বের সবচেয়ে জনবহুল দেশ কোনটি? ➾ চীন (পৃথিবীর মোট জনসংখ্যার ২৩%)
- বিশ্বের ক্ষুদ্রতম প্রজাতন্ত্র কোনটি? ➾ নাউরু (আয়তন -২১বর্গ কিমি)
- বিশ্বের ক্ষুদ্রতম দেশ কোনটি? ➾ ভ্যাটিকান সিটি (১০৮, একর)।

RAISUL ISLAM HRIDOY

- বিশ্বের দীর্ঘতম সীমান্ত কোন দুটি দেশের? ⇒ যুক্তরাষ্ট্র ও কানাডা (৬,৪১৬কিমি-আলাস্কার ২৫৪৭কিমি ছাড়াই)।
- দিতীয় দীর্ঘতম সীমান্ত কোন দুটি দেশের? ⇒ আর্জেন্টিনা ও চিলি(৫২৫৫)।
- সর্বাধিক লোক অতিক্রমকারী সীমান্ত কোনটি? ⇒ যুক্তরাষ্ট্র ও মেক্সিকো সীমান্ত (বছরে প্রায় ৫০ কোটি লোক অতিক্রম করে।
- সর্বাধিক সীমান্ত বেষ্ঠিত দেশ কোনটি? ⇒ চীন ও রাশিয়া (১৪ দেশের সাথে সীমান্ত)।
- পৃথিবীর সংক্ষিপ্ত সীমান্ত কোনটি? ⇒ জিব্রাল্টার ও স্পেন (১.৫৩কিমি)।
- দ্বিতয়ি ক্ষুদ্র সীমান্ত কোনটি? ⇒ ভ্যাটিকান সিটি ও রোম (৪.০৭ কিমি)
- আয়তনে বিশ্বের বৃহত্তম দেশ কোনটি? ⇒ রাশিয়া (পৃথিবীর মোট আয়তনের ১১.৫%)।
- কোন দেশের রাজধানীকে বিভক্ত রাজধানী বলে? ⇒ নেদারল্যান্ড।
- কোন দেশের তিনটি রাজধানী? ⇒ দক্ষিণ আফ্রিকা।
- দক্ষিণ আফ্রিকার রাজধানী তিনটি কি কি? ⇒ প্রিটোরিয়া, কেপটাউন ও ব্লমফনটেন।
- সৌর জগৎ প্রথম কে আবিস্কার করেন? ⇒ কোপারনিকাস (১৫৪০)
- সর্ব প্রথম এভারেষ্ট কে জয় করেন? ⇒ হিলারী তেনজিং (১৯৫৩)।
- সর্ব প্রথম কোন মহিলা এভারেষ্ট জয় করেন? ⇒ জনাকো তাবেই, ১৯৭৫ সালে।
- ভারতে গমনের সমুদ্র পথ কে আবিস্কার করেন? ⇒ ভাস্কো দা গামা।
- প্রথম চন্দ্র প্রদক্ষিণ করেন কে? ⇒ ফ্লাঙ্ক বরম্যান ও অ্যান্ডারস (১৬৬৮)।
- ট্যাঙ্গানিকা হ্রদ কে আবিস্কার করেন? ⇒ ক্যাপ্টেন জন স্পেক (১৮৫৬)
- উত্তর মেরু কে আবিস্কার করেন? ⇒ রবার্ট পিয়েরে (১৯০৯)।
- দক্ষিণ মেরু আবিস্কার করেন কে? ⇒ এমান্ড সেন (১৯১২)।
- আমেরিকা আবিস্কার করেন কে? ⇒ ইটালীর নাবিক কলম্বাস (১৪৯৮)
- পশ্বিম ভারতীয় দীপ পুঞ্জ কে আবিস্কার করেন? ⇒ কলম্বাস (১৪৯২)
- কে সর্বপ্রথম পালের নৌকায় বিশ্ব ভ্রমণ করেন? ⇒ ম্যাগিলান (১৫১৯)

RAISUL ISLAM HRIDOY

- প্রশান্ত মহাসাগর ও আটলান্টিক মহাসাগরে গমনের পথ কে আবিস্কার করেন? ➩ ম্যাগিলান
- ভিক্টোরিয়া জলপ্রপাত কে আবিস্কার করেন? ➩ ডেভিড লিভিংস্টোন।
- গ্রীনল্যান্ড কে আবিস্কার করেন? ➩ এরিক দি রেড ভাইকিং (৯৮২ সালে)
- অস্ট্রেলিয়া কে আবিস্কার করেন? ➩ উইলিয়াম জ্যাকসন (১৯০৬)
- আয়তনে পৃথিবীর বৃহত্তম দেশ কোনটি? ➩ রাশিয়া।
- হংকং বর্তমানে কোন দেশের সাথে একভূত হয়েছে? ➩ চীন।
- বিশ্বে সবচেয়ে বেশি লোক কথা বলে কোন ভাষায়? ➩ চাইনিজ মান্দারিন ভাষায়।
- বাংলাদেশ ছাড়া আর কোন দেশে পয়সা ক্ষুদ্রতম মুদ্রা? ➩ মায়ানমার।

বিশ্বের দীর্ঘতম, দ্রুততম, উষ্ণতম, ক্ষুদ্রতম ও বৃহত্তম

বিশ্বের দীর্ঘতম যা কিছু

- নদী (যৌথভাবে) : মিসিসিপি মিসৌরী
- প্রাচীর : চীনের মহাপ্রাচীর
- পর্বতমালা : আন্দিজ পর্বতমালা
- সমুদ্র সৈকত : কক্সবাজার
- প্রণালী : তাতার প্রণালী
- উড়াল সড়কসেতু : বাং না এক্সপ্রেসওয়ে (থাইল্যান্ড, ৫৪ কিমি)
- খাল : গ্র্যান্ড খাল
- কৃত্রিম খাল : সুয়েজ খাল।
- রেলপথ : ট্রান্স সাইবেরিয়ান রেলপথ
- নদী : নীল নদ

RAISUL ISLAM HRIDOY

⌘ সাঁতারের পথ ; ইংলিশ চ্যানেল।
⌘ বিরতিহীন ট্রেন : ফ্লাইং স্কটসম্যান
⌘ রেল সুড়ঙ্গ : তান্না (জাপান)
⌘ গিরিখাত : মালাক্কা অববাহিকা
⌘ নদী অববাহিকা : আমাজান অববাহিকা,
⌘ প্রাণী (দীর্ঘজীবী) : কচ্ছপ (জীবনকাল ১৯০-২০০ বছর)
⌘ লম্ফ প্রাণী : ক্যাঙ্গারু
⌘ করিডোর : রামেশ্বরম মন্দিরের করিডোর
⌘ গলাবিশিষ্ট প্রাণী : জিরাফ
⌘ মূর্তি : মাদারল্যান্ড (রাশিয়া)
⌘ চলচ্চিত্র : দি হিউম্যান কন্ডিশন
⌘ যুদ্ধ ; শতবর্ষব্যাপী যুদ্ধ (ফ্রান্স-ব্রিটেন)
⌘ জাহাজ : এমভি মন্ট (পূর্বনাম কনক নেভিস)
⌘ মিলিটারি জাহাজ : এন্টারপ্রাইজ ক্লাস
⌘ যাত্রীবাহী জাহাজ : ওয়াসিস অব দ্য সি
⌘ কাঠের জাহাজ : পিটার ভন ড্যানজিং
⌘ সমুদ্র প্রাচীর : সাইমেনজিয়াম সি ওয়াল (দ. কোরিয়া)
⌘ সমুদ্র সেতু : হাং বে সেতু (চীন)
⌘ ঝুলন্ত সেতু : সুতং সেতু (চীন)
⌘ রেলওয়ে টানেল : সে ইকান টানেল (জাপান)

বিশ্বের দ্রুততম যা কিছু

- প্রাণী : চিতা বাঘ
- পাখি : সুইফট পাখি
- মাছ : টুনি মাছ
- সাপ : আফ্রিকার কালো মাম্বা

RAISUL ISLAM HRIDOY

- যাত্রীবাহী বিমান : কনকর্ড
- যুদ্ধবিমান : লকহিড YF 123 (শব্দের চেয়ে তিনগুণ বেশি দ্রুত)
- ট্রেন : হারমনি এক্সপ্রেস (চীন)

বিশ্বের উচ্চতম যা কিছু

- মহাসাগর : প্রশান্ত মহাসাগর
- খাদ : মারিয়ানা ট্রেঞ্চ (প্রশান্ত মহাসাগর)
- সাগর : ক্যারিবিয়ান সাগর
- উপসাগর : মেক্সিকো উপসাগর
- হ্রদ : বৈকাল হ্রদ
- প্রাণী : জিরাফ
- শহর : ওয়েন চুয়ান (তিব্বত)
- রাজধানী : লাপাজ (বলিভিয়া)
- টিভি মাস'ল : কেভিএলওয়াই টিভি মাস্তুল (যুক্তরাষ্ট্র)
- দেশ : তিব্বত
- পর্বতমালা : হিমালয়
- পর্বতশৃঙ্গ : এভারেষ্ট (নেপাল)
- মিনার : বাদশাহ হাসান মসজিদের মিনার (মরক্কো)
- স্থান : আজিজিয়া (লিবিয়া)
- মালভূমি : পামির
- ভবন :বুর্জ খলিফা (সংযুক্ত আরব আমিরাত)
- আগ্নেয়গিরি : কটাপেক্সী (আন্দিজ, ইকুয়েডর)
- জলপ্রপাত : এঞ্জেল (ভেনিজুয়েলা)
- হ্রদ : টিটিকাকা (বলিভিয়া)
- গলনাঙ্ক : ট্যাংষ্টেন
- বৃক্ষ : ক্যালিফোর্নিয়ার উপকূলের রেড উড শ্রেণীর গাছ
- গিরিপথ : আল্পিনা

RAISUL ISLAM HRIDOY

বিশ্বের ক্ষুদ্রতম যা কিছু

- মহাদেশ : ওশেনিয়া
- দেশ : ভ্যাটিকান সিটি
- মুসলিম দেশ : মালদ্বীপ
- দিন ; ২২ ডিসেম্বর (উত্তর গোলার্ধে)
- রাত : ২১ জুন (উত্তর গোলার্ধে)
- নদী : ডি রিভার (যুক্তরাষ্ট্র)
- পাখি ; হামিং বার্ড
- মহাসাগর : আর্কটিক মহাসাগর
- গ্রহ : বুধ
- গির্জা : চ্যাপেন্স অব সান্তা-ইসাবেল (ভ্যাটিকান সিটি)
- ফুল : পিলিয়া মাইক্রোফোলিয়া
- প্রজাতন্ত্র : নাউরু
- মাছ : ইনষ্ট্যান্ট ফিস (ওজন ১ মি. গ্রাম)
- সাবমেরিন : সেরাফিনা (দৈর্ঘ্য ৪০ সেমি)

বিশ্বের বৃহত্তম যা কিছু

- মহাদেশ : এশিয়া
- মহাসাগর : প্রশান্ত মহাসাগর
- দেশ (আয়তনে) : রাশিয়া
- দেশ (জনসংখ্যায়) : চীন।
- জনসংখ্যায় (মুসলিম দেশ) : ইন্দোনেশিয়া
- মুসলিম দেশ (আয়তনে) : কাজাখস্তান
- গ্রহ : বৃহস্পতি

RAISUL ISLAM HRIDOY

- নক্ষত্র : আর-১৩৬-এ
- ঘণ্টা : মস্কোর ঘণ্টা
- পাখি (ওজনে) : উটপাখি (১৫৫ কেজি)
- চলচ্চিত্র প্রেক্ষাগৃহ : রক্সি (নিউইয়র্ক)
- দিন : ২১ জুন (উত্তর গোলার্ধে)
- রাত ; ২২ ডিসেম্বর (উত্তর গোলার্ধে)
- ব-দ্বীপ : বাংলাদেশ
- মরুভূমি : সাহারা
- সাগর : দক্ষিণ চীন সাগর

শীর্ষ ও নিম্নস্থানীয় দেশ

রাষ্ট্র (আয়তনে)	বৃহত্তম	রাশিয়া
	ক্ষুদ্রতম	ভ্যাটিকান সিটি
রাষ্ট্র (জনসংখ্যা)	বৃহত্তম	চীন
	ক্ষুদ্রতম	ভ্যাটিকান সিটি
ঘনবসতিতে	সর্বোচ্চ	বাংলাদেশ
	সর্বনিম্ন	মঙ্গোলিয়া
স্বাক্ষরতার হারে	সর্বোচ্চ	স্লোভাকিয়া
	সর্বনিম্ন	আফগানিস্তান (২৮.০১%)
মাথাপিছু আয়	সর্বোচ্চ	লুক্সেমবার্গ
	সর্বনিম্ন	মোজাম্বিক
গড় আয়ুতে	সর্বোচ্চ	জাপান
	সর্বনিম্ন	সোয়াজিল্যান্ড
উচ্চতম অট্টালিকা	সর্বোচ্চ	বুর্জ খলিফা

RAISUL ISLAM HRIDOY

পৃথিবীর বিভিন্ন অঞ্চল ও রাষ্ট্র পরিচিতি

অঞ্চল ভিত্তিক রাষ্ট্র পরিচিতি

মধ্যপ্রাচ্য: সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, কাতার, ওমান, বাগরাইন, ইরান, ইরাক, জর্ডান, লেবানন, তুরস্ক, সিরিয়া, ইয়েমেন, ফিলিস্থান ও ইসরাইল।

নিকট প্রাচ্য: সিরিয়া, লেবানন, জর্ডান, ইসরাইল ও সাইপ্রাস।

দূর প্রাচ্য: চীন, জাপান, তাইওয়ান, উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া ও ফিলিপাইন।

দক্ষিণ এশিয়া: বাংলাদেশ, ভুটান, মালদ্বীপ, নেপাল, ভারত, পাকিস্থান, শ্রীলংকা, আফগানিস্থান ও মায়ানমারকে।

মধ্য এশিয়ার মুসলিম প্রজাতন্ত্র সমূহ: কাজাকিস্থান, তাজিকিস্থান, উজবেকিস্থান, তুর্কমেনিস্থান, কিরিঘিজস্থান ও আজারবাইজান।

দক্ষিণ পূর্ব এশিয়া: লাওস, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর, থাইল্যান্ড, ব্রুনাই, ফিলিপাইন, ভিয়েতনাম ও মায়ানমার।

দক্ষিণ আমেরিকা: আজেন্টিনা, বলিভিয়া, ব্রাজিল, চিলি, কলম্বিয়া, ইকুয়েডর, গায়েনা, প্যারাগুয়ে, পেরু, সুরিনাম, উরুগুয়ে ও ভেনিজুয়েলা।

ল্যাটিন আমেরিকা: ব্রাজিল, আর্জেন্টিনা, উরুগুয়ে ও ভেনিজুয়েলা।

মধ্য আমেরিকা: কোস্টারিকা, এল সালভেদর, গুয়েতেমালা, হন্ডুরাস, পানামা ও নিকারাগুয়া।

পূর্ব ইউরোপ: রুমানিয়া, বুলগেরিয়া, হাঙ্গেরী, জার্মানী, পোল্যান্ড, আলবেনিয়া, ক্রয়েশিয়া, চেক প্রজাতন্ত্র, স্লোভাকিয়া, ভেনিয়া ও বসনিয়া-হার্জেগোভিনা।

ক্যারিবিয়ান অঞ্চল (পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ): বাহামা দ্বীপপুঞ্জ, বার্বাডোজ, ডোমিনিকান প্রজাতন্ত্র, গ্রানাডা, হাইতি, জ্যামাইকা, ত্রিনিদাদ, সেন্ট লুসিয়া, টোবাগো এবং কিউবা।

ওশেনিয়া: সামগ্রিকভাবে প্রশান্ত মহাসাগর দ্বীপগুলো যথাঃ অষ্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ফিজিং, পাপুয়া নিউগিনি, টোঙ্গা এবং পশ্চিম সামায়ো।

RAISUL ISLAM HRIDOY

মাইক্রনেশিয়: মোলেনিশিয়ার উত্তর দিকের দ্বীপসমূহ ও নিরক্ষরেখার নিকটবর্তী দ্বীপসমূহ এর অন্তর্গত। এগুলো হচ্ছে ক্যারোলিনা দ্বীপপুঞ্জ, মার্শাল দ্বীপপুঞ্জ, কিরিবাতি, নাউরু এবং ও সিয়াম।

মেলোনেশিয়া: অষ্ট্রেলিয়ার উত্তর-পূর্ব দিকের দ্বীপসমূহ, যথা- ফিজি, ভানুয়াতু, নিউগিনি, সালোমান দ্বীপপুঞ্জ, কিরিবাতি, নাউরু।

পলিনেশিয়া: মধ্য ও প্রশান্ত মহাসাগরের দ্বীপসমূহ যথা: সামোয়া, টোঙ্গা, ইষ্টার, তাহিতি, টুভ্যালু ও কুক দ্বীপপুঞ্জ।

ককেসাস অঞ্চল: জর্জিয়া, আর্মেনিয়া, আজারবাইজান, চেচনিয়া প্রভৃতি দেশ।

বাল্টিক রাষ্ট্র সমূহ ও রাজধানী নাম: লিথুনিয়া-ভিলনিয়াস, লাটভিয়া-রিগা, এস্তেনিয়া-তালিন।

বলকান রাষ্ট্র সমূহ: রুমানিয়া, বুলগেরিয়া, আলবেনিয়া, বসনিয়া-হার্জেগোভিনা, ক্রয়েশিয়া, শোভেনিয়া, মেসিডোনিয়া, গ্রীস, মন্টিনিগ্রো, সার্বিয়া কসোভো।

সি.আই,এস ভুক্ত রাষ্ট্র সমূহ: রাশিয়া, ইউক্রেন, বেলারুশ, মালদাভিয়া, আর্মেনিয়া, কাজাকিস্থান, তাজিকিস্থান, উজবেকিস্থান, কিরিঘিজিস্থান, তুর্কমেনিস্থান ও জর্জিয়া (আজারবাইজান সি আই এস থেকে বেরিয়ে গেছে এবং জর্জিয়া যোগ দিয়েছে)।

আরব উপসাগরীয় রাষ্ট্রসমূহ: সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, কাতার, ওমান, বাহরাইন ও ইয়েমেন।

RAISUL ISLAM HRIDOY

প্রশান্ত মহাসাগরে ওশেনিয়ায় ৩টি বিশেষ অঞ্চল রয়েছে

অঞ্চলের নাম	অন্তর্গত দেশসমূহ
মাইক্রোনেশিয়া	ক্যারোলিন দ্বীপপুঞ্জ মার্শাল দ্বীপপুঞ্জ মারিয়ানা দ্বীপপুঞ্জ (গুয়াম ও নর্দার্ন মারিয়ানা দ্বীপপুঞ্জ) কিরিবাতি (বানা ও জিলবার্ট দ্বীপপুঞ্জ) নাউরু, পালাউ

মেলোনশিয়া	পাপুয়া নিউগিনি ফিজি সলোমন দ্বীপপুঞ্জ, ভানুয়াতু মালুকু দ্বীপপুঞ্জ (ইন্দোনেশিয়া) নিউ ক্যালিডোনিয়া (ফ্রান্স) নিউগিনি (ইন্দোনেশিয়া ও পাপুয়া নিউগিনি) বিসমার্ক (পাপুয়া নিউগিনি) সান্তা ক্রুজ দ্বীপপুঞ্জ (সলোমন দ্বীপপুঞ্জ)
পলিনেশিয়া	সামোয়া আমেরিকান সামোয়া (মার্কিন যুক্তরাষ্ট্র) হাওয়াই (মার্কিন যুক্তরাষ্ট্র) টুভ্যালু , টোঙ্গা মারকুয়েজ আইল্যান্ড ইস্টার আইল্যান্ড (চিলি) নিউজিল্যান্ড কুক দ্বীপপুঞ্জ (নিউজিল্যান্ড) নিউ (নিউজিল্যান্ড) তোকেলউ (নিউজিল্যান্ড) ফ্রেঞ্চ পলিনেশিয়া (ফ্রান্স) নরফোক আইল্যান্ড (অস্ট্রেলিয়া) পিটকেয়ার্ন আইল্যান্ড (বৃটেন)

গুরুত্বপূর্ণ রাজনৈতিক অঞ্চল

অঞ্চলের নাম	অন্তর্গত দেশসমূহ	অন্যান্য তথ্য

RAISUL ISLAM HRIDOY

আরব উপদ্বীপের রাষ্ট্রসমূহ	সৌদি আরব, কুয়েত, কাতার, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, ইয়েমেন।	আরব দেশগুলো তেল উৎপাদনে বিখ্যাত। অর্থকরী ফসলের মধ্যে খেজুর বিশ্বব্যপী সমাদৃত।
বাল্টিক রাষ্ট্রসমূহ	এস্তোনিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, (ফিনল্যান্ড)	প্রথম বিশ্বযুদ্ধে রাশিয়ার কাছ থেকে স্বাধীনতা লাভকারী রাষ্ট্র এবং প্রথম বিশ্বযুদ্ধের অব্যবহিত পরে স্বাধীনতা লাভকারী ফিনল্যান্ড (১৯২০)
স্ক্যান্ডিনেভিয়ান দেশসমূহ	ডেনমার্ক, নরওয়ে, সুইডেন, আইসল্যান্ড, ফিনল্যান্ড, ফ্যারো আইল্যান্ড, গ্রিনল্যান্ড।	মূলত ডেনমার্ক, নরওয়ে ও সুইডেন; স্ক্যান্ডিনেভিয়ান ভাষা ও সংস্কৃতি অধ্যুষিত অঞ্চল।
পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ	অ্যান্টিগুয়া এন্ড বারবুড়া, বাহমা, বার্বাডোজ, কিউবা, ডোমিনিকা, ডোমিনিকা প্রজাতন্ত্র, গ্রেনাডা, হাইতি, জ্যামাইকা, সেন্ট কিটস এন্ড নেভিস, সেন্ট লুসিয়া,সেন্ট ভিনসেন্ট এন্ড গ্রেনাডিয়ান্স, ত্রিনিদাদ ও টোবাগো।	দুই আমেরিকা মহাদেশের মধ্যবর্তী ক্যারিবিয়ান সাগরে অবস্থিত দ্বীপরাষ্ট্রগুলো এই নামকরণ করেন আমেরিকার আবিষ্কারক ক্রিস্টোফার কলম্বাস। তিনি মনে করেছিলেন দ্বীপগুলো ভারতের দক্ষিণে। এই অঞ্চলে এই ১৩টি দ্বীপরাষ্ট্র ছাড়াও ১৭টি কলোনি বা পরাধীন উপনিবেশ/দেশ আছে।
সাবেক সোভিয়েত ইউনিয়ন	রাশিয়া, ইউক্রেন, কাজাখস্তান, উজবেকিস্তান, বেলারুশ, আজারবাইজান, মলদোভা জর্জিয়া, লিথুয়ানিয়া, কিরঘিজিস্তান, তাজিকিস্তান, আর্মেনিয়া, লাটভিয়া, তুর্কমেনিস্তান, এস্তোনিয়া।	১৯৯১ সালে ডিসেম্বরে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫ টি রাষ্ট্র গঠিত হয়।
সি আই এস ভুক্ত (কমনওয়েলথ অব (ইন্ডিপেন্ডেন্ট স্টেটস)	আর্মেনিয়া, আজারবাইজান, বেলারুশ, কাজাখস্তান, কিরঘিজিস্তান, মেলদোভা, রাশিয়া, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান, উজবেকিস্তান, (ইউক্রেন)।	পূর্বে জর্জিয়া সি আই এস-র সদস্য থাকলেও সম্প্রতি সদস্যপদ প্রত্যাহার করে নিয়েছে । আর ইউক্রেন শুরু থেকেই (১৯৯১) এর সঙ্গে সংশ্লিষ্ট থাকলেও সদস্য হয়নি।

RAISUL ISLAM HRIDOY

সাবেক চেকোশ্লোভাকিয়া	চেক প্রজাতন্ত্র, শ্লোভাকিয়া।	১ জানুয়ারি ১৯৯৩ সালে ভেঙ্গে চেক প্রজাতন্ত্র ও শ্লোভাকিয়া নামে দুটি রাষ্ট্রের জন্ম হয়।
সাবেক যুগোশ্লাভিয়া	সার্বিয়া, ক্রোয়েশিয়া, শ্লোভেনিয়া, মন্টিনিগ্রো, বসনিয়া এন্ড হার্জেগোভিনা, মেসিডোনিয়া কসোভো।	১৯৯২ সালে ভেঙ্গে ৪ টি পৃথক প্রজাতন্ত্র হয়- ক্রোয়েশিয়া, স্লোভেনিয়া, মেসিডোনিয়া এবং বসনিয়া এন্ড হার্জেগোভিনা। পরবর্তীতে ২০০৬ সালে চূড়ান্তভাবে যুগোশ্লাভিয়া ভেঙে যায়, সার্বিয়া ও মন্টিনিগ্রো আলাদা হয়ে গেলে । ২০০৮ সালে কসোভো সার্বিয়া থেকে আলাদা হয়ে স্বাধীনতা ঘোষণা করে।
ইন্দোচীন	লাউস, কম্বোডিয়া, ভিয়েতনাম।	

বিভিন্ন বিখ্যাত অঞ্চল (region)

নাম	অন্তর্ভূক্ত অঞ্চল বা দেশ	বিশেষত্ব/ গুরুত্বপূর্ণ তথ্য
সেভেন সিস্টারস	আসাম, ত্রিপুরা, মেঘালয়, মণিপুর, মিজোরাম, অরুণাচল, নাগাল্যান্ড	ভারতের উত্তর-পূর্ব অঞ্চলের ৭ টি রাজ্যকে সেভেন সিস্টার বলা হয়।
গোল্ডেন ট্রায়াঙ্গল	মায়ানমার, লাওস ও থাইল্যান্ড সীমান্তে অবস্থিত।	আফিম মাদক উৎপাদনকারী অঞ্চল।
গোল্ডেন ক্রিসেন্ট	আফগানিস্তান, পাকিস্তান ও ইরান সীমান্তে অবস্থিত।	আফিম মাদক উৎপাদনকারী অঞ্চল।
গোল্ডেন ওয়েজ	বাংলাদেশ, ভারত ও নেপাল সীমান্তে অবস্থিত।	মাদক পাচার ও চোরাচালানের জন্য বিখ্যাত
গোল্ডেন ভিলেজ	বাংলাদেশের কুষ্টিয়া জেলার ২৬ টি গ্রাম	গাঁজা উৎপাদনের জন্য বিখ্যাত।

RAISUL ISLAM HRIDOY

বিভিন্ন বিখ্যাত অর্থনৈতিক জোট

জোট	দেশ
3-Tigers	জাপান, জার্মানি, ইতালি
4-Tigers	দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, সিঙ্গাপুর, হংকং
সুপার সেভেন	মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড + ফোর টাইগারস (দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, সিঙ্গাপুর, হংকং)।
ইস্ট এশিয়ান মিরাকল	জাপান + সুপার সেভেন (মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, সিঙ্গাপুর, হংকং)

RAISUL ISLAM HRIDOY

পৃথিবী সম্পর্কিত আরো বিস্তারিত তথ্য

উৎপত্তি

সৌরজগৎ সৃষ্টির মোটামুটি ১০০ মিলিয়ন বছর পর একগুচ্ছ সংঘর্ষের ফল হলো পৃথিবী। আজ থেকে ৪.৫৪ বিলিয়ন বছর আগে পৃথিবী নামের গ্রহটি আকৃতি পায়, পায় লৌহের একটি কেন্দ্র এবং একটি বায়ুমণ্ডল। সাড়ে ৪০০ কোটি বছর আগে দুটি গ্রহের তীব্র সংঘর্ষ হয়েছিল। সংঘর্ষের তীব্রতা এতটাই বেশি ছিল যে, এ সময় জুড়ে যায় গ্রহ দুটি। পৃথিবী নামক গ্রহের সঙ্গে চরম সংঘর্ষ হয়েছিল থিয়া নামে একটি গ্রহের। সংঘর্ষের সময় পৃথিবীর বয়স ছিল ১০ কোটি বছর। সংঘর্ষের জেরে থিয়া ও পৃথিবীর জুড়ে যায়, তৈরি হয় নতুন গ্রহ। সেই গ্রহটিতেই আমরা বাস করছি। তিনবার চন্দ্র অভিযানে পাওয়া চাঁদের মাটি এবং হাওয়াই অ্যারিজোনায় পাওয়া আগ্নেয়শিলা মিলিয়ে চমকে যান গবেষকরা। দুটি পাথরের অক্সিজেন আইসোটোপে কোনও ফারাক নেই। গবেষকদলের প্রধান অধ্যাপক এডওয়ার্ড ইয়ংয়ের কথায়, চাঁদের মাটি আর পৃথিবীর মাটির অক্সিজেন আইসোটোপে কোনও পার্থক্য পাইনি। থিয়া নামক গ্রহটি তখন পরিণত হচ্ছিল। ঠিক সেই সময়েই ধাক্কাটি লাগে এবং পৃথিবীর সৃষ্টি হয়।

শিল্পীর দৃষ্টিতে প্রথম দিকের সৌর জগৎ ও এর গ্রহসূহের চাকতি।

সৌরজগতের ভেতরে অবস্থিত সবচেয়ে পুরনো পদার্থের বয়স প্রায় ৪.৫৬ শত কোটি বছর। আজ থেকে ৪.৫৪ শত কোটি বছর আগে–পৃথিবীর আদিমতম রূপটি গঠিত হয়। সূর্যের পাশাপাশি সৌরজগতের অন্যান্য মহাজাগতিক বস্তুগুলিও গঠিত হয় ও এগুলোর বিবর্তন ঘটতে থাকে। তাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে, একটি আণবিক মেঘ থেকে একটি সৌর নীহারিকা মহাকর্ষীয় ধসের মাধ্যমে কিছু আয়তন বের করে নেয়, যা ঘুরতে শুরু করে এবং চ্যাপ্টা হয়ে তৈরি হয় পরিনাক্ষত্রিক চাকতিতে,

RAISUL ISLAM HRIDOY

এবং এই চাকতি থেকেই সূর্য এবং অন্যান্য গ্রহের উৎপত্তি ঘটে। একটি নীহারিকাতে বায়বীয় পদার্থ, বরফকণা এবং মহাজাগতিক ধূলি (যার মধ্যে আদিম নিউক্লাইডগুলিও অন্তর্ভুক্ত) থাকে। নীহারিকা তত্ত্ব অনুযায়ী সংযোজন প্রক্রিয়ার মাধ্যমে অতিক্ষুদ্র গ্রহগুলি গঠিত হয়। এভাবে আদিম পৃথিবীটি গঠিত হতে প্রায় ১ থেকে ২ কোটি বছর লেগেছিল।

চাঁদের গঠন নিয়ে বর্তমানে গবেষণা চলছে এবং বলা হয় চাঁদ প্রায় ৪.৫৩ বিলিয়ন বছর পূর্বে গঠিত হয়। একটি গবেষণারত অনুমানের তথ্য অনুসারে, মঙ্গল গ্রহ আকারের বস্তু থিয়ার সাথে পৃথিবীর আঘাতের পরে পৃথিবী থেকে খসে পড়া বস্তুর পরিবৃদ্ধি ফলে চাঁদ গঠিত হয়। এই ঘটনা থেকে বলা হয়ে থাকে যে, থিয়া গ্রহের ভর ছিল পৃথিবীর ভরের প্রায় ১০%, যা পৃথিবীকে আঘাত করে কৌনিক ভাবে, এবং আঘাতের পরে এটির কিছু ভর পৃথিবীর সাথে বিলীনও হয়ে যায়। প্রায় ৪.১ থেকে ৩.৫ বিলিয়ন বছরের মধ্যে অজস্র গ্রহাণুর আঘাত যা ঘটে, যার ফলে চাঁদের বৃহত্তর পৃষ্ঠতলের ব্যাপক পরিবর্তন ঘটে, আর এর কারণ ছিল পৃথিবীর উপস্থিতি।

আকৃতি

পৃথিবী দেখতে পুরোপুরি গোলাকার নয়, বরং কমলালেবুর মত উপর ও নিচের দিকটা কিছুটা চাপা এবং মধ্যভাগ (নিরক্ষরেখার কাছাকাছি) স্ফীত। এ'ধরনের স্ফীতি তৈরি হয়েছে নিজ অক্ষকে কেন্দ্র করে এটির ঘূর্ণনের কারণে। একই কারণে বিষুব অঞ্চলের ব্যাস মেরু অঞ্চলের ব্যাসের তুলনায় প্রায় ৪৩ কি.মি. বেশি।



[ভূ-পৃষ্ঠের উপরিতল হতে ভূ-ভরকেন্দ্রের দূরত্ব দেখানো হয়েছে। দক্ষিণ আমেরিকার আন্দাস পর্বত শৃঙ্গকে দেখানো হয়েছে উঁচু জায়গা হিসাবে। তথ্য সংগ্রহ করা হয়েছে পৃথিবী২০১৪-বিশ্ব ভূ-চিত্র মডেল থেকে]

RAISUL ISLAM HRIDOY

পৃথিবীর আকৃতি অনেকটাই কমলাকার উপগোলকের মত। ঘূর্ণনের ফলে, পৃথিবীর ভৌগলিক অক্ষ বরাবর এটি চ্যাপ্টা এবং নিরক্ষরেখা বরাবর এটি স্ফীত। নিরক্ষরেখা বরাবর পৃথিবীর ব্যাস মেরু থেকে মেরুর ব্যাসের তুলনায় ৪৩ কিলোমিটার (২৭ মা) বৃহৎ। তাই, পৃথিবী পৃষ্ঠের উপর পৃথিবীর ভরকেন্দ্র থেকে সর্বোচ্চ দূরত্বটি হল নিরক্ষরেখার উপর অবস্থিত চিম্বরাজো আগ্নেয়গিরির সর্বোচ্চ শৃঙ্গটি। আদর্শ মাপের উপগোলকের গড় ব্যাস হল ১২,৭৪২ কিলোমিটার (৭,৯১৮ মা)। স্থানীয় ভূসংস্থানে ব্যাসের মান আদর্শ উপগোলকের ব্যাসের মানের চেয়ে ভিন্ন হয়, যদিওবা সারা বিশ্বের কথা বিবেচনা করলে পৃথিবীর ব্যাসার্ধের তুলনায় এই বিচ্যুতির মান যৎ সামান্য: সর্বোচ্চ পরিমাণ বিচ্যুতির মান হল মাত্র ০.১৭%, যা পাওয়া যায় মারিয়ানা খাতে (যা ১০,৯১১ মিটার (৩৫,৭৯৭ ফু) সমুদ্র পৃষ্ঠতল থেকে নিচে), আর অপরদিকে মাউন্ট এভারেস্টে (৮,৮৪৮ মিটার (২৯,০২৯ ফু) যা সমুদ্র পৃষ্ঠতলের থেকে উঁচুতে) বিচ্যুতির মান ০.১৪%। জিওডেসি প্রকাশ করে যে, পৃথিবীতে সমুদ্র তার প্রকৃত আকার ধারণ করবে যদি ভূমি ও অন্যান্য চাঞ্চলতা যেমন ঢেউ ও বাতাস না থাকে, আর একে সংজ্ঞায়িত করা হয় জিওইড দ্বারা। আরো স্পষ্ট ভাবে, জিওইডের পরিমাণ হবে গড় সমুদ্র পৃষ্টতলের উচ্চতায় অভিকর্ষীয় মানের সমান।

রাসায়নিক গঠন

ভূত্বকের রাসায়নিক গঠন			
যৌগ সমূহ	রাসায়নিক সংকেত	গঠন	
		মহাদেশীয়	মহাসাগরীয়
সিলিকা	SiO_2	৬০.২%	৪৮.৬%
অ্যালুমিনা	Al_2O_3	১৫.২%	১৬.৫%
লাইম	CaO	৫.৫%	১২.৩%
ম্যাগনেসিয়া	MgO	৩.১%	৬.৮%
আয়রন (II) অক্সাইড	FeO	৩.৮%	৬.২%

RAISUL ISLAM HRIDOY

সোডিয়াম অক্সাইড	Na_2O	৩.০%	২.৬%
পটাসিয়াম অক্সাইড	K_2O	২.৮%	০.৪%
আয়রন (III) অক্সাইড	Fe_2O_3	২.৫%	২.৩%
পানি	H_2O	১.৪%	১.১%
কার্বন ডাই অক্সাইড	CO_2	১.২%	১.৪%
টাইটেনিয়াম ডাই অক্সাইড	TiO_2	০.৭%	১.৪%
ফসফরাস পেন্টা অক্সাইড	P_2O_5	০.২%	০.৩%
মোট		৯৯.৬%	৯৯.৯%

পৃথিবীর ভর হল প্রায় ৫.৯৭ x $১০^{২৪}$ কিলোগ্রাম (৫,৯৭০ ইয়াটোগ্রাম)। এটি গঠিত যে সকল উপাদান দিয়ে তার মধ্যে সবচাইতে বেশি হল লোহা (৩২.১%), অক্সিজেন (৩০.১%), সিলিকন (১৫.১%), ম্যাগনেসিয়াম (১৩.৯%), সালফার (২.৯%), নিকেল (১.৮%), ক্যালসিয়াম (১.৫%), এবং অ্যালুমিনিয়াম (১.৪%), এ ছাড়া বাকি ১.২% এর মধ্যে রয়েছে অন্যান্য বিভিন্ন উপাদানের উপস্থিতি। ভরের পৃথকীকরণ ঘটার ফলে, অনুমান করা হয় পৃথিবীর কেন্দ্র অঞ্চলটি প্রধানত গঠিত লোহা (৮৮.৮%) দ্বারা, এর সাথে অল্প পরিমাণে রয়েছে নিকেল (৫.৮%), সালফার (৪.৫%), এবং এছাড়া অন্যান্য উপাদানের উপস্থিতি রয়েছে ১% এরও কম।

সাধারণত পৃথিবীর ভূত্বকের শিলাগুলোর উপাদানসমূহের সবগুলোই হয়ে থাকে অক্সাইড ধরনের: তবে এর গুরুত্বপূর্ণ ব্যতিক্রম হল এতে ক্লোরিন, সারফার, এবং ফ্লোরিনের উপস্থিতি এবং সাধারণত কোন শিলায় এগুলোর পরিমাণ হয়ে থাকে মোট পরিমাণের ১% এরও কম। মোট ভূত্বকের ৯৯% গঠিত হয়ে থাকে ১১ ধরনের অক্সাইড দ্বারা, যার মধ্যে প্রধান উপাদানগুলো হল সিলিকা, অ্যালুমিনা, আয়রন অক্সাইড, লাইম, ম্যাগনেসিয়া (ম্যাগনেসিয়াম অক্সাইড), পটাশ এবং সোডা।

RAISUL ISLAM HRIDOY

অভ্যন্তরীণ কাঠামো

পৃথিবীর অভ্যন্তরীণ কাঠামো অন্যান্য বহুজাগতিক গ্রহের মত বিভিন্ন স্তরে বিভক্ত, স্তরগুলোর গঠন এগুলোর রাসায়নিক ও ভৌত (রিওলজি) বৈশিষ্টের উপর নির্ভর করে। সবচেয়ে বাইরের স্তরটি রাসায়নিকভাবে স্বতন্ত্র নিরেট সিলিকেট ভূত্বক, যার নিচে রয়েছে অধিক সান্দ্রতা সম্পন্ন নিরেট ম্যান্টেল বা গুরুমণ্ডল। ভূত্বকটি গুরুমণ্ডল থেকে পৃথক রয়েছে মোহোরোভিচিক বিচ্ছিন্নতা (Mohorovičić discontinuity) অংশ দ্বারা। ভূত্বকের পুরুত্ব মহাসাগরে নিচে প্রায় ৬ কিলোমিটার এবং মহাদেশের ক্ষেত্রে প্রায় ৩০-৫০ কিলোমিটার পর্যন্ত পরিবর্তিত হয়ে থাকে। ভূত্বক এবং এর সাথে ঠান্ডা, দৃঢ় উপরের দিকের উর্দ্ধ গুরুমণ্ডলকে একসাথে বলা হয়ে থাকে লিথোস্ফিয়ার এবং লিথোস্ফিয়ার সেই অংশ যেখানে টেকটনিক প্লেটগুলো সংকুচিত অবস্থায় থাকে। লিথোস্ফিয়ারের পরের স্তরটি হল অ্যাস্থেনোস্ফিয়ার, এটা এর উপরের স্তর থেকে কম সান্দ্রতা সম্পন্ন, এবং এর উপরে অবস্থান করে লিথোস্ফিয়ার নড়াচড়া করতে পারে। ভূপৃষ্ঠ থেকে ৪১০ কি.মি. থেকে ৬৬০ কি.মি. গভীরতার মধ্যে গুরুমণ্ডলের ক্রিস্টাল কাঠামোর গুরুত্বপূর্ণ পরিবর্তন দেখা যায়, এখানে রূপান্তর অঞ্চলের একটি বিস্তারে পাওয়া যায়, যা উর্দ্ধ গুরুমণ্ডল ও নিম্ন গুরুমণ্ডলকে পৃথক করে। গুরুমণ্ডলের নিচে, অত্যন্ত সান্দ্রতা পূর্ণ একটি তরল বহিঃ ভূকেন্দ্র থাকে, যা একটি নিরেট অন্তঃ ভূকেন্দ্রের উপরে অবস্থান করে। পৃথিবীর অন্তঃ ভূকেন্দ্রের ঘূর্ণনের কৌণিক বেগ বাদবাকি ভূখন্ডের তুলনায় সামান্য বেশি হতে পারে, এটি প্রতি বছর ০.১–০.৫° বৃদ্ধি পেয়ে থাকে। অন্তঃ ভূকেন্দ্রের পরিধি পৃথিবীর পরিধির তুলনায় পাঁচ ভাগের এক ভাগ হয়ে থাকে।

পৃথিবীর অভ্যন্তরীন বিন্যাস

পৃথিবীর ভূতাত্ত্বিক স্তর সমূহ			
	গভীরতা কি.মি.	স্তরগুলোর নাম	ঘনত্ব গ্রাম/সেমি³
	০–৬০	লিথোস্ফিয়ার	—
	০–৩৫	ভূত্বক	২.২–২.৯
	৩৫–৬০	উর্দ্ধ গুরুমণ্ডল	৩.৪–৪.৪

RAISUL ISLAM HRIDOY

পৃথিবীর কাঁটা অংশ বিশেষ কেন্দ্র থেকে এক্সোস্ফিয়ার পর্যন্ত স্কেল অনুসারে আঁকা নয়।	৩৫-২৮৯০	গুরুমণ্ডল	৩.৪-৫.৬
	১০০-৭০০	অ্যাস্থেনোস্ফিয়ার	—
	২৮৯০-৫১০০	বহিঃ ভূকেন্দ্র	৯.৯-১২.২
	৫১০০-৬৩৭৮	অন্তঃ ভূকেন্দ্র	১২.৮-১৩.১

বাহ্যিক গঠন

পৃথিবীর উৎপত্তির সময় এটি ছিল একটি উত্তপ্ত গ্যাসের পিন্ড। উত্তপ্ত অবস্থা থেকে এটি শীতল ও ঘনীভূত হয়। এ সময় ভারী উপাদানগুলো এটির কেন্দ্রের দিকে জমা হয় আর হালকা উপাদানগুলো ভরের তারতম্য অনুসারে নিচ থেকে উপরে স্তরে স্তরে জমা হয়। পৃথিবীর এ সকল স্তর এক একটি মণ্ডল নামে পরিচিত। সবচেয়ে উপরে রয়েছে অশ্মমণ্ডল স্তর। অশ্মমণ্ডলের উপরের অংশকে ভূত্বক বলে। ভূত্বকের নিচের দিকে প্রতি কি.মি. বৃদ্ধিতে ৩০ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধি পায়। ভূত্বকের উপরের ভাগে বাহ্যিক অবয়বগুলো যেমন -পর্বত, মালভূমি, সমভূমি ইত্যাদি থেকে থাকে। পৃথিবীর বাহ্যিক গঠন পৃথিবীর উপরিভাগের বৈচিত্রময় ভূমিরুপসমূহ নিয়ে সজ্জিত। পৃথিবীর প্রধান ভূমিরূপগুলো ভূপৃষ্ঠে সর্বত্র সমান নয়। আকৃতি, প্রকৃতি এবং গঠনগত দিক থেকে বেশকিছু পার্থক্য রয়েছে। ভূপৃষ্ঠে কোথাও রয়েছে উঁচু পর্বত, কোথাও পাহাড়, কোথাও মালভূমি। ভৌগোলিক দিক থেকে বিচার করলে পৃথিবীর সমগ্র ভূমিরূপকে ৩টি ভাগে ভাগ করা যায়।

এগুলো হলোঃ (১) পর্বত (২) মালভূমি (৩) সমভূমি।

সমুদ্রতল থেকে অন্তত ১০০০ মিটারের বেশি উঁচু সুবিস্তৃত ও খাড়া ঢালবিশিষ্ট শিলাস্তূপকে পর্বত বলে। সাধারণত ৬০০ থেকে ১০০০ মি. উঁচু স্বল্প সুবিস্তৃত শিলাস্তূপ কে পাহাড় বলে। পর্বতের উচ্চতা সমুদ্রপৃষ্ঠ থেকে কয়েক হাজার মিটার পর্যন্ত হতে পারে। পর্বতের ভূপ্রকৃতি সাধারণত বন্ধুর প্রকৃতির হয়ে থাকে, এগুলোর ঢাল খুব খাড়া এবং সাধারণত চূড়াবিশিষ্ট হয়ে থাকে। পূর্ব আফ্রিকার

RAISUL ISLAM HRIDOY

কিলিমাঞ্জারোর মত কিছু পর্বত বিছিন্নভাবে অবস্থান করে। আবার হিমালয় পর্বতমালার মত কিছু পর্বত অনেকগুলো পৃথক শৃঙ্গসহ ব্যাপক এলাকা জুড়ে অবস্থান করে।

পর্বতের থেকে উঁচু কিন্তু সমভূমি থেকে উঁচু খাড়া ঢালযুক্ত ঢেউ খেলানো বিস্তীর্ণ সমতলভূমি কে মালভূমি বলে। মালভূমির উচ্চতা শত মিটার থেকে কয়েক হাজার মিটার পর্যন্ত হতে পারে। পৃথিবীর বৃহত্তম মালভূমির উচ্চতা ৪,২৭০ থেকে ৫,১৯০ মিটার।

সমুদ্রতল থেকে অল্প উঁচু মৃদু ঢালবিশিষ্ট সুবিস্তৃত ভূমিকে সমভূমি বলে। বিভিন্ন ভূপ্রাকৃতিক প্রক্রিয়া যেমন -নদী, হিমবাহ ও বায়ুর ক্ষয় ও সঞ্চয় ক্রিয়ার ফলে সমভূমির সৃষ্টি হয়েছে। মৃদু ঢাল ও স্বল্প বন্ধুরতার জন্য সমভূমি কৃষিকাজ, বসবাস, রাস্তাঘাট নির্মাণের জন্য খুবই উপযোগী। তাই সমভূমিতে সবচেয়ে বেশি ঘন জনবসতি গড়ে উঠেছে।

ভূপৃষ্ঠ



বর্তমান সময়ের পৃথিবীর উচ্চতামিতি এবং বাথীমেট্রি। তথ্য সংগ্রহ করা হয়েছে ন্যাশনাল জিওফিজিক্যাল ডাটা সেন্টার থেকে।

RAISUL ISLAM HRIDOY

বর্তমান পৃথিবীটি দেখতে এই রকম - যদি এতে পানি না থাকে। (ক্লিক করুন/কিংবা বড় করুন ৩ডি গ্লোব আকারে এর "ঘূর্ণন" দেখতে।

পৃথিবীর মোট পৃষ্ঠতলের আকার হল প্রায় ৫১০ মিলিয়ন বর্গ কি.মি. (বা ১৯৭ মিলিয়ন বর্গ মাইল)। যার মধ্যে, ৭০.৮%, বা ৩৬১.১৩ মিলিয়ন বর্গ কি.মি. (১৩৯.৪৩ মিলিয়ন বর্গ মাইল), হল সমুদ্র পৃষ্ঠতলের নিচে ও এই অংশ সমুদ্রের পানি দ্বারা আচ্ছাদিত। সমুদ্র পৃষ্ঠতলের নিচেই রয়েছে অধিকাংশ মহীসোপান, পর্বতমালা, আগ্নেয়গিরি, সামুদ্রিক খাত, ডুবো গিরিখাত, সামুদ্রিক মালভূমি, গভীর সামুদ্রিক সমতল, এবং সারা পৃথিবী ব্যাপী বিসৃত মধ্য-সমুদ্র রিগ সিস্টেম। আর বাকি ২৯.২% অংশ বা ১৪৮.৯৪ বর্গ কি.মি. (বা ৫৭.৫১ মিলিয়ন বর্গ মাইল) যা পানি দ্বারা আচ্ছাদিত নয় ভূখণ্ডটি স্থানে স্থানে পরিবর্তিত এবং এতে রয়েছে পর্বত, মরুভূমি, সমতল, মালভূমি ও অন্যান্য ভূমিরূপ। অপসারণ ও অবক্ষেপণ, বিভিন্ন আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, বন্যা, মৃত্তিকা আবহবিকার, হিমবাহ ক্ষয়ীভবন, প্রবালপ্রাচীরের বৃদ্ধি এবং উল্কা পিন্ডের আঘাত ইত্যাদি হল সেই সকল ক্রিয়াশীল প্রক্রিয়া যার মাধ্যমে প্রতিনিয়ত পৃথিবীর ভূপৃষ্ঠের আকার পরিবর্তন ঘটছে ভূতাত্ত্বিক সময় যাওয়ার সাথে সাথে।

মহাদেশীয় ভূত্বকে কম ঘনত্বের উপাদান পাওয়া যায়, আগ্নেয় শিলা যেমন: গ্রানাইট ও অ্যান্ডেসাইট। সবচেয়ে কম পাওয়া যায় ব্যাসল্ট, যা হল অধিক ঘনত্বের আগ্নেয় শিলা, এটি হল মহাসাগরীয় ভূত্বক গঠনের মূল উপাদান। পাললিক শিলা গঠনের ক্ষেত্রে, পলি ক্রমানয়ে সঞ্চিত হয়ে এক সময় অন্য শিলার চাপে দেবে যায় এবং এরপর এক সাথে জমাট বাঁধে যায়। মহাদেশীয় ভূত্বকের প্রায় ৭৫% পাললিক শিলা দ্বারা আচ্ছাদিত, যদিও তা পৃথিবীর মোট ভূত্বকের মাত্র ৫% অংশ। আর পৃথিবীতে পাওয়া যাওয়া তৃতীয় ধরনের শিলা হল রূপান্তরিত শিলা, উচ্চ চাপে, উচ্চ তাপে কিংবা উভয়ের একসাথে ক্রিয়ার ফলে আগ্নেয় শিলা ও পাললিক শিলা রূপান্তরিত হয়ে এটি গঠিত হয়। পৃথিবীতে অজস্র পরিমাণে পাওয়া যাওয়া যে সকল সিলিকেট খনিজ সেগুলোর মধ্যে রয়েছে কোয়ার্জ,

RAISUL ISLAM HRIDOY

ফেল্ডস্পার, অ্যাম্ফিবোল, মাইকা, পাইরক্সিন এবং অলিভিন। সাধারণত পাওয়া যাওয়া কার্বনেট খনিজ গুলোর মধ্যে রয়েছে ক্যালসাইট (যা পাওয়া যায় চুনাপাথর) ও ডলোমাইট উভয়ে।

পৃথিবীর ভূপৃষ্ঠের উচ্চতা পরিবর্তিত হতে পারে সর্বনিম্ন ৪১৮ মিটার যার অবস্থান মৃত সাগর এবং সর্বোচ্চ উচ্চতা হতে পারে ৮,৮৪৮ মিটার হিমালয় পর্বতের চূড়ায়। সমুদ্র পৃষ্ঠতলের উপরে পৃথিবীর ভূপৃষ্ঠের গড় উচ্চতা ৮৪০ মিটার।

প্যাডোস্ফিয়ার হল পৃথিবীর মহাদেশীয় পৃষ্ঠের বাইরের সর্বোচ্চ স্তর এবং এর মধ্যে অন্তর্ভূক্ত মাটি ও মাটির গঠন প্রক্রিয়া সংক্রান্ত বিষয়। মোট ভূপৃষ্ঠের ১০.৯% ভূমি হল আবাদী জায়গা, এর মধ্যে ১.৩% হল স্থায়ী শস্যভূমি। পৃথিবীর ভূপৃষ্ঠের উপরিভাগের প্রায় ৪০% অংশ ব্যবহার করা হয় শষ্যভূমি ও চরণভূমি হিসাবে, আবার অরেকটি হিসাব থেকে জানা যায় ১.৩ x ১০^{৬} কি.মি.^{২} হল শষ্যভূমি ও ৩.৪ x ১০^{৬} কি.মি.^{২} হল চরণভূমি।

জলমণ্ডল



পৃথিবী পৃষ্ঠের উচ্চতার হিস্টোগ্রাম

পৃথিবী পৃষ্ঠে পানির প্রাচুর্য হল সেই অনন্য বৈশিষ্ট্য যা সৌর জগতের অন্যান্য গ্রহ থেকে এই "নীল গ্রহটি"কে পৃথক করেছে। পৃথিবীর জলমণ্ডলের মধ্যে বিশেষভাবে অন্তর্ভুক্ত মহাসাগরগুলো, কিন্তু যৌক্তিকভাবে পৃথিবী পৃষ্ঠের সকল পানি জলমণ্ডলের অন্তর্ভুক্ত, এটির মধ্যে রয়েছে ভূমির ভেতর দিকে থাকা সমুদ্র, লেক, নদী এবং এমনকি মাটির নিচের ২,০০০ মিটার নিচে থাকা পানিও এটার অন্তর্ভুক্ত। পৃষ্ঠতলের নিচে থাকা পানির সবচেয়ে গভীরতমটি হল প্রশান্ত মহাসাগরে থাকা মারিয়ানা খাতের চ্যালেঞ্জার ডিপ যার গভীরতা হল ১০,৯১১.৪ মিটার।

RAISUL ISLAM HRIDOY

মহাসাগরগুলোর অনুমানিক ভর হল প্রায় ১.৩৫×$১০^{১৮}$ মেট্রিক টন যা মোটামুটি পৃথিবীর মোট ভরের ১/৪৪০০ অংশ। মহাসাগরগুলোর মোট পৃষ্ঠের ক্ষেত্রফল হল ৩.৬১৮×$১০^{৮}$ কি.মি.^{২} , আর গড় গভীরতা হল ৩৬৮২ মিটার, ফলাফল হিসাবে এটির আয়তন হল ১.৩৩২×$১০^{৯}$ কি.মি.^{৩}। যদি পৃথিবীর সমুদ্র উপকূলের পৃষ্ঠের উচ্চতা সব জায়গায় সমান হত মসৃণ উপগোলকের মত, তাহলে পৃথিবীর মহাসাগরগুলোর গভীরতা হত ২.৭ থেকে ২.৮ কি.মি.

পৃথিবীর মোট পানির প্রায় ৯৭.৫% হল লবণাক্ত; আর বাদবাকি ২.৫% হল মিঠা পানি। বেশিরভাগ মিঠা পানি, প্রায় ৬৮.৭%, উপস্থিত রয়েছে বরফ হিসাবে আইস ক্যাপে এবং হিমবাহ রূপে।

পৃথিবীর মহাসাগরগুলোর গড় লবণাক্ততা হল প্রায় ৩৫ গ্রাম লবণ প্রতি কিলোগ্রাম লবণাক্ত পানিতে (৩.৫% লবণ)।এই লবণের বেশিরভাগ পানিতে সংযুক্ত হয়েছে অগ্ন্যুৎপাতের ঘটনার ফলে বা নির্গত হয়েছে ঠান্ডা আগ্নেয় শীলা থেকে। মহাসাগরগুলি দ্রবীভূত বায়ুমণ্ডলীয় গ্যাসগুলোর একটি আধারও বটে, যেগুলো অত্যন্ত অত্যাবশ্যকীয় বিভিন্ন জলজ জীবন ধারণের জন্য। সাগরের পানি বিশ্বের জলবায়ুর উপর গুরুত্বপূর্ণ প্রভাব রাখে, যেখানে এটি কাজ করে একটি বৃহৎ তাপীয় আধার হিসাবে। মহাসাগরের তাপমাত্রার বণ্টনের ক্ষেত্রে যে কোন পরিবর্তন উল্লেখযোগ্য ভাবে পৃথিবীর জলবায়ুর পরিবর্তন করতে পারে, উদাহারণস্বরূপ এল নিনো।

বায়ুমণ্ডল

নাসার মোডারেট-রেজোলিউশন ইমেজিং স্পেকট্রোরেডিওমিটার ব্যবহার করে উপগ্রহ থেকে তোলা পৃথিবীর মেঘাচ্ছন্ন ছবি

বায়ুমণ্ডল গ্যাসের একটি আস্তরণ যা পর্যাপ্ত ভরসম্পন্ন কোন বস্তুর চারদিকে ঘিরে জড়ো হয়ে থাকতে পারে। বস্তুটির অভিকর্ষের কারণে এই গ্যাসপুঞ্জ তার চারদিকে আবদ্ধ থাকে। বস্তুর অভিকর্ষ যদি যথেষ্ট বেশি হয় এবং বায়ুমণ্ডলের তাপমাত্রা যদি কম হয় তাহলে এই মণ্ডল অনেকদিন টিকে থাকতে পারে। গ্রহসমূহের ক্ষেত্রে বিভিন্ন ধরনের গ্যাস জড়ো হতে দেখা যায়। এ কারণে গ্রহের বায়ুমণ্ডল

RAISUL ISLAM HRIDOY

সাধারণ অপেক্ষাকৃত ঘন এবং গভীর হয়। পৃথিবীর চারপাশে ঘিরে থাকা বিভিন্ন গ্যাস মিশ্রিত স্তরকে পৃথিবী তার মধ্যাকর্ষণ শক্তি দ্বারা ধরে রাখে, একে পৃথিবীর বায়ুমণ্ডল বা আবহমণ্ডল বলে। এই বায়ুমণ্ডল সূর্য থেকে আগত অতিবেগুনি রশ্মি শোষণ করে পৃথিবীতে জীবের অস্তিত্ব রক্ষা করে। এছাড়ও তাপ ধরে রাখার মাধ্যমে (গ্রীনহাউজ প্রতিক্রিয়ায়) ভূপৃষ্ঠকে উওপ্ত রাখে এবং দিনের তুলনায় রাতের তাপমাত্রা হ্রাস রোধ করে।

৮.৫ কি.মি. উচ্চতা স্কেলযুক্ত বায়ুমণ্ডল পৃথিবী পৃষ্ঠে গড় বায়ুমণ্ডলীয় চাপ প্রয়োগ করছে ১০১.৩২৫ কিলো প্যাসকেল। এটা গঠিত হয়েছে ৭৮% নাইট্রোজেন এবং ২১% অক্সিজেন দ্বারা, এর সাথে সামান্য পরিমাণে রয়েছে জলীয় বাষ্প, কার্বন ডাই অক্সাইড এবং অন্যান্য গ্যাসীয় উপাদান। ট্রপোস্ফিয়ারের উচ্চতার পরিবর্তন হয় অক্ষাংশ পরিবর্তনের সাথে সাথে, যার মান হতে পারে মেরু অংশে ৮ কি.মি. ও নিরক্ষরেখার ক্ষেত্রে ১৭ কি.মি.। তবে এই মানের কিছু বিচ্যুতি হয়ে থাকে আবহাওয়া ও ঋতু পরিবর্তনের কারণে।

পৃথিবীর জীবমণ্ডল উল্লেখযোগ্যভাবে এটির বায়ুমণ্ডলের পরির্তন সাধন করেছে। সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় অক্সিজেনের উৎপাদন বিকাশ লাভ করে ২.৭ বিলিয়ন বছর আগে, গঠন করে আজকের মূল নাইট্রোজেন-অক্সিজেন বায়ুমণ্ডল। এর ফলশ্রুতিতে বায়ুজীবী জীবদের বিকাশ লাভ তরান্বিত হয় এবং পরোক্ষভাবে, এটি ওজোন স্তর গঠন প্রক্রিয়ায় সহায়তা করে, এটির কারণ হল পরবর্তীতে ঘটা বায়ুমণ্ডলীয় O_2 থেকে O_3 তে পরিবর্তন। ওজন স্তর সৌর বিকিরণের অতিবেগুনী রশ্মিকে আটকিয়ে দিয়ে, ভূমিতে প্রাণের বিকাশে সহায়তা করে। অন্যান্য বায়ুমণ্ডলীয় কর্মকাণ্ড যা জীবন ধারণের জন্য জরুরি তার মধ্যে রয়েছে জলীয় বাষ্পের সঞ্চালন, অতিপ্রয়োজনীয় গ্যাসগুলির সরবরাহ, ছোট উল্কাপিন্ড পৃথিবী পৃষ্ঠে আঘাত হানার পূর্বে তা পুড়িয়ে ফেলা এবং তাপমাত্রা নিয়ন্ত্রণ করা। সর্বশেষ কর্মকান্ডটি পরিচিত গ্রীনহাউজ প্রতিক্রিয়া নামে: বায়ুমণ্ডলের চিহ্নিত কিছু গ্যাসীয় অনু ভূ-পৃষ্ঠ হতে বিকীর্ণ তাপ শক্তি শোষন করে পুনরায় বায়ুমণ্ডলের অভ্যন্তরে বিকিরিত করে, বায়ুমণ্ডলের গড় তাপমাত্রা বাড়িয়ে তোলে। জলীয় বাষ্প, কার্বন ডাই-অক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড, এবং ওজন হল বায়ুমণ্ডলের মূল গ্রীনহাইজ গ্যাস। এই তাপ ধারণের ঘটনাটি না থাকলে, ভূ-পৃষ্ঠের গড় তাপমাত্রা হত −১৮ °সে, বিপরীত দিকে বর্তমান তাপমাত্রা হল +১৫ °সে, এবং এটা এর বর্তমান অবস্থায় না থাকলে পৃথিবীতে প্রাণের বিকাশ ঘটত না। মে ২০১৭ সালে, কক্ষপথে থাকা একটি স্যাটেলাইট থেকে এক মিলিয়ন মাইল দূরে হঠাৎ ক্ষণিকের জন্য একটি আলোর ঝলকানি দেখা যায়, পরে জানা যায় বায়ুমণ্ডলে থাকা বরফ স্ফটিক থেকে আলো প্রতিফলিত হয়ে এটি ঘটেছিল।

RAISUL ISLAM HRIDOY

আবহাওয়া এবং জলবায়ু

আবহাওয়া হলো কোনো স্থানের স্বল্প সময়ের বায়ুমণ্ডলীয় অবস্থা। সাধারণত এক দিনের এমন রেকর্ডকেই আবহাওয়া বলে। আবার কখনও কখনও কোনো নির্দিষ্ট এলাকার স্বল্প সময়ের বায়ুমণ্ডলীয় অবস্থাকেও আবহাওয়া বলা হয়। আবার কোনো স্থানের দীর্ঘ সময়ের আবহাওয়ার উপাত্তের ভিত্তিতে তৈরি হয় সে স্থানের জলবায়ু। আবহাওয়া নিয়ত পরিবর্তনশীল একটি চলক।

হ্যারিকেন ফেলিক্স, পৃথিবীর নিম্ন কক্ষপথ থেকে তোলা ছবি, সেপ্টেম্বর, ২০০৭।

মাউন্ট ডিসকভারির কাছে চাপযুক্ত শৈলশ্রেণীর সাথে লেন্স আকার মেঘ, অ্যান্টার্কটিকা, নভেম্বর ২০১৩।

RAISUL ISLAM HRIDOY

মযেভা মরুভূমির উপরে ভারী মেঘমালা, ফেব্রুয়ারি ২০১৬।

পৃথিবীর বায়ুমণ্ডলের কোন সুনির্দিষ্ট সীমানা নেই, ধীরে ধীরে পাতলা এবং হালকা হয়ে বহিঃমহাকাশের সাথে মিশে গেছে। বায়ুমণ্ডলের তিন চতুর্থাংশের ভর রয়েছে এটির মোট অংশের প্রথম ১১ কিমি (৬.৮ মা) এর মধ্যে। এর সবচেয়ে নিচের স্তরটির নাম হল ট্রপোস্ফিয়ার। সূর্য থেকে আসা তাপের প্রভাবে এই স্তরটি এবং এর নিচে থাকা ভূ-পৃষ্ঠ উত্তপ্ত হয়, ফলশ্রুতিতে বাতাসের সম্প্রসারণ ঘটে। এই নিম্ন ঘনত্বের বাতাস উপরের দিকে উঠে যায় এবং এটির জায়গা দখল করে ঠান্ডা, উচ্চ ঘনত্বের বাতাস। ফলে বায়ুপ্রবাহের সৃষ্টি হয়, যা তাপমাত্রার পুনঃবিন্যাস করে আবহাওয়া ও জলবায়ুকে বিভিন্ন স্থানে সঞ্চালিত করে।

মূল বায়ুপ্রবাহের ধারার মধ্যে অন্তর্ভূক্ত অয়ন বায়ু (Trade Wind), নিরক্ষীয় অঞ্চলের ৩০° অক্ষাংশ নিচে এবং পশ্চিমা বায়ু (westerlies) মধ্য-অক্ষাংশ বরাবর ৩০° থেকে ৬০° এর মধ্যে। মহাসাগরীয় স্রোত জলবায়ু নির্ধারণের গুরুত্বপূর্ণ নিয়ামক, থার্মোহ্যালাইন প্রবাহ (thermohaline circulation) যা তাপ শক্তিকে বিতরণ করে নিরক্ষীয় সমুদ্র অঞ্চল থেকে ঠান্ডা মেরু অঞ্চলে।

ভূ-পৃষ্ঠ থেকে বাষ্পীভবনের মাধ্যমে যে জলীয় বাষ্প উৎপন্ন হয় তা কিছু বিন্যাস অনুসরন করে বায়ুমণ্ডলের বিভিন্ন স্থানে সঞ্চালিত হয়। যখন বায়ুমণ্ডলীয় পরিবেশ গরম, আদ্রর্তাযুক্ত বাতাসকে, উপরের দিকে উঠার সুযোগ করে দেয়, তখন এই পানি ঘনীভূত হয় এবং ভূ-পৃষ্ঠের দিকে অধ:ক্ষিপ্ত ভাবে পতিত হয়। বেশির ভাগ পানি এরপর নিম্নভূমির দিকে ধাবিত হয় নদী নালার মাধ্যমে এবং সাগরে পুনরায় পৌছায় কিংবা এটি জমা হয় কোন হ্রদে। ভূমিতে জীবন ধারণের জন্য এই পানি চক্রটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রক্রিয়া এবং কোন একটি ভূতত্ত্বিক সময়ের মধ্যে ভূ-পৃষ্ঠের বিভিন্ন গঠনের

RAISUL ISLAM HRIDOY

ভূমিক্ষয়ের জন্য এটি মূল কারণ। বৃষ্টিপাত পতনের বিন্যাস পরিবর্তিত হয় ব্যাপক ভাবে, যার মাত্রা হতে পারে প্রতি বছর কয়েক মিটার থেকে এক মিলিমিটারের থেকেও কম। বায়ুপ্রবাহ, অবস্থানগত বৈশিষ্ট্য ও তাপমাত্রার পার্থক্য - নির্ধারন করে কোন অঞ্চলে পতিত হওয়া গড় বৃষ্টিপাতের পরিমাণ।

পৃথিবী পৃষ্ঠে সৌর শক্তির পরিমাণ কমতে থাকে অক্ষাংশের মান বাড়তে থাকার সাথে সাথে। উচ্চ অক্ষাংশে, সূর্যের আলো ভূ-পৃষ্ঠে পৌছায় নিম্ন কোণে, এবং এটিকে পার করতে হয় বায়ুমণ্ডলের পুরু স্তর। ফলাফলস্বরূপ, নিরক্ষীয় অঞ্চল থেকে প্রতি ডিগ্রী অক্ষাংশ পরিবর্তনে সমুদ্র সমতল থেকে গড় বার্ষিক বায়ুর তাপমাত্রা হ্রাস পায় প্রায় ০.৪ °C (০.৭ °F)। পৃথিবী পৃষ্ঠকে কিছু সুনির্দিষ্ট অক্ষ রেখায় উপবিভাজন করা যায় যেখানে মোটামুটি একই রকম জলবায়ু বিরাজ করে। নিরক্ষীয় অঞ্চল থেকে মেরু অঞ্চল পর্যন্ত বিরাজমান এই জলবায়ুগুলো হল ক্রান্তীয় জলবায়ু (বা নিরক্ষীয়), উপক্রান্তীয় জলবায়ু (subtropical), নাতিশীতোষ্ণ জলবায়ু এবং পৃথিবীর মেরু অঞ্চলের জলবায়ু।

এই অক্ষাংশ নিয়মের কিছু ব্যতয় রয়েছেঃ

- জলবায়ু নিয়ন্ত্রিত হয় যদি কাছাকাছি কোথায় সমুদ্র থাকে। উদাহারণস্বরূপ, স্ক্যান্ডিনেভিয়ান পেনিনসুলায় (Scandinavian Peninsula) অনেক সহনীয় জলবায়ু এটির সমগোত্রীয় উত্তর অক্ষাংশে অবস্থিত উত্তর কানাডার তুলনায়।
- বায়ু সহনীয় পরিবেশ বজায় রাখতে সহায়তা করে। ভূমির বায়ুবাহিত দিক এটির বায়ুপ্রবাহ বিহীন দিকের তুলনায় অনেক সহনীয় অবস্থা অনুভব করে। পৃথিবীর উত্তর গোলার্ধে, বাতাস প্রবাহিত হয় পশ্চিম থেকে পূর্ব দিকে, এবং পশ্চিম তীর কোমল হয়ে থাকে পূর্ব তীরের তুলনায়। এটা দেখা যায় উত্তর আমেরিকার পূর্বাংশে এবং পশ্চিম ইউরোপে, সমুদ্রের উভয় দিকে পাশাপাশি কোমল জলবায়ু থাকলেও অন্যদিকে বন্ধুর জলবায়ু দেখা যায় এটির পূর্ব তীরের দিকে। দক্ষিণ গোলার্ধে, বাতাস প্রবাহিত হয় পূর্ব থেকে পশ্চিম দিকে, এবং পূর্ব তীরের জলবায়ু কোমল হয়ে থাকে।
- সূর্য থেকে পৃথিবীর দূরত্ব পরিবর্তিত হয়। পৃথিবী সূর্যের সবচাইতে কাছে থাকে (অণুসূরবিন্দুতে) জানুয়ারি মাসে, যেটা দক্ষিণ গোলার্ধে গ্রীষ্মকাল। পৃথিবী সূর্য থেকে সবচাইতে দূরে থাকে (অপদূরবিন্দুতে) জুলাই মাসে, যেটা উত্তর গোলার্ধে গ্রীষ্মকাল, এবং অনুসূরবিন্দুর তুলনায় সূর্য থেকে আসা সৌর বিকিরণের মাত্র ৯৩.৫৫% পতিত হয় ভূমির কোন নির্দিষ্ট বর্গ এলাকায়। এটা সত্ত্বেও, উত্তর গোলার্ধে ভূমির আকার অনেক বড়, যা সমদ্রের তুলনায় অনেক

RAISUL ISLAM HRIDOY

সহজে উত্তপ্ত হয়ে ওঠে। সুতরাং, গ্রীষ্মকাল ২.৩ °C (৪ °F) উষ্ম হয়ে থাকে উত্তর গোলার্ধে, দক্ষিণ গোলার্ধের তুলনায় অনুরূপ পরিবেশ থাকা শর্তেও।

- সমুদ্র সমতল থেকে অধিক উচ্চ ভূমির ক্ষেত্রে জলবায়ু অনেক ঠান্ডা থাকে কারণ সেখানে বাতাসের ঘনত্ব কম থাকে।

বহুল ব্যবহৃত কোপ্পেন জলবায়ু শ্রেণীবিভাগ (Köppen climate classification) পাঁচটি বৃহৎ ভাগে বিভক্ত (আর্দ্র ক্রান্তীয়, শুষ্ক, আর্দ্র মধ্য অক্ষাংশ, মহাদেশীয় এবং ঠান্ডা মেরু), যা পরবর্তীতে আরও বিভাজন করা হয় বিভিন্ন উপভাগে। কোপ্পান ব্যবস্থায় বিভিন্ন ভূ-অঞ্চলের মান প্রদান করে তাপমাত্রা ও বৃষ্টিপাতের উপর পর্যবেক্ষণ করে।

পৃথিবীতে বায়ুর সবচেয়ে বেশি তাপমাত্রা পরিমাপ করা হয়েছিল ৫৬.৭ °সে (১৩৪.১ °ফা) ফুরনেসা ক্রিক, ক্যালিফর্নিয়ার, ডেথ ভ্যালিতে, ১৯১৩ সালে। পৃথিবীতে কখনো সরাসরি মাপা সর্বনিম্ন তাপমাত্রা ছিল -৮৯.২ °সে (-১২৮.৬ °ফা) ভোস্টোক স্টেশন ১৯৮৩ সালে। কিন্তু উপগ্রহে থাকা রিমোট সেন্সর ব্যবহার করে পরিমাপ করা সর্বনিম্ন তাপমাত্রা ছিল -৯৪.৭ °সে (-১৩৮.৫ °ফা) পূর্ব অ্যান্টারর্টিকা। এই তাপমাত্রার রেকর্ড হল শুধুমাত্র কিছু পরিমাপ যা আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে ২০শ শতকের শুরু থেকে মান নেয়া শুরু করা হয় এবং সৌভাগ্য বশত এটা পৃথিবীর তাপমাত্রা পূর্ণ মাত্রা প্রকাশ করে না।

উচ্চতর বায়ুমণ্ডল



পৃথিবীর কক্ষপথ থেকে দেখা যাওয়া এই পূর্ণ চাঁদটিকে আংশিকভাবে আচ্ছন্ন করে রেখেছে পৃথিবীর বায়ুমণ্ডল।

ট্রপোমণ্ডলের উপরের বায়ুমণ্ডলকে সাধারণত স্ট্রাটোমণ্ডল, মেসোমণ্ডল ও তাপমণ্ডলে ভাগ করা হয়ে থাকে। প্রতিটি স্তরের ভিন্ন ভিন্ন ল্যাপস রেট থাকে, যা দ্বারা উচ্চতা পরিবর্তনের সাথে তাপমাত্রার পরিবর্তন নির্দেশ করে। এরপর থেকে এক্সোমণ্ডল হালকা হতে হতে চৌম্বকমণ্ডলে মিলিয়ে যায়,

RAISUL ISLAM HRIDOY

যেখানে ভূ-চৌম্বকীয় ক্ষেত্রসমূহ সৌরবায়ুর সাথে মিথষ্ক্রিয়া করে থাকে। স্ট্রাটোমণ্ডলের মধ্যে রয়েছে ওজন স্তর, এটা হল সেই উপাদান যা ভূ-পৃষ্ঠকে সূর্যের অতিবেগুণী রশ্মির হাত হতে প্রকৃত পক্ষে রক্ষা করে এবং তাই, পৃথিবী প্রাণী জগতের জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কার্মান রেখা, টিকে সংজ্ঞায়িত করা যায় এভাবে, এটি পৃথিবী পৃষ্ঠ হতে ১০০ কি.মি. উপরে থাকে, এবং এটা হল পৃথিবীর বায়ুমণ্ডল এবং মহাকাশের মধ্যে কার্যকর সীমা রেখা।

তাপশক্তির কারণে বায়ুমণ্ডলের বাইরের প্রান্তে থাকা কিছু অনুর ভেতর গতিশক্তি বৃদ্ধি পায় এবং এক পর্যায়ে এগুলো পৃথিবীর অভিকর্ষ শক্তিকে ছিন্ন করে মহাকাশে বেড়িয়ে যেতে সক্ষম হয়। এই ঘটনার ফলে ধীরে কিন্তু নিয়মিতভাবে বায়ুমণ্ডল মহাকাশে হারিয়ে যায়। যেহেতু মুক্ত হাইড্রোজেনের আণবিক ভর সবচাইতে কম, এটা অতি দ্রুত নির্দ্ধিধায় মুক্তিবেগ অর্জন করতে পারে, এবং এটির অন্যান্য গ্যাসের তুলনায় অধিক হারে বাইরের মহাকাশে বহির্গমন ঘটে। পৃথিবীর বায়ুমণ্ডলের পরিবর্তনের পিছনে মহাকাশে হাইড্রোজেন গ্যাসের হারিয়ে যাওয়া একটি অন্যতম কারণ এবং এটা প্রাথমিকভাবে ঘটে একটি জারণ বিক্রিয়া থেকে এটির বর্তমান বিজারণ বিক্রিয়ায় আসায়। সালোকসংশ্লেষনের ফলে অক্সিজেনের সৃষ্টি হয়, কিন্তু ধারণা করা হয় জারণের ফলে নির্গত উপাদান যেমন হাইড্রোজেন হল বায়ুমণ্ডলে ব্যাপক হারে অক্সিজেনের সঞ্চয়নের পেছনে মূল পূর্বশর্ত। অতএব, হাইড্রোজেনের বায়ুমণ্ডল থেকে মুক্ত হওয়ার ঘটনা হয়তোবা পৃথিবীতে প্রাণের যে বিকাশ ঘটেছে তার গতি-প্রকৃতির উপর প্রভাব রেখেছে। বর্তমানে অক্সিজেন সমৃদ্ধ বায়ুমণ্ডলের বেশিরভাগ হাইড্রোজেন পরিণত হয় পানিতে, এটি বায়ুমণ্ডল থেকে মুক্ত হওয়ার সুযোগ পাবার আগেই। এটির বদলে, হারিয়ে যাওয়া বেশিরভাগ হাইড্রোজেন উৎপন্ন হয় উচ্চতর বায়ুমণ্ডলে পুড়ানো মিথেনের ফলশ্রুতিতে।

অভিকর্ষজ ক্ষেত্র



RAISUL ISLAM HRIDOY

নাসা জিআরএসিই নিরীক্ষার মাধ্যমে পৃথিবীর অভিকর্ষজ বলের মাত্রা নির্ধারণ করা হয়েছে, এখানে যা প্রদর্শন করছে তাত্ত্বিক মাধ্যাকর্ষণের সাথে স্থানীয় মাধ্যাকর্ষণের পার্থক্য। সুষম, স্ট্যান্ডার্ড মানের থেকে লাল অংশগুলোতে মাধ্যাকর্ষণ বলের মাত্রা অনেক শক্তিশালী এবং অপরদিকে নীল অংশগুলোতে এটি দূর্বল।

পৃথিবীর অভিকর্ষজ বল হল সেই ত্বরণ যা পৃথিবীর সাথে কোন একটি বস্তুর উপর ক্রিয়া করে বস্তুটির ভরের কারণে। ভূ-পৃষ্ঠের উপর, অভিকর্ষজ ত্বরণ হল প্রায় ৯.৮ মি/সে^{২} (৩২ ফুট/সে^{২})। কোন স্থানের ভূসংস্থান, ভূতত্ত্ব এবং গভীর ভূত্বকীয় গঠনের পার্থক্যের কারণে স্থানীয় ও বৃহৎ অঞ্চলের পৃথিবীর অভিকর্ষজ বলের মানের পরিবর্তন হয়ে থাকে, যাকে বলা হয়ে থাকে মাধ্যাকর্ষীয় ব্যত্যয়।

চৌম্বক ক্ষেত্র

পৃথিবীর চৌম্বকীয় ক্ষেত্রের মূল অংশটি উৎপন্ন হয় এর ভূ-কেন্দ্রে, ডায়নামো প্রক্রিয়ার, তাপীয় ভাবে ও গাঠিনিক ভাবে উৎপন্ন গতিশক্তির পরিবর্তন ঘটে পরিচলন পদ্ধতিতে পরিবাহিত হয় তড়িৎ শক্তি ও চৌম্বক শক্তিতে। চৌম্বক ক্ষেত্রটি ভূ-কেন্দ্রে থেকে পৃথিবীর বাইরের দিকে ছড়িয়ে যায়, গুরুমণ্ডল ভেদ করে, পৃথিবীর পৃষ্ঠ পর্যন্ত, যেখানে এটা মোটামুটি একটি ডাইপোল। ডাইপোলের মেরুগুলোর অবস্থান পৃথিবীর ভৌগোলিক মেরুর কাছাকাছি। ভূ-পৃষ্ঠের উপর নিরক্ষরেখা বরাবর, চৌম্বক ক্ষেত্রটির চৌম্বক শক্তির পরিমাণ হল ৩.০৫ × ১০$^{-৫}$ টেসলা, একই সাথে বৈশ্বিক চৌম্বকীয় ডাইপোল মোমেন্ট হল ৭.৯১ × ১০^{১৫} টেসলা মিটার^{৩}। ভূ-কেন্দ্রে হতে পরিচলন পদ্ধতিতে প্রবাহিত চৌম্বক শক্তি সুশৃঙ্খল ভাবে চারিদিকে ছড়ায় না; চৌম্বকীয় মেরুর স্থান পরিবর্তন হয় এবং পর্যায়ক্রমে এটির অ্যালাইনমেন্টের পরিবর্তন ঘটে। এর ফলশ্রুতিতে স্যাকুলার পরিবর্তন ঘটে মূল চৌম্বক ক্ষেত্রের এবং চৌম্বক ক্ষেত্রের বিপর্যয় ঘটে একটি অনিয়মিত সময়ের ভেতরে, গড়ে প্রতি মিলিয়ন বছরে একবার। সবচেয়ে কাছাকাছি সময়ে ঘটা বিপর্যয়টি হয়েছিল প্রায় ৭০০,০০০ বছর আগে।



পৃথিবীর চৌম্বকমণ্ডলের রূপরেখা। সৌর বায়ু বাম থেকে ডানদিকে প্রবাহিত হয়।

মহাকাশে পৃথিবীর চৌম্বক ক্ষেত্রের বিস্তৃতি দ্বারা চৌম্বকমণ্ডলকে সংজ্ঞায়িত করা হয়। সৌর বায়ুর আয়ন এবং ইলেকট্রনগুলি পৃথিবীর চৌম্বকমণ্ডল দ্বারা বাধাগ্রস্ত হয়; সৌর বায়ুর চাপে দিনের আলোর

RAISUL ISLAM HRIDOY

দিকে থাকা চৌম্বকমণ্ডলের দৈর্ঘ্য সংকুচিত হয়, প্রায় পৃথিবীর ব্যাসার্ধের ১০ গুণ পর্যন্ত এবং অন্ধকারের দিকের চৌম্বকমণ্ডলটি লম্বা করে প্রসারিত করে তোলে। এর কারণ হল তরঙ্গ যে বেগে সৌর বায়ুর দিকে অগ্রসর হয় তার থেকে সৌর বায়ুর গতিবেগ অনেক বেশি, একটি সুপারসনিক প্রচন্ড-আঘাত দিনের আলোর দিকে থাকা চৌম্বকমণ্ডলকে সৌর বায়ুর মধ্যে মিশিয়ে দেয়। চৌম্বকমণ্ডল আধানযুক্ত কণাগুলোকে ধারণ করে; প্লাসমামণ্ডলটিকে সংজ্ঞায়িত করা যায় এভাবে, এটি নিম্ন শক্তি সম্পন্ন কণা দ্বারা পূর্ণ থাকে যা পৃথিবীর ঘূর্ণনের সাথে সাথে চৌম্বকমণ্ডলের রেখাগুলোকে অনুসরণ করে রিং কারেন্টকে সংজ্ঞায়িত করা হয় এভাবে, এটি মধ্যম-শক্তির কণা দ্বারা পূর্ণ থাকে যা পৃথিবীর ভূচৌম্বক ক্ষেত্রের সাথে তাল মিলিয়ে প্রবাহিত হয়, কিন্তু তা স্বত্তেও এটির প্রবাহ পথের উপর আধিপত্য রাখে চৌম্বক ক্ষেত্রটি,এবং ভ্যান এলেন রেডিয়েশন বেল্ট গঠিত হয় উচ্চ-শক্তি সম্পন্ন কণা দ্বারা, যার গতি প্রধানত এলোমেলো ধরনের হয়, কিন্তু কোন কোন ক্ষেত্রে এটির অবস্থান চৌম্বকমণ্ডলের মধ্যে অন্তর্ভূক্ত।

চৌম্বকীয় ঝড় ও সাবস্ট্রোম যখন ঘটে, তখন বাইরের দিকের চৌম্বকমণ্ডল থেকে এবং বিশেষ করে ম্যাগনিটোটেইল থেকে আধানযুক্ত কণাগুলো বেরিয়ে যায়, যার দিক হতে পারে আয়নমণ্ডলের দিকে, যেখানে বায়ুমণ্ডলীয় অনুগুলো হয়ে থাকে উত্তেজিত ও আধানযুক্ত, এর ফলশ্রুতিতে সৃষ্টি হয় আরোরা।

বার্ষিক ও আহ্নিক গতি

আহ্নিক গতি

পৃথিবীর আহ্নিক গতির ছবি নেয়া হয়েছে ডিএসকভার এপিক থেকে ২৯ মে, ২০১৬ সালে, অয়তান্ত-বিন্দুতে পৌছানোর কিছু সপ্তাহ আগে।

RAISUL ISLAM HRIDOY

পৃথিবী নিজের অক্ষের চারিদিকে ঘূর্ণনকে পৃথিবীর আহ্নিক গতি বলে। এই গতি পশ্চিম থেকে পূর্বের দিকে ঘড়ির কাঁটার বিপরীত অভিমুখে হয়ে থাকে। পৃথিবীর আহ্নিক গতির অক্ষ উত্তর মেরু ও দক্ষিণ মেরু অঞ্চলে ভূপৃষ্ঠকে ছেদ করে।

সূর্যের সাপেক্ষে পৃথিবীর ঘূর্ণনের সময়কালকে — এটির গড় সৌর দিন বলা হয়—এটা হল ৮৬,৪০০ সেকেন্ড গড় সৌর সময় (৮৬,৪০০.০০২৫ এস আই সেকেন্ড)। এর কারণ হল পৃথিবীর সৌর দিন আজ সামান্য বড় ১৯ শতকের তুলনায় যার কারণ হল টাইডাল মন্দন, প্রতিটি দিন পরিবর্তিত হয়ে বড় হয়ে থাকে ০ থেকে ২ এস আই মিলি সেকেন্ড পর্যন্ত। পৃথিবীর আহ্নিক গতির পর্যায়কাল হিসাব করা হয় স্থির নক্ষত্র সমূহের সাপেক্ষে, যেটাকে ইন্টারন্যাশনাল আর্থ রোটেশন এন্ড রেফারেন্স স্টিস্টেম সার্ভিস (আই.ই.আর.এস) কর্তৃক বলা হয় এটির নাক্ষত্রিক দিন (stellar day), যা হল ৮৬,১৬৪.০৯৮৯ সেকেন্ড গড় সৌর দিন (ইউটি১), বা ২৩$^{ঘণ্টা}$ ৫৬$^{মিনিট}$ ৪.০৯৮৯$^{সেকেন্ড}$। অয়নকাল বা ঘূর্ণনরত গড় মহাবিষুবকালের সাপেক্ষে পৃথিবীর ঘূর্ণনের সময়কালকে, পূর্বে ভুলনামে প্রচলিত ছিল *নাক্ষত্র দিন (sidereal day) হিসাবে,* যার মান হল ৮৬,১৬৪.০৯০৫ সেকেন্ড গড় সৌর সময় (ইউটি১) (২৩$^{ঘণ্টা}$ ৫৬$^{মিনিট}$ ৪.০৯০৫$^{সেকেন্ড}$) ১৯৮২ অনুযায়ী হতে। ফলাফল স্বরূপ, নাক্ষত্র দিন নাক্ষত্রিক দিনের তুলনায় ছোট প্রায় ৮.৪ মিলিসেকেন্ড। আই.ই.আর.এস কর্তৃক গড় সৌর দিনের দৈর্ঘ্যের মানের হিসাব এস.আই এককে পাওয়া যায় ১৬২৩ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত এবং ১৯৬২ থেকে ২০০৫ সাল পর্যন্ত।

পৃথিবীর বায়ুমণ্ডলের উল্কাপিন্ড ও নিম্ন কক্ষীয় স্যাটেলাইট ছাড়া, জ্যোতির্বৈজ্ঞানিক বস্তুর (celestial bodies) আপাত মূল গতি লক্ষ্য করা যায় পৃথিবীর আকাশের পশ্চিম দিকে যার গতির হার হল ১৫°/ঘণ্টা = ১৫'/মিনিট। বস্তু যেগুলো খ-বিষুবের (celestial equator) কাছাকাছি থাকে, তা সূর্য বা চাঁদের আপাত পরিধির সমান হয়ে থাকে প্রতি দুই মিনিট অন্তর অন্তর; পৃথিবী পৃষ্ঠ থেকে, সূর্য ও চাঁদের আপাত মাপ প্রায় সমান হয়ে থাকে।

RAISUL ISLAM HRIDOY

বার্ষিক গতি

ভয়েজার ১ মহাকাশযান থেকে ১৯৯০ সালে তোলা ছবি *"ক্ষীণ নীলচে বিন্দু"* যাতে পৃথিবীকে দেখা যাচ্ছে (ছবির কেন্দ্রের ডান দিকে), যা তোলা হয়েছে প্রায় ৬.৪ বিলিয়ন কিলোমিটার ($৪×১০^{৯}$ মা) দূর থেকে।

যে গতির ফলে পৃথিবীতে দিনরাত ছোট বা বড় হয় এবং ঋতু পরিবর্তিত হয় তাকে পৃথিবীর বার্ষিক গতি বলে। পৃথিবী সূর্যকে প্রদক্ষিণ করে প্রায় ১৫০ নিযুত কিলোমিটার ($৯৩×১০^{৬}$ মা) গড় দূরত্বে প্রতি ৩৬৫.২৫৬৪ গড় সৌর দিন পরপর, বা এক সৌর বছরে। এর মাধ্যমে অন্যান্য তারার সাপেক্ষে পূর্বদিকে সূর্যের অগ্রসর হওয়ার একটি আপাত মান পাওয়া যায় যার হার হল প্রায় ১°/দিন, যা হল সূর্য বা চাঁদের আপাত পরিধি প্রতি ১২ ঘণ্টায়। এই গতির কারণে, গড়ে প্রায় ২৪ ঘণ্টা লাগে—একটি সৌর দিনে—পৃথিবীকে তার অক্ষ বরাবর একটি পূর্ণ ঘূর্ণন সম্পন্ন করতে, যাতে করে সূর্য আবার মেরিডিয়ানে ফেরত যেতে পারে। পৃথিবীর গড় কক্ষীয় দ্রুতি হল ২৯.৭৮ km/s (১,০৭,২০০ কিমি/ঘ; ৬৬,৬০০ মা/ঘ), যা যথেষ্ট দ্রুত, এই গতিতে পৃথিবীর পরিধির সমান দূরত্ব, প্রায় ১২,৭৪২ কিমি (৭,৯১৮ মা), মাত্র সাত মিনিটে অতিক্রম করা যাবে, এবং পৃথিবী থেকে চাঁদের দূরত্ব ৩,৮৪,০০০ কিমি (২,৩৯,০০০ মা), অতিক্রম করা যাবে প্রায় ৩.৫ ঘণ্টায়।

চাঁদ ও পৃথিবীর ঘূর্ণন করে একই বেরিকেন্দ্রকে অনুসর করে, প্রতি ২৭.৩২ দিনে এটির আশেপাশের তারাগুলোর সাপেক্ষে একবার চাঁদের প্রদক্ষিণ সম্পন্ন হয়। যখন সূর্যের চারিদিকে পৃথিবী ও চাঁদের যৌথ সাধারণ কক্ষপথ হিসাব করা হয়, এই সময়কালকে বলা চঁন্দ্র মাস, একটি পূর্ণিমা হতে অপর পূর্ণিমা পর্যন্ত, যা হল ২৯.৫৩ দিন। যদি খ-উত্তর মেরুর সাপেক্ষে হিসাব করা হয়, তাহলে পৃথিবীর গতি, চাঁদের গতি, এবং এদের কক্ষীয় নতি হবে ঘড়ির কাঁটার বিপরীত দিকে। যদি সূর্য বা পৃথিবীর উপরের কোন সুবিধাজনক অবস্থান থেকে দেখা হয়, তাহলে মনে হবে, পৃথিবী ঘড়ির কাঁটার বিপরীত দিক দিয়ে সূর্যকে প্রদক্ষিণ করছে। ঘূর্ণন তল এবং অক্ষীয় তল পরিপূর্ণভাবে সরলরৈখিক ভাবে সারিবদ্ধ নয়: পৃথিবীর অক্ষ বাঁকা রয়েছে প্রায় ২৩.৪৪ ডিগ্রী পৃথিবী-সূর্যের পরিক্রম পথ (ক্রান্তিবৃত্ত)

RAISUL ISLAM HRIDOY

থেকে উলম্ব বরাবর, এবং পৃথিবী-চাঁদের তল বাঁকা রয়েছে প্রায় ±৫.১ ডিগ্রী পর্যন্ত পৃথিবী-সূর্যের তলের তুলনায়। যদি এই বাঁকা ভাব না থাকত, তাহলে প্রতি দুই সপ্তাহে একটি করে গ্রহণ ঘটত, হয় চঁদ্রগ্রহণ হত, নয়তবা সূর্যগ্রহণ হত।

হিল স্ফিয়ার, বা পৃথিবীর মহাকর্ষীয় শক্তির প্রভাবের ব্যাসার্ধ হল প্রায় ১.৫ নিযুত কিলোমিটার (৯,৩০,০০০ মা)। এটা হল সর্বোচ্চ দূরত্ব যেখান পর্যন্ত পৃথিবীর মহাকর্ষীয় প্রভাব আরও দূরে থাকা সূর্য ও অন্যান্য গ্রহের চেয়ে বেশি শক্তিশালী। এই ব্যাসার্ধের মধ্যে থাকা প্রতিটি বস্তু পৃথিবীকে প্রদক্ষিণ করতে বাধ্য, অথবা তারা সূর্যের মাধ্যাকর্ষণ বলের কারণে ছিটকে যেতে পারে।

পৃথিবী, এবং একই সাথে সৌর জগৎ, অবস্থান করছে মিল্কি ওয়ে গ্যালাক্সিতে এবং এর কেন্দ্রে থেকে প্রদক্ষিণ করছে প্রায় ২৮,০০০ আলোক বর্ষ জুড়ে। এটার অবস্থান অরিয়ন আর্মের গ্ল্যাক্টিক তল হতে প্রায় ২০ আলোক বর্ষ উপরে।

কক্ষের নতি এবং ঋতু পরিবর্তন



পৃথিবীর অক্ষীয় ঢাল (বা ক্রান্তিকোণ) এবং ঘূর্ণনের অক্ষ ও কক্ষের তলের সাথে এটির সম্পর্ক।

পৃথিবীর অক্ষীয় ঢালের পরিমাণ হল প্রায় ২৩.৪৩৯ ২৮১°, যার কক্ষতলের অক্ষটি, সর্বাদা খ-মেরুর দিকে তাক হয়ে থাকে। পৃথিবীর অক্ষীয় ঢাল বা অক্ষ রেখাটি হেলানো থাকার কারণে, কোন একটি নির্দিষ্ট স্থানে যে পরিমাণ সূর্যের আলো আসে, তা সারা বছর ধরে সমান থাকে না, এর মান পরিবর্তিত হয়। এর ফলশ্রুতিতে প্রকৃতি তথা জলবায়ুতে ঋতুর পরিবর্তন হয়, উত্তর গোলার্ধে গ্রীষ্মকালের সূচনা হয় যখন সূর্য সরাসরি কর্কটক্রান্তি রেখার দিকে তাক হয়ে থাকে এবং একই জায়গায় শীতকালের

RAISUL ISLAM HRIDOY

সূচনা ঘটে সূর্য যখন দক্ষিণ গোলার্ধে থাকা মকরক্রান্তি রেখার দিকে তাক হয়ে থাকে। গ্রীষ্মকালে, দিনগুলো অনেক লম্বা হয়, ও সূর্য আকাশের অনেক উপরের দিকে থাকে। অপরদিকে শীতকালে, জলবায়ু ঠান্ডা হয়ে যায় ও এ সময় দিনগুলো হয় ছোট। উত্তরের নাতিশীতোষ্ণ অক্ষাংশে, গ্রীষ্মকালের অয়তান্ত-বিন্দু অংশে সূর্য উদয় হয় উত্তরের সঠিক পূর্ব দিকে এবং অস্ত যায় উত্তরের সঠিক পশ্চিম দিকে, যার ঠিক বিপরীত ঘটনা ঘটে শীতকালে। গ্রীষ্মকালের অয়তান্ত-বিন্দু অংশে সূর্য উদয় হয় দক্ষিণের সঠিক পূর্ব দিকে, দক্ষিণের নাতিশীতোষ্ণ অক্ষাংশে এবং অস্ত যায় দক্ষিণের সঠিক পশ্চিম দিকে।

আর্কটিক সার্কেলের উপরে, একটি চরম অবস্থা দাঁড়ায় যেখানে বছরের কিছু সময় দিনের আলো পৌছায় না, শুধুমাত্র উত্তর মেরুতেই প্রায় ৬ মাসের উপরে এই অবস্থা থাকে, এটি মেরু রাত্রি নামে পরিচিত। দক্ষিণ গোলার্ধে, এই সময় এই ঘটনাটি সম্পূর্ণ বিপরীত থাকে, দক্ষিণ মেরুর অবস্থান ও দিওক এসময় উত্তর মেরুর অবস্থানের সম্পূর্ণ বিপরীত দিকে থাকে। ছয় মাস পরে, এই মেরুটি অনুভব করে মধ্যরাতের সূর্য (midnight sun), যেখানে এক একটি দিন হয় ২৪ ঘণ্টা লম্বা, একই সময় বিপরীত ঘটনা ঘটে দক্ষিণ মেরুতে।

জ্যোতির্বিজ্ঞানের রেওয়াজ থেকে, অয়তান্ত-বিন্দু অনুসারে চারটি ঋতুর হিসাব করা যায়—এটা হল সেই বিন্দু যা থেকে পৃথিবীর অক্ষ রেখার অক্ষীয় ঢাল সূর্যের কত কাছে রয়েছে বা সূর্য থেকে কত দূরে রয়েছে তার হিসাব পাওয়া যায়—এবং বিষুব অনুসারে, যখন অক্ষীয় ঢালের দিক ও সূর্যের দিক সমান্তরালে থাকে। উত্তর গোলার্ধে, শীতকালীন অয়তান্ত-বিন্দু (winter solstice) বর্তমানে হয়ে থাকে ২১ ডিসেম্বর; গ্রীষ্মকালীন অয়তান্ত-বিন্দু হয়ে থাকে ২১ জুনের কাছাকাছি সময়ে, বসন্ত বিষুব হয়ে থাকে ২০ মার্চের কাছাকাছি এবং হেমন্তকালীন বিষুব হ্যে থাকে ২২ বা ২৩ সেপ্টেম্বর। দক্ষিণ গোলার্ধে এর বিপরীত ঘটনা ঘটে থাকে, যেখানে গ্রীষ্মকালীন ও শীতকালীন অয়তান্ত-বিন্দু গুলো নিজের মধ্যে পাল্টিয়ে যায় এবং বসন্ত বিষুব ও শারদীয় বিষুবের দিনও নিজেদের মধ্যে পাল্টিয়ে যায়।

পৃথিবীর অক্ষীয় ঢালের মান আপেক্ষিকভাবে অনেক লম্বা সময় ধরে অপরিবর্তনীয় রয়েছে। গড়ে ১৮.৬ বছরে পৃথিবীর অক্ষীয় ঢালের অক্ষবিচলন ঘটে, সাধারণত অতি সামান্য, অনিয়মিত গতি পরিলক্ষিত হয়। এছাড়াও পৃথিবীর অক্ষের অভিমুখ (এর কোণের মান নয়) সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়, এটির অয়নচলনের বৃত্তটি পরিপূর্ণভাবে শেষ হয় প্রতি ২৫,৮০০ বছরে একবার; এই অয়নচলন গতিটি নাক্ষত্র বছর থেকে ট্রপিক্যাল বছর পৃথক হবার কারণ হিসাবে কাজ করে। এই

RAISUL ISLAM HRIDOY

উভয় গতি সৃষ্টি হয় পৃথিবীর নিরক্ষরেখার স্ফীতি বরাবর সূর্য ও চঁদ্রের ভিন্ন ধর্মী আকর্ষণের কারণে। মেরু দুটিও ভূপৃষ্ঠের জুড়ে কয়েক মিটার স্থানন্তরিত হতে পারে। এই মেরু গতির বেশ কিছু, পর্যায়ক্রমিক উপাদান রয়েছে, যেগুলোকে একসাথে বর্ণনা করা যায় কোয়াসিপিরিওডিক গতি হিসাবে। এই গতির বার্ষিক উপাদান ছাড়াও, ১৪ মাস সাইকেলের আরো একটি উপাদান রয়েছে যা চ্যান্ডলার উবল নামে পরিচিত। পৃথিবীর বার্ষিক গতির কারণে দিন-রাত্রি ছোট বড় হবার ঘটনাও ঘটে থাকে।

বর্তমান সময়ে, পৃথিবী অণুসূরবিন্দুতে অবস্থান করে ৩রা জানুয়ারির কাছাকাছি সময়ে, এবং অপসূরবিন্দুতে ৪ঠা জুলাইয়ের কাছাকাছি সময়ে। অয়নচলনের কারণে ও অক্ষীয় বিভিন্ন ঘটনার কারণে সময়ের সাথে সাথে এই দিনগুলো পরিবর্তিত হয়, যা চক্রাকার একটি প্যাটার্ন অনুসরণ করে যা মিলানকোভিটচ সাইকেল নামে পরিচিত। পৃথিবী ও সূর্যের এই পরিবর্তনশীল দূরুত্বের কারণে পৃথিবী পৃষ্ঠে পৌছানো সৌর শক্তি প্রায় ৬.৯% বৃদ্ধি পায় অণুসুরের অপেক্ষা অপসূরে। এর কারণ দক্ষিণ গোলার্ধ সূর্যের দিকে ঝুকে থাকে ঠিক যখন পৃথিবী ও সূর্যের সবচাইতে কাছাকাছি বিন্দুতে পৌছায়, সারা বছর ব্যাপী পৃথিবীর দক্ষিণ গোলার্ধ এটির উত্তর গোলার্ধের থেকে কিছুটা বেশি তাপ গ্রহণ করে সূর্য থেকে। এই ঘটনাটির তাৎপর্য পৃথিবীর অক্ষীয় ঢালের কারণে মোট শক্তির পরিমাণ বৃদ্ধি পাওয়ার তুলনায় খুবই যৎসামান্য, এবং বেশিরভাগ অতিরিক্ত শক্তি গ্রহণ করে দক্ষিণ গোলার্ধে বেশি পরিমাণে থাকা সমুদ্রের পানি।

বাসযোগ্যতা

কানাডার রকি পর্বতমালার সামনে মোরেইন লেকের একটি সামুগ্রিক দৃশ্য।

যে গ্রহে প্রাণী-জগৎ টিকে থাকতে পারে বসবাসযোগ্য বলা হয়, যদিওবা সেই গ্রহে প্রাণের সঞ্চার না ঘটে তাহলেও। পৃথিবীতে রয়েছে পানির প্রাচুর্য্য যা জটিল জৈব যৌগের পরস্পরের সাথে সংযুক্তি ও সংমিশ্রণের জন্য একটি সুষ্ঠু পরিবেশ তৈরি করে, ও একই সাথে বিপাক প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয়

শক্তি প্রদান করে। পৃথিবী থেকে সূর্যের দূরত্ব, একই সাথে এর অক্ষীয় উপকেন্দ্রীকতা, কক্ষীয় ঘূর্ণনের গতি, অক্ষীয় ঢাল, ভূ-প্রাকৃতিক ইতিহাস, সহনীয় বায়ুমণ্ডল, ও চৌম্বকক্ষেত্র সবগুলো একসাথে ভূ-পৃষ্ঠের সামুগ্রিক বর্তমান জলবায়ু ও পরিবেশ বজায় থাকার পিছনে কাজ করছে।

জীবমণ্ডল

জীবমণ্ডল হচ্ছে পৃথিবীর সমগ্র ইকোসিস্টেমগুলির যোগফল। এটিকে বলা যেতে পারে পৃথিবীর জীবনের এলাকা, একটি সংযুক্ত প্রক্রিয়া (পৃথিবীর অভ্যন্তরের সৌর এবং মহাবৈশ্বিক রেডিয়েশন এবং তাপ থেকে বিযুক্ত) এবং বৃহত্তরভাবে স্বনিয়ন্ত্রিত। অন্য কথায় পৃথিবীর বাইরের স্তরে অবস্থিত বায়ু, ভূমি, পানি ও জীবিত বস্তুসমূহের সমষ্টিকে জীবমণ্ডল বোঝায়। জীবনের অস্তিত্বের সঙ্গেই জীবমণ্ডলের সম্পর্ক। জীবমণ্ডলের বিস্তৃতি ওপর-নিচে ২০ কিলোমিটারের মতো ধরা হলেও মূলত অধিকাংশ জীবনের অস্তিত্ব দেখা যায় হিমালয় শীর্ষের উচ্চতা থেকে ৫০০ মিটার নিচের সামুদ্রিক গভীরতার মধ্যেই। এখানে জীবকুল ৪.১ বিলিয়ন বছর পূর্বে বসবাস শুরু করে।

গ্রহের প্রাণী জগৎ একটি বাসযোগ্য বাস্তুতন্ত্র গড়ে তোলে, কখন কখনও এই সবগুলোকে একসাথে বলা হয়ে থাকে "জীবমণ্ডল"। ধারণা করা হয়ে থাকে পৃথিবীর জীবমণ্ডলের গঠন শুরু হয় প্রায় ৩.৫ বিলিয়ন বছর আগে। এই জীবমণ্ডলটি বেশ কিছু বায়োম দ্বারা বিভক্ত, প্রচুর পরিমাণে একই ধরনের উদ্ভিদ ও প্রাণি একই বায়োমে বসবাস করে। ভূমিতে, মূলত বায়োমকে বিভক্ত করা যায় অক্ষাংশের পার্থক্য থেকে, সমুদ্রতল থেকে উচ্চতা থেকে এবং আর্দ্রতা থেকে। সুমেরু অঞ্চলের বা অ্যান্টারর্টিক বৃত্তের স্থলজ বায়োসের ক্ষেত্রে, অধিক উঁচু অক্ষাংশে বা অত্যন্ত শুষ্ক এলাকায় প্রাণি ও উদ্ভিদ তুলনামুলকভাবে নেই বললেই চলে বা এগুলো হল বিরান অঞ্চল; প্রজাতির বৈচিত্র্য সবচাইতে বেশি পরিমাণ দেখা যায় নিরক্ষীয় অঞ্চলের আদ্রতাপূর্ণ নিম্নভূমিতে। জুলাই ২০১৬ তে, বিজ্ঞানীরা পৃথিবীর সকল জীবিত জীবের উপর নিরীক্ষা চালিয়ে ৩৫৫ সেট জিনকে চিহ্নিত করেছেন লাস্ট ইউনিভার্সাল কমন এনসেস্টর হিসাবে।

RAISUL ISLAM HRIDOY

প্রাকৃতিক সম্পদ এবং ভূমি ব্যবহার

আনুমানিক মানুষের ভূমি ব্যবহার, ২০০০ সালে।	
ভূমি ব্যবহার	মেগাহেক্টর
শষ্যভূমি	১,৫১০–১,৬১১
চারণভূমি	২,৫০০–৩,৪১০
প্রাকৃতিক বনভূমি	৩,১৪৩–৩,৮৭১
রোপনকৃত বনভূমি	১২৬–২১৫
শহর এলাকা	৬৬–৩৫১
অব্যবহৃত, উৎপাদনযোগ্য ভূমি	৩৫৬–৪৪৫

মানুষ পৃথিবীর প্রাকৃতিক সম্পদ বিভিন্ন কাজে ব্যবহার করেছে। এদের মধ্যে যেগুলিকে অনবায়নযোগ্য সম্পদ হিসেবে গণ্য করা হয়, যেমন জীবাশ্ম জ্বালানি, এগুলি কেবল মাত্র ভূতাত্ত্বিক সময়ের নিরিখে পুনর্নবায়িত হয়।

ভূত্বকে জীবাশ্ম জ্বালানির বিশাল ভাণ্ডার আহরণ করা হয়। এগুলির মধ্যে কয়লা, পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস উল্লেখযোগ্য। এই মজুদগুলি মানুষ কেবল শক্তি উৎপাদন নয়, রাসায়নিক দ্রব্য উৎপাদনের কাঁচামাল হিসেবেও ব্যবহার করে। এছাড়া আকরিক সৃষ্টি প্রক্রিয়ার মাধ্যমে ভূত্বকে খনিজ আকরিক মজুদও গঠিত হয়েছে। লাভা, ভূমিক্ষয় এবং পাতভিত্তিক ভূত্বকীয় গঠনের ফলে এই আকরিকগুলি তৈরি হয়েছে। এই আকরিক মজুদগুলি অনেক ধাতু এবং অন্যান্য উপকারী মৌলিক পদার্থের ঘনীভূত উৎস হিসেবে গণ্য হয়।

পৃথিবীর জীবমণ্ডল মানুষের জন্য প্রচুর জীবতত্ত্বিক উপাদান তৈরি করে, যার মধ্যে অন্তর্ভুক্ত খাদ্য, কাঠ, ঔষধপত্র, অক্সিজেন, এবং বিভিন্ন জৈব বর্জ্যকে পুনর্ব্যবহারযোগ্য করে তোলে। ভূমি ভিত্তিক

RAISUL ISLAM HRIDOY

বাস্তুতন্ত্র নির্ভর করে মাটির উপরের দিকের উপর ও পরিষ্কার পানির উপর, এবং সামুদ্রিক বাস্তুতন্ত্র নির্ভর করে এতে মিশ্রিত নিউট্রিয়েন্টের উপর যা ভূমি থেকে ধুয়ে সমুদ্রের পানিতে পৌছায়। ১৯৮০ সালের হিসাব অনুসারে, ৫,০৫৩ মেগাহেক্টর (৫০.৫৩ মিলিয়ন কি.মি.^{২}) পৃথিবীর ভূ-পৃষ্ঠের এলাকা জুড়ে ছিল বনভূমি ও বনাঞ্চল, ৬,৭৮৮ মেগাহেক্টর (৬৭.৮৮ মিলিয়ন কি.মি.^{২}) এলাকা ছিল তৃণভুমি ও চরণভুমি, এবং ১,৫০১ মেগাহেক্টর (১৫.০১ মিলিয়ন কি.মি.^{২}) এলাকা ছিল খাদ্যশষ্য চাষের শষ্যভূমি। আনুমানিক সেচ ভূমির পরিমাণ ১৯৯৩ সালে ছিল ২৪,৮১,২৫০ বর্গকিলোমিটার (৯,৫৮,০২০ মা^{২})। মানুষ ভূমিতে বসবাস করার জন্য নির্মাণ সামগ্রী ব্যবহার করে বাড়ি ঘর তৈরি করে।

প্রাকৃতিক এবং পরিবেশগত সমস্যা

বায়ুমণ্ডলে গরম ছাই ছড়াচ্ছে অগ্নেয়গিরির অগ্নুৎপাতের সময়।

পৃথিবী পৃষ্ঠের একটি বৃহত্তম এলাকায় চরম আবহাওয়া যেমন উষ্ণমণ্ডলীয় ঘূর্ণিঝড়, হ্যারিকেন, বা টাইফুন দেখা যায়, যা ঐ সকল এলাকার জীবনযাত্রার উপর গাঢ় প্রভাব ফেলে। ১৯৮০ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত, এই ধরনের ঘটনায় প্রতি বছর গড়ে ১১,৮০০ জন মারা যায়। অসংখ্য স্থান রয়েছে যেখানে প্রায়শই ভূমিকম্প, ভূমিধ্বস, সুনামি, অগ্নুৎপাত, টর্নেডো, ভূমি চ্যুতি, প্রবল তুষারপাত, বন্যা, খরা, দাবানল ও অন্যান্য জলবায়ুর পরিবর্তন ও প্রাকৃতিক দূর্যোগ ঘটে।

বিভিন্ন স্থানের বাতাস ও পানির দূষণ মানব সৃষ্ট দূষণ ঘটে থাকে, ফলে সৃষ্টি হয় অ্যাসিড বৃষ্টি ও বিষাক্ত উপাদান, বনভূমি ধ্বংসের কারণে (অধিক পশুচারণ ভূমি, অরণ্যবিনাশ, মরুকরণ, বণ্যপ্রাণীর বিনাশ, প্রজাতির বিলুপ্তি, মাটির অধঃপতন, ভূমির বিনাশ ও ভূমিক্ষয়।

RAISUL ISLAM HRIDOY

একটি বৈজ্ঞানিক ঐক্যমত্য রয়েছে মানব জাতির শিল্পায়নের ফলে নির্গত কার্বন ডাই অক্সাইড নির্গমনের কারণে বৈশ্বিক ভূমণ্ডলীয় উষ্ণতা বৃদ্ধি ঘটছে। ধারণা করা হয় যে এর ফলশ্রুতিতে জলবায়ুর পরিবর্তন যেমন হিমবাহ এবং বরফের স্তর গলে যাচ্ছে, আরও চরম তাপমাত্রার সীমা দেখা যাচ্ছে, একইসাথে আবহাওয়ারও উল্লেখযোগ্য পরিবর্তন ঘটছে এবং বিশ্বব্যাপী গড় সমুদ্রতলের উচ্চতা বৃদ্ধি পাচ্ছে।

মানবীয় ভূগোল

মানচিত্রাঙ্কনবিদ্যা, মানচিত্র তৈরির অধ্যয়ন ও অনুশীলনের একটি বিদ্যা এবং ভূগোল হল ভূমি, বৈশিষ্ট্য, বাসবাসকারী এবং পৃথিবীর ঘটনাসমূহের অধ্যয়ন, একই সাথে এটি ঐতিহাসিকভাবে পৃথিবীকে চিত্রিত করার একটি নিয়মে পরিনত হয়েছে। মাপজোখ (Surveying), হল অবস্থান ও দুরত্বের পরিমাপ ব্যবস্থা, এবং ন্যাভিগেশন হল সুক্ষ পরিমাপ ব্যবস্থা, যার মাধ্যমে অবস্থান ও দিক পরিমাপ করা যায়, মানচিত্রাঙ্কনবিদ্যা ও ভূগোলের পাশাপাশি প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা এবং যথাযথভাবে নির্ণয়ের জন্য এটির উন্নয়ন সাধন করা হয়েছে।

৩১ অক্টোবর ২০১১ তারিখ পর্যন্ত পৃথিবীতে মানব সংখ্যার পরিমাণ আনুমানিক গিয়ে দাঁড়িয়েছে সাত বিলিয়ন। ভবিষ্যত বাণীগুলি ইঙ্গিত দেয় যে, ২০৫০ সাল নাগাদ বিশ্বের জনসংখ্যার পরিমাণ ৯.২ বিলিয়ন হবে। ধারণা করা হয় সবচাইতে বেশি জনসংখ্যা বৃদ্ধি পাবে উন্নয়নশীল দেশগুলোতে। মানুষের জনসংখ্যার ঘনত্ব বিশ্বের সব জায়গায় সমান নয়, কিন্তু একটি বেশির ভাগ অংশ বাস করে এশিয়া মহাদেশে। ২০২০ সাল নাগাদ, আশা করা হয় বিশ্বের ৬০% মানুষ বাস করবে শহর এলাকায়, গ্রাম্য এলাকায় না থেকে।

RAISUL ISLAM HRIDOY

হিসাব করা যায় যে, পৃথিবীর পৃষ্ঠের আট ভাগের এক ভাগ জায়গা মানুষের বসবাসের জন্য উপযুক্ত – যেহেতু পৃথিবীর উপরিভাগের চার ভাগের তিন ভাগ সমুদ্র দ্বারা পরিবেষ্টিত, এর ফলে এর মাত্র এক ভাগ অংশ হল ভূমি। এই ভূমির অর্ধেক স্থান জুড়ে রয়েছে মরুভূমি (১৪%), উচ্চ পর্বতমালা (২৭%), বা অন্যান্য অনুপযুক্ত খাদ এলাকা। পৃথিবীর সর্বোচ্চ উত্তর দিকের স্থায়ী স্থাপনাটি রয়েছে এলার্টে, যা নুনাভুট, কানাডার এললেসমেয়ার আইল্যান্ডে অবস্থিত (৮২°২৮′ উত্তর), পৃথিবীর সর্বোচ্চ দক্ষিণ দিকের স্থায়ী স্থাপনাটি হল আমুন্ডসেন- স্কট সাউথ পোল স্টেশন, অ্যান্টারটিকায়, একেবারেই প্রায় দক্ষিণ মেরুর কাছাকাছি, (৯০°দক্ষিণ)।

স্বাধীন সার্বভৌম দেশগুলো শুধু মাত্র কিছু অংশ বাদ দিয়ে গ্রহটির প্রায় পুরো ভূমির সবটাই নিজেদের বলে দাবী করে, বাদ দেয়া অংশ গুলোর মধ্যে হল অ্যান্টারটিকার কিছু অংশ, দানিউব নদীর পশ্চিম তীর বরাবর কয়েক খন্ড জমি, মিশর ও সুদানের সীমান্তের অদাবীকৃত এলাকা "বির টাউইল"। ২০১৫ অনুযায়ী, ১৯৩ টি সার্বভৌম রাষ্ট্র রয়েছে পৃথিবীতে যা জাতিসংঘের সদস্য দেশ হিসাবে অন্তর্ভূক্ত, এছাড়াও দুটি পর্যবেক্ষক রাষ্ট্র ও ৭২ টি নির্ভরশীল অঞ্চল এবং সীমিত স্বীকৃতিপ্রাপ্ত রাষ্ট্র রয়েছে। পৃথিবীতে কখনই একটি একক সার্বভৌম সরকার তৈরি হয়নি যার পুরো বিশ্বের উপর কর্তৃত ছিল, যদিও বা কিছু জাতি-রাষ্ট্র বিশ্ব আধিপত্যের জন্য যুদ্ধ করেছে এবং ব্যর্থ হয়েছে।

জাতিসংঘ বিশ্ব ব্যাপী আন্ত-রাষ্ট্রীয় সংস্থা হিসাবে কাজ করে, এটা প্রতিষ্ঠা করা হয়েছে দেশগুলো মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে হস্তক্ষেপ করার লক্ষ্যে নিয়ে, সশস্ত্র বিরোধ যাতে না ঘটে। ইউএন প্রধানত আন্তর্জাতিক কূটনীতি ও আন্তর্জাতিক আইনের ফোরাম হিসাবে কাজ করে। যদি সদস্য রাষ্ট্র সমূহ সম্মতি প্রদান করে, এটি সশস্ত্র হস্তক্ষেপের জন্যও ব্যবস্থা গ্রহণ করে।

পৃথিবীকে প্রদক্ষিণ করা প্রথম মানুষ হলেন ইউরি গ্যাগারিন, ১২ এপ্রিল ১৯৬১ সালে। ৩০ জুলাই ২০১০ অনুযায়ী, সর্বমোট, প্রায় ৪৮৭ জন মানুষ মহাকাশে ও পৃথিবীর কক্ষপথে ভ্রমণ করেছেন, এবং, এদের মধ্যে, বার জন চাঁদের মাটিতে হেঁটেছেন। সাধারণ ভাবে, বর্তমানে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে অবস্থান করা মানুষরাই একমাত্র মহাকাশের অবস্থান করা মানুষ। এই স্টেশনের কর্মীদলটি, গঠন করা হয় ৬ জন মানুষ নিয়ে, যাদের প্রতি ৬ মাস অন্তর অন্তর পরিবর্তন করা হয়। পৃথিবী থেকে মানুষ সবচাইতে দূরের দূরত্ব ভ্রমণ করেছে ৪০০,১৭১ কি.মি., যা অর্জন করা হয়েছে অ্যাপোলো ১৩ অভিযানে ১৯৭০ সালে।

RAISUL ISLAM HRIDOY

অধ্যায় ২

বিভিন্ন মহাদেশ ও দেশ পরিচিতি

একনজরে মহাদেশ পরিচিতি

মহাদেশ	আয়তন (বর্গ কিমি)	লোকসংখ্যা	দেশ সংখ্যা (স্বাধীন)	জাতিসংঘ সদস্য	সর্বোচ্চ স্থান (মিটার)	সর্বনিম্ন স্থান (মিটার)
এশিয়া	৪,৪৪,৯৩,০০০	৪১৬ কোটি ৪২ লাখ	৫৪	৪৮	মাউন্ট এভারেস্ট (৮৮৫০)	মৃত সাগর (-৪০০)
আফ্রিকা	২,৯৮,০০,৪৫০	১০৩ কোটি ২৫ লাখ	৫৬	৫৪	কিলিমাঞ্জারো (৫৯৬৩)	লেক আসাল (-১৫৬)
উত্তর আমেরিকা	২,৪৩,২৩১০০	৫৬ কোটি ৫২ লাখ	২৩	২৩	ম্যাককিনলে (৬১৯৪)	ডেথ ভ্যালি (-৮৬)
দক্ষিন আমেরিকা	১,৭৫,৯৯,০৫০	৩৮ কোটি ৫৭ লাখ	১২	১২	আকাঙ্গাগুয়া (৬৯৫৯)	পেনিনসুলা (৪০)
ইউরোপ	১,০৫,৩০,৭৫০	৭৪ কোটি ২৪ লাখ	৪৮	৪৬	মাউন্ট এলবুর্জ (৫৬৩৩)	কাস্পিয়ান সাগর (-২৮.০)
ওশেনিয়া	৭৬,৮৭,১২০	৩ কোটি ৬৬ লাখ	১৪	১৪	পুসাক জায়া (৪৮৮৪)	লেক আয়ার (-১১৬)
এন্টার্কটিকা	১,৫২,০৪,৫০০	১ হাজার ১০৬ জন	----------	----------	ভিনসন মাসিক (৪৮৯৭)	বেন্টলে সাগ্লাসিয়াল ট্রেঞ্চ (-২৫৫.৫)
মোট	১৪,৮৯,৫০,৩২০	৬৯২ কোটি ৬৬ লাখ	২০৪	১৯৩	----------	----------

RAISUL ISLAM HRIDOY

অবস্থান	মহাদেশ	রাষ্ট্র (আয়তন)	রাষ্ট্র (জনসংখ্যা)	মহাসাগর
বৃহত্তম	এশিয়া	রাশিয়া	চীন	প্রশান্ত বা প্যাসিফিক
ক্ষুদ্রতম	ওশেনিয়া	ভ্যাটিকান	ভ্যাটিকান	উত্তর বা আর্কটিক

পৃথিবীর অঞ্চলসমূহ

	আফ্রিকা	কেন্দ্রীয় · পূর্ব · উত্তর · দক্ষিণ · পশ্চিম
	আমেরিকা	ক্যারিবিয়া · কেন্দ্রীয় · ল্যাটিন · উত্তর · উত্তরাঞ্চলীয় · দক্ষিণ
	এশিয়া	কেন্দ্রীয় · পূর্ব · উত্তর · দক্ষিণ · দক্ষিণ-পূর্ব · পশ্চিমাঞ্চলীয়
	ইউরোপ	কেন্দ্রীয় · পূর্ব · উত্তর · দক্ষিণ · পশ্চিম
	ওশেনিয়া	অস্ট্রালেশিয়া · মেলানেশিয়া · মাইক্রোনেশিয়া · পলিনেশিয়া
	অ্যান্টার্কটিকা	
	মেরু	উত্তর · দক্ষিণ
	মহাসাগরসমূহ	প্রশান্ত · আটলান্টিক · ভারত · দক্ষিণ · আর্কটিক

RAISUL ISLAM HRIDOY

পৃথিবীর বিভিন্ন মহাদেশের অবস্থান

আফ্রিকা	অ্যান্টার্কটিকা	এশিয়া	অস্ট্রেলিয়া	ইউরোপ	উত্তর আমেরিকা	দক্ষিণ আমেরিকা

আফ্রো-ইউরেশিয়া	আমেরিকা	ইউরেশিয়া	ওশেনিয়া

RAISUL ISLAM HRIDOY

এশিয়া মহাদেশ

RAISUL ISLAM HRIDOY

এশিয়া মহাদেশ পরিচিতি

এশিয়া পৃথিবীর সবচেয়ে বড় ও সবচেয়ে জনবহুল মহাদেশ, প্রাথমিকভাবে পূর্ব ও উত্তর গোলার্ধে অবস্থিত। এটি ভূপৃষ্ঠের ৮.৭% ও স্থলভাগের ৩০% অংশ জুড়ে অবস্থিত। আনুমানিক ৪৩০ কোটি

মানুষ নিয়ে এশিয়াতে বিশ্বের ৬০%-এরও বেশি মানুষ বসবাস করেন। অধিকাংশ বিশ্বের মত, আধুনিক যুগে এশিয়ার বৃদ্ধির হার উচ্চ। উদাহরণস্বরূপ, বিংশ শতাব্দীর সময়, এশিয়ার জনসংখ্যা প্রায় চারগুণ বেড়ে গেছে, বিশ্ব জনসংখ্যার মত।

এশিয়ার সীমানা সাংস্কৃতিকভাবে নির্ধারিত হয়, যেহেতু ইউরোপের সাথে এর কোনো স্পষ্ট ভৌগোলিক বিচ্ছিন্নতা নেই, যা এক অবিচ্ছিন্ন ভূখণ্ডের গঠন যাকে একসঙ্গে ইউরেশিয়া বলা হয়। এশিয়ার সবচেয়ে সাধারণভাবে স্বীকৃত সীমানা হলো সুয়েজ খাল, ইউরাল নদী, এবং ইউরাল পর্বতমালার পূর্বে, এবং ককেশাস পর্বতমালা এবং কাস্পিয়ান ও কৃষ্ণ সাগরের দক্ষিণে। এটা পূর্ব দিকে প্রশান্ত মহাসাগর, দক্ষিণে ভারত মহাসাগর এবং উত্তরে উত্তর মহাসাগর দ্বারা বেষ্টিত। ইউরাল পর্বতমালা, ইউরাল নদী, কাস্পিয়ান সাগর, কৃষ্ণসাগর এবং ভূমধ্যসাগর দ্বারা এশিয়া ও ইউরোপ মহাদেশ দুটি পরস্পর হতে বিচ্ছিন্ন। এছাড়া লোহিত সাগর ও সুয়েজ খাল এশিয়া মহাদেশকে আফ্রিকা থেকে বিচ্ছিন্ন করেছে এবং উত্তর-পূর্বে অবস্থিত সংকীর্ণ বেরিং প্রণালী একে উত্তর আমেরিকা মহাদেশ থেকে পৃথক করেছে। উল্লেখ্য, বেরিং প্রণালীর একদিকে অবস্থান করছে এশিয়া মহাদেশের অন্তর্গত রাশিয়ার উলেনা এবং অপর পাশে উত্তর আমেরিকা মহাদেশের অন্তর্গত মার্কিন যুক্তরাষ্ট্রের আলাস্কা। এই প্রণালীটির সংকীর্ণতম অংশটি মাত্র ৮২ কি•মি• চওড়া, অর্থাৎ বেরিং প্রণালীর এই অংশ হতে উত্তর আমেরিকা মহাদেশের দূরত্ব মাত্র ৮২ কি•মি•।

এর আকার এবং বৈচিত্র্যের দ্বারা, এশিয়ার ধারণা – একটি নাম ধ্রুপদি সভ্যতায় পাওয়া যায় - আসলে ভৌত ভূগোলের চেয়ে মানবীয় ভূগোলের সাথে আরো বেশি সম্পর্কিত। এশিয়ার অঞ্চল জুড়ে জাতিগোষ্ঠী, সংস্কৃতি, পরিবেশ, অর্থনীতি, ঐতিহাসিক বন্ধন এবং সরকার ব্যবস্থার মাঝে ব্যাপকভাবে পার্থক্য পরিলক্ষিত হয়।

ইতিহাস

এশিয়ার ইতিহাস বিভিন্ন প্রান্তিক উপকূলীয় অঞ্চলের স্বতন্ত্র ইতিহাস হিসেবে দেখা যায়ঃ পূর্ব এশিয়া, দক্ষিণ এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং মধ্যপ্রাচ্য, যা এশিয়ার মধ্য প্রান্তর দ্বারা যুক্ত।

এশিয়ার উপকূলীয় অঞ্চলগুলো পৃথিবীর প্রাচীনতম পরিচিত সভ্যতাগুলোর বিকাশস্থল, যা উর্বর নদী উপত্যকাকে কেন্দ্র করে গড়ে উঠে। সভ্যতাগুলোতে মেসোপটেমিয়া, সিন্ধু উপত্যকা ও হুয়াংহো অনেক মিল রয়েছে। এই সভ্যতাগুলো প্রযুক্তি এবং ধারনা বিনিময় করতে পারে, যেমন গণিত ও

RAISUL ISLAM HRIDOY

চাকা। অন্যান্য উদ্ভাবন, যেমন লিখন রিতি, প্রতিটি সভ্যতায় পৃথকভাবে বিকশিত হয়েছে বলে মনে হয়। শহর, রাজ্য এবং সাম্রাজ্য এসব নিম্নভূমিতে বিকশিত হয়।

কেন্দ্রীয় প্রান্তীয় অঞ্চলে দীর্ঘকাল ধরে অশ্বারোহী যাযাবর দ্বারা অধ্যুষিত ছিল, যারা কেন্দ্রীয় প্রান্তীয় অঞ্চল থেকে এশিয়ার সব অঞ্চল পৌঁছাতে পারতো। কেন্দ্রীয় প্রান্তীয় অঞ্চল থেকে প্রাচীনতম বংশের বিস্তার হলো ইন্দো-ইউরোপীয়, যারা তাদের ভাষা মধ্যপ্রাচ্য, দক্ষিণ এশিয়া, চীনের সীমানা পর্যন্ত ছড়িয়ে দিয়েছিলো। এশিয়ার উত্তরদিকের শেষ সীমায় অবস্থিত সাইবেরিয়া প্রান্তীয় যাযাবরদের জন্য দুর্গম ছিলো মূলত ঘন বন, জলবায়ু এবং তুন্দ্রার জন্য। এই এলাকা খুব জনবিরল ছিল।

মধ্য এবং প্রান্তীয় অঞ্চল অধিকাংশই পর্বত ও মরুভূমি দ্বারা পৃথক ছিল। ককেশাস, হিমালয় পর্বতমালা ও কারাকোরাম, গোবি মরুভূমি প্রতিবন্ধকতা তৈরি করে, যা প্রান্তীয় অশ্বারোহী কেবল পার হতে পারে। যখন শহুরে নগরবাসী আরো উন্নত ছিলো প্রযুক্তিগতভাবে ও সামাজিকভাবে, তখন অনেক ক্ষেত্রেই তারা প্রান্তীয় অশ্বারোহীর আক্রমণের বিরুদ্ধে সামরিক ভাবে সামান্যই করতে পারতো। যাইহোক, এসব নিম্নভূমিতে যথেষ্ট উন্মুক্ত তৃণভূমি নেই যা বিশাল অশ্বারোহী বাহিনীর যোগান দিতে পারবে; এই এবং অন্যান্য কারণে, যাযাবরেরা চীন, ভারত ও মধ্যপ্রাচ্যের দেশসমূহ জয় করে তাদের স্থানীয় সমৃদ্ধিশালী সমাজে মিশে যেতে পেরেছিলো।

৭ম শতকে মুসলিম বিজয় চলাকালে, ইসলামিক খিলাফত মধ্যপ্রাচ্য ও মধ্য এশিয়া জয় করে। পরবর্তিতে ১৩শ শতকে মোঙ্গল সাম্রাজ্য এশিয়ার অনেক বড় অংশ জয় করে, যা চীন থেকে ইউরোপ পর্যন্ত বিস্তৃত। মোঙ্গল আক্রমণ করার আগে, চীন এ প্রায় ১২০ মিলিয়ন মানুষ ছিল; আক্রমণের পরবর্তি আদমশুমারিতে ১৩০০ সালে প্রায় ৬০ মিলিয়ন মানুষ ছিল।

রাশিয়ান সাম্রাজ্য ১৭শ শতক থেকে এশিয়া বিস্তৃত হয়, এবং শেষ পর্যন্ত ১৯শ শতকের শেষ নাগাদ সাইবেরিয়া এবং অধিকাংশ মধ্য এশিয়া নিয়ন্ত্রণ নিয়ে নেয়। ১৬শ শতক থেকে উসমানীয় সাম্রাজ্য আনাতোলিয়া, মধ্যপ্রাচ্য, উত্তর আফ্রিকা এবং বলকান অঞ্চল নিয়ন্ত্রণ করতে থাকে। ১৭শ শতকে, মাঞ্চুরা চীন জয় করে এবং চিং রাজবংশ প্রতিষ্ঠা করে। এদিকে ১৬শ শতক থেকে ইসলামী মুঘল সাম্রাজ্য অধিকাংশ ভারত শাসন করতে থাকে।

RAISUL ISLAM HRIDOY

ভূগোল ও জলবায়ু

এশিয়া পৃথিবীর বৃহত্তম মহাদেশ। এটা পৃথিবীর মোট ভূপৃষ্ঠের ৮.৮% ভাগ (বা ৩০% ভাগ স্থল), এবং বৃহত্তম তটরেখা ৬২,৮০০ কিলোমিটার (৩৯,০২২ মা)। এশিয়া সাধারণত ইউরেশিয়ার পাঁচ ভাগের চার ভাগ নিয়ে পূর্ব দিকে অবস্থিত। এটা সুয়েজ খাল ও ইউরাল পর্বতমালার পূর্বে, ককেশাস পর্বতমালা, কাস্পিয়ান সাগর ও কৃষ্ণ সাগরের দক্ষিণে অবস্থিত। এটা পূর্ব দিকে প্রশান্ত মহাসাগর, দক্ষিণে ভারত মহাসাগর দ্বারা বেষ্টিত, এবং উত্তরে উত্তর মহাসাগর দ্বারা বেষ্টিত। এশিয়া মহাদেশে ৪৮টি দেশ আছে, তাদের দুটি (রাশিয়া ও তুরস্ক) দেশের ইউরোপে অংশ আছে।

এশিয়ার অত্যন্ত বিচিত্র জলবায়ু এবং ভৌগলিক বৈশিষ্ট্য আছে। জলবায়ুর পরিধি আর্কটিক, উপআর্কটিক (সাইবেরিয়া) থেকে দক্ষিণ ভারত ও দক্ষিণ পূর্ব এশিয়ার ক্রান্তীয় অবধি বিস্তৃত। এর দক্ষিণ-পূর্ব অংশ জুড়ে আর্দ্র ও অভ্যন্তরে শুষ্ক। পশ্চিম এশিয়ায় পৃথিবীর সর্ববৃহৎ দৈনিক তাপমাত্রা পরিসর দেখা যায়।হিমালয় পর্বমালার কারণে মৌসুমি সঞ্চালন দক্ষিণ ও পূর্ব অংশ জুড়ে প্রাধান্য পায়। মহাদেশের দক্ষিণ পশ্চিম অংশ উষ্ণ। উত্তর গোলার্ধের মধ্যে সাইবেরিয়া অন্যতম শীতলতম অঞ্চল, এবং উত্তর আমেরিকা জন্য আর্কটিক বায়ুভরের একটি উৎস হিসাবে কাজ করে। ট্রপিকাল সাইক্লোনের জন্য পৃথিবীতে সবচেয়ে সক্রিয় জায়গা উত্তরপূর্বে ফিলিপাইন ও দক্ষিণ জাপান। মঙ্গোলিয়ার গোবি মরুভূমি ও আরব মরুভূমি মধ্যপ্রাচ্যের অনেকটা জুড়ে প্রসারিত। চীনের ইয়ানজে নদী মহাদেশের দীর্ঘতম নদী। নেপাল ও চীনের মধ্যকার হিমালয় পর্বতমালা বিশ্বের সবচেয়ে লম্বা পর্বতশ্রেণী। বৃষ্টিপ্রধান ক্রান্তীয় বনাঞ্চল দক্ষিণ এশিয়া জুড়ে প্রসারিত ও সরলবর্গীয়, পর্ণমোচী বনাঞ্চল উত্তরে প্রসারিত।

অর্থনীতি

সিঙ্গাপুর বিশ্বের অন্যতম ব্যস্ততম বন্দর এবং বিশ্বের চতুর্থ বৃহত্তম বৈদেশিক বিনিময় বাণিজ্য কেন্দ্র।

RAISUL ISLAM HRIDOY

বিশ্বের বিভিন্ন দেশের অর্থনীতির ক্রম

ক্রম	দেশ	জিডিপি (PPP, 2014) millions of ইউএসডি
১	গণচীন	১৮,০৮৮,০৫৪
২	ভারত	৭,৪১১,০৯৩
৩	জাপান	৪,৭৬৭,১৫৭
৫	ইন্দোনেশিয়া	২,৬৮৫,৮৯৩
৬	দক্ষিণ কোরিয়া	১,৭৮৩,৯৫০
৭	সৌদি আরব	১,৬০৯,৬২৮
৮	তুরস্ক	১,৫১৪,৮৫৯
৯	ইরান	১,৩৫৭,০২৮
১০	তাইওয়ান	১,০৭৮,৭৯২

এশিয়া দ্বিতীয় বৃহত্তম নমিনাল জিডিপি সব মহাদেশগুলোর মধ্যে ইউরোপের পরে, কিন্তু ক্রয়ক্ষমতা সমতায় বৃহত্তম। ২০১১ সালের হিসাবে, এশিয়ার বৃহত্তম অর্থনীতি চীন, জাপান, ভারত, দক্ষিণ কোরিয়া এবং ইন্দোনেশিয়া। বৈশ্বিক অফিস অবস্থানের উপর ভিত্তি করে ২০১১-এ, অফিসে অবস্থানে এশিয়ার আধিপত্য ছিল, শীর্ষ ৫-এ ৪টিই এশিয়ার হংকং, সিঙ্গাপুর, টোকিও, সিওল ও সাংহাই। প্রায় ৬৮ শতাংশ আন্তর্জাতিক সংস্থার হংকং-এ অফিস আছে।

RAISUL ISLAM HRIDOY

১৯৯০ দশকের শেষ দিকে এবং ২০০০-এর শুরুতে, চীনের অর্থনীতি এবং ভারতের অর্থনীতি দ্রুত হারে বাড়ছে, উভয়ের গড় বার্ষিক প্রবৃদ্ধির হার ৮% এর বেশি।

এশিয়ার মধ্যে সাম্প্রতিক খুব উচ্চ প্রবৃদ্ধি দেশগুলোঃ ইসরায়েল, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, বাংলাদেশ, থাইল্যান্ড, ভিয়েতনাম, মঙ্গোলিয়া, উজবেকিস্তান, সাইপ্রাস ও ফিলিপাইন, এবং খনিজ সমৃদ্ধ দেশগুলির মধ্যে রয়েছে কাজাখস্তান, তুর্কমেনিস্তান, ইরান, ব্রুনাই, সংযুক্ত আরব আমিরাত, কাতার, কুয়েত, সৌদি আরব, বাহরাইন এবং ওমান।

অর্থনৈতিক ইতিহাসবিদ অ্যাঙ্গাস মাড্ডিসন তার বই *দ্য ওয়ার্ল্ড ইকোনমি: এ মিলেনিয়াম পারস্পের্ক্টিভ*-এ উল্লেখ করেন, ভারত ১০০০ খ্রিষ্টপূর্বাব্দ ও ০ খ্রিষ্টপূর্বাব্দ সময়ে বিশ্বের বৃহত্তম অর্থনীতি ছিল।

চীন পৃথিবীর ইতিহাসে অনেক সময়ের জন্য বৃহত্তম এবং সবচেয়ে উন্নত অর্থনীতি ছিল, মধ্য ১৯ শতকে ব্রিটিশ সাম্রাজ্য (ব্রিটিশ ভারত বাদে) দখল করা আগ পর্যন্ত।

বিংশ শতাব্দীর শেষ ভাগে কয়েক দশক ধরে, জাপান এশিয়ার বৃহত্তম অর্থনীতি এবং পৃথিবীর যেকোন একক জাতির দ্বিতীয় বৃহত্তম, ১৯৮৬-তে সোভিয়েত ইউনিয়নকে অতিক্রম করার পরে (নেট বস্তুগত পণ্য পরিমাপে) এবং ১৯৬৮-তে জার্মানিকে। (বিশেষ দ্রষ্টব্য: কিছু অতিপ্রাকৃত অর্থনীতি বৃহত্তম, যেমন ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), নর্থ আমেরিকান ফ্রি ট্রেড এগ্রিমেন্ট (নাফটা) অথবা এপেক)। এটা ২০১০-এ শেষ হয় যখন চীন জাপানকে অতিক্রম করে বিশ্বের বৃহত্তম অর্থনীতি হয়। ১৯৮০ দশকের শেষভাগ ও ১৯৯০ দশকে শুরুতে, জাপানের জিডিপি শুধুমাত্র (বর্তমান বিনিময় হার পদ্ধতি), বাকি দেশগুলোর সম্মিলিত জিডিপির সমান ছিলো। ১৯৯৫ সালে জাপানের অর্থনীতি, বিশ্বের বৃহত্তম অর্থনীতি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রায় সমান হয়ে গেছিলো এক দিনের জন্য, জাপানি মুদ্রা পরে ৭৯ ইয়েন/মার্কিন $ উচ্চ রেকর্ডে পৌঁছে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে ১৯৯০ দশক পর্যন্ত, এশিয়ার অর্থনৈতিক প্রবৃদ্ধি জাপান কেন্দ্রীভূত ছিলো, এছাড়াও প্রশান্ত রিমের চারটি অঞ্চলে বিস্তৃত ছিলো, দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং ও সিঙ্গাপুর। এই চারটি অঞ্চল এশিয়ান টাইগার্স পরিচিত, যারা সকলে উন্নত দেশ এবং এশিয়ার মাথাপিছু সর্বোচ্চ জিডিপি অর্জনকারী। পূর্বানুমান অনুসারে, ২০২০ সালে ভারত নমিনাল জিডিপিতে জাপানকে অতিক্রম করবে। গোল্ডম্যান শ্যাস অনুযায়ী, ২০২৭ সালে চীন বিশ্বের বৃহত্তম অর্থনীতি হবে। বিভিন্ন বাণিজ্য ব্লক আছে, যার মাঝে আসিয়ান সবচেয়ে উন্নত।

RAISUL ISLAM HRIDOY

এশিয়া বিশ্বের বৃহত্তম মহাদেশ এবং এটা প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ যেমন পেট্রোলিয়াম, বন, মৎস্য, পানি, তামা ও রূপা। এশিয়ায় উৎপাদন, পূর্ব ও দক্ষিণ পূর্ব এশিয়ার ঐতিহ্যগতভাবে শক্তিশালী বিশেষ করে চীন, তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, জাপান, ভারত, ফিলিপাইন ও সিঙ্গাপুর। জাপান ও দক্ষিণ কোরিয়ায় বহুজাতিক কর্পোরেশনের আধিপত্য আছে, কিন্তু চীন ও ভারত ক্রমবর্ধমানভাবে এগিয়ে যাচ্ছে। ইউরোপ, উত্তর আমেরিকা, দক্ষিণ কোরিয়া ও জাপান থেকে বহু কোম্পানি সস্তা শ্রমের প্রচুর যোগান এবং তুলনামূলকভাবে উন্নত অবকাঠামোর সুযোগ গ্রহণ করে এশিয়ার উন্নয়নশীল দেশে কার্যক্রম চালাচ্ছে।

সিটিগ্রুপ অনুসারে, ১১-র মধ্যে ৯ টি বৈশ্বিক প্রবৃদ্ধি উৎপাদক দেশ এশিয়ার, জনসংখ্যা এবং আয় বৃদ্ধির দ্বারা চালিত। তারা হলো বাংলাদেশ, চীন, ভারত, ইন্দোনেশিয়া, ইরাক, মঙ্গোলিয়া, ফিলিপাইন, শ্রীলঙ্কা ও ভিয়েতনাম। এশিয়ার চারটি প্রধান অর্থনৈতিক কেন্দ্র আছেঃ টোকিও, হংকং, সিঙ্গাপুর ও সাংহাই। কল সেন্টার ও ব্যবসা প্রসেস আউটসোর্সিং (BPOs) ভারত ও ফিলিপাইনে প্রধান নিয়োগকারী হয়ে উঠছে, অত্যন্ত দক্ষ, ইংরেজি ভাষাভাষী কর্মীর সহজলভ্যতার কারণে। আউটসোর্সিং বর্ধিত ব্যবহারের কারণে আর্থিক কেন্দ্র হিসাবে ভারত ও চীনের উত্থানকে সহায়তা করে। বড় এবং প্রতিযোগিতামূলক তথ্য প্রযুক্তি শিল্পের কারণে, ভারত আউটসোর্সিং জন্য প্রধান কেন্দ্রে পরিণত হয়েছে।

২০১০ সালে, এশিয়ায় ৩৩ লক্ষ মিলিওনেয়ার ছিল (বাড়ি ব্যতীত মার্কিন $১ মিলিয়ন বেশি আয়করা মানুষ), উত্তর আমেরিকার সামাণ্য নিচে ৩৪ লক্ষ মিলিওনেয়ার। গত বছর এশিয়া ইউরোপকে অতিক্রম করে। সম্পদ প্রতিবেদন ২০১২-এ সিটি গ্রুপ উল্লেখ করে যে এশীয় সেন্তা-মিলিওনেয়ার উত্তর আমেরিকার সম্পদ কব্জা করে প্রথমবারের মত, তা পূর্বে পাঠানো অব্যাহত থাকে। ২০১১-এর শেষ নাগাদ, ১৮,০০০ এশীয় মানুষ বিশেষ করে দক্ষিণ পূর্ব এশিয়া, চীন ও জাপানের যাদের কমপক্ষে $১০০ মিলিয়ন নিষ্পত্তিযোগ্য সম্পদ, যখন উত্তর আমেরিকায় তা ১৭,০০০ জন এবং পশ্চিম ইউরোপে ১৪,০০ জন।

RAISUL ISLAM HRIDOY

এশিয়ার সংস্কৃতি (নোবেল পুরস্কার)

রবীন্দ্রনাথ ঠাকুর, ভারতীয় বাঙ্গালী কবি, নাট্যকার, এবং লেখক, ১৯১৩ সালে প্রথম এশীয় হিসেবে নোবেল পুরস্কার লাভ করেন। তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। তিনি বাংলাদেশ, ভারত ও শ্রীলংকার জাতীয় সঙ্গীতের লেখক।

অন্যান্য এশীয় লেখকদের মধ্যে যারা সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেছে তারা হলোঃ ইয়াসুনারি কাওয়াবাতা (জাপান, ১৯৬৮), কেন্‌জাবুরো ওহয়ে (জাপান, ১৯৯৪), গাও শিংশিয়ান (চীন, ২০০০), ওরহান পামুক (তুরস্ক, ২০০৬), এবং মো ইয়ান (চীন, ২০১২)। অনেকে মার্কিন লেখক, পার্ল এস বাককে, একজন এশিয়ান নোবেল বিজয়ী বিবেচনা করে। একজন ধর্মপ্রচারকের কন্যা হিসেবে চীনে উল্লেখ্যযোগ্য সময় কাটিয়েছেন, এবং তার উপন্যাস, যথা *দ্য গুড আর্থ* (১৯৩১) এবং *মাদার* (১৯৩৩) এছাড়াও তার বাবা-মার চীনে থাকাকালীন সময়ের জীবনী, *দ্য এক্সাইল* ও *ফাইটিং এঞ্জেল* চীন প্রবাসের উপ ভিত্তি করে লেখা, যা তাকে ১৯৩৮ সালে নোবেল সাহিত্য পুরস্কার এনে দেয়।

এছাড়াও, ভারতের মাদার টেরিজা এবং ইরানের শিরিন এবাদি গণতন্ত্র ও মানবাধিকারের জন্য তাদের উল্লেখযোগ্য প্রচেষ্টা, বিশেষ করে নারী ও শিশুদের অধিকারের জন্য নোবেল শান্তি পুরস্কারে ভূষিত করা হয়। এবাদি প্রথম ইরানী এবং প্রথম মুসলিম নারী হিসেবে নোবেল পুরস্কার প্রাপ্ত।

আরেকজন নোবেল শান্তি পুরস্কার বিজয়ী মায়ানমারে অং সান সু চি সামরিক একনায়কতন্ত্র বিরুদ্ধে তার শান্তিপূর্ণ ও অহিংস সংগ্রামের জন্য। তিনি একজন অহিংস গণতন্ত্রপন্থী কর্মী, ন্যাশনাল লীগ ফর ডেমক্রেসি ইন বার্মা-এর নেতা এবং একজন উল্লেখ্যযোগ্য কারাবন্দী। তিনি একজন বৌদ্ধ ধর্মাবলম্বী এবং ১৯৯১ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন। অতি সম্প্রতি, চীনা ভিন্নমতাবলম্বী লিউ জিয়াবো নোবেল শান্তি পুরস্কার লাভ করেন, চীনে মৌলিক মানবাধিকারের জন্য তার দীর্ঘ ও অহিংস সংগ্রামের জন্য। তিনি চীন মধ্যে বসবাস করার সময় নোবেল পুরস্কার লাভকারী প্রথম চীনা নাগরিক।

স্যার চন্দ্রশেখর ভেঙ্কট রামন বিজ্ঞানে নোবেল পুরস্কার পাওয়া প্রথম এশীয়। তিনি "আলোর বিক্ষিপ্ততার উপর তাঁর কাজের জন্য এবং রামন বিক্ষিপ্ততার আবিষ্কারের জন্য, (যা তাঁর নিজের নামে নামকরণ করা হয়)" পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেন।

RAISUL ISLAM HRIDOY

অমর্ত্য সেন, (জন্ম ৩ নভেম্বর, ১৯৩৩) একজন ভারতীয় অর্থনীতিবিদ, যিনি কল্যাণ অর্থনীতি ও সামাজিক পছন্দ তত্ত্বে তার অবদানসমূহের জন্য অর্থনীতিতে ১৯৯৮ সালে নোবেল স্মারক পুরস্কার লাভ করেন। তার আগ্রহের বিষয়বস্তু সমাজের দরিদ্রতম সদস্যদের সমস্যা।

অন্যান্য এশীয় নোবেল বিজয়ীদের মধ্যে রয়েছে সুব্রহ্মণ্যন চন্দ্রশেখর, আবদুস সালাম, রবার্ট আউমান, মেনাসেম বেগিন, এ্যারন চিচানোভার, আভরাম হেরর্সকো, ড্যানিয়েল কাহনেমান, শিমন পেরেজ, ইতযাক রাবিন, এডা ইয়োনাথ, ইয়াসির আরাফাত, হোজে র‍্যামন-হোর্তা, পূর্ব তিমুরের বিশপ কার্লোস ফিলিপ জিমেনেস বেলো, কিম দায়ে জং, এবং আরোও ১৩ জাপানি বিজ্ঞানী। বেশিরভাগ পুরস্কারপ্রাপ্ত জাপান এবং ইসরাইল থেকে, চন্দ্রশেখর ও রামন (ভারত), সালাম (পাকিস্তান), আরাফাত (ফিলিস্তিন), কিম (দক্ষিণ কোরিয়া), হোর্তা ও বেলো (পূর্ব তিমুর)। ব্যতীত।

২০০৬ সালে, বাংলাদেশের ড. মুহাম্মদ ইউনূস গ্রামীণ ব্যাংক, যা একটি গোষ্ঠী উন্নয়ন ব্যাংক, (যা দরিদ্র মানুষ, বিশেষ করে বাংলাদেশের মহিলাদের টাকা ধার দেয়) প্রতিষ্ঠার জন্য নোবেল শান্তি পুরস্কার লাভ করেন। ডঃ ইউনুস শহরের ভ্যান্দারবিল্ট বিশ্ববিদ্যালয়, মার্কিন যুক্তরাষ্ট্র থেকে অর্থনীতিতে পিএইচডি ডিগ্রী লাভ করেন। তিনি আন্তর্জাতিকভাবে ক্ষুদ্র ঋণ ধারণার জন্য পরিচিত, যার মাধ্যমে সামান্য অথবা কোন সমান্তরালের সঙ্গে দরিদ্র ও নিঃস্ব লোক টাকা ধার করতে পারবে। সাধারণত ঋণগ্রহীতারা নির্দিষ্ট সময়ের মধ্যে টাকা ফেরত দেয় এবং ঋণ খেলাপের হার খুব কম।

দালাই লামা তার আধ্যাত্মিক ও রাজনৈতিক কর্মজীবনে প্রায় চুরাশিটি পুরস্কার পেয়েছেন। ২০০৬ সালের ২২ জুন, তিনি কানাডার গভর্নর জেনারেল কর্তৃক কানাডার সম্মানসূচক নাগরিকত্ব লাভ করেন, যা তার আগে মাত্র তিন জন লাভ করে। ২০০৫ সালের ২৮ মে, তিনি যুক্তরাজ্যের বৌদ্ধ সোসাইটি থেকে ক্রিসমাস হামফ্রে পুরস্কার পান। সবচেয়ে উল্লেখযোগ্য হলো ১৯৮৯ সালের ১০ ডিসেম্বর তারিখে নোবেল শান্তি পুরস্কার লাভ।

এশিয়ার সার্বভৌম রাষ্ট্রসমূহের তালিকা

এশিয়া মহাদেশে ৪৯টি সার্বভৌম দেশ আছে। সার্বভৌম দেশ বলতে কোন দেশ বা রাষ্ট্রের নিজের অভ্যন্তরীন এবং অন্যান্য রাষ্ট্রের সঙ্গে সম্পর্ক নির্ধারণের সার্বভৌম ক্ষমতা আছে। *মন্টেভিডিও*

RAISUL ISLAM HRIDOY

কনভেনশন অনুযায়ী একটি রাষ্ট্রের অপরিহার্য উপাদান হল স্থায়ী জনগণ, নির্দিষ্ট সীমানা, সরকার এবং অন্য দেশের সাথে সম্পর্ক স্থাপনের সক্ষমতা। প্রত্যেক দেশ জাতিসংঘের সদস্য, ফিলিস্তিন ছাড়া। ফিলিস্তিন বর্তমানে পর্যবেক্ষক রাষ্ট্র।

পতাকা	প্রতীক	দেশের নাম	জনসংখ্যা	আয়তন (কিমি²)	রাজধানী
		আফগানিস্তান	৩০,৪১৯,৯২৮	৬৪৭,৫০০	কাবুল
		আর্মেনিয়া	২,৯৭০,৪৯৫	২৯,৭৪৩	ইয়েরেভান
		আজারবাইজান	৯,৪৯৩,৬০০	৮৬,৬০০	বাকু
		বাহরাইন	১,২৪৮,৩৪৮	৭৬০	মানামা
		বাংলাদেশ	১৬৫,০৪৯,৩৬০	১৪৭,৫৭০	ঢাকা
		ভুটান	৭১৬,৮৯৬	৩৮,৩৯৪	থিম্পু
		ব্রুনাই	৪০৮,৭৮৬	৫,৭৬৫	বন্দর সেরি বেগাওয়ান
		মায়ানমার	৫৪,৫৮৪,৬৫০	৬৭৬,৫৭৮	নাইপিডো
		কম্বোডিয়া	১৪,৯৫২,৬৬৫	১৮১,০৩৫	প্নম পেন
		গণচীন	১,৩৪৩,২৩৯,৯২৩	৯,৫৯৬,৯৬১	বেইজিং
		সাইপ্রাস	১,০৯৯,৩৪১	৯,২৫১	নিকোসিয়া
		পূর্ব তিমুর	১,১৪৩,৬৬৭	১৪,৮৭৪	দিলি
		জর্জিয়া	৪,৫৭০,৯৩৪	৬৯,৭০০	তিবিলিসি
		ভারত	১,২০৫,০৭৩,৬১২	৩,২৮৭,২৬৩	নতুন দিল্লি
		ইন্দোনেশিয়া	২৪৮,৬৪৫,০০৮	১,৯০৪,৫৬৯	জাকার্তা
		ইরান	৭৮,৮৬৮,৭১১	১,৬৪৮,১৯৫	তেহরান

RAISUL ISLAM HRIDOY

		ইরাক	৩১,১২৯,২২৫	৪৩৮,৩১৭	বাগদাদ
		ইসরায়েল	৭,৫৯০,৭৫৮	২০,৭৭০	জেরুসালেম
		জাপান	১২৭,৩৬৮,০৮৮	৩৭৭,৯১৫	টোকিও
		জর্দান	৬,৫০৮,৮৮৭	৮৯,৩৪২	আম্মান
		কাজাখস্তান	১৭,৫২২,০১০	২,৭২৪,৯০০	আস্তানা
		কুয়েত	২,৬৪৬,৩১৪	১৭,৮১৮	কুয়েত সিটি
		কিরগিজিস্তান	৫,৪৯৬,৭৩৭	১৯৯,৯৫১	বিশকেক
		লাওস	৬,৫৮৬,২৬৬	২৩৬,৮০০	ভিয়েনতিয়েন
		লেবানন	৪,১৪০,২৮৯	১০,৪০০	বৈরুত
		মালয়েশিয়া	২৯,১৭৯,৯৫২	৩২৯,৮৪৭	কুয়ালালামপুর
		মালদ্বীপ	৩৯৪,৪৫১	২৯৮	মালে
		মঙ্গোলিয়া	৩,১৭৯,৯৯৭	১,৫৬৪,১১৬	উলানবাটর
		নেপাল	২৯,৮৯০,৬৮৬	১৪৭,১৮১	কাঠমান্ডু
		উত্তর কোরিয়া	২৪,৫৮৯,১২২	১২০,৫৩৮	পিয়ং ইয়াং
		ওমান	৩,০৯০,১৫০	৩০৯,৫০০	মাস্কাট
		পাকিস্তান	১৯০,২৯১,১২৯	৭৯৬,০৯৫	ইসলামাবাদ
		ফিলিস্তিন	৪,২৭৯,৬৯৯	৬,২২০	গাজা/রামাল্লাহ

RAISUL ISLAM HRIDOY

		ফিলিপাইন	৯৯,৮৩৩,৬০০	৩০০,০০০	ম্যানিলা
		কাতার	১,৯৫১,৫৯১	১১,৫৮৬	দোহা
		সৌদি আরব	২৬,৫৩৪,৫০৪	২,১৪৯,৬৯০	রিয়াদ
		সিঙ্গাপুর	৫,৩৫৩,৪৯৪	৬৯৭	সিঙ্গাপুর
		শ্রীলঙ্কা	২১,৪৮১,৩৩৪	৬৫,৬১০	কলম্বো
		দক্ষিণ কোরিয়া	৫০,০০৪,৪৪১	১০০,২১০	সিওল
		সিরিয়া	২২,৫৩০,৭৪৬	১৮৫,১৮০	দামেস্ক
		তাজিকিস্তান	৭,৭৬৮,৩৮৫	১৪৩,১০০	দুশান্বে
		থাইল্যান্ড	৬৭,০৯১,০৮৯	৫১৩,১২০	ব্যাংকক
		তুরস্ক	৭৯,৭৪৯,৪৬১	৭৮৩,৫৬২	আঙ্কারা
		তুর্কমেনিস্তান	৫,০৫৪,৮২৮	৪৮৮,১০০	আশখাবাদ
		সংযুক্ত আরব আমিরাত	৫,৩১৪,৩১৭	৮৩,৬০০	আবুধাবি
		উজবেকিস্তান	২৮,৩৯৪,১৮০	৪৪৭,৪০০	তাশখন্দ
		ভিয়েতনাম	৯১,৫১৯,২৮৯	৩৩১,২১২	হ্যানয়
		ইয়েমেন	২৪,৭৭১,৮০৯	৫২৭,৯৬৮	সানা

RAISUL ISLAM HRIDOY

এশিয়া মহাদেশের গুরুত্বপূর্ণ তথ্য

- এশিয়া মহাদেশ পৃথিবীর বৃহত্তম মহাদেশ।
- আয়তন প্রায় ৪ কোটি ৪৪ লক্ষ ৯৩ হাজার বর্গ কি.মি।
- পৃথিবীর প্রায় ৩০ শতাংশই এশিয়ার অন্তর্গত।
- এশিয়ার বৃহত্তম দেশ ⇨ চীন। এই
- এশিয়ার ক্ষুদ্রতম দেশ ⇨ মালদ্বীপ।
- এশিয়ার বৃহত্তম মরুভূমি ⇨ গোবি মরুভূমি।
- এশিয়ার বৃহত্তম সাগর ⇨ চীন সাগর।
- এশিয়ার বৃহত্তম হ্রদ ⇨ কাস্পিয়ান। ৫
- এশিয়ার দীর্ঘতম নদী ⇨ ইয়াংসিকিয়াং (চীন)
- সর্বোচ্চ পর্বত শৃঙ্গ মাউন্ট এভারেস্ট (৮,৮৪৪.৪৬ মি.)
- এশিয়া মহাদেশের উত্তর আমেরিকা থেকে পৃথক হয়েছে ⇨ বেরিং প্রণালী দ্বারা।
- আফ্রিকা মহাদেশ পৃথক হয়েছে ⇨ লোহিত ও সুয়েজখাল দ্বারা।
- এশিয়া ইউরোপ হতে পৃথক করেছে ⇨ বসফরাস প্রণালী।
- এশিয়া এবং ইউরোপকে একত্রে বলা হয় ⇨ ইউরোশিয়া।
- তুরস্ক দেশটি ইউরোপ এবং এশিয়ার মাঝে অবস্থিত।
- এশিয়ার সর্বউত্তরের বিন্দু ⇨ চেলুসিকিনের অগ্রভাগ।
- একদেশ দুই নীতি কার্যকর ⇨ চীনে।
- ফালুগং যে দেশের নিষিদ্ধ সংগঠন- চীন।
- এশিয়ার যে দেশে সম্প্রতিক (২০০৬ সালে) সামরিক অভ্যুত্থান ঘটে ⇨ থাইল্যান্ড।
- এশিয়ার সর্বশেষ স্বাধীনদেশ ⇨ পূর্বতিমুর।
- তিব্বতকে বলা হয় নিষিদ্ধ দেশ যেটি চীনের অন্তর্ভূক্ত।
- তিব্বতের ধর্মীয় নেতার উপাধি ⇨ দালাইলামা।
- পাকাতিয়া প্রদেশটি ⇨ আফগানিস্থানে অবস্থিত।

RAISUL ISLAM HRIDOY

- বিরোধপূর্ণ বেলুচ প্রদেশটি পাকিস্থানে অবস্থিত। [সাম্প্রতিক সময়ে আকবর খাঁন বুগতিকে হত্যা করা হয়]
- কিরকুক, ফালুজা প্রদেশ দুটি ইরাকে অবস্থিত। [উলেখ যে ইরাকে মোট ১৮ টি প্রদেশ রয়েছে]
- আলোচিত ভলকা রিপোর্টে ইরাকে তেলের বিনিময়ে খাদ্য কর্মসূচীতে ব্যাক্তি বিশেষ সুবিধা গ্রহনের আলোচনায় ভারতের নটবর সিংহ পদত্যাগ করতে বাধা হন।
- কনফুসিয়াস ছিলেন ⇒ চীনের দার্শনিক।
- জাভা মানুষের উদ্ভব ⇒ ইন্দোনেশিয়ায়।
- পিংকি মানুষের উদ্ভব ⇒ চীনে।
- হাইডেল বার্গ মানুষের উদ্ভব ⇒ জার্মানীতে।
- এশিয়ার বৃহত্তম তৈল খনি ⇒ সৌদি আরব "গাওয়ার"।
- মোট মজুদের ২৫% সৌদি আরব।
- 'আদম চিহ্ন' বা আদম শৃঙ্গ ⇒ শ্রীলংকায় অবস্থিত।
- ইস্পাহান ও বুশেহর শহরে ইরানের পরমাণবিক জালানী কেন্দ্র গুলো অবস্থিত।
- কারবালা শহরটি ইরাকে ফোরাত নদী তীরে অবস্থিত।
- বেথেলহেম জায়গাটি জেরুজালেম নিকট অবস্থিত।
- গোলান মালভূমি ⇒ সিরিয়া ও ইসরাঈল সীমান্তে অবস্থিত।
- ১৯৬৭ সালের যুদ্ধে ইসরাঈল এটি দখল করে নেয়।
- সিনাই উপত্যকা মিশরে অবস্থিত।
- ১৯৬৭ সালের যুদ্ধে ইসরাঈল এটি দখল করে নেয়। পরে শান্তি চুক্তির বিনিময়ে এটি ফেরত দেয়।
- মোহেনজোদেরো সভ্যতা পাকিস্তানে গড়ে উঠেছিল। প্রাচীন সিন্ধু সভ্যতার নিদর্শন এখানে রয়েছে।
- মেসোপটেমিয়া সভ্যতা ⇒ ইরাকে গড়ে উঠেছিল।
- এশিয়ার যে দেশে NATO শান্তি রক্ষী বাহিনী কর্মরত আফগানিস্থান [লেবানন- ইসরাঈল সীমান্তে NATO বাহিনী নিয়োগের চুক্তি হয়েছে]।
- এশিয়ার দীর্ঘতম নদী ইয়াংসিকিয়াং ⇒ চীনে (৫৯৮০ কি.মি)।
- চীনের দুঃখ ⇒ হোয়াংহো।

RAISUL ISLAM HRIDOY

- চীনের শস্য প্রদেশ ⇨ হুনান।
- পৃথিবীর শুল্কমুক্ত দেশ ⇨ হংকং।
- এশিয়ার বৃহত্তম মুসলিম দেশ ⇨ ইন্দোনেশিয়া।
- এশিয়ার ব্যস্ততম সমুদ্র বন্দর ⇨ সিংগাপুর সমুদ্র বন্দর।
- দি টাইগার অব বাইসাইকেল বলা হয় ⇨ ভিয়েতনাকে।
- মাওবাদীদের সাথে নেপাল সরকারের চুক্তি হয় ⇨ ২২ নভেম্বর ২০০৬।
- উত্তর কোরিয়া পরমাণবিক বোমার বিস্ফোরন ঘটায় ⇨ ৯ অক্টোবর ২০০৭।

এশিয়ার বৃহত্তম যা কিছু

- বৃহত্তম দেশ আয়তনে ⇨ গণচীন,১৩.৩৬ কোটি(বিশ্বে ১ম)।
- বৃহত্তম হ্রদ ⇨ কাস্পিয়ান সাগর (বিশ্বে ১ম)
- গভীরতম হ্রদ ⇨ বৈকাল হ্রদ, ১৬২০মি. গভীর (বিশ্বে ১ম)।
- বৃহত্তম লবনাক্ত হ্রদ ⇨ কাস্পিয়ান সাগর
- বৃহত্তম দ্বীপ ⇨ বোর্নিও
- বৃহত্তম সাগর ⇨ গণচীন সাগর
- বৃহত্তম উপদ্বীপ ⇨ ভারত
- বৃহত্তম ব-দ্বীপ বনাঞ্চল ⇨ সুন্দরবন
- বৃহত্তম সমুদ্র সৈকত ⇨ কক্সবাজার
- বৃহত্তম শহর জনসংখ্যায় ⇨ টোকিও (বিশ্বে ১ম)
- বৃহত্তম পর্বত—হিমালয়) (বিশ্বে ১ম)
- বৃহত্তম বিমানবন্দর ⇨ বাদশা আব্দুল আজিজ বিমানবন্দর (বিশ্বে ১ম)
- বৃহত্তম ও দীর্ঘতম প্রাচীর ⇨ চীনের প্রাচীর, ৩৯৯০ কি.মি.(বিশ্বে ১ম)
- বৃহত্তম ফুল ⇨ রেফলেশিয়া (জাভা) (বিশ্বে ১ম)
- বৃহত্তম কাব্য ⇨ মহাভারত (বিশ্বে ১ম)
- বৃহত্তম মরুভূমি ⇨ অ্যারাবিয়ান (বিশ্বে ১ম)।

RAISUL ISLAM HRIDOY

- ⌘ দীর্ঘতম নদী ➾ ইয়াংসিকিয়াং
- ⌘ সর্বোচ্চ শৃঙ্গ ➾ মাউন্ট এভারেস্ট, ৮৮৫০মি, (বিশ্বে ১ম)।
- ⌘ সংবাদ সংস্থা➾ BSS,ENA,UNB(Bangladesh) PTI,UNI(India) NCNA,XINHUA(China) APP,PPI(Pakistan) IRANA(Iran) INA(Iraq), FPS, GNN (Japan) SPA (Saudi Arab)
- ⌘ দীর্ঘতম ঝুলন্ত সেতু ➾ আকাশী কাইকিও সেতু (জাপান) (বিশ্বে ১ম)
- ⌘ উচ্চতম দেশ ➾ তিব্বত (বিশ্বে ১ম)।
- ⌘ উচ্চতম টাওয়ার ➾ পেট্রোনাস টাওয়ার,মালয়েশিয়া
- ⌘ উচ্চতম মালভূমি ➾ পামীর মালভূমি,৪৮৭৭মি. (বিশ্বে ১ম)।
- ⌘ দীর্ঘতম সেতু ➾ সানজুয়েনিকা ৪৮২৮মি. ফিলিপাইন
- ⌘ নদীবহুল মহাদেশ ➾ এশিয়া
- ⌘ পবিত্র নগরী ➾ জেরুজালেম
- ⌘ কম ঘনবসতিপূর্ণদেশ ➾ মঙ্গোলিয়া (বিশ্বে ১ম)।

এশিয়া মহাদেশের "দেশ-রাজধানী ও মুদ্রার" নামসমূহ

দেশের নাম	রাজধানী	মুদ্রার নাম
বাংলাদেশ	ঢাকা	টাকা
ভারত	নয়াদিল্লী	রুপি
পাকিস্তান	ইসলামাবাদ	রুপি
শ্রীলংকা	শ্রী জয়বর্ধনপুর কোট	রুপি
নেপাল	কাঠমুন্ডু	রুপি
ভুটান	থিম্পু	গুলড্রাম

RAISUL ISLAM HRIDOY

মালদ্বীপ	মালে	রুপিয়া
মায়ানমার	নাইপিদো	কিয়াত
আফগানিস্তান	কাবুল	আফগানি
ইন্দোনেশিয়া	জাকার্তা	রুপিয়া
মালেশিয়া	কুয়ালালামপুর	রিঙ্গিত
সিঙ্গাপুর	সিঙ্গাপুর সিটি	ডলার
থাইল্যান্ড	ব্যাংকক	বাথ
ভিয়েতনাম	হ্যানয়	ডং
লাওস	ভিয়েন তিয়েন	কিপ
কম্বোডিয়া	নমপেন	রিয়েল
ব্রুনাই	বন্দর সেরী	ডলার
পূর্ব তিমুর	দিলি	রুপাইয়া
ফিলিপাইন	ম্যানিলা	পেসো
কাজাকিস্তান	আলমাআতা	টেঙোর টেঙ্গে
কিরগিজিস্তান	বিশবেক	সোম
তাজিকিস্তান	দুশানবে	রুবল
তুর্কমেনিস্তান	আশাখাবাদ	মানাত
উজবেকিস্তান	তাশখন্দ	সোম
আজারবাইজান	বাকু	মানাত
চীন	বেইজিং	উয়ান

RAISUL ISLAM HRIDOY

জাপান	টোকিও	ইয়েন
উত্তর কোরিয়া	পিয়ংইয়ং	ওয়োন
দক্ষিণ কোরিয়া	সিউল	ওয়োন
তাইওয়ান	তাইপে	তাইওয়ান ডলার
মঙ্গোলিয়া	উলান বাটর	তুঘরিক
বাহরাইন	মানামা	দিনার
ইরান	তেহরান	রিয়াল
ইরাক	বাগদাদ	দিনার
ইসরাইল	জেরুজালেম	শেকেল
জর্ডান	আম্মান	দিনার
কুয়েত	কুয়েত সিটি	দিনার
লেবানন	বৈরুত	পাউন্ড
ওমান	মাসকট	ওমানি রিয়াল
কাতার	দোহা	রিয়াল
সৌদি আরব	রিয়াদ	রিয়াল
সিরিয়া	দামেস্ক	পাউন্ড
ইয়েমেন	সানা	রিয়াল
সংযুক্ত আরব আমিরাত	আবুধাবি	দিরহাম
তুরস্ক	আঙ্কারা	লিরা

RAISUL ISLAM HRIDOY

ফিলিস্তিন	রামাল্লা	দিনার

এশিয়ার ইতিহাস

- ভারতে কয় কক্ষবিশিষ্ট পার্লামেন্ট রয়েছে? উঃ দুই কক্ষ বিশিষ্ট।
- ভারতে দুই কক্ষবিশিষ্ট পার্লামেন্টের নামগুলো কি কি? উঃ রাজ্যসভা ও লোকসভা ।
- ভারতে রাজ্যসভার মোট আসন সংখ্যা কত? উঃ ২৫০ টি (২৩৮টি নির্বাচিত এবং ১২টি সংরক্ষিত)।
- ভারতে লোকসভার মোট আসন সংখ্যা কত? উঃ ৫৫২ টি (৫৫০টি নির্বাচিত এবং ২টি সংরক্ষিত)।
- ভারতে লোকসভার কত আসনে বর্তমানে নির্বাচন হয়? উঃ ৫৪৩ টি।
- ভারতের স্বাধীনতা লাভের পর কোন মহিলা গর্ভনর নিযুক্ত হন? উঃ সরোজিনী নাইডু।
- মহাত্মা গান্ধী দক্ষিন আফ্রিকা থেকে কবে দেশে প্রত্যাবর্তন করেন? উঃ ০৯ জানুয়ারী ১৯১৫।
- মহাত্মা গান্ধী কবে নিহত হয়েছিলেন? উঃ ৩০ জানুয়ারী, ১৯৪৮ (বিড়লা হাউজে)।
- বিড়লা হাউসের বর্তমান নাম কি? উঃ গান্ধী সদন।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় এসউইচ বধ্যভূমিতে কত লোককে হত্যা করা হয়েছিল? উঃ ১৫ লক্ষ।
- ভারতের কংগ্রেসের বর্তমান সভাপতি কে? উঃ সোনিয়া গান্ধী।
- মাদার তেরেসা কবে মৃত্যুবরণ করেন? উঃ ০৫ সেপ্টেম্বর ১৯৯৭।
- জালিয়ান ওয়ালাবাগের হত্যাকান্ড কবে হয়েছিল? উঃ ০৯ জানুয়ারী ১৯১৫।
- জালিয়ান ওয়ালাবাগের হত্যাকান্ড কে নেতৃত্ব দিয়েছিল? উঃ জেনারেল রেজিল্যান্ড ডায়ার।
- জালিয়ান ওয়ালাবাগের হত্যাকান্ডে কয়জন নিহত ও আহত হয়েছিলেন? উঃ ৫০০ ও ১,৫০০ জন।
- ভারত-চীন যুদ্ধ কবে সংগঠিত হয়? উঃ ১১ অক্টোবর, ১৯৬২।
- ইন্দিরা গান্ধী কবে আততায়ীর গুলিতে নিহত হন? উঃ ৩১ অক্টেবর ১৯৮৪।
- ভারতীয় সংবিধানের প্রস্তাবের জনক কে? উঃ জওহরলাল নেহেরু।

RAISUL ISLAM HRIDOY

- তাসখন্দ চুক্তি কবে সাক্ষরিত হয়? উঃ ১১ জানুয়ারী ১৯৬৬।
- ভারতের রাজ্যসভার চেয়ারম্যান কে? উঃ উপ-রাষ্ট্রপতি।
- ভারতের প্রথম অকংগ্রেসি প্রধানমন্ত্রী কে? উঃ মোরারজি দেশাই।
- পশ্চিমবঙ্গের বর্তমান মূখ্যমন্ত্রী কে? উঃ মমতা বন্দোপাধ্যায়
- ভারত কবে পারমাণবিক বিস্ফোরণ ঘটায়? উঃ ১৮ মে ১৯৭৪।
- ইবনে বতুতা করে ভারত গমন করেন? উঃ ১৩৩৩ সালে।
- ভাস্কো-দা-গামা কবে কালিকট বন্দরে আগমন করেন? উঃ ১৪৪৮ সালে।
- পর্তুগীজরা কবে গোয়া দখল করে? উঃ ১৫১০ সালে।
- শেরশাহ কবে হুমায়নকে পরাজিত করে দিল্লীর মসনদ দখল করে? উঃ ১৫৩৯ সালে।
- সম্রাট আকবরের নির্দেশে কবে জিজিয়া কর প্রত্যাহার করা হয়? উঃ ১৫৬৪ সালে।
- আকবর কবে দীন ই এলাহি ধর্ম প্রবর্তন করেন? উঃ ১৫৮২ সালে।
- ভারত ও পাকিস্তানের মাঝে বিখ্যাত সিমলা চুক্তি স্বাক্ষর হয়েছিল কবে। উঃ ৩ জুলাই ১৯৭২ সালে।
- মনসবদারী প্রথার প্রচলন করেন কোন সম্রাট? উঃ সম্রাট আকবর।
- গেটওয়ে অব ইন্ডিয়া কার সম্মানে নির্মিত হয়? উঃ ব্রিটেনের রাজা জর্জ।
- ভারতে সিয়াচেন জায়গাটি কোন সীমান্তে অবস্থিত? উঃ ভারত-পাকিস্তান সিমান্তে।
- ব্রিটেনে কবে ইন্ডিয়া কোম্পানির প্রতিষ্ঠা ঘটে? উঃ ১৬০০ সালে।
- উগ্র জাতীয়তাবাদী হিন্দুরা কবে বাবরী মসজিদ ধ্বংস করে? উঃ ০৬ ডিসেম্বর ১৯৯২।
- ভারতের ঐতিহাসিক বাবরী মসজিদ অবস্থিত? উঃ অযোধ্যায়।
- ইংল্যান্ডের রাণীকে কবে ভারতের সম্রাট ঘোষনা করা হয়? উঃ ১৮৭৭ সালে।
- ভারত রক্ষা আইন প্রণীত হয় কোন সালে? উঃ ১৯১৫ সালে।
- সার্কভুক্ত দেশের মধ্যে কোন দেশের গণতন্ত্রের ইতিহাস দীর্ঘদিনের? উঃ ভারত।
- কাশ্মীরে বিচ্ছিন্নবাদীদের প্রধান জোট কোনটি? উঃ অল পাটি হুরিয়াত কনফারেন্স।
- ফুলনদেবীকে কত তারিখে খুন করা হয়? উঃ ২৫ জুলাই, ২০০১।
- ভারতের (বর্তমান) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কবে প্রথম শপথ গ্রহন করেন? উঃ ২৬ মে, ২০১৪।
- নরেন্দ্র মোদি বর্তমানে ভারতের কততম প্রধানমন্ত্রী? উঃ ১৭ তম।
- ভারতের লাোকসভার প্রথম মহিলা স্পিকার কে? উঃ মীরা কুমার।
- কত তারিখে ভারতের কিংবদন্তী বনদস্যু বীরাপ্পন নিহত হয়? উঃ ১৮ অক্টোবর, ২০০৪।

RAISUL ISLAM HRIDOY

- ভারতের অযোধ্যায় বাবরী মসজিদ ধ্বংসের ঘটনায় গঠিত কমিশনটির নাম কি? উঃ লিবারহ্যান কমিশন।
- ভারতীয় গোয়েন্দা সংস্থার নাম কি? উঃ (RAW) র'।
- 'ব্লাক ক্যাট' কোন দেশের কমান্ডো বাহিনী? উঃ ভারত।
- ভারতের পশ্চিম বঙ্গের নতুন নাম কি? উঃ বাংলা প্রদেশ।
- 'সীমান্ত গান্ধী" নামে পরিচিত কে ছিলেন? উঃ আবদুল গাফফার খান।
- টিপু সুলতান কে ছিলেন? উঃ মহীশুরের শাসনকর্তা।
- বোমা বিস্ফোরণে ভারতের রাজীব গান্ধী কবে নিহত হয়? উঃ ২১ মে ১৯৯১।
- রাজীব গান্ধী হত্যার সাথে জরিত মহিলা কোন সংগঠনের সদস্যা? উঃ এল.টি.টি.আই।
- রাজীব গান্ধীকে হত্যার জন্য বোমা বহনকারী আত্মঘাতী মহিলার নাম কি? উঃ থানু।
- বেফোর্স কেলেংকারীর সাথে জড়িত ভারতীয় প্রধানমন্ত্রী? উঃ রাজীব গান্ধী।
- বেফোর্স কোন দেশের অস্ত্র উৎপাদন ও বিক্রয়কারী সংস্থা? উঃ সুইডেন।
- ভারতের কোন রাজ্যে সাম্প্রদায়িক দাঙ্গায় শত শত মুসলিম নর-নারী নিহত হয়? উঃ গুজরাট।
- ভারতের বিখ্যাত তিনমূর্তি ভবনটি কোথায় অবস্থিত? উঃ নয়াদিল্লী।
- ভারতের গোলযোগপূর্ণ 'অনন্তনাগ' শহরটি অবস্থিত? উঃ কাশ্মীরে।
- কোন দেশটিকে 'দ্য ল্যান্ড অব থান্ডার ড্রাগন' বলা হয়? উঃ ভূটানকে।
- ভূটানের প্রথম উত্তরাধিকারী ভিত্তিক রাজা ক্ষমতায় আসে কবে? উঃ ১৭ ডিসেম্বর ১৯০৭
- জিগমে সিংগে ওয়াংচুক কবে ভূটানের রাজা নিযুক্ত হন? উঃ ১৯৭২ সালের জুলাই মাসে।
- ভূটানে কবে গনতান্ত্রিক রাজতন্ত্র প্রচলিত হয়? উঃ ১৯৬৯ সালে।
- মায়ানমার করে ভারত থেকে বিচ্ছিন্ন হয়েছিল? উঃ ১ এপ্রিল, ১৯৩৭।
- মায়ানমারের চলমান সামরিক শাসন শুরু হয় কবে? উঃ ১৯৬২ সালে।
- কোন দেশে ১৯৬২ সালের পর আদৌ কোন গনতন্ত্র চর্চা হয়নি? উঃ মায়ানমারে।
- অং সান সুচি রাজনৈতিক দলের নাম কি? উঃ এনএলডি (ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসী)।
- অং সান সুচি কবে এনএলডি গঠন করেন? উঃ সেপ্টেম্বর, ১৯৮৮ সাল।
- বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী শ্রীমাভো বন্দর নায়েক কোন দেশের অধিবাসী? উঃ শ্রীলঙ্কা।
- এলটিটিই-র জন্ম হয় কবে? উঃ ১৯৭৮ সালে।
- শ্রীলংকার তামিল গেরিলাদের প্রধান কে ছিলেন? উঃ ভিলু পিল্লাই প্রভাকরন।
- ভিলু পিল্লাই প্রভাকরণ কবে শ্রিলঙ্কার সেনা বাহিনীর হাতে নিহত হন? উঃ ১৮ মে, ২০০৯।
- ইসলামী বিশ্বের প্রথম মহিলা সরকার প্রধান কে? উঃ বেনজীর ভূট্রো।

RAISUL ISLAM HRIDOY

- বেনজির ভুট্টোর কবে জন্ম গ্রহণ করে? উঃ ২১ জুন, ১৯৫৩।
- বেনজির ভুট্টোর কবে আত্মঘাতি হামলায় নিহত হন? উঃ ২৭ ডিসেম্বর, ২০০৭।
- আফগানিস্তানকে কে প্রজাতন্ত্র ঘোষনা করেন? উঃ দাউদ খাঁ।
- নেপালের রাজা বীরেন্দ্র ও স্ত্রী ঐশ্বর্যসহ রাজ পরিবারের ১০ জন সদস্য নিহত হয় কবে? উঃ ২৯ জুন, ২০০১।
- কোন দেশ বিশ্ব মতামত অগ্রাহ্য করে ভাস্কর্য ভান্ডার কাজ সম্পন্ন করে? উঃ আফগানিস্তান।
- সার্কভুক্ত দেশগুলোর মধ্যে মাথাপিছু আয় সব চাইতে বেশী কোন দেশের? উঃ মালদ্বীপে।
- এশিয়ার কোন দেশের নিজস্ব সেনাবাহিনী নেই? উঃ মালদ্বীপে।
- মায়ানমার সীমান্ত রক্ষী বাহিনীকে কি বলা হয়? উঃ লুন্টিন।
- ভারত ও শ্রীলংকার মধ্যে রামেশ্বর দ্বীপ, মান্নার দ্বীপ এবং আরো কয়েকটি দ্বীপ রয়েছে এগুলোকে একত্রে কি বলা হয়? উঃ সেতু বন্ধ।
- নেপাল সরকারের প্রধান কার্যালয় কোথায়? উঃ সিংহ দরবার।
- কোন দেশের ৮০% জুড়ে কারাকুম মরুভূমি অবস্থিত? উঃ তুর্কমেনিস্তান।
- তিয়েন মান পর্বতমালার উপর অবস্থিত কোন দেশ? উঃ কিরঘিজস্তান।
- জাপান করে কোরিয়া দখল করে? উঃ ১৯১০ সালে।
- মার্কিন যুক্তরাষ্ট্র করে কোরিয়া হস্তক্ষেপ করে? উঃ ২৯ আগষ্ট, ১৯৫০ সালে।
- উত্তর ও দক্ষিন কোরিয়া কবে বিভক্ত হয়? উঃ ১৫ আগষ্ট, ১৯৪৫।
- কবে দক্ষিন কোরিয়া রাষ্ট্রের অভ্যুদয় ঘটে? উঃ ১৫ আগষ্ট, ১৯৪৫।
- কবে উত্তর কোরিয়া দক্ষিন কোরিয়াকে আক্রমন করে? উঃ ২৫ জুন, ১৯৫০।
- কবে কোরিয়া যুদ্ধের অবসান ঘটে? উঃ ২৭ জুলাই, ১৯৫৩।
- দুই কোরিয়া পুনঃ একত্রীকরণের লক্ষ্যে যৌথ ঘোষনা দেওয়া হয়? উঃ ৪ জুলাই, ১৯৭২।
- দক্ষিন কোরিয়ার প্রেসিডেন্ট কিভাবে নির্বাচিত হন? উঃ জনগণের প্রত্যক্ষ ভোটে।
- দক্ষিন কোরিয়ার জাতীয় সংসদের আসন সংখ্যা কত? উঃ ২৯৯ টি।
- চীনের প্রথম বিদেশ-জাত শাসক কে ? উঃ কুবলাই খান।
- চীনের সর্বশেষ সম্রাটের নাম কি ? উঃ সম্রাট লুই।
- সম্রাট লুই কবে সিংহাসন ত্যাগ করেন ? উঃ ১৯১২ সালের ১২ ফেব্রুয়ারি।
- চীনের সংবিধান সংশোধনর ব্যাপারে সর্বময় ক্ষমতার অধিকারী কে ? উঃ চীন কংগ্রেস।
- বর্তমান ক্ষমতাসীন কমিউনিস্ট পার্টি কোন সালে চীনের ক্ষমতা গ্রহণ করে ? উঃ ১৯৪৯ সালে।

RAISUL ISLAM HRIDOY

- চীনের কাছে হংকং হস্তান্তর করা হয় ? উঃ ১৯৯৭ সালের ১ জুলাই।
- হংকং এ বৃটিশ শাসনের অবসানের পর সেখানে প্রথম গভর্নও হিসেবে কে দায়িত্ব নেন ? উঃ তুং চি হুয়া।
- হংকং চীনের অন্তর্ভূত হওয়ার পর কবে প্রথমবারের মত নির্বাচন অনুষ্ঠিত হয় ? উঃ ২৪ এপ্রিল, ১৯৯৮।
- পর্তুগীজ কবে চীনের কাছে ম্যাকাও হস্তান্তর করে ? উঃ ১৯৯৯ সালের ১৯ ডিসেম্বর।
- পর্তুগাল কবে ম্যাকাও হস্তান্তরের ঘোষণা দেয় ? উঃ ১৯৮৭ সালে।
- ফালুন গং কি ? উঃ চীনের একটি আধ্যাত্মিক আন্দোলন।
- ফালুন গং এর উত্থান ঘটে কোন সালে? উঃ ১৯৯২ সালে।
- চীনের সরকার কবে ফালুন গং আন্দোলন নিষিদ্ধ ঘোষণা করে ? উঃ ১৯৯৯ সালের ২২ জুলাই।
- ফালুন গং আন্দোলনের মূল নেতা কে? উঃ রী হং ঝি।
- চীন কৰে তিব্বতে ধর্মীয় স্বাধীনতা দান করে ? উঃ ২৭ মে ১৯৫১ সালে।
- মাঞ্চুরিয়া বিষয়ে চীন ও রাশিয়ার মধ্যে কবে চুক্তি স্বাক্ষরিত হয় ? উঃ ১৯০২ সালের ৮ এপ্রিল।
- চীনের কাছে রাশিয়া কবে মাঞ্চুরিয়া হস্তান্তর করে ? উঃ ১৮ জুলাই ১৯০২ সালে।
- চীনের সঙ্গে তাইওয়ান কৰে সরাসরি বাণিজ্য নিষেধাজ্ঞা তুলে নেয় ? উঃ ২২ মার্চ ২০০০।
- চীনে কৰে দাস প্রথা অবলুপ্ত হয়েছে ? উঃ ১৯১০ সালের ১০ মার্চ।
- চীনে কবে দু'হাজার বছরের রাজতন্ত্রের অবসান ঘটে ? উঃ ১৯১১ সালের ১০ অক্টোবর।
- চীন প্রজাতন্ত্রের প্রথম প্রেসিডেন্ট কে? উঃ ডঃ সান ইয়াং সেন।
- ডঃ সান ইয়াং সেন কবে চীনের রাষ্ট্রপতি নির্বাচিত হন ? উঃ ১৯১১ সালের ১৯ ডিসেম্বর।
- কবে চীনে কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠিত হয়? উঃ ১৯২১ সালের ৩০ জুন।
- চীন-যুক্তরাষ্ট্র পারমাণু অস্ত্র বিস্তাররোধ চুক্তি কবে স্বাক্ষরিত হয়? উঃ ১৯৯৪ সালের ৪ অক্টোবর।
- চীন-যুক্তরাষ্ট্রের মধ্যে কপিরাইট চুক্তি করে স্বাক্ষরিত হয়? উঃ ১১ মার্চ ১৯৯৫ সালে।
- চীন ও দক্ষিণ কোরিয়ার মধ্যে কৰে “বেইজিং-সিউল চুক্তি সম্পাদিত হয়? উঃ ১৯৯৪ সালের ৩১ অক্টোবর।
- চীন কবে সেনাবাহিনীতে যোগদান বাধ্যতামূলক ঘোষণা করে ? উঃ ১৯৯৫ সালের ৯ ফেব্রুয়ারি।

RAISUL ISLAM HRIDOY

- কবে ভারত-চীন যুদ্ধ সংঘটিত হয়েছে ? উঃ ১৯৬২ সালের ১১ অক্টোবর।
- মাও জে দং কবে চীনে সাংস্কৃতিক বিপ্লবের ডাক দেন ? উঃ ১৯৬৬ সালের ১১ জানুয়ারি।
- চীন কবে প্রথম হাইড্রোজেন বোমা বিস্ফোরণ ঘটায় ? উঃ ১৯৬৭ সালের ১৭ জুন।
- জাতিসংঘ কৰে চীনের সদস্যপদ খারিজ করে ? উঃ ১৯৫০ সালের ১ আগস্ট।
- পুনরায় চীন কবে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হয় ? উঃ ১৯৭১ সালের ২৫ অক্টোবর।
- কবে ব্রিটেন হংকং এর সর্বশেষ নৌ ঘাঁটিটি বন্ধ করে দেয়? উঃ ১৯৯৭ সালের ১১ এপ্রিল।
- চীনের 'গ্রেট ওয়াল' (প্রাচীর) কোন সালে নির্মাণ শুরু হয়েছিল ? উঃ খ্রিষ্টপূর্ব ২১৪ সালে।
- চীনে কবে লং মার্চের শুরু হয় ? উঃ ১৯৩৪ সালের ১৬ সেপ্টম্বর।
- মাও জে দং এর লং মার্চ শুরু হয় কবে? উঃ ১৯৩৪ সালের ২১ সেপ্টেম্বর।
- মাও জে দং কবে গণপ্রজাতী চীনের ঘোষণা দান করেন? উঃ ১৯৪৯ সালের ১ অক্টোবর।
- চীন কবে কোরিয়ার যুদ্ধে যুক্ত হয়েছিল ? উঃ ১৯৫০ সালের ২৮ নভেম্বর।
- দালাইলামা কোন দেশের ধর্মীয় নেতা ? উঃ তিব্বতের।
- দালাইলামা কবে তিলত পরিত্যাগ করে ভারতে আশ্রয় গ্রহণ করেন ? উঃ ২৩ ফেব্রুয়ারি, ১৯৫৯ সালে।
- চীনের ক্ষমতাসীন কমিউনিস্ট পার্টির প্রধান হুজিনতাও কবে দেশের নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হন ? উঃ ১৫ মার্চ , ২০০২ সালে।
- চীনে মোট কয়টি প্রদেশ রয়েছে? উঃ ২২ টি।
- চীনের অবিসংবাদিত নেতা চৌ এন লাই কৰে মৃত্যুবরন করেন? উঃ ১৯৭৬ সালে।
- তিয়েন আনমেন স্কোয়ার কোথায় অবস্থিত? উ বেইজিং।
- গ্রেট হল কোথায় অবস্থিত? উঃ মস্কোতে।
- হংকং-এ কবে চীনের শাসন ব্যবস্থা বলবৎ হয়? উঃ ১ জুলাই, ১৯৯৭।
- হংকং কত বছরে বৃটেনের অধীনে ছিল? উঃ ১৫৬ বছর।
- ম্যাকাও কত বছর পর্তুগালের অধীনে ছিল? উঃ ৪৪৩ বছর।
- ম্যাকাও কবে চীনের অন্তভক্ত হয়? উঃ ১৯ ডিসেম্বর, ১৯৯৯।
- কোন সালে জাপানের সামন্ত ব্যবস্থার বিলুপ্তি ঘটে? উঃ ১৮৭১ সালে।
- কোন সালে জাপানের সামন্ত ব্যবস্থার বিলুপ্তি ঘটে? উঃ ১৮৭১ সালে।
- রুশ জাপান যুদ্ধ কবে শুরু হয়েছে? উঃ ০৮ ফেব্রুয়ারী, ১৯০৪।
- জাপানের বিসমার্ক প্রিন্স ইটো কবে নিহত হন? উঃ ২৬ অক্টোবর ১৯০৯।

RAISUL ISLAM HRIDOY

- জাপান সম্রাট হিরোহিতো কবে মৃত্যুবরন করেন? উঃ ০৭ জানুয়ারী, ১৯৮৯।
- আকিহিতো জাপানের কততম সম্রাট? উঃ ১২৫ তম
- বর্তমানে (২০১৯) জাপানের সম্রাট? উঃ নারোহিতো।
- জাপানের সম্রাট আকিহিতো পেশায় কি ছিলেন? উঃ সমুদ্র জীববিজ্ঞানী।
- সূর্যদেবতা আমাতেরাসুর বংশধর কারা? উঃ জাপানের সম্রাটরা।
- জাপান সাগর ও পীত সাগরের মধ্যে অবস্থিত? উঃ কোরিয়া উপদ্বীপ।
- বিতর্কিত শাখালিন দ্বীপপুঞ্জ অবস্থিত জাপানের কোন দিকে? উঃ উত্তরে।
- জাপান কবে কোরিয়া অধিকার করে? উঃ ২২ আগষ্ট ১৯১০।
- জাপান কবে সাংহাই অধিকার করে? উঃ ২৮ জানুয়ারী, ১৯৩২।
- জাপান কবে লীগ অফ নেশনস পরিত্যাগ করে? উঃ ১৫ মার্চ, ১৯৩৩।
- জাপান কবে চীন আক্রমন করে? উঃ ৭ জুলাই, ১৯৩৭।
- জাপানের বর্তমান সংবিধান কবে প্রণীত হয়? উঃ ১৯৪৭ সালে।
- জাপানের প্রথম মহিলা পররাষ্ট্র মন্ত্রির নাম কি? উঃ মাকিকো তানাকা।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধ পর্যন্ত জাপান এশিয়ার কোন দেশ দখল করে রেখেছিল? উঃ কোরিয়া।
- কোন সালে জাপান তাইওয়ান দখল করে? উঃ ১৮৯৫ সালে।
- চীন জাপান থেকে তাই ওয়ানকে পুনরুদ্ধার করে কোন সালে? উঃ ১৯৪৫ সালে।
- তাইওয়ান কবে জাতিসংঘ কর্তৃক বহিস্কৃত হয়? উঃ ২৫ অক্টোবর, ১৯৭১।
- কখন থেকে তাইওয়ানে গনতান্ত্রিক সংস্কার কাজ শুরু করে? উঃ ১৯৮০ সালে।
- কোন সালে তাইওয়ানের সামরিক শাসনের অবসান ঘটে? উঃ ১৯৮৭ সালে।
- ১৯৪৯ সালের পর কবে তাইওয়ানে সরাসরি নির্বাচন অনুষ্ঠিত হয়? উঃ ২০ ডিসেম্বর, ১৯৯২ সালে।
- কোন দেশকে দ্বৈত রাজনৈতিক দেশ বলা হয়? উঃ তাইওয়ান।
- তাইওয়ানের সাথে কূটনৈতিক সম্পর্ক থাকা একমাত্র দেশ কোনটি? উঃ ভ্যাটিকান।
- কতটি দ্বীপ নিয়ে ফিলিপাইন দেশটি গড়ে উঠেছে? উঃ ৭১০০ টি দ্বীপ।
- ফিলিপাইন কবে স্বাধীনতা অর্জন করে? উঃ ৪ জুলাই, ১৯৪৬।
- 'সুবিক বে' কিসের জন্য বিখ্যাত ছিল? উঃ ফিলিপাইনের অবস্থিত মার্কিন নৌ ঘাটি।
- ফিলিপাইনের সুবিক বে’ থেকে মার্কিন নৌঘাটি কোথায় স্থানান্তরিত করা হয়? উঃ সিঙ্গাপুরে।
- Mora National Llceration Front (MNLF) কোন দেশের স্বাধীনতাকামী সংগঠনের নাম? উঃ ফিলিপাইন।

RAISUL ISLAM HRIDOY

- আবু সায়াফ কোন দেশের গেরিলা সংগঠনের নাম? উঃ ফিলিপাইন।
- এশিয়ায় মার্কিন যুক্তরাষ্ট্রের বৃহত্তম বিমান ঘাটি? উঃ কার্ক।
- ইরাক কবে স্বাধীনতা লাভ করে? উঃ ১৯৩২ সালে।
- সাদ্দাম হোসেন কবে ইরাকের প্রেসিডেন্ট হিসেবে আসীন হন? উঃ ১৯৭৯ সালে।
- ইরাক কবে কুয়েত দখল করে? উঃ ২ আগষ্ট, ১৯৯০।
- ইরাক কবে কুয়েতকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি প্রদান করে? উঃ ১০ নভেম্বর, ১৯৯৪।
- ইরাক-ইরান যুদ্ধের প্রধান কারন কি? উঃ শাতিল-আরব জলপথের নিয়ন্ত্রন।
- প্রথম উপসাগরীয় যুদ্ধের স্থায়িত্ব ছিল কত দিন? উঃ ৮৬ দিন।
- ইরাক কুয়েতকে দখল করে কততম প্রদেশ হিসেবে ঘোষণা করেছিল? উঃ ১৯ তম।
- উপসাগরীয় যুদ্ধে ইরাক কর্তৃক দখলকৃত সৌদি শহরটির নাম কি? উঃ ফজি।
- ইরাক-ইরান যুদ্ধবিরতি চুক্তি কবে স্বাক্ষরিত হয়? উঃ ২০ সেপ্টেম্বর, ১৯৮৮।
- ইরাকের নেতা আহমেদ ছালাবির রাজনৈতিক দলের নাম কি? উঃ ইরাক ন্যাশনাল কংগ্রেস (আইএনসি)।
- যুদ্ধোত্তর ইরাকে ইঙ্গ-মার্কিন জোট বিরোধী দলটির নাম কি? উঃ ন্যাশনাল ইরাকী লিবারেশন।
- মার্কিন জেনারেল টমি ফ্রাঙ্ক কর্তৃক কবে ইরাকের বাথ পার্টি বিলুপ্ত ঘোষিত হয়? উঃ ১১ মে, ২০০৩।
- ইরাকের ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট সাদ্দাম হোসেন কবে মার্কিন বাহিনীর হাতে গ্রেফতার হন? উঃ ১৩ ডিসেম্বর, ২০০৩।
- প্রেসিডেন্ট সাদ্দাম হোসেন কোথায় মার্কিন বাহিনীর হাতে গ্রেফতার হন? উঃ তিকরিতে খামার বাড়ীতে।
- সাদ্দাম হোসেনের বিচারের জন্য গঠিত বিশেষ ট্রাইব্যুনালের প্রধান বিচারপতির নাম কি? উঃ সালেম চালাবী।
- ইরাকের শিয়াপন্থি মার্কিন বিরোধী গেরিলা গ্রুপের নাম কি? উঃ মাহাদী আর্মি।
- সাদ্দাম হোসেনকে গ্রেফতারে পরিচালিত অভিযান পরিচালনা করেন উঃ মাহাদী আর্মি।
- ইরাকের জাতীয় নির্বাচনে কোন জোট জয়লাভ করে? উঃ শিয়া জোট ইউনাইটেড ইরাকি এলায়েন্স।
- শিয়া জোটের শীর্ষ নেতা কে? উঃ আয়াতুল্লাহ আলী আল সিসতানী।
- গ্রীন জোন কি? উঃ বাগদাদে মার্কিন বাহিনীর সুরক্ষিত সদর দপ্তর।
- ইরানে কবে জনপদ গড়ে ওঠে? উঃ প্রায় ৩,০০০ খ্রিষ্ট পূর্বাব্দে।

RAISUL ISLAM HRIDOY

- কবে পারস্য সাম্রাজ্যর গোড়া পত্তন ঘটে? উঃ ৫০০ খ্রিষ্ট পূর্বাব্দে।
- ইরানে কবে ইসলামী প্রজাতন্ত্র গঠিত হয়েছে? উঃ ০১ এপ্রিল, ১৯৭৯।
- ইয়েমেনে কবে প্রথম জনবসতি গড়ে উঠেছিল? উঃ ২০০০ খ্রিষ্ট পূর্বাব্দে।
- কোথায়, কার নেতৃত্বে প্যালেস্টাইনে ইসরাইলের জন্য হয়? উঃ তেল আবিবের যাদুঘরে ডেভিড বেনগুরিনের নেতৃত্বে।
- ইসরাইল রাষ্ট্র কবে গঠিত হয়? উঃ ১৫ মে, ১৯৪৮।
- ইসরাইল কবে মিশর আক্রমন করে? উঃ ১৯৫৬ সালে।
- ইসরাইল-ফিলিস্তিনের মধ্যে কবে হেবরন চুক্তি স্বাক্ষরিত হয়? উঃ ১৫ জানু, ১৯৯৭।
- ইসরাইলের কোন প্রধানমন্ত্রী আততায়ীর গুলিতে নিহত হন? উঃ আইজ্যাক রবিন (৪ নভেম্বর, ১৯৯৫)।
- আইজ্যাক রবিনের হত্যাকারী কে? উঃ বার ইলান বিশ্ববিদ্যালয়ের ছাত্র ইগাল আমির।
- 'মোসাদ' কি? উঃ ইসরাইলের গোয়েন্দা সংস্থা।
- ইহুদিবাদ আন্দোলনের প্রবক্তা কে? উঃ থিওডোর হার্জল।
- কবে মিশর-সিরিয়া যৌথভাবে ইসরাইল আক্রমন করে? উঃ ০৬ অক্টোবর, ১৯৭৩।
- কোন মার্কিন প্রেসিডেন্ট ক্যাম্প ডেভিড চুক্তির উদ্যোক্তা ছিলেন? উঃ জিমি কার্টার।
- ক্যাম্প ডেভিড চুক্তি কবে স্বাক্ষরিত হয়? উঃ ১৯৭৮ সালে।
- ইসরাইল ও ফিলিস্তিনের মধ্যে নিরাপদ করিডোর চুক্তি স্বাক্ষরিত হয়? উঃ ০৫ অক্টোবর, ১৯৯৯।
- জাতিসংঘ কবে জেরুজালেম ভাগের পরিকল্পনা করে? উঃ ০১ এপ্রিল, ১৯৫০।
- জেরুজালেম বর্তমানে কোন দেশের অধীনে আছে? উঃ ইসরাইল।
- ইসরাইলের গোপন পরমাণু কর্মসূচীর সংবাদ ফাঁস করে কোন পরমাণু বিজ্ঞানী? উঃ ইসরাইলী মোরদেকাই ভানুনু
- ভানুনু পরমাণু কর্মসূচী ফাঁসের দায়ে কত বছর কারাভোগ করেন? উঃ ১৮ বছর।
- মোরদেকাই ভানুনু কবে মুক্তি লাভ করেন? উঃ ২১ এপ্রিল, ২০০৪।
- দখলদার ইরাকী বাহিনীর নিকট থেকে কুয়েত কবে মুক্ত হয়? উঃ ২৮ ফেব্রুয়ারী, ১৯৯১।
- পিএলও - ইসরাইল কবে পরস্পরকে স্বীকৃতি দেয়? উঃ ১০ সেপ্টেম্বর, ১৯৯৩।
- ইসরাইলকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ কোনটি? উঃ মিশর।
- পিএলও এবং যুক্তরাষ্ট্রের মধ্যে প্রথম সরাসরি বৈঠক অনুষ্ঠিত হয় কোথায়? উঃ তিউনিশিয়ায়।
- ফিলিস্তিনের স্বায়ত্তশাসন চুক্তি কবে স্বাক্ষরিত হয়? উঃ ১৩ সেপ্টেম্বর, ১৯৯৩।

RAISUL ISLAM HRIDOY

- গাজা ও জেরিকো থেকে ইসরাইলের অপসারণ বিষয়ে দু'দেশের চুক্তি স্বাক্ষরিত হয়? উঃ ০৯ ফেব্রুয়ারী, ১৯৯৪।
- ফিলিস্তিনিদের নিকট কবে গাজা হস্তান্তর করা হয়? উঃ ১৭ মে, ১৯৯৪।
- স্বাধীন ফিলিস্তিনী রাই কবে ঘোষনা করা হয়? উঃ ১৫ নভেম্বর, ১৯৮৮।
- স্বাধীন ফিলিস্তিনী রাষ্ট্রকে সর্ব প্রথম কোন দেশ স্বীকৃতি দেয়? উঃ আলজেরিয়া।
- ১৯৭৩ সালের আরব-ইসরাইল যুদ্ধের স্থায়ীত্বকাল ছিল কত দিন? উঃ ১৮ দিন।
- 'জেরুজালেম প্রশ্নে পিএলও ও ভ্যাটিকানের মধ্যে চুক্তি করে স্বাক্ষরিত হয়? উঃ ১৬ ফেব্রুয়ারী, ২০০০।
- আনরোয়া কি? উঃ ফিলিস্তিনীদের সাহায্য করার জন্য জাতিসংঘ সংস্থা।
- ফিলিস্তিনে কবে প্রথম প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়? উঃ ২০ জানুয়ারী, ১৯৯৬।
- আরব-ইহুদীদের মধ্যে কবে শেকের দেয়াল নিয়ে সংঘর্ষ বাঁধে? উঃ ১৯৩০ সালে।
- আল ফাতাহ কি? উঃ ইয়াসির আরাফাতের দল।
- পশ্চিম তীরের বানিজ্যিক নাম কি? উঃ রামাল্লাহ।
- ইয়াসির আরাফাত কবে পিএলও প্রধান পদে নিযুক্ত হয়েছিলেন? উঃ ০৩ ফেব্রুয়ারী, ১৯৬৯।
- আরব বিশ্বে The Great Survivor হিসাবে খ্যাত ছিলেন কে? উঃ ইয়াসির আরাফাত।
- জন্মগতভাবে ইয়াসির আরাফাত কোন দেশের নাগরিক? উঃ মিশর।
- ইয়াসির আরাফাত কোথায়, কবে মৃত্যুবরণ করেন? উঃ ১১ নভেম্বর, ২০০৪ প্যারিসে
- চিকিৎসারত অবস্থায় ইয়াসির আরাফাত ফ্রান্সের কোন হাসপাতালে মারা যান? উঃ হসপিটাল ডি ইনষ্ট্রিকশন ডেস আর্মেস ডি পেরসি'তে।
- ক্যাম্প ডেভিড চুক্তি স্বাক্ষরের পর মিশরের সদস্য পদ বাতিল করেছিল? উঃ ওআইসি ও আরবলীগ।
- জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কবে ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেয়? উঃ ১২ মার্চ, ২০০২।
- ফিলিস্তিনের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন? উঃ আহমেদ কোরেই।
- কখন সিরিয়ায় জনবসতি শুরু হয়? উঃ ৪৫০০ খ্রিষ্ট পূর্বাব্দে।
- সিরিয়ার প্রেসিডেন্ট হাফিজ আল আসাদ কবে মৃত্যুবরণ করেন? উঃ ১০ জুন, ২০০০।
- গ্রে উলফ নামে পরিচিত? উঃ কামাল আতাতুর্ক।
- ক্যাম্প ডেভিড চুক্তিতে স্বাক্ষরকারী মিশরের প্রেসিডেন্ট কে? উঃ আনোয়ার সাদাত।
- লেবাননে গৃহযুদ্ধ কবে শুরু হয়? উঃ ১৯৭৫ সালে।
- মুসলিম দ্রুজ সম্প্রদায় বাস করে কোন দেশে? উঃ লেবাননে।

RAISUL ISLAM HRIDOY

- দুই ইয়েমেন কবে একত্রিত হয়? উঃ ২২ মে, ১৯৯০।
- মধ্যপ্রাচ্যের দেশগুলো কবে তেল অবরোধ ঘোষনা করেছিল? উঃ ১৯৭৩ সালে।
- সাফওয়ান সীমান্ত শহরটি কোন দেশে অবস্থিত? উঃ ইরাকে।
- ইরানের সরকারী বার্তা সংস্থার নাম কি? উঃ ইরনা।
- ইরাক-ইরান যুদ্ধ বন্ধে প্রধান মধ্যস্থতাকারী কে ছিলেন? উঃ জাতিসংঘের মহাসচিব।
- পিএলও জাতিসংঘের সাধারণ পরিষদে কবে প্রথম আমন্ত্রণ পায়? উঃ ১৯৭৪ সালে।
- জর্দানের বাদশা হোসেন কত বৎসর রাজত্ব পরিচালনা করেন? উঃ ৪৭ বৎসর।
- সংবিধান অনুযায়ী লেবাননের প্রেসিডেন্ট নির্বাচত হন? উঃ একজন ম্যারোনাইট খ্রিষ্টান।
- উপসাগরীয় যুদ্ধে মার্কিন নেতৃত্বাধীন মিত্রবাহিনীতে দেশের সংখ্যা ছিল? উঃ ২৮টি।
- মেসোপটেমিয়া কোন অঞ্চলকে বলা হয়? উঃ ইউফ্রেটিস ও টাইগ্রিস নদী বিধৌত অঞ্চল।
- ব্লু-নীল ও হোয়াইট নীল নদের সংযোগস্থলে অবস্থিত নগরীর নাম কি? উঃ খার্তুম ।
- ব্যবিলনের শূন্য উদ্যানটি কোথায়? উঃ ইরাকে।
- ঐতিহাসিক কনস্টান্টিনোপল জায়গাটি কোথায় অবস্থিত? উঃ তুরস্কে।
- প্রথম ইসরাইল সফরকারী মিশরীয় প্রেসিডেন্ট কে ছিলেন? উঃ আনোয়ার সাদাত।
- ইরাকে ইঙ্গ-মার্কিন হামলা কবে শুরু হয়? উঃ ২০ মার্চ, ২০০৩।
- ইরাক অভিযানে মার্কিন কমান্ডার কে ছিলেন? উঃ জেনারেল টমি ফ্রাঙ্ক।
- ইন্দোনেশিয়া কয়টি দ্বীপ নিয়ে গঠিত? উঃ ১৩,৫০০টি।
- জেনারেল সুহার্তো কবে ইন্দোনেশিয়ার ক্ষমতা দখল করেন? উঃ ২২ ফেব্রুয়ারী, ১৯৬৭।
- কবে সুহার্তোর ৩২ বছরের শাসনের অবসান ঘটে? উঃ ২০ অক্টোবর, ১৯৯৮।
- বিছিন্নকামী আচেহ প্রদেশের গেরিলা বাহিনীর নাম কি? উঃ ফ্রি আচেহ মুভমেন্ট।
- মেঘবতি সুকর্ণপত্রী ইন্দোনেশিয়ার কততম প্রেসিডেন্ট ছিলেন? উঃ পঞ্চম।
- খেমার প্রজাতন্ত্রের পূর্ব নাম কি ছিল? উঃ কম্বোডিয়া।
- কম্বোডিয়া কোন কখন ফ্রান্সের কাছ থেকে স্বাধীনতা লাভ করে? উঃ ১৯৫৩ সালে।
- কোন সালে সিহানুক পুনরায় কম্বোডিয়ার রাজা হন? উঃ ১৯৫৩ সালে।
- খেমারুজ কোন দেশের রাজনৈতিক দল? উঃ কম্বোডিয়া।
- পলপট কোন দেশের রাজনৈকিত নেতা? উঃ কম্বোডিয়া।
- কম্পুচিয়ায় বা কম্বোডিয়ায় রাজতন্ত্র কে বিলোপ করেন? উঃ প্রিন্স নরোদম সিহানুক।
- খেমারুজ নেতা পলপট কবে মৃত্যুবরণ করেন? উঃ ১৫ এপ্রিল, ১৯৯৮।
- দক্ষিণ পূর্ব এশিয়ার কোন দেশ ইউরোপিয় শাসনাধীনে যায়নি? উঃ থাইল্যান্ড।

RAISUL ISLAM HRIDOY

- বিশ্বের সবচেয়ে দীর্ঘ সময় রাজ্য শাসন করার কৃতিত্ব কোন দেশের রাজার? উঃ থাইল্যান্ড।
- স্বাধীন পূর্ব তিমুর ইতোপূর্বে কোন দেশের প্রদেশ ছিল? উঃ ইন্দোনেশিয়া।
- পূর্ব তিমুর এর স্বাধীনতা আন্দোলনের নেতার নাম কি? উঃ জানানা গুসমাও।
- কবে পূর্ব তিমুরে প্রথম সংসদীয় নির্বাচন অনুষ্ঠিত হয়? উঃ ৩০ আগষ্ট, ২০০১।
- কবে পূর্ব তিমুরে প্রথম প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়? উঃ ১৪ এপ্রিল, ২০০২।
- পূর্ব তিমুরের বর্তমান কি? উঃ তিমুর লেসেথে।
- বিশ্বের কোন দেশে কোন আইন সভা নেই? উঃ ব্রুনাই ।
- হো চি মিন নামটি কিসের সাথে জড়িত? উঃ ভিয়েতনাম।
- ভিয়েতনামের জাতীয়তাবাদী নেতা কে? উঃ নাগো দিন দিয়েম।
- মালেয়শিয়া কবে গঠিত হয়েছে? উঃ ১৯৬৩ সালে।
- কয়টি প্রদেশ নিয়ে মালয়শিয়া গঠিত? উঃ ১৩টি।
- মালেয়শিয়া কবে ব্রিটেনের নিকট হতে স্বাধীনতা লাভ করে? উঃ ১৯৫৭ সালে।
- সিঙ্গাপুর কয়টি দ্বীপের সমন্বয়ে গঠিত? উঃ ৫৫টি।
- সিঙ্গাপুর কবে মালয়েশিয়া ফেডারেশনের অন্তর্ভুক্ত হয়েছিল? উঃ ১৯৬৩ সালে।
- মালয়েশিয়া ও সিঙ্গাপুর কবে আলাদা হয়? উঃ ১৯৬৫ সালে।
- এশিয়া মহাদেশের সর্বশেষ স্বাধীনতা প্রাপ্ত রাষ্ট্র কোনটি? উঃ তিমুর লেসেথে।

RAISUL ISLAM HRIDOY

আফ্রিকা মহাদেশ

আফ্রিকা মহাদেশ পরিচিতি



আয়তন ও জনসংখ্যা উভয় বিচারে বিশ্বের ২য় বৃহত্তম মহাদেশ (এশিয়ার পরেই)। পার্শ্ববর্তী দ্বীপগুলোকে গণনায় ধরে মহাদেশটির আয়তন ৩০,২২১,৫৩২ বর্গ কিলোমিটার (১১,৬৬৮,৫৯৮

বর্গমাইল)। এটি বিশ্বের মোট ভূপৃষ্ঠতলের ৬% ও মোট স্থলপৃষ্ঠের ২০.৪% জুড়ে অবস্থিত। এ মহাদেশের ৬১টি রাষ্ট্র কিংবা সমমানের প্রশাসনিক অঞ্চলে ১০০ কোটিরও বেশি মানুষ, অর্থাৎ বিশ্বের জনসংখ্যার ১৪% বসবাস করে। নাইজেরিয়া আফ্রিকার সর্বাধিক জনবহুল দেশ। আফ্রিকার প্রায় মাঝখান দিয়ে নিরক্ষরেখা চলে গেছে। এর বেশির ভাগ অংশই ক্রান্তীয় অঞ্চলে অবস্থিত। মহাদেশটির উত্তরে ভূমধ্যসাগর, উত্তর-পূর্বে সুয়েজ খাল ও লোহিত সাগর, পূর্বে ভারত মহাসাগর, এবং পশ্চিমে আটলান্টিক মহাসাগর। উত্তর-পূর্ব কোনায় আফ্রিকা সিনাই উপদ্বীপের মাধ্যমে এশিয়া মহাদেশের সাথে সংযুক্ত।

আফ্রিকা একটি বিচিত্র মহাদেশ। এখানে রয়েছে নিবিড় সবুজ অরণ্য, বিস্তীর্ণ তৃণভূমি, জনমানবহীন মরুভূমি, সুউচ্চ পর্বত এবং খরস্রোতা নদী। এখানে বহু বিচিত্র জাতির লোকের বাস, যারা শত শত ভাষায় কথা বলে। আফ্রিকার গ্রামাঞ্চলে জীবন শতাব্দীর পর শতাব্দী ধরে একই রয়ে গেছে, অন্যদিকে অনেক শহরে লেগেছে আধুনিকতার ছোঁয়া।

ভাষা

আফ্রিকায় ৩৯০০ এর বেশি ভাষা আছে। এতে আছে আরবী,রুস, ইংরাজি। এগুলো অন্যতম। আফ্রিকা মানবজাতির আতুড়ঘর। প্রায় ৫ হাজার বছর আগে উত্তর-পূর্ব আফ্রিকায় বিশ্বের প্রথম মহান সভ্যতাগুলির একটি, মিশরীয় সভ্যতা, জন্মলাভ করে। এরপর আফ্রিকাতে আরও বহু সংস্কৃতি ও রাজ্যের প্রতিষ্ঠা ও পতন হয়েছে। ৫০০ বছর আগেও সারা আফ্রিকা মহাদেশ জুড়ে সমৃদ্ধ নগর, বাজার, এবং শিক্ষাকেন্দ্র ছড়িয়ে ছিটিয়ে ছিল।

বিগত ৫০০ বছরে ইউরোপীয় বণিক ও ঔপনিবেশিকেরা ক্রমান্বয়ে আফ্রিকার উপর আধিপত্য বিস্তার করতে শুরু করে। ইউরোপীয় বণিকেরা লক্ষ লক্ষ আফ্রিকানদের দাস হিসেবে উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা ও ক্যারিবীয় দ্বীপপুঞ্জের প্ল্যান্টেশনগুলিতে পাঠায়। ইউরোপীয়রা আফ্রিকার প্রাকৃতিক সম্পদ নিজেদের দেশের কলকারখানায় কাঁচামাল হিসেবে ব্যবহারের জন্য নিষ্কাশন করা শুরু করে। ১৯শ শতকের শেষ নাগাদ ইউরোপীয়রা প্রায় সমস্ত আফ্রিকা মহাদেশ দখল করে এবং একে ইউরোপীয় উপনিবেশে পরিণত করে। কোথাও সহিংস যুদ্ধ, আবার কোথাও বা ধীর সংস্কারের মাধ্যমে প্রায় সমস্ত আফ্রিকা ১৯৫০ এবং ১৯৬০-এর দশকের মধ্যে স্বাধীনতা অর্জন করে। বিশ্ব অর্থনীতিতে উপনিবেশ-পরবর্তী আফ্রিকার অবস্থান দুর্বল। এখানকার যোগাযোগ ও পরিবহন ব্যবস্থা

RAISUL ISLAM HRIDOY

অণুন্নত এবং রাষ্ট্রগুলির সীমানা যথেচ্ছভাবে তৈরি। নতুন এই দেশগুলির নাগরিকদের ইতিহাস ও সংস্কৃতিগত দিক থেকে একতা বলতে তেমন কিছুই ছিল না।

আফ্রিকাতে ৫৩টি রাষ্ট্র আছে। এদের মধ্যে ৪৭টি আফ্রিকার মূল ভূখণ্ডে এবং ৬টি আশেপাশের দ্বীপগুলিতে অবস্থিত। সাহারা মরুভূমির মাধ্যমে মহাদেশটিকে দুইটি অংশে ভাগ করা হয়। সাহারা বিশ্বের বৃহত্তম মরুভূমি; এটি আফ্রিকা মহাদেশের উত্তর অংশের প্রায় পুরোটা জুড়ে বিস্তৃত। সাহারার উত্তরে অবস্থিত অঞ্চলকে উত্তর আফ্রিকা বলা হয়। সাহারার দক্ষিণে অবস্থিত আফ্রিকাকে সাহারা-নিম্ন আফ্রিকা বলা হয়। সাহারা-নিম্ন আফ্রিকাকে অনেক সময় কৃষ্ণ আফ্রিকাও বলা হয়। উত্তর আফ্রিকার দেশগুলির মধ্যে আছে আলজেরিয়া মিশর লিবিয়া মরক্কো সুদান এবং তিউনিসিয়া। সাহার-নিম্ন আফ্রিকাকে আবার পশ্চিম আফ্রিকা, পূর্ব আফ্রিকা, মধ্য আফ্রিকা এবং দক্ষিণাঞ্চলীয় আফ্রিকা অঞ্চলগুলিতে ভাগ করা হয়। পশ্চিম আফ্রিকার দেশগুলি হল বেনিন বুর্কিনা ফাসো ক্যামেরুন চাদ আইভরি কোস্ট ঘানা গিনি গিনি-বিসাউ লাইবেরিয়া মালি মৌরিতানিয়া নাইজার নাইজেরিয়া সেনেগাল সিয়েরা লিওন গাম্বিয়া এবং টোগো। পূর্ব আফ্রিকাতে আছে বুরুন্ডি জিবুতি ইরিত্রিয়া ইথিওপিয়া কেনিয়া মালাউই মোজাম্বিক সোমালিয়া তানজানিয়া এবং উগান্ডা। মধ্য আফ্রিকাতে আছে অ্যাঙ্গোলা মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র বিষুবীয় গিনি গাবন, কঙ্গো প্রজাতন্ত্র গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র এবং রুয়ান্ডা। দক্ষিণাঞ্চলীয় আফ্রিকার দেশগুলির মধ্যে আছে বতসোয়ানা লেসোথো নামিবিয়া দক্ষিণ আফ্রিকা সোয়াজিল্যান্ড জাম্বিয়া এবং জিম্বাবুয়ে। আফ্রিকার দ্বীপরাষ্ট্রগুলির মধ্যে আছে আটলান্টিক মহাসাগরের কেপ ভার্দ এবং সাঁউ তুমি ও প্রিন্সিপি; ভারত মহাসাগরের কোমোরোস মাদাগাস্কার মরিশাস এবং সেশেল।

ধর্ম

আফ্রিকায় ৫০০ টির বেশি ধর্ম আছে। এর মধ্যে ইসলাম ধর্মের অনুসারী বেশি। যারা মোট জনসংখ্যায় ৪৭% ।আরো আছে আফ্রিকার ঐতিহ্যবাহী ধর্ম ।যারা জনসংখ্যায় ৬%। এ ছাড়া খ্রিষ্টানরা জনসংখ্যায় ৩৯%।

RAISUL ISLAM HRIDOY

উত্তর আফ্রিকা

দেশ	রাজধানী	মুদ্রা	আয়তন (km^2)	জনসংখ্যা	বৃদ্ধির হার (%)	ঘনত্ব	প্রধান ভাষা	গড় আয়ু	স্বাক্ষরতার হার
মিশর	কায়রো	মিশরীয় পাউন্ড	997,379	81,713,517	1.86	82	আরবী	71.8	59.3
লিবিয়া	ত্রিপোলি	লিবীয় দিনার	1,757,000	6,173,579	2.22	3.5	আরবী	77.1	84.2
সুদান	খার্তুম	পাউন্ড	2,508,813	42,272,000		16.9	আরবী		
আলজিরিয়া	আলজিয়ার্স	দিনার	2,381,741	33,739,635	1.21	14	আরবী	73.8	72.2
মরোক্কো	রাবাত	দিরহাম	453,730	34,272,968	1.5	77	আরবী	71.5	53.5
তিউনিশিয়া	তিউনিস	দিনার	164,418	10,378,140	0.99	67	আরবী	75.6	76.2
দক্ষিণ সুদান	জুবা	পাউন্ড	619,745	8,260,490		13	ইংরেজি		

পশ্চিম আফ্রিকা

দেশ	রাজধানী	মুদ্রা	আয়তন (km^2)	জনসংখ্যা	বৃদ্ধির হার (%)	ঘনত্ব	প্রধান ভাষা	গড় আয়ু	স্বাক্ষরতার হার
বেনিন	পোর্টো নোভো	ফ্রাংক	112,622	8,294,941	2.62	46	ফ্রেঞ্চ	53.9	43.2
বুরকিনা ফাসো	ওয়াগডোগো	ফ্রাংক	274,200	14,761,339	2.99	54	ফ্রেঞ্চ	49.5	28.5
ক্যামেরুন	ইয়াউন্ডি	ফ্রাংক	475,442	18,467,692	2.22	39	ইংরেজি, ফ্রেঞ্চ	53.3	81.1
চাদ	এন'জামেনা	ফ্রাংক	1,284,000	10,111,337	2.19	8	ফ্রেঞ্চ, আরবী	47.4	53.6
আইভোরি কোষ্ট	আবিদজান (অর্থনৈতিক)এবং মোসুক্রো (প্রশাসনিক ও রাজনৈতিক)	ফ্রাংক	322,462	18,373,060	1.96	58	ফ্রেঞ্চ	49.2	53.6
ঘানা	আক্রা	সেডি	238,500	23,382,848	1.93	101	ইংরেজি	59.5	76.9

RAISUL ISLAM HRIDOY

গিনি	কোনাক্রি	ফ্রাংক	245,857	10,211,437	2.61	42	ফ্রেঞ্চ	49.8	41.1
গিনি বিসাউ	বিসাউ	পেসো	36,125	1,503,182	2.04	54	পুর্তগীজ	47.5	44.8

পূর্ব আফ্রিকা

দেশ	রাজধানী	মুদ্রা	আয়তন(km^2)	জনসংখ্যা	বৃদ্ধির হার (%)	ঘনত্ব	প্রধান ভাষা	গড় আয়ু	স্বাক্ষরতার হার
বুরুন্ডি	বুজুমবুরা	ফ্রাংক	27,834	8,691,005	3.44	339	কিরুন্ডি, ফ্রেঞ্চ	51.7	53.9
সভ্যতার ইতিহাসে সিন্দু সভ্যতা পরিকল্পিত একটি নগরীর ধারণা দিয়েছেন। উভয় শহরের রাস্তার দুপাশে দোতলা তিনতলা বাড়ি ছিল। প্রতি বাড়িতে ছিল চৌবাচ্চাসহ গোছলখানা কূপ। দুইটি শহরেই পাকা নর্দমা ছিল।

পেশা

সিন্দু সভ্যতার বেশিরভাগ লোক কৃষিকাজ করতো।

পরিমাপ পদ্ধতি

সিন্দু সভ্যতার একটি গুরুত্বপূর্ণ অবদান হল পরিমাপ পদ্ধতি উদ্ভাবন করা। দ্রব্য ওজনের জন্য নগরবাসী বিভিন্ন পরিমাপের বাটখারা ব্যবহার করত। দৈর্ঘ্য পরিমাপের জন্য তারা বিভিন্ন স্কেল ব্যবহার করত।

সীলমোহর

মহেঞ্জোদারো ও হরপ্পায় হাড় ও পাথরের তৈরি সীলমোহর পাওয়া গেছে।

সিন্ধু সভ্যতা ধ্বংসের কারণ

সিন্ধু সভ্যতার পতন শুরু হয় আনুমানিক ২৭৫০ খ্রিস্টপূর্বাব্দে। কিভাবে সিন্ধু সভ্যতার ধ্বংস হয় সে বিষয়ে পণ্ডিতগণ সঠিক কোন সিদ্ধান্তে আসতে পারেননি। হয়তো বাহিরের কোন শত্রুর আক্রমণ অথবা প্রচন্ড কোন ভূমিকম্প বা ভয়াবহ কোন বন্যার ফলে এ সভ্যতা ধ্বংস হয়ে যায়।

RAISUL ISLAM HRIDOY

ফিনিশীয় সভ্যতা

লেবানন পর্বত এবং ভূমধ্যসাগরের মাঝামাঝি এক ফালি সরু ভূমিতে ফিনিশীয় রাষ্ট্র গড়ে উঠেছিল। কৃষিকাজ করার মত এখানে উর্বর জমি ছিলনা। তাদের আয়ের একমাত্র উৎস ছিল বাণিজ্য।

ফিনিশীয়দের অবদান

প্রাচীন সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের পরিচয় শ্রেষ্ঠতম নাবিক ও জাহাজ নির্মাতা হিসাবে। ধ্রুবতারা (North Star) দেখে তারা দিক নির্ণয় করত। এ কারণে ধ্রুবতারা অনেকের কাছে 'ফিনিশীয় তারা' (Phonecion Star) নামে পরিচিত।

সাংস্কৃতিক উন্নতি

সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান হল বর্ণমালা এ উদ্ভাবন। তারা ২২টি ব্যঞ্জনবর্ণের উদ্ভাবন করে। আধুনিক বর্ণমালার সূচনা হয় এখান থেকে। ফিনিশীয়দের উদ্ভাবিত বর্ণমালার সাথে পরবর্তীতে গ্রিকরা স্বরবর্ণ যোগ করে বর্ণমালাকে সম্পূর্ণ করে।

কারিগরি দক্ষতা

ফিনিশীয়রা মাটির পাত্র তৈরি করতে পারত। দক্ষতার সাথে কাপড় তৈরি ও রং করতে পারত।

পারস্য সভ্যতা

আজকের ইরান প্রাচীনকালে পারস্য নাম পরিচিত ছিল। খ্রিস্টপূর্ব ২০০০ অব্দ থেকে ৬০০ অব্দের মধ্যে এখানে আর্যরা এক উন্নত সভ্যতা গড়ে তোলে। এ সভ্যতার অধিবাসীরা সামরিক শক্তিতে খ্যাতিমান ছিল। সভ্যতার ইতিহাসে দুইটি ক্ষেত্রে পারসীয়দের অবদান গুরুত্বপূর্ণ। প্রথমটি সুষ্ঠ ও দক্ষ প্রশাসন ব্যবস্থা গড়ে তোলা এবং দ্বিতীয়টি ধর্মীয় ক্ষেত্রে নতুন ধারণা নিয়ে আসা। জরথুস্ত্র নামে পারস্য পাস্যে এক ধর্মগুরু ও দার্শনিকের আবির্ভাব ঘটে। জরথুস্ত্র কর্তৃক প্রবর্তিত ধর্ম 'জরথুস্ত্রবাদ' নামে পরিচিত। পারস্যের ইতিহাসে কাইরাস ও দারিয়ুস ছিলেন সবচেয়ে সফল শাসক। ৩০০ খ্রিস্টপূর্বাব্দে গ্রিক বীর আলেকজান্ডার অধিকার করে নেন সমগ্র পারস্য সাম্রাজ্যকে।

RAISUL ISLAM HRIDOY

হিব্রু সভ্যতা

প্যালেস্টাইনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে গড়ে উঠে হিব্রু সভ্যতা। হিব্রু কোন জাতির নাম নয়। 'হিব্রু' একটি সেমাটিক ভাষা। এ ভাষায় কথা বলা লোকেরাই হিব্রু নামে পরিচিত। হিব্রুদের আদিবাস ছিল আরব মরুভূমিতে। বর্তমানে ইসরাইলের অধিবাসীরা হিব্রুদের বংশধর। হিব্রুরা তাদের অবদানের পুরোটাই রেখেছে ধর্মীয় ক্ষেত্রে। হিব্রুরা সর্বপ্রথম একেশ্বরবাদের কথা ব্যাপকভাবে প্রচার করে। অবশ্য অনেককাল পূর্বে মিশরের ফারাও ইখনাটন এক দেবতার আরাধনার আহ্বান জানিয়েছিলেন। কিন্তু তা তেমন জনপ্রিয় হতে পারেনি। হিব্রুদের নবী হযরত মুসা (আ:), হযরত দাউদ (আ:) এবং হযরত সুলাইমান (আ:) মানুষের প্রচলিত ধর্মীয় চেতনায় নতুন আলোড়ন তোলেন।

প্রাচীন চৈনিক সভ্যতা

তিনটি অঞ্চলে প্রাচীন প্রাচীন চৈনিক সভ্যতা বেড়ে উঠতে থাকে। প্রথমটি হোয়াংহো (পীত নদী) নদীর তীরে, দ্বিতীয়টি ইয়াংজেকিয়াং নদীর তীরে আর তৃতীয়টি দক্ষিন চীনে গড়ে উঠেছিল।

দর্শন

চীনের প্রাচীনতম দার্শনিক ছিলেন লাওৎসে। তাঁর মতবাদের নাম ছিল তাওবাদ। চীনের ইতিহাসে সবচেয়ে প্রভাবশালী দার্শনিক ছিলেন কনফুসিয়াম। কনফুসিয়ামের প্রধান অনুসারী ছিলেন মেনসিয়াম।

ইজিয়ান সভ্যতা

গ্রিস ও এশিয়া মাইনরকে পৃথক করেছে ইজিয়ান সাগর। এই ইজিয়ান সাগর জুড়ে ছিল ছোট বড় অনেক দ্বীপ। ইজিয়ান সাগরের দ্বীপমালা ও এশিয়া মাইনরের উপকূলে একটি উন্নত নগর সভ্যতা গড়ে উঠে। ইতিহাসে এ সভ্যতা ইজিয়ান সভ্যতা নামে পরিচিত। গ্রিসে সভ্যতা গড়ে তোলার প্রস্তুতিপর্ব ছিল এ সভ্যতা। ১২০০ খ্রিস্টপূর্বাব্দে ইজিয়ান সভ্যতার পতন ঘটে।

গ্রিক সভ্যতা

'গ্রিক' ও 'গ্রিস' শব্দ দুটি যথাক্রমে জাতি ও দেশ। গ্রিক সভ্যতার সাথে দুইটি সংস্কৃতির নাম জড়িয়ে আছে। একটি 'হেলেনিক' এবং অন্যটি 'হেলেনিস্টিক'। গ্রিক সভ্যতায় অনেকগুলো ছোট ছোট নগর রাষ্ট্র গড়ে উঠেছিল। গ্রিসকে গণতন্ত্রের সূতিকাগার বলা হয়। গ্রিসের ভৌগলিক পরিবেশ ছিল একটু

RAISUL ISLAM HRIDOY

ভিন্ন ধরনের। এ অঞ্চলে অনেকগুলো পাহাড় দাঁড়িয়ে ছিল দেয়ালের মত। ফলে ক্ষুদ্র ক্ষুদ্র বেশ কয়েকটি অঞ্চলে ভাগ হয়ে যায় দেশটি। এ ছোট দেশগুলোর নাম হয় নগর রাষ্ট্র। এদের মধ্যে নেতৃস্থানীয় ছিল স্পার্টা ও এথেন্স। স্পার্টা ছিল একটি সামরিক নগর রাষ্ট্র। রাষ্ট্রনেতারা ছিল স্বৈরাচারী। পক্ষান্তরে প্রতিবেশী এথেন্স ছিল গণতান্ত্রিক নগর রাষ্ট্র। রাষ্ট্র পরিচালনায় জনগণের অংশগ্রহণের অধিকার থাকলে সে ব্যবস্থাকে বলে গণতন্ত্র। প্রাচীন পৃথিবীতে এথেন্সেই সর্বপ্রথম গণতন্ত্রের সূচনা করে। রাষ্ট্র পরিচালনায় তখন দুইটি সংসদ ছিল। গোত্র প্রধানদের নিয়ে গড়া সংসদকে বলা হত 'এরিওপেগাস' এবং সাধারণ নাগরিকদের সমিতিকে বলা হত 'একলেসিয়া'। এথেন্সে চূড়ান্তভাবে গণতন্ত্র প্রতিষ্ঠা করেন পেরিক্লিস। পেরিক্লিস এথেন্সের ক্ষমতায় আসেন ৪৬০ খ্রিস্টাব্দে। এশিয়া মাইনরে প্রথম লোহা আবিষ্কৃত হয়।

পেলোপনেসীয় যুদ্ধ

স্পার্টা ও এথেন্স উভয় দেশ একে অন্যের শত্রু ছিল। এথেন্স তাঁর বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে একটি জোট গঠন করে। এর নাম হয় 'ডেলিয়ান লীগ'।

অন্যদিকে স্পার্টা তাঁর বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে আরেকটি জোট গঠন করে। এ জোটের নাম 'পেলোপনেসীয় লীগ'। এক সময় এই দুই জোটের মধ্যে যুদ্ধ বেধে যায়। ইতিহাসে এ যুদ্ধ 'পেলোপনেসীয় যুদ্ধ' নামে পরিচিত। ৪৬০ থেকে ৪০৪ খ্রিস্টপূর্বাব্দ পর্যন্ত মোট ৩ বার যুদ্ধ হয়। এ যুদ্ধে চূড়ান্ত পতন হয় এথেন্সের।

ভৌগলিক অবস্থান

প্রাচীন গ্রিক সভ্যতা গড়ে উঠেছিল ভূমধ্যসাগরকে কেন্দ্র করে। ভৌগলিকও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে দুইটি সংস্কৃতির নাম জড়িয়ে আছে। একটি 'হেলেনিক' এবং অন্যটি 'হেলেনিস্টিক'। গ্রিসকে হেলেনীয় সভ্যতার দেশ বলা হয়। গ্রিসের প্রধান শহর এথেন্সে শুরু থেকেই যে সংস্কৃতি গড়ে উঠেছিল তাকে বলা হয় হেলেনিক সংস্কৃতি। গ্রিস উপদ্বীপ ছিল এ সংস্কৃতির মূল কেন্দ্র। খ্রিস্টপূর্ব ৩৩৭ অব্দ পর্যন্ত হেলেনিক সভ্যতাটি টিকে ছিল। এ সময় মিশরের আলেকজান্দ্রিয়াকে কেন্দ্র করে গ্রিক সংস্কৃতি ও অগ্রিক সংস্কৃতির মিশ্রণে এক নতুন সংস্কৃতির জন্ম হয়। ইতিহাসে এ সংস্কৃতির পরিচয় হয় হেলেনিস্টিক সংস্কৃতি নামে।

ধর্ম

গ্রিকরা বহুদেবতায় বিশ্বাসী ছিল। গ্রিকদের প্রধান দেবতা জিউস। দেবতা এপেলো ও দেবী এথেনাও ছিলেন বিশেষ গুরুত্বপূর্ণ। গ্রিকবাসী বিশ্বাস করত দেবতাদের বাস উত্তর গ্রিসে অলিম্পাস পর্বতের চূড়ায়।

গ্রিকদের বিখ্যাত দেব-দেবীর পরিচিতি

গ্রিক দেবী বা দেবতার নাম	পরিচিতি
আফ্রোডায়িট	ভালবাসা, রোমাঞ্চ এবং সৌন্দর্যের দেবী
এপেলো	সূর্য, আলো, চিকিৎসাবিদ্যা এবং সঙ্গীতের দেবতা
এরিস	যুদ্ধদেবতা
আরটেমিস	শিকার, বন, উর্বরতা এবং চাঁদের দেবী
এথেনা	প্রজ্ঞার দেবী (জিউসের কন্যা)
ডিমিটার	কৃষি বিষয়ক দেবী
হারমেস	ব্যবসা বিষয়ক দেবতা (রোমান নাম মারকারি)
হেরা	বিবাহ বন্ধন অটুট রাখার দেবী (জিউসের স্ত্রী)
জিউস	দেবতাদের রাজা

RAISUL ISLAM HRIDOY

দর্শন

গ্রিকদের সবচেয়ে বড় অবদান ছিল দর্শন চর্চায়। প্রথম দিকের বিখ্যাত দার্শনিক ছিলেন থ্যালেস। থ্যালেস কল্পকাহিনীর বদলে প্রথম সূর্যগ্রহণের প্রাকৃতিক কারণ ব্যাখ্যা করেন। ধীরে ধীরে গ্রিসে এক ধরনের যুক্তিবাদী দার্শনিকের আবির্ভাব ঘটে। এদের বলা হতো সফিস্ট।

সক্রেটিস

সক্রেটিস ছিলেন গ্রীসের দার্শনিকদের মধ্যে সবচেয়ে খ্যাতিমান। অন্যান্য শাসনের প্রতিবাদ করায় গ্রিসের শাসকগোষ্ঠী ৩৯৯ খ্রিস্টপূর্বাব্দে এ মহান দার্শনিককে হেমলক লতার তৈরি বিষ খাইয়ে হত্যা করা হয়। তাঁকে 'সব জ্ঞানীদের গুরু' বলা হয়।

প্লেটো

সক্রেটিসের ছাত্র দার্শনিক প্লেটো গ্রিক দর্শনকে চরম উন্নতির দিকে নিয়ে যান। তিনি গ্রিসে জন্মগ্রহণ করেন এবং গ্রিসের নাগরিক ছিলেন। তিনি তাঁর চিন্তাগুলো ধরে রাখেন 'দি রিপাবলিক' নামক গ্রন্থ রচনা করে। প্লেটো ৩৮৫ খ্রিস্টপূর্বাব্দে দর্শনের স্কুল 'Akademia' প্রতিষ্ঠা করেন। তিনি সক্রেটিসের শিক্ষার বক্তব্যগুলোকে নিয়ে 'ডায়ালগস অব সক্রেটিস' আরেকটি গ্রন্থ রচনা করেন।

এরিস্টটল

প্লেটোর ছাত্র এরিস্টটলও একজন বড় দার্শনিক ছিলেন। তাঁর একটি বিখ্যাত গ্রন্থের নাম 'দ্য পলিটিক্স'। তিনি 'লাইসিয়াম' – এর প্রতিষ্ঠাতা। এরিস্টটল আলেকজান্ডারের শিক্ষক ছিলেন।

গ্রিক সাহিত্য

গ্রিক মহাকবি হোমার হাজার হাজার বছরের পুরোনো কাহিনী নিয়ে রচনা করেন মহাকাব্য ILIAD (ইলিয়াড) এবং Odyssey (ওডিসি)। গ্রিসের সবচেয়ে জনপ্রিয় নাট্যকার ছিলেন 'এস্কাইলাস'। তাঁর বিখ্যাত দুইটি নাটকের নাম 'প্রমেথিউস বাউন্ড' ও 'আগামেমনন'। নাট্যকার সফোক্লিস একশটিরও বেশি নাটক লেখেন। এর মধ্যে দুইটি জনপ্রিয় নাটক হচ্ছে 'এন্টিগনে ও 'ইলেক্ট্রা'। নাট্যকার সফোক্লিসের বিখ্যাত ট্রাজেডি 'রাজা ঈদিপাস'। ইতিহাস রচনার ক্ষেত্রেও সমান কৃতিত্ব ছিল গ্রিকদের। গ্রিক ইতিহাসবেত্তা হেরোডোটাসকে ইতিহাসের জনক বলা হয়। তিনি আনুমাণিক ৪৮৪

RAISUL ISLAM HRIDOY

খ্রিস্টপূর্বে বর্তমান তুরস্কের বোদরামে জন্মগ্রহণ করেন। তার বিখ্যাত গ্রন্থ ‘The Histories’। অন্য খ্যাতিমান ইতিহাসবিদ ছিলেণ ‘থুকুডাইডিস’। তাকে বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক বলা হয়।

বিজ্ঞান

গ্রিক বিজ্ঞানীরা পৃথিবীর মানচিত্র অঙ্কন করেছিলেন। তারাই প্রমাণ করেছিলেন যে পৃথিবী একটি গ্রহ এবং তা নিজ কক্ষপথে আবর্তিত হয়। বিখ্যাত গ্রিক গনিতবিদ ‘পিথাগোরাস’ খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতকে জন্ম নিয়েছিলেন। খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে জন্ম নেন বিজ্ঞানী এনাক্সাগোরাস। চিকিৎসাবিজ্ঞানী হিপোক্রেটিস যথেস্ট খ্যাতি অর্জন করেছিলেন।

খেলাধুলা

খ্রিস্টপূর্ব ৭৭৬ অব্দে গ্রিসে অলিম্পিক প্রতিযোগিতার জন্ম হয়। প্রতি চার বছর অন্তর অন্তর এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হতো। বিভিন্ন নগর রাষ্ট্রের খেলোয়াড়রা অংশ নিত। এ খেলার সূত্র ধরে পারস্পরিক শত্রুতার বদলে গ্রিকদের মধ্যে সাংস্কৃতিক ঐক্য গড়ে উঠে।

স্থাপত্য ও ভাস্কর্য

কয়েকজন খ্যাতিমান গ্রিক ভাস্কর হচ্ছেন মাইনর, ফিদিয়াস এবং প্রাকসিটেলেস। প্রাচীন গ্রিসে মৃৎপাত্রের গায়ে চিত্রকর্ম অঙ্কন হতো।

রোমান সভ্যতা

প্রাচীনকালের অধিকাংশ সভ্যতা নদীমাতৃক হলেও রোমান সভ্যতা নদীমাতৃক ছিলনা। ইতালির পশ্চিমাংশে অবস্থিত ছোট্ট শহর রোমকে কেন্দ্র করে রোমান সভ্যতার বিকাশ ঘটেছিল। ইন্দো-ইউরোপীয় গোষ্ঠীয় একদল মানুষ ২০০০ খ্রিস্টপূর্বাব্দে উত্তর ইতালিতে বসতি গড়ে তোলে। এদের বলা হত ল্যাটিন।ক্রমে এদের ভাষা ‘ল্যাটিন ভাষা’ নামে পরিচিতি পায়। ল্যাটিন রাজা রেমিউলাস একটি নগরী পত্তন করেন। দাসশ্রমের উপর নির্ভরশীল ছিল রোমের অর্থনীতি। দাসদের উপর অমানবিক অত্যাচার করা হত। অবশেষে স্পার্টাকাস নামক একজন দাসের নেতৃত্বে সংঘঠিত হয় দাস বিদ্রোহ। বিদ্রোহী দাসরা দুই বছর দক্ষিন ইতালিতে টিকে ছিল। স্পার্টাকাস ৭১ খ্রিস্টপূর্বাব্দে নিহত হলে দাস বিদ্রোহের অবসান হয়। রোমের সবচেয়ে খ্যাতিমান সম্রাট জুলিয়াস সিজার। তিসনি ৪৬ খ্রিস্টপূর্বাব্দে রোমের সম্রাট হন। তাঁর বিখ্যাত উক্তি ‘এলাম, দেখলাম, জয় করলাম’। কিন্তু রোমের ক্ষমতার দ্বন্দ্ব ও ষড়যন্ত্র প্রবল হতে থাকলে ব্রুটস ও ক্যাসিয়াস নামে দুই অভিজাতের হাতে

RAISUL ISLAM HRIDOY

জুলিয়াস সিজার নিহত হন। এবার গৃহ যুদ্ধে জড়িয়ে পড়ে রোম। অবশেষে তিন নেতা একযোগে ক্ষমতায় আসেন। এরা হলেন অক্টোভিয়াম সিজার, মার্ক এন্টনি এবং লেপিডাস। এ তিনজনের একত্র শাসনকে ইতিহাসে 'ত্রয়ী শাসন' বলা হয়। কিন্তু ত্রয়ী শাসন বেশিদিন টিকেনি। অক্টোভিয়াম সিজার প্রথমে লেপিডাসকে পরাজিত করেন। এন্টনি মিশরের রাজকণ্যা ক্লিওপেট্রাকে বিয়ে করে শক্তি অর্জন করেছিলেন। ক্লিওপেট্রাকে ইতিহাসে Serpent of the Nile (নীল নদের সর্প) নামে পরিচিত।কিন্তু তিনিও পরাজিত হন অক্টোভিয়াম সিজারের কাছে। এভাবে রোমান সাম্রাজ্যের একচ্ছত্র অধিপতি হয়ে অক্টোভিয়াম সিজার অগাস্টাস সিজার উপাধি ধারন করেন। অগাস্টাস সিজারের রাজত্বকালে সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হল খ্রিস্টধর্মের প্রবর্তক যীশুখ্রিস্টের জন্ম। অগাস্টাস সিজার ১৪ সালে মারা যান। ৪৭৬ সালে রোমান সাম্রাজ্যের পতন হয়। শেষ রোমান ছিলেন রোমিউলাস অগাস্টুলাস।

দর্শন

রোমের সবচেয়ে জনপ্রিয় দার্শনিক মতবাদের নাম 'স্টোয়িকবাদ'। এ দর্শনের উন্নয়নের পিছনে তিন ব্যক্তির বিশেষ ভূমিকা ছিল। এরা ছিলেন ধনী রোমান 'সেনেকা', অন্যজন এক দাস 'এপিকটেটাস এবং শেষ ব্যক্তিত্ব হলেন রোমান সম্রাট 'মার্কাস অরেলিয়াস'।

সাহিত্য

এ যুগের কবি হোরাস ও ভার্জিল যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন। ভার্জিলের মহাকাব্য 'ইনিড' বহুভাষায় অনূদিত হয়েছে। ওভিদ ও লিভিএ যুগের অন্য দুই খ্যাতিমান কবি। বিখ্যাত ইতিহাসবিদ ট্যাসিটাস এ যুগে রোমে জন্ম হিয়েছিল।

স্থাপত্য ও ভাস্কর্য

রোমের একটি বিখ্যাত স্থাপত্য নিদর্শন হচ্ছে সম্রাট হাড্রিয়ানের তৈরি ধর্মমন্দির প্যানথিয়ন।কলোসিয়াম নামে রোমে তৎকালীন বিশ্বের সবচেয়ে বড় নাট্যশালা তৈরি হয়েছিল। এখানে একসাথে ৫৬০০ দর্শক বসতে পারত।

আইন

রোমানদের সবচেয়ে বড় কৃতিত্ব আইনের ক্ষেত্রে। বার্জেন্টাইন সম্রাট জাস্টিনিয়ান সর্বপ্রথম সম্পূর্ণ। রোমান আইন সংকলিত করেন। আইনের ক্ষেত্রে আধুনিক বিশ্ব সম্পূর্ণভাবে রোমান আইনের উপর নির্ভরশীল।

RAISUL ISLAM HRIDOY

ইনকা সভ্যতা

পেরুর দক্ষিণাংশে শক্তিশালী ইনকা সভ্যতা বিকাশ ঘটেছিল। ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল ১৪৩৮-১৫৩২ খ্রিস্টাব্দ পর্যন্ত। ইনকা সভ্যতার শক্তিশালী সম্রাটগণ তাদের বাসস্থান হিসাবে মাচু-পিচু নগরী গড়ে তুলেছিলেন।

মায়া সভ্যতার নিদর্শন পাওয়া যায় মেক্সিকোর দক্ষিণে এবং উত্তর মধ্য আমেরিকাতে।

দ্বিতীয় অংশ

পৃথিবী এ পর্যন্ত পাড়ি দিয়েছে চারটি বরফ যুগ ও চারটি আন্তঃবরফ যুগ। প্রতি যুগেই উষ্ণ অঞ্চলে গিয়ে টিকে থাকা প্রাণীদের দেহের আকৃতিতে কিছু পরিবর্তন দেখা দেয়। এই আকৃতি অন্য প্রাণীদের মতোই মানুষের ক্ষেত্রেও ঘটেছে। প্রায় দশ লাখ বছর পূর্বে সেই বরফযুগের প্রথম পর্যায়ে জাভা মানব এবং পিকিং মানবদের বসবাস ছিল। নিয়ান্ডারথাল মানবদের কঙ্কাল পাওয়া গেছে সারা পৃথিবীর বিভিন্ন জায়গা জুড়ে। তবে হোমো স্যাপিয়েন্সদের সবচেয়ে কাছের মানুষ হচ্ছে ক্রোমেনিয়ন মানবেরা। প্রসঙ্গত, ফ্রান্সের ক্রোমেনিয়ন অঞ্চলের গুহা থেকে এদের ফসিল পাওয়া যায়।

পুরোপলীয় (পুরনো পাথরের যুগ) যুগে মানুষের জীবন ছিল শিকারি যাযাবর জীবন এবং নবোপলীয় (নতুন পাথরের যুগ) যুগে ছিল কৃষিপ্রধান স্থায়ী জীবন। পুরোপলীয় যুগে মানুষের মধ্যে ক্ল্যান এবং টোটেমের (ধর্মবিশ্বাস) চর্চা শুরু হয়। টোটেমের বা ধর্মবিশ্বাসের চর্চা করতে গিয়ে যে সমস্ত বিধিনিষেধ মানা হতো তার নাম ছিল ট্যাবু। পুরোপলীয় যুগের শেষ পর্যায়ে এসে মানুষ ভাঙা ভাঙা শব্দ উচ্চারণ ও অঙ্গভঙ্গির মাধ্যমে মনের ভাব প্রকাশ করতে থাকে। কৃষিপ্রধান জীবনে এসে মানুষের মাঝে নানা প্রাকৃতিক শক্তির পূজা করতে দেখা যায়।

এই কৃষিপ্রধান যুগে এসেই মানুষের সভ্যতার গল্প শুরু হয়।

RAISUL ISLAM HRIDOY

মিশরীয় সভ্যতা

ইতিহাসের জনক হেরোডেটাস মিশরকে বলেছেন 'নীলনদের দান'। কেননা নীলনদকে ঘিরেই গড়ে ওঠে মিশরীয় সভ্যতা। মিশরীয়দের প্রধান দেবতা ছিল সূর্যদেবতা, নাম 'আমন'। মিশরীয় রাজা ফারাওদের ধারণা, তারা সূর্য দেবতার বংশধর। তাই তারা অমর এবং এই বিশ্বাসের দরুন তারা মৃত্যুর পর নিজেদের দেহ মমি করে রাখতো।

আরেকজন দেবতা ছিলেন 'ওসাইরিস', তিনি প্রাকৃতিক শক্তি, শস্য ও নীলনদের দেবতা ছিলেন। ফারাও চতুর্থ আমেনহোটেপ বহু দেবতার বদলে এক দেবতা অর্থাৎ সূর্যদেবতার পূজা করার প্রচলন করেন। তিনি সূর্যদেবতার নাম বদলে 'আতেন' রাখেন এবং দেবতার নামের সাথে মিলিয়ে নিজের নাম দেন 'আখেনাতেন'।

মূর্তি নির্মাণে মিশরীয়রা ছিলেন সিদ্ধহস্ত। আখেনাতেন ও রানী নেফারতিতির চুনাপাথরের মূর্তি দেখলে এখনো তাদের জীবন্ত মনে হয়। মিশরের চিত্রলিপির নাম 'হায়ারোগ্লিফিক', এটি গ্রিকদের দেয়া নাম, যার অর্থ 'পবিত্র লিপি'। নলখাগড়া জাতীয় ঝোপ 'প্যাপিরাস' থেকে কাগজ তৈরি করে লেখা হতো। সম্রাট নেপোলিয়ন মিশরীয় সভ্যতার 'রোজেটা' নামক পাথর খুঁজে পান, যা থেকে পরবর্তীতে হায়ারোগ্লিফিক ভাষার পাঠোদ্ধার সম্ভব হয়। জ্ঞান-বিজ্ঞানের দুনিয়ায় জ্যোতির্বিজ্ঞান ও গণিতশাস্ত্রের বিকাশ ছিল মিশরীয়দের প্রথম সাফল্য। পাশাপাশি মিশরীয়রা পাটিগণিত ও জ্যামিতির উদ্ভাবন করেছিল বলে ধারণা করা হয়। কারণ ত্রিকোণ পিরামিড তৈরিতে জ্যামিতির জ্ঞান থাকা জরুরি ছিল।

সুমেরীয় সভ্যতা

গ্রিক শব্দ 'মেসোপটেমিয়া'র অর্থ 'দুই নদীর মধ্যবর্তী ভূমি'। মেসোপটেমিয়ার পূর্বদিকে টাইগ্রিস বা দজলা নদী, এবং পশ্চিমে ইউফ্রেটিস বা ফোরাত নদী। মেসোপটেমিয়ার অনেকগুলো সভ্যতার মধ্যে সুমেরীয় সভ্যতা সবচেয়ে প্রাচীন। খ্রিস্টপূর্ব ৩৫০০ অব্দে এর জন্ম। এ সভ্যতার লিখন পদ্ধতির নাম 'কিউনিফর্ম' (Cuneiform), যা কাদামাটির নরম শ্লেটে লেখা হতো। সুমেরের প্রাচীন শহর নিপ্পুরের এক মন্দিরে চার হাজার মাটির চাকতির একটি লাইব্রেরি পাওয়া গেছে। সুমেরীয়রা অনেক দেবতায় বিশ্বাস করলেও তাদের মধ্যে পরকালের ধারণা ছিল না, তাই এ সভ্যতা থেকে কোনো মমি পাওয়া যায় না। এদের প্রধান দেবতা ছিলেন সূর্যদেব 'শামাশ'।

RAISUL ISLAM HRIDOY

প্রাচীন ব্যাবিলন

মেসোপটেমিয় অঞ্চলের এই সভ্যতার পত্তন হয় ২০৫০ খ্রিস্টপূর্বে। অ্যামোরাইট নামে পরিচিত সিরিয়ার মরুভূমি থেকে আসা একদল মানুষ গড়ে তোলে এই সভ্যতা। অ্যামোরাইটদের বিখ্যাত নেতা হাম্মুরাবির নেতৃত্বে এই সভ্যতার জন্ম হয়। তিনি আইন সংকলক হিসেবে বিখ্যাত। ব্যাবিলনের রয়েছে 'গিলগামেশের মহাকাব্য'। ভাষা কিউনিফর্ম।

আশেরীয় সভ্যতা

মেসোপটেমিয়া অঞ্চলে টাইগ্রিস নদীর তীর ঘেঁষে ছিল 'আশুর' শহর। এই শহর ঘিরেই গড়ে ওঠে আশেরীয় সভ্যতা। এই সভ্যতা প্রথমদিকে কৃষি এবং পশুপালনের উপর নির্ভরশীল ছিল। কিন্তু সময়ের পরিক্রমায় জনসংখ্যা বাড়ার কারণে এদের প্রাত্যহিক জীবনে নানা সংকট দেখা দেয় এবং ধীরে ধীরে এরা আশেপাশের বিভিন্ন অঞ্চল দখল করে লুটপাট করতে শুরু করে। পরবর্তীতে লুটের মালই এদের অর্থনীতির মূল উৎস হয়ে ওঠে। আশেরীয়দের সে যুগের বিচারে আধুনিক সৈন্যবাহিনী ছিল। তারাই প্রথম লোহার অস্ত্র তৈরি করে গোলন্দাজ বাহিনী গঠন করে এবং যুদ্ধরথের ব্যবহার করে। শেষ সম্রাট 'আশুরবানিপাল' কর্তৃক নির্মিত কিউনিফর্ম পদ্ধতিতে লেখা ২২০০টি কাদামাটির শ্লেট সম্বলিত লাইব্রেরি পাওয়া যায় এখানে। তিনশো বছরের স্থায়িত্বকাল শেষে ৬১২ খ্রিস্টপূর্বে ধ্বংস হয় এই সভ্যতা।

ক্যালডীয় সভ্যতা

ব্যাবিলন শহর ঘিরে গড়ে ওঠায় ক্যালডীয় সভ্যতাকে নতুন ব্যাবিলনীয় সভ্যতাও বলা হয়। মেসোপটেমীর সভ্যতার চূড়ান্ত ধাপ ক্যালডীয় সাম্রাজ্য গড়ে তোলার সবচেয়ে বড় ভূমিকা ছিল সম্রাট নেবুচাদনেজার। কঠোর শাসক নেবুচাদনেজার তার বিরুদ্ধে বিদ্রোহ করায় জেরুজালেম শহর ধ্বংস করে হাজার হাজার হিব্রুকে (ইহুদী) বন্দী করে নিয়ে আসেন যা ব্যাবিলনীয় বন্দীদশা (Babylonian Captivity) নামে পরিচিত।

নেবুচাদনেজারের রানী শখ করে রাজাকে একটি বাগান নির্মাণ করে দিতে বলেন। রানীর আবদার রাখতে রাজা নেবুচাদনেজার নগরীর চারদিকে যে দেয়াল ছিল তারই ছাদে তৈরি করেন বিশাল বাগান, এটিই এখন 'ব্যাবিলনের শূন্য উদ্যান' নামে পরিচিত। বিজ্ঞানের অন্যান্য শাখায় খুব বেশি অবদান না রাখলেও জ্যোতির্বিজ্ঞানে তাদের অবদান অসামান্য। সর্বপ্রথম সপ্তাহকে সাত দিনে এবং

RAISUL ISLAM HRIDOY

দিনকে ১২ জোড় ঘণ্টায় ভাগ করে ক্যালডীয়রা। এ যুগের বিজ্ঞানীরা ১২টি নক্ষত্রপুঞ্জের সন্ধান পান, যা থেকে ১২টি রাশিরচক্রের সৃষ্টি হয়। এদের প্রধান দেবতা ছিল 'মারডক'। পারস্য আক্রমণে ধ্বংস হয় এই সভ্যতা।

সিন্ধু সভ্যতা

সিন্ধুনদের তীরে গড়ে উঠেছিল মহেঞ্জোদারো নগরী আর সিন্ধুর উপনদী রাভীর তীরে বিকাশ ঘটেছিল হরপ্পা নগরীর। অন্যান্য প্রাচীন সভ্যতায় অসাধারণ স্থাপত্যকলার নিদর্শন পাওয়া গেলেও তা ধর্মীয় প্রতিষ্ঠান, প্রাসাদ ইত্যাদি নির্মাণের ক্ষেত্রে সীমাবদ্ধ ছিল। কিন্তু সিন্ধু সভ্যতায় রীতিমতো আধুনিক নগর গড়ে উঠেছিল। ছোট-বড় বিভিন্ন ধরনের সড়ক ছিল, পানি সরবরাহের জন্য কূপসহ নানা ব্যবস্থা ছিল, পয়ঃনিষ্কাশনের জন্য ড্রেন ছিল, স্নানাগার ছিল, রাস্তায় ড্রেন ও সড়ক বাতি ছিল, নগরীতে প্রতিরক্ষাব্যবস্থা ছিল। এই দুই নগরীতে প্রায় ২৫০০টি সীল পাওয়া যায় যার বেশিরভাগে বিভিন্ন চিহ্ন, ষাঁড়, মহিষ প্রভৃতি পশুর প্রতিকৃতি ছিল।

পারস্য সভ্যতা

আরব মরুভূমির উত্তরে একদিকে দানিয়ুব নদীর অববাহিকা থেকে শুরু করে পূর্বমুখী আর অন্যদিকে কৃষ্ণ সাগরের উত্তর প্রান্ত থেকে শুরু করে রাশিয়ার দক্ষিণ সীমানা পর্যন্ত বিস্তৃত ছিল পারস্য সভ্যতা। পারস্য সভ্যতায় দুটো সাম্রাজ্য ছিল। মিডীয় সাম্রাজ্য ও পারস্য সাম্রাজ্য। মেডেস রাজ্য বিলাসী ও বেপরোয়া থাকলেও পার্সীয়রা ছিল আদর্শবাদী ও কর্মঠ। বিখ্যাত সম্রাট মহান দারিয়ুস (Darius the Great) শাসন করেছিলেন এই পারস্য সাম্রাজ্য।

দারিয়ুস খুব বুদ্ধিমান সম্রাট ছিলেন। নতুন অঞ্চল দখল করেই ধ্বংসযজ্ঞ না চালিয়ে তিনি বরং সব অঞ্চলের ভালো জিনিসগুলো গ্রহণ করেছেন। যেমন- মিশরীয়দের ১২ মাসে বছর এবং ৩০ দিনে মাস গণনার রীতি বা এশেরীয়দের ডাক ব্যবস্থা। পারসিকরা দক্ষ প্রশাসনিক ব্যবস্থা গড়ে তুলেছিল। ষষ্ঠ খ্রিস্টপূর্বাব্দে জরথ্রুষ্ট (Zoroaster) নামে এক নবী জরথুস্ত্রবাদ (Zoroastrianism) ধর্মের প্রচার করেন। এই ধর্মের ঈশ্বর আহুরামাজদা (Ahuramazda) এবং ধর্মগ্রন্থ 'আবেস্তা' (Avesta)।

RAISUL ISLAM HRIDOY

হিট্টাইট রাষ্ট্র

লোহা তৈরিতে সবচেয়ে দক্ষ ছিল এশিয়া মাইনরের হিট্টাইটরা। খ্রিস্টপূর্ব ১৮০০ অব্দ থেকে ১২০০ অব্দ পর্যন্ত তারা একচেটিয়াভাবে লোহা তৈরি করেছে। এ অঞ্চলে লোহার তৈরি তীরের ফলা, কুঠার, বর্শাসহ নানা ধরনের দ্রব্যাদি পাওয়া যায়। ইন্দো-ইউরোপীয়দের হাতে ধ্বংস হয় এই সভ্যতা।

চীনা সভ্যতা

মূল চীনের সাথে জুড়ে আছে প্রতিবেশী রাষ্ট্র তিব্বত, সিংকিয়াং, মঙ্গোলিয়া এবং মাঞ্চুরিয়া। চীন দেশের পাঁচভাগের চারভাগ জুড়ে রয়েছে পাহাড়, পর্বত আর মালভূমি। হোয়াংহো-ইয়াংজেকিয়াং নদীর তীরে গড়ে উঠেছিল চীনা সভ্যতা। চীনারা বিশ্বাস করতো তাদের সমৃদ্ধির পেছনে ড্রাগনের ভূমিকা রয়েছে। চীনের বিভিন্ন শাসনামলের মধ্যে রয়েছে হুয়াংতি রাজা, শাং রাজা, চৌ রাজাদের শাসন। চৈনিক সভ্যতা হলেও এদের প্রত্যেকের কিছু কিছু আলাদা স্বতন্ত্র বৈশিষ্ট্য ছিল। চীনের প্রাচীন দার্শনিক ছিলেন লাও জু। তার চিন্তাকে নাম দেয়া হয় তাওবাদ। চীনের সবচেয়ে প্রভাবশালী দার্শনিক ছিলেন কনফুসিয়াস। কনফুসিয়াসের প্রধান অনুসারী মেনসিয়াস-ও বিখ্যাত।

চীনাদের মধ্যে পূর্বপুরুষ পূজার রীতি চালু ছিল। চীনা বিশ্বাস মতে, পূর্বপুরুষদের আত্মার প্রভাব পড়ে বংশধরদের উপর। তাই পূর্বপুরুষের আত্মার শান্তির জন্য তারা খাবার উৎসর্গ করতেন।

হিব্রু সভ্যতা

বর্তমান প্যালেস্টাইন অঞ্চল ঘিরে প্রাচীনকালে গড়ে উঠেছিল এই সভ্যতা। হিব্রু একটি সেমেটিক ভাষা। এই ভাষায় কথা বলা লোকেরাই হিব্রু নামে পরিচিত। হিব্রুরা সারা পৃথিবীর ধর্মবিশ্বাসের এক নতুন যুগের সূচনা করেছিল। এরাই প্রথম সারা পৃথিবীকে একেশ্বরবাদের ধারণা দেয়। সারা দুনিয়ার সমস্ত ইহুদি, খ্রিস্টান এবং মুসলমানদের ধর্মবিশ্বাসের সূতিকাগার বলা চলে এই হিব্রু সভ্যতাকে।

ইজিয়ান সভ্যতা

গ্রিস ও এশিয়া মাইনরকে পৃথক করেছিল ইজিয়ান সাগর। ইজিয়ান সাগরের দ্বীপমালায় গড়ে ওঠে ইজিয়ান সভ্যতা। এর আগের সভ্যতাগুলো গড়ে উঠেছিলো নদীকে ঘিরে। কিন্তু ইজিয়ান প্রথম কোনো সভ্যতা যা সাগরকে ঘিরে গড়ে ওঠে। এই সভ্যতায় 'ক্রিট' দ্বীপকে কেন্দ্র করে 'মাইনোয়ান'

RAISUL ISLAM HRIDOY

এবং গ্রিসের মূল ভূখণ্ডকে কেন্দ্র করে 'মাইসেনীয়' নামে ভিন্ন দুটো সংস্কৃতির বিকাশ ঘটে। ইজিয়ান সভ্যতা চিত্রশিল্প ও ভাস্কর্যশিল্পে যথেষ্ট খ্যাতি অর্জন করে। ডোরীয় ইন্দো-ইউরোপীয় গোত্রের এক আক্রমণকারীর হাতে পতন হয় ইজিয়ান সভ্যতার। ডোরীয় আর ইজিয়ান অঞ্চলের অধিবাসীরা বহুদিন একসাথে বসবাস করতে জন্ম দেয় নতুন সভ্যতার, নাম গ্রিক সভ্যতা।

গ্রিক সভ্যতা

অনেক পাহাড়ের কারণে গ্রিস ক্ষুদ্র ক্ষুদ্র ভাগে ভাগ হয়ে যায় এবং অনেকগুলো নগররাষ্ট্র তৈরি হয়। গ্রিসের মূল ভূখণ্ডে ছিল এথেন্স, থিবস ও মেগারা এবং পেলোপনেসাস অঞ্চলে ছিল স্পার্টা ও কোরিন্থ; এশিয়া মাইনরের তীরে ছিল মিলেটাস। এদের মধ্যে নেতৃত্বে ছিল এথেন্স ও স্পার্টা। গ্রিকদের বিশ্বাস দেবতা ডিয়াকোলানের পুত্র হেলেনের বংশধর তারা। হেলেনের বংশধর বলে গ্রিকদের নিজেদের হেলেনীয় বলতো।

স্পার্টা: স্পার্টানরা ছিল গণতন্ত্র ও প্রগতিবিরোধী। এদের আদি নিবাস ছিল পেলোপনেসাস অঞ্চলের পূর্ব দিকে। অস্ত্রের দাপটে এরা স্পার্টা দখল করে নিয়ে আদিবাসীদের ভূমিদাস বানায়। এই দাসদের বলা হতো হেলট (Helot)। দীর্ঘদিন যুদ্ধ করার ফলে এবং হেলটদের বিদ্রোহ ঠেকাতে ঠেকাতে স্পার্টানরা একসময় যোদ্ধা জাতিতে পরিণত হয়। প্রায় সমস্ত নাগরিককে যোদ্ধা হিসেবে তৈরি করা হতো, যেন পুরো স্পার্টা একটা যুদ্ধশিবির।
এথেন্স: এথেন্সে তৈরি হয়েছিল আধুনিক গণতন্ত্রের কাঠামো। স্পার্টার প্রতিবেশী হয়েও এথেন্স সমস্ত নাগরিক সুবিধা দিয়েছিল তার নাগরিকদের। গ্রিসের সবচেয়ে জনপ্রিয় শাসক পেরিক্লিস এথেন্সের ক্ষমতায় বসেন ৪৬০ খ্রিস্টপূর্বাব্দে। এই যুগকে এথেন্সের স্বর্ণযুগ বলা হয়। কিন্তু একসময় স্পার্টার নেতৃত্বে গড়ে ওঠা পেলোপনেসীয় ও এথেন্সের নেতৃত্বে গড়ে ওঠা ডেলিয়ান লীগের রাষ্ট্রগুলোর মধ্যে যুদ্ধ বেঁধে যায় এবং এথেন্সের পতন হয়। এরপর এথেন্স স্পার্টার অধীনে চলে যায়।

হেলেনীয় সংস্কৃতির বিভিন্ন দিক

ভৌগলিক দিক থেকে গ্রিসের নগররাষ্ট্রগুলো বিচ্ছিন্ন হলেও ধর্মের কারণে সকলের মধ্যে ঐক্য গড়ে উঠেছিল। মানুষ ও পৃথিবীর উৎস সম্বন্ধে ভাবতে গিয়ে গ্রিসে 'সফিস্ট' (Sophist) নামের একশ্রেণীর যুক্তিবাদী দার্শনিকের উদ্ভব হয়। বিখ্যাত রাষ্ট্রনায়ক পেরিক্লিস এই সফিস্টদের দ্বারাই অনুপ্রাণিত ছিলেন। বিখ্যাত দার্শনিক সক্রেটিসকে ৩৯৯ খ্রিস্টপূর্বাব্দে শাসকগোষ্ঠী হেমলক লতায় তৈরি বিষ

RAISUL ISLAM HRIDOY

খাইয়ে হত্যা করে। তার ছাত্র দার্শনিক প্লেটো 'রিপাবলিক' বইটি লেখেন এবং সক্রেটিসের বক্তব্য ও শিক্ষা নিয়ে লেখেন 'ডায়ালগস অব সক্রেটিস' নামের আরেকটি গ্রন্থ। নাট্যকার এসকাইলাস লেখেন 'প্রমিথিউস বাউণ্ড' এবং 'আগামেমনন' নামের দুটি নাটক। একশোটিরও বেশি নাটক লেখেন সফোক্লিস। হেরোডেটাস হয়ে ওঠেন ইতিহাসের জনক। চিকিৎসাবিজ্ঞানী ছিলেন 'হিপোক্রেটাস'। চাঁদ যে সূর্যের আলোতেই আলোকিত হয় এই ধারণা দেন এনাক্সোগোরাস। আর ছিলেন এরিস্টটল, পিথাগোরাস এবং টলেমির মতো মহাত্মারা।

হেলেনিস্টিক সভ্যতা

গ্রিসের উত্তরে মেসিডন অঞ্চলে গড়ে ওঠে নতুন সভ্যতা যা হেলেনিস্টিক সভ্যতা নামে পরিচিত। রাজা দ্বিতীয় ফিলিপ ৩৫৯ খ্রিস্টপূর্বাব্দে এই ভূখণ্ডের জনগণকে ঐক্যবদ্ধ করেন। পারস্যের বিরুদ্ধে গ্রিক শক্তিগুলোকে একত্র করে তিনি হেলেনিক লিগ তৈরি করেন। গুপ্তঘাতকের হাতে ফিলিপ মারা যাওয়ার পর তার ছেলে বীর আলেকজান্ডার পারস্য দখল করেন। মাত্র ৩২ বছর বয়সে ৩২৩ খ্রিস্টাপূর্বাব্দে ব্যাবিলনে মারা যান আলেকজান্ডার। ইতিহাসে তিনি 'আলেকজান্ডার দ্য গ্রেট' নামে পরিচিত। তার মৃত্যুর পর সেনাপতিরা নিজেদের মধ্যে বিশাল সাম্রাজ্য ভাগ করে নেন। হেলেনিস্টিক সভ্যতায়ও প্রচুর জ্ঞান বিজ্ঞানের চর্চা হতো।

রোমান সভ্যতা

গ্রিসের উত্তর-পশ্চিমে প্রাচীন রোম নগরী ঘিরে উত্থান ঘটে এই সভ্যতার। ছয়শ বছর টিকে ছিল এই সভ্যতা। পুরোপলীয় যুগ থেকেই রোমে বসতি গড়ে উঠলেও ইন্দো-ইউরোপীয় ভাষায় কথা বলা একদল মানুষ রোমে আসে ব্রোঞ্জযুগে। এদের এট্রুস্কান বলা হয়। এট্রুস্কানদের হাত ধরেই রোমান সাম্রাজ্যের সূচনা। আরেক ইন্দো-ইউরোপীয়ভাষী জাতি ২০০০ খ্রিস্টপূর্বাব্দে ইটালির উত্তরে বসতি স্থাপন করে। এদের বলা হতো ল্যাটিন এবং ক্রমে এদের ভাষাও ল্যাটিন নামে পরিচিত হয়।

ল্যাটিনদের রাজা রোমিউলাস 'রোম' নগরীর পত্তন করেন। রোমান শাসনব্যবস্থা বিভিন্ন সময় বিবর্তনের মধ্য দিয়ে গিয়েছে। রোমে দাসদের উপর অমানুষিক অত্যাচার কথা হতো। স্পার্টাকাস নামক একজন দাসের নেতৃত্বে ৭৩ খ্রিস্টপূর্বাব্দে দাসবিদ্রোহ শুরু হয় এবং ৭১ খ্রিস্টপূর্বাব্দে তার মারা যাওয়ার মধ্য দিয়ে দাসবিদ্রোহের অবসান হয়। ১১০ খ্রিস্টপূর্বাব্দের পর থেকে রোম জড়িয়ে পড়ে রক্তক্ষয়ী সংঘর্ষে। নানা শাসকের উত্থান ঘটে। বিখ্যাত জুলিয়াস সিজার খুন হন ব্রুটাস এবং

RAISUL ISLAM HRIDOY

ক্যাসিয়াসের হাতে। সিজারের মৃত্যুর পর রোমে গৃহযুদ্ধ শুরু হয়। এসময় উত্থান ঘটে অক্টাভিয়ান সিজার, মার্ক অ্যান্টনি ও লেপিডাস নামক তিন নেতার। পরবর্তীতে অক্টাভিয়ান সিজার লেপিডাসকে পরাজিত করেন। অ্যান্টোনিও মিশরের রাজকন্যা ক্লিওপেট্রাকে বিয়ে করায় তার শক্তিবৃদ্ধি পায়। কিন্তু তাতেও শেষরক্ষা হয়নি, তাকেও পরাজিত করেন অক্টাভিয়ান। এরপর রোমের একচ্ছত্র অধিপতি হন 'অগাস্টাস সিজার' নাম নিয়ে।

গ্রিক ধর্মের প্রভাব পড়ে রোমান ধর্মেও। সম্রাটদের দেবতা হিসেবে পূজা করার রীতি ছিল বলে রোমান শাসকরা খ্রিস্টধর্মকে সুনজরে দেখতেন না। সম্রাট কনস্ট্যানটাইনের সময় খ্রিস্টধর্ম রাষ্ট্রধর্মের মর্যাদা পায়। ভার্জিলের মহাকাব্য 'ইনিড' লেখা হয়েছে এই সভ্যতায়।

ছোট ছোট কয়েকটি রাষ্ট্র

লিডিয়া: হিট্টাইটদের পতনের পর এশিয়া মাইনরের সবচেয়ে শক্তিশালী রাষ্ট্র ছিল লিডিয়া। বর্তমান তুরস্কের একটি অংশে গড়ে উঠেছিল এটি। এর মানুষেরা খুব ধনী ছিল এবং এদের বাণিজ্য টাইগ্রিস-ইউফ্রেটিস থেকে ইজিয়ান সাগর পর্যন্ত ছড়ানো ছিল।

ফিনিশিয়া: লেবানন পর্বত এবং ভূমধ্যসাগরের মাঝামাঝি একফালি সরু ভূমিতে ফিনিশীয়দের রাষ্ট্র গড়ে উঠেছিল। সমুদ্রতীরবর্তী ছিল বলে এদের অর্থনীতির প্রধান উৎস ছিল বাণিজ্য। দক্ষ ফিনিশীয় নাবিকরা রাতে নক্ষত্র দেখে জাহাজ চালাতো। এভাবে তারা দিক নির্ণয় করতো বলে অনেকেই ধ্রুবতারাকে 'ফিনিশীয় তারা' বলতো। সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে গুরুত্বপূর্ণ অবদান হচ্ছে বর্ণমালার উদ্ভাবন। তারা ২২টি ব্যঞ্জনবর্ণের উদ্ভাবন করে। এখান থেকে সূচনা হয় আধুনিক বর্ণমালার। ফিনিশীয়দের উদ্ভাবিত বর্ণমালার সাথে পরবর্তীতে গ্রিকরা স্বরবর্ণ যোগ করে বর্ণমালাকে সম্পূর্ণ করে।

আরামিয়া: দুই হাজার খ্রিস্টপূর্বাব্দে এরা মেসোপটেমিয়াতে এসেছিল। এদের প্রধান নগর ছিল দামেস্কে। এরাও বাণিজ্য করতো।

পৃথিবীর সময়কে মোটাদাগে তিনভাগে ভাগ করা হয়। প্রাচীনযুগ, মধ্যযুগ এবং আধুনিক যুগ। ৪৭৬ খ্রিস্টাব্দে রোমান সভ্যতার পতনের মধ্য দিয়ে প্রাচীন যুগের সমাপ্তি ঘটে। প্রাচীন সভ্যতাগুলোর মধ্যে কারো জ্ঞান-বিজ্ঞানে দক্ষতা ছিল, কারো ছিল দক্ষ প্রশাসনিক ব্যবস্থা। তবে যার যা-ই থাক না কেন, সব সভ্যতারই বৃহৎ বা ক্ষুদ্র অবদানে আশীর্বাদপুষ্ট আজকের এই আধুনিক সভ্যতা।

RAISUL ISLAM HRIDOY

তৃতীয় অংশ

পৃথিবীর প্রাচীন সভ্যতা

পৃথিবীর বিভিন্ন অঞ্চলে সভ্যতার উদ্ভব মানুষের সবচেয়ে বড় অর্জন। সভ্যতার ক্রমান্বয়ে উন্নতির ফলেই মানুষের জীবনযাত্রা সহজ থেকে সহজতর হয়েছে। আজকের আধুনিক যুগও সভ্যতার কল্যাণেই সম্ভব হয়েছে। বন্যতা থেকে বর্বরতা এবং বর্বরতা থেকে মানুষ ধীরে ধীরে সুশৃংঙ্খল জীবন-যাপনে অভ্যস্ত হয়ে ওঠে। মানবগোষ্ঠী তাদের সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক কর্মকাণ্ড দ্বারা জীবন প্রবাহের মানোন্নয়ন করতে থাকে। বিশেষ সময়-কালের পরিপ্রেক্ষিতে তা সভ্যতা নামে অভিহিত হয়। প্রাচীন কালে পৃথিবীর বিভিন্ন অঞ্চলে বহু সভ্যতা গড়ে ওঠে। কয়েকটি উল্লেখযোগ্য সভ্যতা নিচে তুলে ধরা হলো।

মেসোপটেমিয়ার সভ্যতা:-

পৃথিবীর প্রাচীনতা সভ্যতার অন্যতম। মধ্যপ্রাচ্যের ইউফ্রেটিস ও টাইগ্রিস নদী-বিধৌত অতি উর্বর উপত্যকায় এ দুটি নদীর মধ্যবর্তী দোয়াব অঞ্চলে নাম মেসোপটেমিয়া (বর্তমান ইরাক)। এখানে খ্রিস্টপূর্ব ৩৫০০ এবং ৩০০০ অব্দের মধ্যে এক অতি উন্নত সভ্যতার উন্মেষ ঘটেছে। এ সভ্যতা অবিমিশ্র কিছু ছিল না। সুমেরীয়, ব্যাবিলনীয় ও অ্যাসেরীয় সভ্যতা ও সংস্কৃতিরও অপরিমেয় অবদান রয়েছে এর সামগ্রিক বিকাশ ও পরিপুষ্টি সাধনে।

মেসোপটেমিয়ার বসতি স্থাপনকারী আদি অধিবাসীদের প্রধান খাদ্য ছিল গম । খেজুর গাছকে তারা অভিহিত করত 'জীবনদায়িনী বৃক্ষ' বলে। খেজুর থেকে তারা তৈরি করত ময়দা ও মধু। প্রথমদিকে জলাভূমির আগাছা দিয়ে তৈরি করা হতো কুঁড়ে ঘর। পরে এ কাজে ব্যবহার করা হতে থাকে এঁটেল মাটির ইট।

এ সভ্যতার শুরুতে যেমন খাল খনন, বাঁধ নির্মাণ, পানি সেচ ও পানি সঞ্চয়সহ সুবিন্যস্ত পয়ঃপ্রণালী ব্যবস্থার প্রসার ঘটে, তেমনি জমিকর্ষণ কাজে কোদালের ব্যবহার শুরু হয়। প্রাথমিকভাবে এ সভ্যতা ছিল কৃষি ও পুশুচারণভিত্তিক।

শহর এলাকায় বসবাস করত কারিগরি শ্রেণীর লোকজন। খ্রিস্টপূর্ব চতুর্থ সহস্রাব্দের মধ্যে তারা তামা , সোনা, ব্রোঞ্জ ও পরে লোহার ব্যবহার আয়ত্ত করতে সক্ষম হয়। ফলে কৃষিকাজ ও হস্তশিল্পে ব্যাপক বিকাশ ঘটে। গড়ে ওঠে দাস, স্বাধীন চাষী, কারিগরি ও ধনী দাসমালিকদের

RAISUL ISLAM HRIDOY

সমবায়ে ছোট-বড় বহু নগর ও রাষ্ট্র।খ্রিস্টপূর্ব ৪০০০ অব্দে মিশরে হায়ারোগ্লিফিক বা চিত্রলিপি নামে এক উন্নত লিখন পদ্ধতির উদ্ভব হয়। শর বা নলখাগড়া জাতীয় গাছের মজ্জা থেকে তৈরি প্যাপিরাস নামের এক ধরনের কাগজের উপরে তারা লেখার কাজ সম্পন্ন করত। ফসলের পরিমান নিরূপণ করতে গিয়ে প্রাচীন মিশরে জন্ম হয় গণিত শাস্ত্রের। খাল খনন, ভূমির দৈর্ঘ ও প্রস্থের পরিমাণ, পিরামিডের পাথরের আয়তন ও কোণের পরিমাপ করতে গিয়ে উদ্ভব ঘটে জ্যামিতির। ক্যালেন্ডার তৈরি করার প্রথম কৃতিত্বও তাদের। তারাই প্রথম ৩৬৫ দিনে বছর গণনা শুরু করেন। ফারাওদের মৃতদেহ পঁচনের হাত থেকে রক্ষার জন্য মিশরীয়রা মমি (পিরামিড) তৈরি করে। পিরামিডগুলো আজ অবধি স্বমহিমায় দাড়িয়ে আছে। তাদের সবচেয়ে বড় পিরামিডের নাম হল ফারাও খুফুর পিরামিড। অনেক ঐতিহাসিকের মতে, মেসোপটেমিয়াই মানবসভ্যতার আদি লীলাভূমি।

সুমেরীয় সভ্যতা :-

মেসোপটেমিয়ার উত্তরাংশে আক্কাদ ও দক্ষিণাংশে সুমের। এ সুমেরকে কেন্দ্র করেই আনুমানিক খ্রিস্টপূর্ব ৩৫০০ অব্দ নাগাদ মেসোপটেমিয়ায় এক উন্নত সভ্যতার উন্মেষ ঘটে। জাতিতে অসেমিটিক সুমেরবাসীই আদি মেসোপটেমিয়ার জনক। আনুমানিক ৩০০ খ্রিস্টপূর্বাব্দে সেমিটিক জাতির একটি শাখা দজলা ফোরাত (বর্তমানে টাইগ্রিস-ইউফ্রেটিস) উপত্যকায় এসে স্থায়ীভাবে বসবাস করতে শুরু করে। সমাজ ও সভ্যতার দিক দিয়ে অনগ্রসর এই সেমিটিক শাখাটিই স্থানীয় সুমেরীয়দের ঘরবাড়ি তৈরি, জলসেচ সর্বোপরি লিখন পদ্ধতি সম্পর্কে জ্ঞান লাভ করে। সুমেরীয়রা সুসভ্য জাতি হলেও সুসংহত রাষ্ট্র ব্যবস্থা গড়ে তুলতে সক্ষম হয়নি। বস্তুত সুমের অধ্যুষিত প্রাচীন বেষ্টিত এই সব নগর ছিল সম্পূর্ণ স্বাধীন। প্রত্যেক নগররাষ্ট্রে জাগতিক ও আধ্যাতিক উভয় ক্ষেত্রে রাজাই ছিল সর্বময় ক্ষমতার অধিকারী। তবে কেন্দ্রিয় রাজশক্তির অভাবে প্রভুত্ব স্থাপনের জন্য রাজ্যগুলো পারস্পরিক রক্তক্ষয়ী সংঘর্ষে লিপ্ত থাকত। সুমেরীয়দের সমাজে অর্থনৈতিক কাঠামো জটিলতার বেড়াজালে আবদ্ধ ছিল না বরং সহজ-সরল ছিল। বাণিজ্য ছিল সুমেরীয়দের দ্বিতীয় অর্থনৈতিক উৎস। অভ্যন্তরীণ ও বৈদেশিক দু'ধরনের বাণিজ্যই চালু ছিল। বাণিজ্যে বেসরকারী উদ্যোগকে উৎসাহিত করা হতো সমুদ্র ও স্থল পথে সুমেরীয়রা নীল কান্তমনি, লালপাথর ও অন্যান্য পাথর এবং কাঠ আমদানি করতো। বয়নজাত দ্রব্য, অলংকার, যুদ্ধের অস্ত্র, প্রভৃতি রপ্তানি করতো। সুমেরীয়রা বহু দেব-দেবীতে বিশ্বাসী ছিল। তাদের প্রধান দেব-দেবী ছিল শামাস, এনলিল, ইশতার, নারগল ও এনকি। সুমেরীয় সভ্যতার গুরুত্বপূর্ণ অবদান লিখন পদ্ধতির আবিষ্কার। আনুমানিক খ্রিস্টপূর্ব ৩৫০০ অব্দে সুমেরীয়রা পিকটোগ্রাফিক নামে লিখন পদ্ধতির সূত্রপাত ঘটায়। তারা বছরকে ১২ মাসে, দিন-রাত্রিকে ঘন্টায় এবং ঘণ্টাকে মিনিটে বিভক্ত

করেছিল। দিন ও রাতের সময় নিরূপণের জন্য সুমেরীয়রা পানিঘড়ি ও স্বর্ণঘড়ি আবিষ্কার করে। তারাই প্রথম ২৪ ঘণ্টায় ১দিন ও ৭ দিনে ১ সপ্তাহ নিয়ম প্রবর্তন করে। সুমেরীয়রা সূর্য ও চন্দ্রের আপেক্ষিক অবস্থিতি নির্ণয় করেছিল এবং গ্রহের সময় নিরূপণ করতে সক্ষম হয়েছিল।

ব্যাবিলনীয় সভ্যতা :

প্রাচীন কালে মেসোপটেমিয়া অঞ্চলে যে সকল সভ্যতা গড়ে ওঠেছিল সেগুলোর মধ্যে অন্যতম হল ব্যাবিলনীয় সভ্যতা। খ্রিস্টপূর্ব ২৪০০ অব্দে সুমের আক্কাদ বা প্রাচীন ব্যাবিলন সাম্রাজ্য স্থাপিত হয়। এর প্রতিষ্ঠাতা ছিলেন প্রথম সারগন। রাজা হাম্বুরাবী ছিলেন সভ্যতার শ্রেষ্ঠ শাসক। হাম্মুরাবী দুর্ধর্ষ যোদ্ধা, সংগঠক, প্রশাসক, ও আইন সংকলক ছিলেন। তিনি বিভিন্ন ভাগে বিভক্ত নগর রাষ্ট্রকে একত্রিত করেন। প্রায় ৪২ বছর (১৭৯২-১৮৫০ খ্রি:পূর্বাব্দ) ক্ষমতায় অধিষ্ঠিত থেকে তিনি সমগ্র মেসোপটেমিয়া ভূমধ্যসসাগর পর্যন্ত বিস্তৃত ও এশিয়ার উপর কর্তৃত্ব করে 'সর্বাধিপতি' উপাধি ধারণ করেন। তাঁর রাজত্বকালে শুধু বিজয়ই নয় বরং শক্তিশালী কেন্দ্রিয় শাসন, আইনসহ অর্থনৈতিক সমৃদ্ধির জন্য ব্যাবিলনের ইতিহাস 'স্বর্ণযুগ' হিসেবে পরিচিত। আইন প্রণয়নের ক্ষেত্রে তিনি অসাধারণ মেধার পরিচয় দেন। প্রাচীন ব্যাবিলনে 'কিউনিফর্ম' অর্থাৎ কীলক আকারের লিখন পদ্ধতি প্রচলিত ছিল। এই পদ্ধতি প্রাচীন মিশনের 'চিত্রলিখন' পদ্ধতি অপেক্ষা উন্নত ছিল। ব্যাবিলনীয় ভাষা ছিল ৩০০ ধ্বনি চিহ্ন বিশিষ্ট। ব্যাবিলনীয়রা অসংখ্য দেব-দেবীর পূজা করত। সূর্যদেব মারদুক ছিল তাদের শ্রেষ্ঠ দেবতা।ব্যাবিলনের বিখ্যাত 'শূন্য উদ্যান' পৃথিবীর সপ্তাশ্চর্যের অন্যতম। শিল্প ও বাণিজ্যের ক্ষেত্রেও ব্যাবিলনীয়রা উন্নত ছিল। কাঁচ শিল্পের উন্নতি সাধন ও প্রসারে তাদের যথেষ্ট অবদান রয়েছে। চিত্রাঙ্কন বিদ্যা, জ্যোতিষ শাস্ত্র, অঙ্ক শাস্ত্র এবং আয়ুর্বেদ শাস্ত্রে তাদের অতুলনীয় পারদর্শিতা ছিল। গ্রহ-নক্ষত্রাদি সম্পর্কে তাদের জ্ঞানের সীমা বহুদূর পর্যন্ত প্রসারিত হয়েছিল। সূর্য ও জলঘড়ির সাহায্যে তারা সময় নিরূপণ করত। চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ সম্পর্কেও তাদের ধারণা ছিল যথাযথ। সেই সুদুর প্রাচীনকালে দশমিক সংখ্যা পদ্ধতির গণনা ব্যাবিলন থেকেই প্রসার লাভ করে।

অ্যাসেরীয় সভ্যতা :

মেসোপটেমিয়ার উত্তরাংশে অ্যাসেরীয়রা প্রাধান্য বিস্তার করে। ক্যাসাইটদের আক্রমণে প্রাচীন ব্যাবিলন সাম্রাজ্যের পতন ঘটলে তারা এই সভ্যতার উত্তরাধিকার লাভ করে। খ্রিস্টপূর্ব ১৩০০ অব্দের মধ্যেই অ্যাসেরীয়রা সমগ্র উত্তর মেসোপটেমিয়া দখল করে নেয়। অ্যাসেরীয়রা মূলত ব্যাবিলনীয় সভ্যতা দ্বারা প্রভাবিত হলেও সভ্যতার ইতিহাসে তাদের নিজস্ব অবদানও কম নয়। স্থাপত্য, ভাস্কর্য, চিত্রকলা, কারুশিল্প ইত্যাদি ক্ষেত্রে তাদের মৌলিক উদ্ভাবনী ক্ষমতার ছাপ সুস্পষ্ট। অ্যাসেরীয়রা প্রথমদিকে ব্যাবিলনের কিউনিফর্ম লিপির ব্যাপক ব্যবহার করে। পরে তারা আর্মেনিয়

RAISUL ISLAM HRIDOY

ভাষাও বেশ ব্যবহার করে। অ্যাসেরীয় রাজারা প্রাচীন ঐতিহ্য সংরক্ষণেও সচেতন ছিলেন। রাজা সেনাচেরি তার রাজধানী নিনেভায় কাদার চাকতি সংরক্ষণের মাধ্যমে একটি বিশাল গ্রন্থাগার গড়ে তোলেন। তবে রাজা আসুরবানিপাল প্রতিষ্ঠিত নিনেভায় গ্রন্থাগারকে এশিয়ার প্রথম গ্রন্থাগার বলা হয়। এখানে ২২,০০০ এর বেশি কাদার চাকতির পুস্তক ছিল। এগুলো অধিকাংশই ব্রিটিশ যাদুঘরে সংরক্ষিত রয়েছে।

ধর্মীয় দিক থেকে অ্যাসেরীয়রা বহু দেব-দেবীর বিশ্বাস ও তাদের পূজা করত। তাদের প্রধান দেবতা ছিল আসুর। এরপর ছিল ইশতারের স্থান। অ্যাসেরীয়রাই প্রথম বৃত্তের ডিগ্রি নিরূপণ এবং অক্ষাংশ ও দ্রাঘিমাংশ নির্ণয় করতে সক্ষম হয়। জ্যোতির্বিদ্যার ক্ষেত্রে তাদের অবদান অতুলনীয়। তারাই প্রথম পাঁচটি গ্রহ আবিষ্কার করে এগুলোর নামকরণ করেছিলেন। চিকিৎসা বিজ্ঞান, রোগ নির্ণয় ও প্রতিকার ব্যবস্থার ক্ষেত্রেও তাদের অগ্রগতি ছিল উল্লেখযোগ্য। অ্যাসেরীয়দের বলা হয় এশিয়ার রোমান। রোমানরা যেমন গ্রীক সভ্যতাকে পৃথিবী ব্যাপী ছড়িয়ে দিয়েছিল, অ্যাসেরীয়রাও একই ধরণের ভূমিকা পালন করেছিল ব্যাবিলনীয় সভ্যতা বিশ্বময় ছড়িয়ে দেয়ার ক্ষেত্রে।

চৈনিক সভ্যতা :

চীনা সভ্যতা বিশ্বের অন্যতম প্রাচীন ও নদীকেন্দ্রিক সমৃদ্ধ সভ্যতা। অনেকের মতে, এর উদ্ভব চীনের উত্তর-পশ্চিম প্রান্তের তারিম উপত্যকায়। কুয়েন্ডলুং পর্বত অতিক্রম করে হোয়াংহো নদীর তীর বরাবর গড়ে উঠেছিল এই সভ্যতা। উত্তর চীনে বর্তমানে যে জাতীয় মানুষের বসবাস, প্রস্তর যুগেও তাদের আকার আকৃতিবিশিষ্ট জনগোষ্ঠীর বসতি ছিল বলে প্রমাণ পাওয়া গেছে। তারা ব্যবহার করত পাথরের তৈরী ছুরি, তীরের ফলা, কুঠার ও হাড়ের তৈরি নানাধরণের অস্ত্রশস্ত্র। কাপড় বোনা ও মাটির পাত্র নির্মাণ পদ্ধতিও তাদের আয়ত্তে ছিল। চীনা সভ্যতা মূলত কৃষিভিত্তিক। এখানকার প্রাচীন জনগোষ্ঠী হোয়াংহো নদীর দু'পাশের উর্বর এলাকাজুড়ে চাষ করতো জব, গম, ধান ও নানা ধরনের শাকসবজি। পালন করতো বিভিন্ন জাতের পশু, তারা রেশমকীটের চাষাবাদ পদ্ধতিও জানত। এর সুতো দিয়ে তারা মজবুত ও সুন্দর বস্ত্রাদি বানাতো। খ্রিস্টপূর্ব ১০০০ অব্দ পর্যন্ত চীনে বহু খণ্ড-বিখণ্ড রাষ্ট্রের অস্তিত্ব বিদ্যমান ছিল। এরা বিভিন্ন রাজবংশ ও তাদের শাসনামল দ্বারা বিভক্ত। খ্রিস্টপূর্ব ২২১ অব্দে যুদ্ধমান রাজ্যসমূহের বিভক্তি ও বিচ্ছিন্ন অবস্থার অবসান ঘটে। যুদ্ধোদ্যমের সর্বাত্মক সাফল্যের জন্য দিগি¦জয়ী মহাবীর শিহুয়াংতিকে চীনের নেপোলিয়ন বলা হয়ে থাকে। তিনি দেশকে মঙ্গোলীয়দের পৌণঃপুনিক আক্রমণ থেকে রক্ষা করার জন্য গড়ে তোলেন চার হাজার কিলোমিটার দীর্ঘ প্রাচীর, যা চীনের মহাপ্রাচীর নামে খ্যাত এ প্রাচীর বিশ্বের প্রাচীন সপ্তাশ্চর্যের অন্যতম। চীনারা খ্রিস্টিয় প্রথম শতকে আবিষ্কার করে কাগজ ও কম্পোজার। খ্রিস্টের জন্মের আগেই চীনের মাটিতে বারুদ ও খ্রিস্টিয় তৃতীয় শতকে মুদ্রণযন্ত্রের

RAISUL ISLAM HRIDOY

আবিষ্কার মানব সংস্কৃতি ও সভ্যতার বিকাশে প্রভূত অবদান রেখেছে। চীনে বহু বিশ্ব-বিশ্রুত মনীষী, ধর্মগুরু ও দার্শনিকের আবির্ভাব ঘটেছে। এদের মধ্যে উল্লেখযোগ্য হলেন -কনফুসিয়াস, লাও-তসু ও সিনাৎসিয়ান। চীনা লোক কাহিনী, লোকগীতি ও পুরানকথার অনেক কিছুই কালজয়ী সাহিত্য কর্মের মর্যাদা অর্জন করেছে। প্রাচীন চীনা চিকিৎসকগণ বিভিন্ন ব্যাধি ও ক্ষত নিরাময়ের ভেষজ ও শল্য চিকিৎসা জানতেন। চীনা আকুপাংচার পদ্ধতি এখনো প্রচলিত। প্রাচীন চীনের ধর্ম ছিল অনেকটা অবিন্যস্ত ও অস্পষ্ট। নির্দিষ্ট ধর্মবিশ্বাস তাদের মধ্যে লক্ষ করা যায়নি। তাদের ধর্মীয় জগত স্বর্গীয়, প্রাকৃতিক ও আধ্যাত্মিক প্রভাবে প্রভাবিত ছিল।

সিন্ধু সভ্যতা :

সিন্ধু সভ্যতা বিশ্বের প্রাচীন সভ্যতার অন্যতম। খ্রিস্টের জন্মের আনুমানিক চার থেকে পাঁচ হাজার অব্দে এর গোড়াপত্তন হয়। সিদ্ধু সভ্যতার দুটি প্রধান কেন্দ্র বর্তমান পাকিস্তানের অন্তর্ভুক্ত সিন্ধু প্রদেশের লারকানা জেলার মহেঞ্জোদারো এবং পাঞ্জারের ইরাবতী নদীর তীরে হরপ্পা। সিন্ধু সভ্যতার উৎপত্তি সিন্ধু নদীর তীরে, পরে তা পূর্ব ও দক্ষিণ দিকে বহুদূর বিস্তৃত হয়। বলা হয়, এটি ১৫ লক্ষ বর্গমাইল এলাকা জুড়ে বিস্তৃত ছিল। এই সভ্যতার সঙ্গে সবচেয়ে বেশি সাদৃশ্য লক্ষ করা যায় সুমেরীয় সভ্যতার। কৃষিকর্মের উন্নতি সত্ত্বেও এটি ছিল নগর ও বাণিজ্যভিত্তিক সভ্যতা। অনেকের ধারণা, চীন, সুমেরীয় ও মিশরের প্রাচীন সভ্যতার তুলনায় সিন্ধু সভ্যতা ছিল বেশি অগ্রসর ও উন্নত। মহেঞ্জোদারো ও হরপ্পাতে খনন কাজ চালিয়ে পাওয়া গেছে উন্নত পয়ঃপ্রণালী ব্যবস্থা ও পোতাশ্রয়ের সন্ধান। সুপরিকল্পিত রাস্তাঘাট, আগুনে পোড়ানো ইট, পাথরের মন্দির, সমাধিস্থান ও শিক্ষায়তনের নিদর্শন ও পাওয়া গেছে এখানে। সিন্ধু সভ্যতায় ছিল সুবিন্যস্ত শাসন ব্যবস্থা এবং ছিল নিজস্ব চিত্রলিপি ও লিখন প্রণালী। ওদের পোশাক পরিচ্ছদের অন্তর্ভুক্ত ছিল কার্পাস সুতোর বস্ত্র, চাদর ইত্যাদি। দেহের শোভাবর্ধন করার জন্য তারা সোনা, রূপা, শঙ্খ ও মূল্যবান পাথরের অলঙ্কার, পশুর হাড়, হাতির দাঁতের চিরুনি, আয়না, ক্ষুর ইত্যাদি ব্যবহার করতো। সিন্ধু সভ্যতার গোড়াপত্তন কারা করেছিল এ নিয়ে মতবিরোধ রয়েছে। নৃতাত্ত্বিক গবেষণায় এখানে প্রোটে অস্ট্রালয়েড মেডিটেরিনিয়ান, আলপাইন, ও মঙ্গোলয়েড জনগোষ্ঠীর কঙ্কাল পাওয়া গেছে। নৃতাত্ত্বিকদের ধারণা, মেডিটেরিনিয়ান বা দ্রাবিড় গোষ্ঠীই এ সভ্যতার প্রবর্তক। খ্রিস্টপূর্ব ১৫০০ অব্দের কাছাকাছি সময়ে আর্যদের আক্রমণে এ সভ্যতা ধ্বংস হয়ে যায় বলে ধারণা করা হয়।

হিব্রু সভ্যতা :

হিব্রু সভ্যতার উৎস ভূমি মধ্যপ্রাচ্যে। এ সভ্যতা আজকের ফিলিস্তিন ও ইসরাইল অঞ্চল কেন্দ্রিক গড়ে ওঠেছিল। জাতিগত ভাবে হিব্রুরা ছিল একটি মিশ্রিত জাতি। কুটনীতি, স্থাপত্য এবং

চিত্রকলার দিক থেকে হিব্রুরা সভ্যতার ইতিহাসে খুব অল্পই ভূমিকা রেখেছিল। কিন্তু নৈতিকতা ও ধর্মীয়ক্ষেত্রে বিশ্বসভ্যতায় হিব্রুদের অবদান ছিল যুগান্তকারী। হিব্রুদের মূল নামের উৎপত্তিগত শব্দ নিয়ে সন্দেহ রয়েছে। প্রচলিত একটি মতে, খাবিরু বা হাবিরু নাম থেকেই হিব্রু হয়েছে। হিব্রু অর্থ বিদেশী, নিম্নবংশীয় বা যাযাবর। অধিকাংশ পণ্ডিতের মতেই হিব্রুদের আদিবাস ছিল আরবভূমিতে। তাদের প্রথম বসতি গড়ে ওঠে উত্তর-পশ্চিম মেসোপটেমিয়াতে। সম্ভবত খ্রিস্টপূর্ব ১৮০০ অব্দে ইব্রাহীম (আ:) এর নেতৃত্বে হিব্রুদের একটি দল এখানে বসতি গড়ে তোলে। পরবর্তীতে ইব্রাহীম (আ:) এর ছেলে ইসমাইল (আ:) এর নেতৃত্বে পশ্চিম দিকে অগ্রসর হয়। এ সময় থেকে তারা ইসরাইলি হিসেবে পরিচিতি লাভ করে।

খ্রিস্টধর্মের পটভূমি তৈরিতে হিব্রুধর্মের ভূমিকাই ছিল বেশি। সৃষ্টিতত্ব, ঈশ্বরের একাত্ম, সৃষ্টিকর্তা, পালনকর্তা, আইনপ্রণেতা, ও পরম বিচারক হিসেবে ঈশ্বরের অবস্থান সম্পর্কিত বাইবেলের দুই তৃতীয়াংশে রয়েছে হিব্রু ধর্মের প্রভাব। আইন প্রণয়নেও হিব্রুদের অবদান রয়েছে। প্রাচীন কেনাইট ও ব্যাবিলনীয় আইনদ্বারা প্রভাবিত হয়ে হিব্রু আইন প্রণীত হয়েছিল। ওল্ড টেস্টামেন্ট থেকে হিব্রু আইনের বিভিন্ন ধারা জানা যায়। হিব্রু সাহিত্য প্রাচ্যের যে কোন প্রাচীন সাহিত্যের চেয়ে উৎকৃষ্ট ছিল। তাদের সাহিত্যে ধর্মের প্রভাব ছিল প্রবল। ওল্ড টেস্টামেন্ট মূলত বিভিন্ন সাহিত্য কর্মের সংকলন। বিজ্ঞানের ক্ষেত্রে হিব্রুদের তেমন অবদান নেই। তবে চিকিৎসা বিজ্ঞানের ক্ষেত্রে তারা কিছু অবদান রেখেছে। বাইবেলের ওল্ড টেস্টামেন্টে রোগ যন্ত্রনাকে ঈশ্বরের অভিশাপ বলা হয়েছে।

গ্রীক সভ্যতা :

মানব সভ্যতার ইতিহাসে যে ক'টি দেশের মানুষ তাদের উজ্জ্বল অতীতের জন্য ঈর্ষণীয় গৌরবের অধীকারী গ্রিকরা তাদের অন্যতম । গ্রিক নামটি রোমানদের দেয়া। গ্রিসে জন্ম নিয়েছেন তাদের মধ্যে মহাকবি হোমার, জ্ঞানতাপস সক্রেটিস, স্থাপত্য-ভাস্কর্যের অবিস্মরণীয় দিকপাল ইকটিনাস ও ফিডিয়াস, রাজনীতি মঞ্চের অপ্রতিদ্বন্ধী কৌশলী থেমিস, টকলস, এরিস্টাইডিস ও পেরিক্লিস, সাহিত্যের অনির্বাণ জ্যোতিষ্ক সফোক্লিস, এরিস্টোফেলেস, ইউরিপাইডিস, দর্শনের শিখাগ্নী প্লেটো ও এরিস্টটল, ইতিহাসের জনক হেরোডোটাস, থুকিডিডিস প্রমুখ মনীষীর আবির্ভাব এই গ্রিক সভ্যতায়। শিল্প, বিজ্ঞান, ইতিহাস, দর্শন ও সাহিত্য প্রতিটি ক্ষেত্রে এর অবদান বিশ্ব সভ্যতায় উল্লেখযোগ্য স্থান দখল করে আছে। এ সভ্যতার বিকাশ ও সমৃদ্ধিতে আকিয়ানসহ দোরিয়ান ও আয়োনিয়ানদের অবদান অনস্বীকার্য। খ্রিস্টপূর্ব ২০০০ সাল নাগাদ তারা উত্তর-পশ্চিম দিক থেকে গ্রিসে প্রবেশ করতে শুরু করে। খ্রিস্টপূর্ব ১৬০০ থেকে ১১৩০ অব্দ সময়সীমার মধ্যে মিকোনাই, টিরিনস ও পিলস অঞ্চল বিকশিত হয় এক অগ্রসরমান ব্রোঞ্জ সভ্যতায়। গ্রীস সে সময় ছোট বড়

RAISUL ISLAM HRIDOY

কতগুলো স্বাধীন রাজ্যে বিভক্ত ছিল। গ্রীক সভ্যতা ও সংস্কৃতি অবিচ্ছেদ্যভাবে নগররাষ্ট্রের সঙ্গে জড়িত। এই সভ্যতা বিকাশ লাভ করে প্রথমে ইজিয়ান দ্বীপপুঞ্জে, এশিয়া মাইনরের ইজিয়ান উপকূলবর্তী শহরগুলোতে, এথেন্সে, তারপর সিসিলি, দক্ষিণ ইতালির গ্রিক উপনিবেশগুলোতে গ্রিকদের ধর্ম বিশ্বাস ছিল প্রবল। তাদের দেব-দেবীর সংখ্যাও ছিল অনেক। তাদের বিশ্বাস ছিল, এসব দেব-দেবী তাদের ভাগ্যের নিয়ন্তা। গ্রীক সভ্যতার শ্রেষ্ঠ কাল হচ্ছে খ্রিস্টপূর্ব পঞ্চাশ শতক থেকে শুরু করে কয়েক দশক পর্যন্ত স্থায়ী এথেন্সে পেরিক্লিসের শাসনামল। এই সময় বিজ্ঞান, সাহিত্য, শিল্পকলা দর্শন সহ বিভিন্ন ক্ষেত্রে চরম সাফল্য অর্জিত হয়। এথেন্স হয়ে ওঠে এই সভ্যতার পীঠস্থান। বিশ্ব সভ্যতার ক্ষেত্রে রঙমঞ্চ বা থিয়েটার প্রতিষ্ঠার প্রাথমিক অবদান গ্রীকদেরই, ইতিহাস শাস্ত্রের সূচনা হয় প্রাচীন গ্রীস থেকেই। ষষ্ঠ শতাব্দীতে গ্রীক দর্শনের আনুষ্ঠানিক সূত্রপাত করেন আলেস। গণিত শাস্ত্রের সূচনা করে পিথাগোরাস অমর হয়ে আছেন। হিপোক্রেটিস চিকিৎসা শাস্ত্রকে কুসংস্কার মুক্ত করে বৈজ্ঞানিক ভিত্তির উপর দাঁড় করান।

ঔঁহাইলাইটস:-

☞গ্রীক সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেনি।

☞গ্রীকদের অবদান ছিল সভ্যতার সকল ক্ষেত্রে ।

☞গ্রীক সভ্যতায় প্রথম নগর রাষ্ট্রের উদ্ভব ঘটে।

☞চিকিৎসা শাস্ত্র, গণিত ও জ্যামিতিতে গ্রীকদের অবদান ছিল সবচেয়ে বেশি।

☞গ্রীসের রাজধানী এথেন্স।

রোমান সভ্যতা :

রোমান সভ্যতা বিশ্বের অন্যতম সমৃদ্ধ সভ্যতা। রোম, গ্রীস, কার্থেক ও প্যালেস্টাইন সহ ভূমধ্যসাগর অঞ্চল জুড়ে বিদ্যমান সকল রাষ্ট্রকে এটি যেমন অধিকার করে, তেমনি অধিকৃত রাষ্ট্রসমূহের শিল্প সংস্কৃতি ও ধ্যান-ধারণা আত্মস্থ করে নিজস্ব অবদানে তা সমৃদ্ধও করে। বিশ্ব সভ্যতার ক্ষেত্রে রোমান সভ্যতার প্রধানতম অবদান রাজনৈতিক ও সরকার পরিচালনা ব্যবস্থা সংক্রান্ত রীতি পদ্ধতি। খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে রোম শহরের পত্তন হয়। কালক্রমে টাইবার নদীর মোহনায় সাতটি পার্বত্য টিলাকে কেন্দ্র করে এই নগরীর বিস্তৃতি ঘটে। এই সাতটি নগরীকে নিয়ে পরে গড়ে তোলা হয় একটি একক নগররাষ্ট্র।

খ্রিস্টপূর্ব ২৮০ অব্দ নাগাদ রোমানরা বিভিন্ন জাতির সমন্বয়ে স্বাধীন মিত্রদের একটি শক্তিশালী সংঘ গঠন করে। রোম সাম্রাজ্যকে সুসংহত ও বিস্তৃত করতে যারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন, তারা হলেন জুলিয়াস সিজার, পাম্পে দ্য গ্রেট, আউগুস্তুস ও তাইবেরুস। রোমেই প্রথম আবিষ্কৃত হয় কংক্রিট। ফলে বিশাল ও আড়ম্বরপূর্ণ দালান কোঠা, খিলান ও গম্বুজ নির্মাণ করা সম্ভব হয়

RAISUL ISLAM HRIDOY

রোমক ভাস্কর্য শিল্পও এই সমৃদ্ধ সভ্যতার অন্যতম পরিচায়ক। চিকিৎসকগণ ল্যাটিন ভাষায় ঔষুধ পত্রের যে সব নাম লিখে থাকেন, তার মূলে ও রয়েছে এই সভ্যতার অবদান। এছাড়া বছরের বার মাসের নাম এখনো রয়েই গছে ল্যাটিন ভাষাতেই। বর্তমানে বিশ্বব্যাপী প্রচলিত জার্জিয়ান ক্যালেন্ডারের জন্ম ও ইতালিতে ইউরোপ মহাদেশের প্রধান ভূখণ্ডের দেশগুলোতে আইনী ব্যবস্থার বিকাশে রোমক আইনের অবদান অপরিসীম। এখনো দেশে দেশে রোমান আইন স্বতন্ত্র মর্যাদায় প্রতিষ্ঠিত। গোথ, হুন ও ভান্ডালদের পৌনঃপুনিক আক্রমণে ৪৭৬ খ্রিস্টাব্দে রোম সাম্রাজ্যের পতন ঘটে।

মায়া সভ্যতা :

মেসো শব্দটা গ্রিক। অর্থ, 'মধ্য'। যেমন, মেসোপটেমিয়া। এর মানে: দুই নদীর মধ্যেখানের অঞ্চল। তেমনি, মেসোআমিরিকায় বলতে বোঝায় মধ্যআমেরিকাকে, উত্তর ও দক্ষিণ আমেরিকার মধ্যবর্তী অঞ্চলটিকে (প্রধানত মেক্সিকো) । তো, মেসোআমেরিকায় কতগুলি সভ্যতা বিকাশ লাভ করেছিল। যেমন, ওলমেক, অ্যাজটেক, মায়া। এর মধ্যে মায়া সভ্যতার উদ্ভ ও বিকাশ ছিল অভূতপূর্ব। বর্তমান মেক্সিকো, গুয়েতেমালা, বেলিজ ও হন্ডুরাসজুড়ে ছড়িয়ে ছিল মায়া সভ্যতা। লিখিত ভাষাসহ মেসোআমিরিকার সবচে উন্নত সভ্যতা ছিল মায়া সভ্যতা। মায়া সভ্যতা নিয়ে বিস্তর গবেষনা হয়েছে। এখনও চলছে। মায়া সভ্যতার উত্থানকাল ধরা হয় ২৫০ খ্রিস্টাব্দ। নগর সভ্যতা অবশ্য বিকাশ লাভ করেছিল ৯০০ শতক এর দিকে। এবং তা স্পানিশ বিজয় পর্যন্ত বিকাশ লাভ করে চলেছিল। ২৫০ খ্রিস্টাব্দ থেকে প্রথম ৬৫০ বছর মায়ার সভ্যতারক্লাসিক পিরিয়ড ধরা হয়। এই সময়ে মেক্সিকো, গুয়েতেমালা ও উত্তর বেলিজে কমবেশি ৪০টি নগর গড়ে উঠেছিল। বেলিজ দেশটা কারও কারও কাছে নতুন মনে হতে পারে। উন্নতির শীর্ষে মায়া সভ্যতার জনসংখ্যা ছিল প্রায় ২০ লক্ষ । বেশির ভাগই বাস করত এখনকার গুয়েতেমালায়। নগরগুলি আসলে ছিল ধর্মীয় কেন্দ্র। বেশির ভাগ মায়া বাস করত নগরের বাইরে –গ্রামে, কৃষিজীবনে।৯০০ শতকের পর গুয়েতেমালার মায়া নগরগুলি পরিত্যক্ত হয়ে যায়। দক্ষিণের নগরগুলি জনশূন্য হয়ে যায়। ঐতিহাসিকদের মতে যুদ্ধের কারণে বানিজ্যপথের পরিবর্তনই নাকি এর অন্যতম কারণ। তবে মেক্সিকোর ইউকাটন উপদ্বীপের চিচেন ইটজা, উক্সমাল এবং মায়াপান সংস্কৃতির বিকাশ অব্যাহত থাকে ১৫১৯ অবধি। ষোড়শ শতকে যখন মেসোআমেরিকায় স্পেনিশ লুটেরারা এল তখন বেশির ভাগ মায়াই গ্রামীণ কৃষিজীবনে সম্পৃক্ত।

মায়ারা চাষ করত ভূট্টা, বীন ও লাউ। মাংসের মধ্যে খেত টার্কি, তাপির, খরগোশ, বানর ও ম্যাকাও পাখি।স্পেনিয়রা মায়াদের রোমান ক্যাথলিজমে ধর্মান্তরিত করে। মায়ারা আজও আছে। দক্ষিণ মেক্সিাকোয়, গুয়েতেমালায় ও বেলিজে।

মায়ারা আজ রোমান ক্যাথলিজমে বিশ্বাসী হলেও পূর্বেকার মায়া বৈশ্বিক দৃষ্টিভঙ্গি, দেবদেবী ও গৃহস্থালী পরব পালন করে আজও। মায়ারা অনেক দেবতায় বিশ্বাসী ছিল। সে দেবতা ভালো কি মন্দ হতেন। ইটজামনা ছিলেন প্রধান দেবতা। তিনি সৃষ্টিকর্তা, আগুন ও উনুনের দেবতা। অন্যএকজন হলেন পালকযুক্ত সরীসৃপ;কুকুলকান। ইনি বৃষ্টি ও বজ্রপাতের দেবতা। মায়াদের উপসনালয়ে এর মূর্তি পাওয়া গেছে। মৃত্যুর পরের জীবনে বিশ্বাসী ছিল মায়ারা। মৃত্যুর পর আত্মার বিপদজনক ভ্রমন শুরু হত পাতালদেশে। পাতালের অধিকর্তা দেবতা অমঙ্গলকর। সে দেবতার প্রতীক জাগুয়ার। জাগুয়ার রাত্রিরও প্রতীক। স্বর্গে তারাই যাবে যাদের উৎসর্গ করা হয়েছে। আর যারা জন্মের সময়ই মারা গেছে।

গণিত ও জ্যোর্তিশাস্ত্র অভূতপূর্ব উন্নতি করেছিল। অবশ্য সে জ্ঞান অর্জন ছিল ধর্মীয় কৃত্যের সঙ্গে জড়িত । গণিতে শূন্যের ব্যবহার, পজিশনাল নোটেশন নির্ধারণ করেছিল মায়ারা; জ্যোর্তিশাস্ত্রে সৌর বৎসরের গননা, চন্দ্র ও শুক্র গ্রহের অবস্থান এমনকী সূর্যগ্রহনও আগেভাবে বলে দিতে পারত তারা!

মায়ারা প্রকৃতির আবর্তন লক্ষ করেছিল। সময় নিয়ে অবসেসড ছিল। তারা মনে করত বিশ্বজগৎ ৫ বার সৃষ্টি হয়েছে আর ৪ বার ধ্বংস হয়েছে। বছরের কোনও কোনও দিন শুভ কোনও কোনও দিন অশুভ। একসময় ঐতিহাসিকদের ধারনা ছিল মায়ারা শান্তিপ্রিয় । ধর্মনিয়ে মগ্ন থাকে। মায়া হাইয়ারোগ্লাফিক লেখনি পড়তে পারার পর জানা গেল তারা প্রতিদ্বন্দি নগর আক্রমন করত। শাসককে বন্দি করত, টর্চার করত, তারপর তাকে দেবতার কাছে বলি দিত! নরবলি বা হিউম্যান স্যাক্রিফাইস ছিল মায়াদের ধর্মবিশ্বাসের মূলে।মায়ারা নরবলি দিত উর্বরতা, ধর্মনিষ্টা দেবতার সন্তুষ্টির লক্ষ্যে । মায়া পুরোহিত বিশ্বাস করত দেবতা মানুষের রক্তে পুষ্ট হন! রক্তই দেবতাদের সঙ্গে যোগাযোগের উপায়।

ইনকা সভ্যতা :

পশ্চিমে প্রশান্ত মহাসাগর। এরপর আন্দেজ পর্বতমালার পুবমুখি বিস্তার। পেরু নামে একটি দেশ। এই পেরুর পুবেই কুজকো নগর। এসবই আন্দেজ পর্বতমালার মধ্যে। যে আন্দেজ পর্বতমালাটির বিস্তার উত্তর-দক্ষিণে ২,৫০০ মাইল!

সেই কুজকো নগর ঘিরেই সূত্রপাত হয়েছিল কুজকো রাজ্যের (কিংডম অভ কুজকো) যা পরে হয়ে ওঠে দক্ষিণ আমেরিকার অন্যতম পরাক্রমশালী ইনকা সাম্রাজ্য। ইনকা সাম্রাজ্য ছড়িয়ে ছিল পেরু, বলিভিয়া, উত্তর আর্জেন্টিনা, চিলি ও ইকিউডোরে।এত বিশাল সাম্রাজ্য সড়ক পথে যোগাযোগ রক্ষা করত ইনকারা। এই উদ্দেশ্যে ইনকারা নির্মান করেছিল বিস্ময়কর সড়ক; যাকে বলে, 'ইনকা ট্রেইল'। কৃৎকৌশলের দিক থেকে যা ছিল সময়ের তুলনায় অনেক অগ্রসর। মনোরম উপত্যকা ও

RAISUL ISLAM HRIDOY

দুর্গম গিরির ভিতর দিয়ে চলে গেছে ইনকা ট্রেইল। আজও ধ্বংসাবশেষ দেখে চেনা যায়। মূল ২টি পথ ছিল- উত্তর-দক্ষিণে .. কোনও কোনও পথ ১৬০০০ ফুট ওপেের। ৪০, ০০০ কিলোমিটার। সামরিক ও বেসামরিক উভয়শ্রেনির লোকই চলাচল করত। আর চলত লামা ক্যারাভান। সাধারণ লোকের সে পথে চলতে হলে ইনকা সম্রাটের অনুমতি লাগত। পথের মাঝে ছিল সেতু। সেতুতে টোলব্যবস্থা ছিল। ইনকাসাম্রাজ্য দীর্ঘস্থায়ী ছিল না। সাম্রাজ্যের সময়কাল ১২০০ থেকে ১৫৩৩। ১৫৩৩ সালেই তো স্প্যানিশ লুটেরারা এল ... ইনকা সাম্রাজ্যের প্রতিষ্ঠাতার নাম মানকো কাপাক। তিনি ও তার বংশধরের সময়েই ইনকা জাতি রচেছিল দক্ষিণ আমেরিকার বিস্ময়কর সভ্যতা। ইনকারা ওদের রাজ্যকে বলত তাহুয়ানতিনসুইউ। মানে চতুস্কোন ভূমি।

ইনকা শাসকরা ছিলেন অভিজাত রাজকীয় বংশের। সম্রাটকে বলা হত ইনকা। পরে অবশ্য সভ্যতার নামই হয়ে যায় ইনকা। সম্রাটের অন্য নাম সাপা ইনকা। সাম্রাজ্য পরিচালনতা করত রাজকীয় পরামর্শসভা। পুরোহিত প্রাদেশিক শাসনকর্তা ও সেনাপতির সমন্বয়েই গড়ে উঠত রাজকীয় পরামর্শসভা। এরা সর্ম্পকে আত্মীয়। সম্রাটগন বিয়ে করতেন আপন বোনকে। পুত্রগনের মধ্যে উত্তরাধিকারী নির্বাচিত করতেন। সাধারণত বড় ছেলেই সম্রাট হত। ইনকা অভিজাতদেরও কাউন্সিল ছিল। তারা সাম্রাজ্য পরিচালনায় সাহায্য করত। সমস্যা হলে সম্রাট প্রধান পুরোহিত এর যিনি সাধারনত সম্রাটের আত্বীয় ছিলেন। এই চাচা কি ...অন্যকেউ ...যুদ্ধ পরিকল্পনায় সেনাপতিরা। সেনাপতিও বন্ধু কি আত্মীয়ই হত সম্রাটের ।ইনকা যোদ্ধারা অন্য নগর আক্রমন করে জয় করলেও স্থানীয় শাসনকর্তাকে হত্যা করত না যদি সে শাসনকর্তা ইনকা আইন মেনে চলত, বিদ্রোহ না করত, কর দিত আর শষ্য ভান্ডার মজুদ রাখত। ইনকাদের কর ব্যবহা ছিল কঠোর। মেয়েদের নির্দিস্ট পরিমানে কাপড় বুনতে হত। পুরুষেরা কাজ করত সৈন্যবিভাগে কি খনিতে। জনগনও কর দিতে হত। হাতে পয়সা না থাকলে রাষ্ট্রীয় কাজ করে শোধ করে দিত। কিংবা সুতা পোষাক তৈরি করে বিক্রি করে কর দিত। জনগনকে শষ্যের একাংশ রাখতে হত সংরক্ষণের জন্য। খাদ্যশষ্য মজুদের কলাকৌশল রপ্ত করেছিল বলেই ইনকা সভ্যতা নাকি অত উন্নত স্তরে পৌঁছেছিল-ঐতিহাসিকদের এই মত। সাম্রাজ্যজুড়ে ছিল স্টোরহাউজ। ৩ থেকে ৭ সাত বছরের খাদ্যশষ্য মজুত থাকত সেখানে। মাংসও শুকিয়ে নোনা করে রাখত।

চাষবাস হত উপত্যকায় আর পাহাড়ের ঢালে। ইনকাদের প্রধান খাদ্যই ছিল আলু ও ভূট্টা। আগেই বলেছি আমি মানবসভ্যতায় আলু ইনকাদের অবদান। আলু আর ভুট্টা ছাড়া খেত ওল। নীল শ্যাওলাও নাকি খেত । কাঁচা। চাষ করত মরিচ । মাংসের মধ্যে খেত গিনিপিগ ও লামার মাংস। সামুদ্রিক। মাছও খেত। সাম্রাজ্যের পশ্চিমে প্রশান্ত সাগর। আর বিখ্যাত হ্রদ টিটিকাকা। ভূট্টা পিষে এক ধরনের পানীয় তৈরি করে খেত ইনকারা। পানীয়ের নাম: চিচা।

RAISUL ISLAM HRIDOY

ইনকারা পোশাক তৈরি করত লামার উল দিয়ে। সুতির কাপড়ও পড়ত। অভিজাতরা ধাতুর ঝুলিয়ে রাখত। মেয়েরা একধরনের শাল পরত-নাম মানতাস। নারীপুরুষ উভয়ই পরত স্যান্ডেল।
সাধারন ইনকাদের বাড়িগুলো হত ছোট। সবাই একসঙ্গে থাকত। যৌথপরিবার আর কি। বাড়ি তৈরি করত পাথর ও মাটির ইট দিয়ে ... আর মেশাত ঘাসকাদা। ধনীরা অবশ্য বড়সরো পাথরের সুন্দর প্রাসাদে বাস করত। তাই তো হয়! এরাই ছিল উপত্যকার জমির মালিক।
বিয়েটাও ইনকাদের ভারি অদ্ভূত। ২০ বছরের আগেই ছেলেদের মেয়ে চয়েস করতে হত। নইলে তার জন্যই মেয়ে দেখত গার্জেনরা। কোনও কোনও মেয়েকে ছোট থাকতেই বাগদত্তা হতে হত।বিয়ের দিন বর কনের হাত ধরে চন্দন বিনিময় করত। এরপর ভোজ। নতুন দম্পতিকে অন্যরাই ঘরদোর তুলে দেয় । যতক্ষন না তারা নিজের পায়ে না দাড়াচ্ছে ।
বহুদেবতায় বিশ্বাসী ছিল ইনকারা। ভিরাকোকা ছিলেন প্রধান দেবতা। তিনিই ছিলেন ইনকাদের স্রষ্টা। আরেকজন দেবতার নাম ছিল ইনতি। ইনি ছিলেন সূর্যদেব। ইনকাদের বলা হয়: "সূর্যের সন্তান।" ইনকা শব্দটি এসেছে এই ইন্তি শব্দ থেকেই। ইনকারা সূর্যপূজক বলেই উচুঁ পাহাড়ের ওপর তৈরি করত পাথরের মঞ্চ। ইনতিহুয়াটানা। ইন্তি শব্দটা লক্ষ করুন।ইনকারা ছিল ধর্মপ্রাণ। তারা ভাবত যেকোনও মুহূর্তেই অমঙ্গল হতে পারে। কাজেই পুরোহিতদের ভূমিকা গুরুত্বপূর্ন ছিল ইনকা সমাজে। ইনকা সমাজে নারীপুরোহিতও ছিল।

ঁহাইলাইটস:-

- ইউফ্রেটিস ও তাইগ্রিস নদীর তীরে মেসোপটেমীয় সভ্যতা গড়ে উঠে।
- মেসোপটেমিয়া সভ্যতার অবস্থান ছিল বর্তমান ইরাকে।
- পৃথিবীর সবচেয়ে প্রাচীন সভ্যতা হলো মেসোপটেমিয়া সভ্যতা।
- মেসোপটেমিয়ায় গড়ে উঠা সবচেয়ে প্রাচীন সভ্যতা হলো সুমেরীয় সভ্যতা।
- সুমেরীয় সভ্যতার সবচেয়ে বেশি অবদান ছিল লিখন পদ্ধতি।
- ব্যাবিলিয়ন সভ্যতার স্থপতি হলো অ্যামেরাইট নেতা হাম্মুরাব্বী।
- ব্যাবিলয়ন সভ্যতার অবদান ছিল আইন প্রণয়ন।
- ব্যাবিলিয়ন সভ্যতা সর্ব প্রথম পুঞ্জিকার প্রচলন শুরু করেন।
- অ্যাসেরীয়রা বৃত্তে ৩৬০ ডিগ্রি কোণ আবিস্কার করেন।
- পৃথিবীর ইতিহাসে প্রথম গোলন্দাজ বাহিনীর গঠন করেন আসেরীয়রা।
- অ্যাসেরীয় সভ্যতার লোকেরা সর্বপ্রথম পৃথিবীকে অক্ষাংশ ও দ্রামিাংশে ভাগ করেছিল।

RAISUL ISLAM HRIDOY

- মিশর সভ্যতা গড়ে উঠে নীল নদের তীরে।
- মিশরীয় সভ্যতার প্রথম অবদান কৃষিকাজ।
- পিড়ামিড, লিখন পদ্ধতি, জ্যোতবিদ্যা মিশরীয় সভ্যতাদের অবদান।
- মিশরীয়দেরকে ইতিহাসে শ্রেষ্ঠ নির্মাতা বলা হয়।
- হেরোটোডাস মিশরকে নীল নদের দান বলে অভিহিত করেছেন।
- মিশরীয়রাই ৩৬৫ দিনে বছর এবং ৩০ দিনে মাসের গণনা শুরু করেন।
- সিন্ধু সভ্যতার সাথে সুমেরীয় সভ্যতার মিল রয়েছে।
- সিন্ধু সভ্যতা গড়ে উঠে পাকিস্তানের মহেঞ্জোদারো ও হরপ্পাতে।
- সিন্ধু সভ্যতায় পরিকল্পিত নগর ব্যবস্থার নির্দশন পাওয়া যায়।
- ১৯২২ সালে সিন্ধু সভ্যতা আবিস্কৃত হয়।
- স্যার রাখাল দাস বন্দোপাধ্যায়, স্যার জন মার্শাল ও দয়ারাম সাহনী সিন্ধু সভ্যতার আবিস্কারক।
- সিন্ধু সভ্যতায় প্রথম বাটখাড়ার ব্যবহার শুরু হয়।
- ক্যালেডিয় সভ্যতার নতুন নাম হলো নতুন ব্যাবিলিয়ন সভ্যতা।
- ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান হলো এই সভ্যতার অবদান।
- নেবুচাঁদ নেজার ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান তৈরি করে।
- ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান বর্তমানে ইরাকে অবস্থিত।
- সাত দিনে এক সপ্তাহ গণনা শুরু করেন ক্যালেডীয় সভ্যতার লোকেরা।
- জেরুজালেমকে কেন্দ্র করে হিব্র“ সভ্যতা গড়ে উঠে।
- পৃথিবীর প্রাচীনতম ভাষা হলো হিব্রু ভাষা।
- হিব্রু“ শব্দের অর্থ হলো যাযাবর।
- বর্তমান ইরান ছিল প্রাচীনকালে পারস্য নামে পরিচিত।
- পারস্য সভ্যতার অবদান ছিল ধর্ম সংস্কার।
- ফিনিশীয় সভ্যতার বড় অর্জন হলো লিখন পদ্ধতি আবিস্কার।
- ফিনিশীয়দের বর্ণমালা ছিল ২২টি।
- ফিনিশীয়দের আরো একটি অবদান ছিল নৌকা তৈরি ও ব্যবসা বাণিজ্য করা।

RAISUL ISLAM HRIDOY

☞প্রশ্নোত্তরে বিশ্ব সভ্যতার সংক্ষিপ্ত ইতিহাস"

বিসিএস ও ব্যাংকসহ বিভিন্ন নিয়োগ পরীক্ষার প্রিলিমিনারি এক্সামগুলোতে "বিশ্ব সভ্যতার ইতিহাস" থেকে কোন প্রশ্ন পড়লে মোটামুটি নিচেরগুলোই উল্টে পাল্টে পড়ে। সুতরাং অধিক গুরুত্ব দিতে দেখে নিতে পারেন নিচের প্রশ্নগুলো

প্রশ্ন: প্রাচীনতম সভ্যতাগুলো কি কি?
উঃ সিন্ধু সভ্যতা, মিসরীয় সভ্যতা, সুমেরীয় সভ্যতা, পারস্য সভ্যতা, ব্যাবিলনীয় সভ্যতা,রোমান সভ্যতা, ইজিয়ান সভ্যতা।
প্রশ্ন: বিশ্ব সভ্যতার কবে যাত্রা শুরু হয়?
উঃ খ্রিষ্টপূর্ব ৫০০০ অব্দ থেকে।
প্রশ্ন: পৃথিবীর প্রথম সভ্যতা বলা হয় কোন সভ্যতা কে?
উঃ মিশরীয় সভ্যতাকে।
প্রশ্ন: হোমো স্যাপিয়েন্স বা আধুনিক মানুষের উদ্ভব হয় কোন যুগে?
উঃ সেনোজোয়িক যুগে।
প্রশ্ন: আকৃতি ও প্রকৃতিগত দিক দিয়ে মাপনব জাতিকে কয় ভাগে ভাগ করা হয়েছে?
উঃ চার ভাগে, (অষ্ট্রেলয়েড, মঙ্গলয়েড, নিগ্রোয়েড ও ককেশীয়)
প্রশ্ন: পাথর যুগ কয় ভাগে বিভক্ত ও কি কি?
উঃ দুই ভাগে, যথা- পুরোপলীয় যুগ, নবোপলীয় যুগ।
প্রশ্ন: প্রচীন মিশরীয় সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেছিল?
উঃ নীলনদ
প্রশ্ন: মিশরে কোন সভ্যতার সূচনা ঘঠে?
উঃ নগর সভ্যতা।
প্রশ্ন: প্রথম পর্যায়ে মিশরীয় লিপি কি ছিল?
উঃ চিত্র ভিত্তিক।
প্রশ্ন: ফারাও খুফুর পিরামিডের উচ্চতা কত?
উঃ প্রায় চার’শ ফুট।
প্রশ্ন: প্রাচীন মিশরীয়দের মতে পাপ-পুণ্যের বিচার কে করবে?
উঃ ওসিরিস।
প্রশ্ন: হায়ারোগ্লিফিক কি?
উঃ মিশরীয় লিপি।

RAISUL ISLAM HRIDOY

প্রশ্ন: মেসোপটেমীর সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?

উঃ টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর তীরাঞ্চলে।

প্রশ্ন: সুমেরীয়, ব্যাবিলনীয়, আশেরীয়, ও ক্যালডীয় সভ্যতা কোন সভ্যাতার অন্তভুক্ত?

উঃ মেসোপটেমীয় সভ্যতা

প্রশ্ন: মেসোপটিমীয়ার সবচেয়ে প্রাচীন সভ্যতাটি গড়ে তুলেছিল কারা?

উঃ সুমেরীয়গণ।

প্রশ্ন: পাটিগণিতের গুন পদ্ধতি কারা আবিষ্কার করে?

উঃ মেসোপটেমীয়রা।

প্রশ্ন: সুমেরীয় সভ্যতার ধর্মীয় ও রাষ্ট্রীয় নেতাদের উপাধি কি ছিল?

উঃ পাতেজী।

প্রশ্ন: ব্যবিলনীয় সভ্যতার স্থপতি কে ছিলেন?

উঃ হাম্মুরাবি।

প্রশ্ন: ব্যবিলনীয় সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?

উঃ মেসোপটেমিয়ায়।

প্রশ্ন: নতুন ব্যবিলনীয় সভ্যতা কে গড়ে তুলেছিলেন?

উঃ নেবুচাদ নেজার।

প্রশ্ন: ব্যবিলনীয় শূন্যোদান কে তৈরী করেন?

উঃ নেবুচাদ নেজার।

প্রশ্ন: ব্যবিলনীদের প্রধান দেবতার নাম কি?

উঃ মারডক।

প্রশ্ন: ব্যবিলনীয়দের লিখন পদ্ধতির নাম কি?

উঃ কিউনিফর্ম।

প্রশ্ন: হাম্মুরাবি কোন সভ্যতার আইনবিদ ছিলেন?

উঃ ব্যবলনীয় সভ্যতার।

প্রশ্ন: আশেরীয় সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেছিল?

উঃ টাইগ্রিস।

প্রশ্ন: কারা প্রথম বৃত্তকে ৩৬০ ডিগ্রীতে ভাগ করে?

উঃ আশেরীয়গণ।

প্রশ্ন: কারা প্রথম অক্ষাংশ ও দ্রাঘিমাংশ ভাগ করেছিলেন?

RAISUL ISLAM HRIDOY

উঃ আশেরীয়গণ।

প্রশ্ন: কারা সর্বপ্রথম লোহার অস্ত্র তৈরী করে যুদ্ধে ব্যবহার করে?

উঃ আশেরীয়গণ।

প্রশ্ন: আশেরীয়দের সূর্য দেবতার নাম কি?

উঃ শামস।

প্রশ্ন: কত খিষ্ট্রপূর্বে আশেরীয়দের সভ্যতা ধ্বংশ হয়?

উঃ ৬১২ খ্রিষ্টপূর্বে।

প্রশ্ন: কিভাবে আশেরীয় সভ্যতা ধ্বংশ হয়?

উঃ প্রতিবেশী রাজ্যগুলোর আক্রমনের মুখে।

প্রশ্ন: ক্যালডীয় সভ্যতা গড়ে তুলেছিলেন কে?

উঃ সম্রাট নেবুচাদ নেজার।

প্রশ্ন: ক্যালডীয় প্রধান দেবতার নাম কি?

উঃ জুপিটার।

প্রশ্ন: কোন সভ্যতার লোকেরা আকাশের গ্রহকে দেবতা মনে করত?

উঃ ক্যালডীয়রা।

প্রশ্ন: কারা প্রথমে সপ্তাহকে সাত দিনে বিভক্ত করেন?

উঃ ক্যালডীয়রা।

প্রশ্ন: কারা প্রথম বছরের দৈর্ঘ্য বের করেন?

উঃ ক্যালডীয়রা।

প্রশ্ন: ক্যালডীয়রা জ্যোতিবিজ্ঞানীগণ কয়টি নক্ষত্র পুঞ্জের সন্ধান পান?

উঃ ১২ টি

প্রশ্ন: ক্যালডীয় সভ্যতার পতন ঘটেছিল কিভাবে?

উঃ পারস্য আক্রমনের ফলে।

প্রশ্ন: লৌহার ব্যবহার কারা শুরু করে?

উঃ হিট্রইটরা।

প্রশ্ন: এশিয়ার মাইনরে লৌহযুগের সূত্রপাত ঘঠে কবে?

উঃ খিষ্ট্রপূর্বে ১২০০ অব্দে।

প্রশ্ন: সিন্ধু সভ্যতার নিদর্শন কত খিষ্ট্রাব্দে আবিষ্কৃত হয়?

উঃ ১৯২১ খিষ্ট্রাব্দে।

RAISUL ISLAM HRIDOY

প্রশ্ন: মোহেনজোদারো ও হরপ্পা শহর দুটি কবে আবিষ্কৃত হয়?
উঃ ১৯২১-২২ সালে।
প্রশ্ন: কারা সিন্ধু সভ্যতা গড়ে তুলেছিলেন?
উঃ দ্রাবিড়বা
প্রশ্ন: মোহেনজোদারো ও হরপ্পা কোন সভ্যতায় অবস্থিত?
উঃ সিন্ধু সভ্যতায়।
প্রশ্ন: সিন্ধু সভ্যতা কখন পতন ঘটে?
উঃ ১৭৫০ খ্রিষ্টপূর্বাব্দে।
প্রশ্ন: প্রত্নতত্ত্ববিদদের মতে সিন্ধু সভ্যতা পতনের কারণ কি?
উঃ প্রলয়ঙ্করী বন্যা।
প্রশ্ন: সিন্ধুদের তীরে প্রথম মাটি খুঁড়ে প্রথম কোন শহরটি খোঁজ পাওয়া যায়?
উঃ হরপ্পা নগরী।
প্রশ্ন: ভারতীয় সভ্যতাটি সিন্ধু সভ্যতা নামে পরিচিত কেন?
উঃ সিন্ধু নদের তীরে গড়ে উঠেছে বলে।
প্রশ্ন: মূল সিন্ধু নদের তীরে কত এলাকা জুড়ে মহেঞ্জোদারো নগরী গড়ে উঠেছিল?
উঃ এক মাইল।
প্রশ্ন: মহেনজোদারো পাকিস্তানের কোন জেলায় অবস্থিত?
উঃ লারকানা জেলায়।
প্রশ্ন: প্রাচীন সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের শ্রেষ্ঠতম পরিচয় কি?
উঃ নাবিক ও জাহাজ নির্মাতা হিসেবে।
প্রশ্ন: সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান কি?
উঃ বর্ণমালার উদ্ভাবন।
প্রশ্ন: কারা ফিনিশীয়দের উদ্ভাবিত বর্ণমালার সাথে স্বরবর্ণ যোগ করে বর্ণমালাকে সম্পূর্ণ করেন?
উঃ গ্রীকরা।
প্রশ্ন: ইউরোপীরা কাদের কাছ থেকে কলম, কালি ও কাগজের ব্যবহার শিখে? উঃ ফিনিশীয়।
প্রশ্ন: কত খ্রিষ্টপূর্বে পারস্য সম্রাজ্য গড়ে উঠে?
উঃ ৬০০ খ্রিষ্ট্রপূর্ব।
প্রশ্ন: গ্রীক বীর আলেকজান্ডার কবে পারস্য সম্রাজ্য অধিকার করেন?
উঃ ৩৩০ খ্রিষ্টপূর্বে।

RAISUL ISLAM HRIDOY

প্রশ্ন: পারস্য সাম্রাজ্যের অপর নাম কি?

উঃ একমেনিড সাম্রাজ্য।

প্রশ্ন: কে পারসীয় দিনপুঞ্জী তৈরী করেন?

উঃ দারিয়ুস।

প্রশ্ন: পারস্য স্থাপত্যের গুরুত্বপূর্ণ নিদর্শন কোনটি?

উঃ কাইরাসের সমাধি।

প্রশ্ন: পারস্য ইতিহাসের সবচেয়ে সফল শাসক কে?

উঃ দানিয়ুব।

প্রশ্ন: পারসীয়রা লিপি লিখনে কয়টি কিউনিফর্ম চিহ্ন ব্যবহার করত?

উঃ ৩৯ টি।

প্রশ্ন: পারস্য সভ্যতার লিখন পদ্ধতিতে কয়টি ভাষার প্রচলন ছিল?

উঃ ২ টি

প্রশ্ন: কারা ১২ মাসে ১ বছর ও ৩০ দিনে ১ মাস গণনার রীতি প্রবর্তন করেন?

উঃ পারসীয়রা।

প্রশ্ন: হিব্রুদের আদি বাস কোথায় ছিল?

উঃ আরব মরুভূমিতে।

প্রশ্ন: ঈশ্বরের আরাধনার কথা প্রথম প্রচার করেন কারা?

উঃ হিব্রুরা।

প্রশ্ন: হিব্রু বিশ্বাস কোন ধর্মের ভিত্তি তৈরী করেছিল?

উঃ খিষ্ট্রান ধর্মের।

প্রশ্ন: বর্তমান ইসরাইলের অধিবাসীরা কাদের বংশধর ছিলেন?

উঃ হিব্রুদের।

প্রশ্ন: হিব্রু প্রথম ধর্মীয় নেতা কে ছিলেন?

উঃ সোমটিক।

প্রশ্ন: চীনের নগর সভ্যতা গড়ে উঠেছিল কখন?

উঃ প্রায় চার হাজার বছর আগে।

প্রশ্ন: চৈনিক সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?

উঃ হোয়াংহো, ইয়াংসিকিয়াং ও দক্ষিন চিনে।

প্রশ্ন: চৌ রাজাদের আধিপত্য চীনে কত বছর টিকেছিল?

RAISUL ISLAM HRIDOY

উঃ ৮৭৩ বছর।

প্রশ্ন: চীনের ইতিহাসে সবচেয়ে প্রভাবশালী দার্শনিক কে ছিলেন?

উঃ কনফুসিয়াস।

প্রশ্ন: চীনে শাং যুগ কবে শুরু হয়ে ছিল?

উঃ ১১২২ খ্রিষ্টাব্দে।

প্রশ্ন: কোন নদীর তীরে শাং রাজারা সভ্যতা গড়ে তুলে?

উঃ হোয়াংহো।

প্রশ্ন: শাঙ যুগে কিসের জিনিস ব্যবহৃত হত?

উঃ ব্রোঞ্জের।

প্রশ্ন: চীনা জনগোষ্ঠী মূলত কোন গোষ্ঠীর বংশোদ্ভূত?

উঃ মঙ্গোলীয়।

প্রশ্ন: ইজিয়ান সভ্যতা উঠেকোন অঞ্চলকে নিয়ে?

উঃ ইজিয়ন সাগরের তীরবর্তী পূর্ব বলকান অঞ্চল।

প্রশ্ন: ইজিয়ান সভ্যতার বিকাশ হয় কোন সময়কালে?

উঃ খ্রিষ্টপূর্ব ৪০০০ অব্দে।

প্রশ্ন: ইজিয়ান সভ্যতার তথ্য কোথা থেকে পাওয়া যায়?

উঃ গ্রীক কবি হোমারের ইলিয়ড ও ওডেসী কাব্যে।

প্রশ্ন: ট্রয়, মাইসেনীয়, টিরিনস অঞ্চলের নগরীর ধ্বংসাবশেষ কে আবিস্কার করেন?

উঃ জার্মান পূরাতাত্ত্বিক হাইনরিখ শ্লিম্যান।

প্রশ্ন: ইউরোপের কোন অঞ্চলের মানুয়েরা প্রথম ধাতুর যুগে প্রবেশ করে?

উঃ পূর্ব বলকান অঞ্চলের মানুষ।

প্রশ্ন: কত খিষ্ট্রাব্দে ইজিয়ান সভ্যতার পতন ঘঠে?

উঃ ১২০০ খিষ্টপূর্বাব্দে।

প্রশ্ন: গ্রীক ও অগ্রীক সংস্কৃতির মিশ্রণে মিশরের আলেকজান্দ্রিয়াকে কেন্দ্র করে যে নতুন সংস্কৃতির জন্ম হয় তার নাম কি?

উঃ হেলেনিষ্টিক সংস্কৃতি।

প্রশ্ন: গ্রীকের ইতিহাসে ১১০০ থেকে ৭৫০ খিষ্ট্রপূর্বাব্দ পর্যন্ত সময়কাল কি নামে পরিচিত ছিল?

উঃ হোমারীয় যুগ।

প্রশ্ন: ইতিহাসের জনক বলা হয় কাকে?

RAISUL ISLAM HRIDOY

উঃ গ্রীক ইতিহাসবেত্তা হেরোডোটাস।

প্রশ্ন: বৈজ্ঞানিক ইতিহাসের কাকে জনক বলা হয়?

উঃ থুকিডাইডিস।

প্রশ্ন: পৃথিবীর মানচিত্র কারা প্রথম অঙ্কন করেন?

উঃ গ্রীক বিজ্ঞানীরা।

প্রশ্ন: কার শাসন আমলে গ্রীসে অলিম্পিকের যাত্রা শুরু হয়?

উঃ রাজা ইফিটাস।

প্রশ্ন: কারা ব্যঞ্জনবর্ণের সাথে স্বরবর্ণ যোগ করেছিলেন?

উঃ গ্রীকরা।

প্রশ্ন: গ্রীসে অলিম্পিকের যাত্রা শুরু হয় কখন?

উঃ ৭৭৬ খ্রিষ্টপূর্ব।

প্রশ্ন: হেলেনিষ্টিক সভ্যতার উৎপত্তি ও বিকাশে কার ভূমিকা প্রধান?

উঃ ম্যাসিডোন অধিপতি আলেকজান্ডার দ্য গ্রেট।

প্রশ্ন: আলেকজান্ডারের শিক্ষাগুরু ছিলেন কে?

উঃ প্লেটোর শিষ্য বিখ্যাত দার্শনিক এরিষ্টটল।

প্রশ্ন: পৃথিবীর প্রাচীনতম বিশ্ববিদ্যালয় কোনটি?

উঃ লাইসিয়াম বিশ্ববিদ্যালয়।

প্রশ্ন: লাইসিয়াম বিশ্ববিদ্যালয় কে স্থাপন করেন?

উঃ গ্রীক দার্শনিক এরিষ্টটল।

প্রশ্ন: হেলেনিষ্টিক সভ্যতার বিলুপ্তি ঘটে কোন সময়?

উঃ খ্রিষ্ট্রপূর্ব ৩১ অব্দে।

প্রশ্ন: কোন সম্রাট খ্রিষ্টধর্মকে রোমের রাষ্ট্রধর্মের মর্যাদা দেন?

উঃ কনস্টানটাইন

প্রশ্ন: রোমের প্রধান দেবতার নাম কি?

উঃ জুপিটাস।

প্রশ্ন: সর্বপ্রথম রোমান আইন সংকলন করা হয় কিসে?

উঃ ১২ টি বোঞ্জ পাতে।

প্রশ্ন: রোমান সভ্যতার পতন ঘটে কবে?

উঃ ৪৭৬ খ্রিষ্টাব্দে।

RAISUL ISLAM HRIDOY

প্রশ্ন: কার শাসন আমলে রোমে দাসত্ব প্রথার বিলুপ্তি ঘটে?

উঃ অগাষ্টাসের।

প্রশ্ন: ইসলামের আবির্ভাব ঘটে কোন সময়কালে?কি

উঃ সপ্তম শতাব্দিতে।

প্রশ্ন: আরাবাত শব্দের অর্থ কি?

উঃ বৃক্ষলতাহীন মরুভূমি।

প্রশ্ন: ইসলামের সর্বপ্রথম ঘর কোনটি?

উঃ কাবা।

প্রশ্ন: কাবাগৃহে মোট কতটি দেব-দেবীর মূর্তি ছিল?

উঃ ৩৬০ টি।

প্রশ্ন: হুদাইবিয়া কিসের নাম?

উঃ একটি কূপের নাম।

প্রশ্ন: দারুল নদওয়া কি?

উঃ কুরাইশদের মন্ত্রনা গৃহ।

প্রশ্ন: ইসলামের ইতিহাসে আনসার নামে কারা অবহিত?

উঃ মদীনার স্বার্থ ত্যাগী মুসলমানদের।

প্রশ্ন: কবে থেকে হিজরী গনণা শুরু হয়?

উঃ ৬২২ সাল থেকে।

প্রশ্ন: কার সময় থেকে হিজরী সাল গনণা শুরু হয়?

উঃ হযরত ওমর (রা)।

প্রশ্ন: ইসলামের সর্বপ্রথম মসজিদ কোথায় নির্মিত হয়?

উঃ কুবায়।

প্রশ্ন: ইসলামের সর্বপ্রথম শিক্ষাকেন্দ্র কোনটি?

উঃ দারুল আরাকাম, মদীনা।

প্রশ্ন: দক্ষিন আমেরিকায় কোন সভ্যতা গড়ে উঠেছিল?

উঃ ইনকা সভ্যতা।

প্রশ্ন: ইনকা সভ্যতার স্থপতি কে ছিলেন?

উঃ মানকো কাপেন।

প্রশ্ন: সর্বপ্রথম কারা জল সেচের পদ্ধতি আবিষ্কার করেছিলেন?

RAISUL ISLAM HRIDOY

উঃ ইনকা রা।

প্রশ্ন: কত শতাব্দীতে ইনকা সভ্যতা ধ্বংস হয়?

উঃ ষোড়শ শতাব্দীতে।

আদিবাসী গোষ্ঠী

আদিবাসী সম্প্রদায়	**দেশের নাম**	**তথ্য**
Zulu (জুলু)	দক্ষিণ আফ্রিকা	
Pygmy (পিগমি)	মধ্য আফ্রিকা	পৃথিবীর সবচেয়ে খর্বকায়
Maasi (মাসাই)	কেনিয়া, তাঞ্জানিয়া	
Maori (মাওরি)	নিউজিল্যান্ড	
Kurdi (কুর্দি)	ইরান, ইরাক, সিরিয়া, তুরস্ক	
Afridi (আফ্রিদি)	পাকিস্তান	
Gurkha (গুর্খা)	নেপাল	
Toda (টোডা)		সমাজে বহুস্বামী ভিত্তিক পরিবার দেখা যায়।
Naga (নাগা)		
Dravidian (দ্রাবিড়)	ভারত	সাধারণভাবে দ্রাবিড়িয়ান ভাষাসমূহে (তেলেগু, কর্ণাটক, মালায়ালাম

RAISUL ISLAM HRIDOY

		প্রভৃতি) কথা বলে এমন জনগোষ্ঠীকে দ্রাবিড় বলে।
Bedya (বেদে)	ভারতীয় উপমহাদেশ	যাযাবর জাতি বিশেষ
Eskimos (এস্কিমো)	সার্বিয়া (রাশিয়া), আলাস্কা (যুক্তরাষ্ট্র), কানাডা, গ্রীনল্যান্ড	এস্কিমোরা শিকারের জন্য কুকুর চালিত যে গাড়ি ব্যবহার করে তার নাম স্লেজ (Sledge)। স্লেজ গাড়ি চালাতে Siberian Huskies বা Alaskan malamutes কুকুর ব্যবহৃত হয়।
Red Indian (রেড ইন্ডিয়ান)	আমেরিকা	আমেরিকার আদি অধিবাসী
হুট ও টুটসি	রুয়ান্ডা	রুয়ান্ডা ক্ষমতার লড়াইয়ে লিপ্ত দুটি প্রধান উপজাতি।

আদি মানব

Java Man (জাভা মানব)

১৮৯১ সালে ইন্দোনেশিয়ার অর্ন্তগত পূর্ব জাভার সোলো নদীর তীরে প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি আবিষ্কৃত হয়। এই আদি মানবের নাম দেওয়া হয় 'জাভা মানব'।

Heidelberg Man (হেইডেলবার্গ মানব)

১৯০৭ সালে জার্মানির হেইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের জনিক অধ্যাপক প্রাগৈতিহাসিক মানুষের নিচের চোয়ালের হাড় আবিষ্কার করেন এবং নামকরণ করেন 'হেইডেলবার্গ মানব'।

RAISUL ISLAM HRIDOY

Peking Man (পিকিং মানব)

১৯২৯ সালে পিকিংয়ের (আধুনিক বেইজিং) নিকট পাওয়া যায় প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি। এ আদি মানুষের নাম দেওয়া হয় 'পিকিং মানব'।

Lucy (অস্ট্রালোপিতিসিন্স লুসি)

১৯৭৪ সালের ২৪ নভেম্বর ইথিওপিয়ার ৩.২ মিলিয়ন বছরের পুরোনো কংকাল আবিষ্কৃত হয়। কংকালটির নামকরণ করা হয় লুসি (Lucy)। এর স্পেসিসঃ Australopithecus afarensis।

RAISUL ISLAM HRIDOY

বিভিন্ন সভ্যতার অবদান :

বিভিন্ন সভ্যতা ও গুরুত্বপূর্ণ তথ্য		অবদান
গ্রিক সভ্যতা  নদীর তীরে গড়ে ওঠেনি		প্রথম নগর রাষ্ট্রের উদ্ভব জ্যামিতি (উপপাদ্য), চিকিৎসা
মিশরীয় সভ্যতা নীলনদের তীরে রাজাদের উপাধি- ফারাও		কৃষিকাজ (বাঁধ দিয়ে কৃষিকাজ) পিরামিড (মমি- মৃতদেহ সংরক্ষণের পদ্ধতি) লিখন পদ্ধতি (হায়ারোগ্লিফিক) জ্যোতির্বিদ্যা এক ঈশ্বরের ধারণা (ফারাও ইখনাটন)
মেসোপটেমীয় সভ্যতা	সুমেরীয়	লিখন পদ্ধতি (কিউনিফর্ম)

 ইউফ্রেটিস ও টাইগ্রিস (দজলা ও ফোরাত) নদীর তীরে মেসোপটেমিয়া- ইরাক পৃথিবীর প্রাচীনতম সভ্যতা ৪টি পর্যায়	ব্যাবিলনীয় স্থপতি- হাম্মুরাবি	আইন প্রণয়ন (হাম্মুরাবির আইন) পঞ্জিকা
	অ্যাসেরীয়	৩৬০° কোণ অক্ষাংশ ও দ্রাঘিমাংশ
	ক্যালডীয় নতুন ব্যাবিলনীয় সভ্যতা	ব্যাবিলনের শূণ্য উদ্যান (নির্মাতা- নেবুচাঁদ নেজার) (অবস্থান- ইরাক) ৭ দিনে সপ্তাহ
সিন্ধু সভ্যতা পাকিস্তানের মহেঞ্জোদারো ও হরপ্পা ভারতীয় উপমহাদেশের প্রাচীন সভ্যতা আবিষ্কারক- রাখাল দাস বন্দ্যোপাধ্যায়, স্যার জন মার্শাল ও দয়ারাম সাহনী দ্রাবিড় জাতি সিন্ধু নদীর তীরে		
হিব্রু সভ্যতা জেরুজালেম নগরকেন্দ্রীক পৃথিবীর প্রাচীনতম ভাষা		ধর্ম প্রচার
		ধর্ম সংস্কার (জরথ্রুস্টবাদ)

RAISUL ISLAM HRIDOY

পারস্য সভ্যতা  পারস্য- বর্তমান ইরান	
ফিনিশীয় সভ্যতা 	বর্ণমালা উদ্ভাবন নৌকা তৈরি ব্যবসা-বাণিজ্য

উপমহাদেশে আলেকজান্ডারের আগমন

- ⌘ আলেকজান্ডার- গ্রিসের অধিবাসী
- ⌘ আলেকজান্ডার- মেসিডোনিয়ার রাজা
- ⌘ প্রথম আক্রমণ করেন- হিন্দুকুশ পর্বত
- ⌘ ভারত আক্রমণে সৈন্যসংখ্যা- ৪০ হাজার
- ⌘ আলেকজান্ডারের গৃহশিক্ষক- এরিস্টটল

RM HRIDOY

নক্ষত্রমন্ডলী

যে সব জ্যোতিষ্কের নিজের আলো আছে তাদের নক্ষত্র বলে। নক্ষত্র হলো জ্বলন্ত গ্যাসপিন্ড যা হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাসের তৈরি।এই গ্যাস প্রায় ৬০০০° সেলসিয়াস তাপমাত্রায় জ্বলছে। পৃথিবী ও নক্ষত্রের মধ্যে এবং নক্ষত্র ও নক্ষত্রদের পরস্পরের মধ্যে এতবেশি দূরত্ব যে তা কিলোমিটারে প্রকাশ করা যায়না। এদের দূরত্ব আলোক বর্ষ আকারে মাপা হয়।

আলো প্রতি সেকেন্ডে ৩ লক্ষ কি.মি. অতিক্রম করে ।এই বেগে এক বছরে যে পরিমান দূরত্ব অতিক্রম করে তাকে এক আলোক বর্ষ বলে।

মেঘমুক্ত অন্ধকারে রাতে আকাশের দিকে তাকালে মনে হয় কয়েকটি নক্ষত্র বিশেষ আকৃতিতে মিলে জোট বেঁধেছে । এই জোটকে নক্ষত্রমন্ডলী বলে।প্রাচীন জ্যোর্তিবিজ্ঞানীরা এদের আকৃতি অনুযায়ী বিভিন্ন নাম দিয়েছে। এগুলো হলো *সপ্তর্ষিমন্ডল*(Great bear), কালপুরুষ (Orion), ক্যাসিত্তপিয়া (Cassiopeia), *লঘুসপ্তর্ষি*(Little Bear), বৃহৎ কুক্করমন্ডল (Canis Major) ইত্যাদি।

উত্তর আকাশের কাছাকাছি যে সাতটি উজ্জ্বল নক্ষত্র দেখা যায় তার নাম সপ্তর্ষিমন্ডল। সাতজনঋষির নাম অনুসারে এরা পরিচিত। জ্যামিতিক রেখা দিয়ে এদের যুক্ত করলে প্রশ্নবোধক (?) চিহ্নের মত দেখায়।

কালপুরুষকে তীর *ধনুক হাতে শিকারীর*মত দেখায়।কালপুরুষকে *আদমসুরুত*বলা হয়।

সূর্য

সৌরজগতের কেন্দ্রে রয়েছে সূর্য।সৌরজগতের সকল গ্রহ ও উপগ্রহের নিয়ন্ত্রক এটি ও একটি উজ্জল নক্ষত্র। সূর্য পৃথিবী অপেক্ষা **১৩** লক্ষ গুন বড়। পৃথিবী হতে এটি প্রায় **১৫** কোটি কি:মি: দূরে এবং আলো আসতে সময় লাগে প্রায় **৮** মিনিট **১৯** সেকেন্ড বা **৮** মিনিট **৩২** সেকেন্ড। এর ব্যাস প্রায় **১৩** লক্ষ **৮৪** হাজার। সূর্যের উপরিভাগের উষ্ণতা **৫৭০০০°**সেলসিয়াস।শতকরা **৫৫** ভাগ হাইড্রোজেন,শতকরা ৪৪ ভাগ হিলিয়াম এবং শতকরা ১ ভাগ অন্যান্য গ্যাসে সূর্য গঠিত। সূর্যের কোনো কঠিন বা তরল পদার্থ নেই।সূর্যের মাঝে যে কালো দাগ দেখা যায় তাকে **সৌরকলঙ্ক** (sun spot) বলে। সূর্য প্রায় **২৫** দিনে নিজ অক্ষের উপর একবার আবর্তন করে এবং বৃহৎ বৃত্তাকার পথে প্রায় **২০** কোটি বছরের ব্যবধানে আপন গ্যালাক্সির চারদিকে পরিক্রমন করে।

RAISUL ISLAM HRIDOY

গুরত্বপূর্ণ তথ্য

- সূর্য মাঝারি আকারের হলুদ বর্ণের নক্ষত্র।
- ভর প্রায় 1.99×10^{13}কিলোগ্রাম।
- সূর্যের নিকটতম নক্ষত্র প্রক্সিমা সেনটোরাই (Proxima Centauri)।পৃথিবী হতে দূরুত্ব প্রায় ৪.২ আলোকবর্ষ দূরে।

ধূমকেতু

মহাকাশে মাঝে মাঝে একপ্রকার জ্যোতিষ্কের আবির্ভাব ঘটে। এদের একটি মাথা ও একটি লেজ আছে। এসব জ্যোতিষ্ককে ধূমকতু বা Comet বলে। ধূমকেতু আকাশের এক অতি বিস্ময়কর জ্যোতিষ্ক।সূর্যের নিকটবর্তী হলে এদের দেখা যায়। জ্যোতিবিজ্ঞানী এডমন্ড হ্যালি যে ধূমকেতু আবিষ্কার করেন তা হ্যালির ধূমকেতু নামে পরিচিত। হ্যালির ধূমকেতু ৭৬ বছরে একবার দেখা যায়। এই ধূমকেতু ২৪০ খ্রিষ্টপূর্ব অব্দ থেকে দেখা যায় এবং সর্বশেষ ১৯৮৬ সালে হ্যালির ধূমকেতু দেখা যায়।

- বিগত শতাব্দির সবচেয়ে উজ্জ্বল ধূমকেতু হেলবপ।এটি জ্যোর্তিবিজ্ঞানী এলান হেল এবং টমাস বপ ১৯৯৫ সালে ধূমকেতুটি আবিষ্কার করেন।
- ২০৬২ তে আবার হ্যালির ধূমকেতু আবার দেখা যাবে।

RAISUL ISLAM HRIDOY

গ্যালাক্সি

মহাকাশে গ্রহ, নক্ষত্র, ধূলিকণা, ধূমকেতু নিয়ে বাষ্পকুন্ডের একবিশাল সমাবেশকে গ্যালাক্সি(Galaxy) বা নক্ষত্রজগৎ বলে।

মহাকাশে একশত বিলিয়ন গ্যালাক্সি আছে। এদের আকার আকৃতি বিভিন্ন রকমের।তবে অধিকাংশ সর্পিলাকার বা উপবৃত্তাকার।সর্পিলাকার গুলো বৃহৎ কিন্তু উপবৃত্তাকার গুলো বেশি উজ্জ্বল হয়।

নীহারিকা

নীহারিকা বা Nebulac হলো মহাকাশে স্বল্পালোকিত তারকার আস্তরণ। যে সব নীহারিকা গ্যাসে পরিপূর্ণ সেগুলো হলো গ্যাসীয় নীহারিকা।নীহারিকা ধূলিকণা, হাইড্রোজেন গ্যাস এবং প্লাজমা দ্বারা গঠিত এক ধরণের আন্তঃনাক্ষত্রিক মেঘ। নীহারিকা ছিল ছায়াপথসহ যে কোন ধরণের বিস্তৃত জ্যোতি বৈজ্ঞানিক বস্তুর সাধারণ নাম যা আকাশগঙ্গার বাইরে অবস্থিত।

২৬ নভেম্বর ১৬১০ সালে, নিকোলাস ফাবরি নামক এক ফরাসি ব্যক্তি টেলিস্কোপ দ্বারা কালপুরুষ নীহারিকা আবিষ্কার করেন। ১৬১৮ সালে যোহান ব্যাপটিস্ট নামক ব্যক্তি কালপুরুষ নীহারিকাটি পর্যবেক্ষণ করেন।কালপুরুষ নীহারিকাটি সম্পর্কে পুরোপুরি জানা যায় ১৬৫৯ সালে। ক্রিশ্চিয়ান হওজেন নামক এক ব্যক্তি এই সম্পর্কে বিস্তারিত বর্ননা করেন।

উল্কা

রাতের মেঘমুক্ত আকাশে অনেকসময় মনে হয় যেন নক্ষত্র ছুটে যাচ্ছে বা মনে হয় কোনো নক্ষত্র যেন এইমাত্র খসে পড়ল। এই ঘটনাকে নক্ষত্র পতন বা তারা খসা বলে।মহাশূন্যে অজস্র জড় পিন্ড ভেসে বেড়ায়। এই জড়পিন্ডগুলো অভিকর্ষ বলের আকর্ষণে প্রচন্ড গতিতে (সেকেন্ডে প্রায় ৩ কিঃমি) পৃথিবীর দিকে ছুটে আসে। বায়ুর সংস্পর্শে এসে বায়ুর সঙ্গে ঘর্ষনের ফলে এরা জ্বলে উঠে। এগুলোকে উল্কা বা Meteor বলে।বেশির ভাগ উল্কাপিন্ডই আকারে বেশ ক্ষুদ্র।

সব উল্কার বেশীরভাগই গ্রহানু বা ধূমকেতুর অংশবিশেষ। বাকী অংশ মহাজাগতিক বস্তুর সংঘর্ষের ফলে সৃষ্ট ধ্বংসাবশেষ। যখন কোন উল্কা পৃথিবীর বায়ুমন্ডলে প্রবেশ করে তখন এর গতিবেগ প্রতি সেকেন্ডে ২০ কিমি বৃদ্ধিপ্রাপ্ত হয় (৭২,০০০ কিমি/ঘন্টা; ৪৫,০০০ মাইল/ঘন্টা।)। এসময়ে এ্যারোডাইনামিক্স তাপের কারনে উজ্জ্বল আলোক ছটার সৃষ্টি হয়। এই বাহ্যমূর্তীর কারনে একে তারা খসা (Shooting Star) বলে। কিছু কিছু উল্কা একই উৎস হতে উৎপন্ন হয়ে বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র অংশে ভেঙে প্রজ্জ্বলিত হয় যাকে উল্কা বৃষ্টি বলা হয়।

RAISUL ISLAM HRIDOY

গ্রহ

মহাকর্ষ বলের প্রভাবে মহাকাশে কতগুলো জ্যোতিষ্ক সূর্যের চারদিকে নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট কক্ষপথে পরিক্রমণ করছে এদের গ্রহ বলে। গ্রহের নিজস্ব আলো ও তাপ নেই।এরা নক্ষত্র থেকে আলো এবং তাপ পায়।এরা তারার মত মিটমিট করে জ্বলেনা। সৌরজগতের গ্রহের সংখ্যা ৮ টি। এগুলো হলোঃ

১। **বুধঃ** সৌরজগতের সবচেয়ে ছোট ও সূর্যের নিকটতম গ্রহ হলো বুধ বা Mercury। এর ব্যাস ৪৮৫০ কিঃমিঃ এবং ওজন পৃথিবীর ৫০ ভাগের ৩ ভাগ। সূর্যের চারদিকে পদক্ষিন করতে সময় লাগে ৮৮ দিন।সূর্য হতে ৫.৮ কোটি কিঃমিঃ দূরে। কোন উপগ্রহ নেই।চাঁদের মত ভূ-ত্বকে গর্ত ও পাহাড় আছে। রোমান বানিজ্য দেবতার নাম অনুসারে বুধের নামকরণ করা হয়।

২। **শুক্রঃ** শুক্র বা Venus গ্রহকে আকাশে ভোররাতে শুকতারা বা সন্ধার আকাশে সন্ধাতারা হিসেবে দেখা যায়। ঘন মেঘে ঢাকা থাকে। এর উপর হতে সূর্যকে কখনো দেখা যায়না কারন বায়ুমন্ডল প্রধানত কার্বন ডাই অক্সাইডের তৈরি। কার্বন ডাই অক্সাইডের পরিমান প্রায় ৯৬ ভাগ। এটি সৌরজগতের সবচেয়ে উজ্জ্বল ও উত্তপ্ত গ্রহ। সূর্য হতে শুক্রের দূরত্ব ১০.৮ কোটি কিঃমিঃ।দিন রাতের তারতম্য নেই। এখানে এসিড বৃষ্টি হয়। পৃথিবী হতে ৪.৩ কোটি কিঃমিঃ দূরে। এর ব্যাস ১২১০৪ কিঃমিঃ। সূর্যকে প্রদক্ষিণ করতে সময় লাগে ২২৫ দিন। সকল গ্রহ নিজ অক্ষের উপর পশ্চিম হতে পূর্বে পাক খেলেও এটি পূর্ব হতে পশ্চিমে পাক খায়। শুক্র খুব ধীরে নিজ অক্ষে প্রদক্ষিন করে বলে বছরে মাত্র দুইবার সূর্য উদিত হয় ও অস্ত যায়। একে পৃথিবীর জমজ গ্রহ বলা হয়।শুক্রের নামকরণ করা হয় রোমান ভালোবাসা এবং সৌন্দর্যের দেবীর নামে।

৩। **পৃথিবীঃ** পৃথিবী সূর্যের তৃতীয় নিকটতম গ্রহ। সূর্য হতে পৃথিবীর দূরত্ব ৯৩ মিলিয়ন মাইল বা ১৫ কোটি কিঃমিঃ। এর ব্যাস ১২৬৬৭ কিঃমিঃ। পৃথিবী ৩৬৫ দিন ৫ ঘন্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ডে সূর্যকে একবার প্রদক্ষিন করে। এখানে প্রয়োজনীয় অক্সিজেন ও নাইট্রোজেন আছে।গড় তাপমাত্রা ১৩.৯০ ডিগ্রি সেলসিয়াস। চাঁদ একমাত্র উপগ্রহ। চাঁদের দূরত্ব ৩৮১৫০০ কিঃমিঃ। পৃথিবীকে ২৯ দিন ১২ ঘন্টায় বা ২৭ দিনে একবার পরিক্রমণ করে।আনুমানিক বয়ষ ৪৫০ কোটি বছর।

৪। **মঙ্গলঃ** পৃথিবীর সবচেয়ে নিকটতম গ্রহ মঙ্গল বা Mars । পৃথিবী হতে সূর্য হতে প্রায় ২২.৮ কোটি কিঃমিঃ দূরে এবং৭.৮ কোটি কিঃমিঃ দূরে। ব্যাস ৬৭৮৭ কিঃমিঃ এবং ৬৮৭ দিনে একবার সূর্যকে পরিক্রম করে।ওজন পৃথিবীর ১০ ভাগের ১ ভাগ। নিজ অক্ষে একবার আবর্তনে সময় নেয় ২৪ ঘন্টা ৩৭ মিনিট এবং মঙ্গলের উপগ্রহ দুইটি যথাক্রমে ডিমোস ও ফেবোস। মঙ্গলের উপরিভাগে

RAISUL ISLAM HRIDOY

গিরিখাত ও আগ্নেয়গিরি আছে। ফলে গ্রহটি লালচে ও পাথরগুলোতে মরচে ধরেছে। রোমান যুদ্ধ দেবতার নামে এর নামকরণ করা হয়।

৫। **বৃহস্পতিঃ** সৌরজগতের সবচেয়ে বড় গ্রহ Jupiter বা বৃহস্পতি। এজন্য একে গ্রহরাজ বলা হয়। পৃথিবী হতে এটি প্রায় ১৩০০ গুন বড় এবং ব্যাস ১৪২৮০০ কিঃমিঃ। এটি সূর্য থেকে প্রায় ৭৭.৮ কোটি কিঃমিঃ দূরে এবং ১২ বছরে বা ৪৩৩১ দিনে একবার সূর্যকে প্রদক্ষিন করে। নিজ অক্ষে ৯ ঘন্টা ৫৩ মিনিটে একবার আবর্তন করে।দিনে দুইবার সূর্য উঠে ও অস্ত যায়। গ্রহে গভীর বায়ু মন্ডল আছে। বায়ুমণ্ডল হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাস দিয়ে তৈরি।উপরে তাপমাত্রা খুব কম কিন্তু অভ্যন্তরীণ তাপমাত্রা (প্রায় ৩০০০০ ডিগ্রি) অত্যন্ত বেশি। রোমান দেবতাদের রাজার নাম বৃহস্পতির নামকরণ করা হয়।

৬। **শনিঃ** শনি বা Saturn সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ। সূর্য হতে দূরত্ব প্রায় ১৪৩ কোটি কিঃমিঃ। শনি ২৯.৫ বছরে একবার সূর্যকে প্রদক্ষিণ করে এবং ১০ ঘন্টা ৪০ মিনিটে একবার নিজ অক্ষে আবর্তন করে। এটি পৃথিবী হতে ৯ গুন বড় এবং খালি চোখে দেখা যায়।এর ব্যাস প্রায় ১২০০০০কি:মি:। তিনটি উজ্জ্বল বলয় রয়েছে ও ভূ-ত্বক বরফে ঢাকা। উপগ্রহের সংখ্যা ২২টি।রোমান কৃষি দেবতার নামে নামকরণ করা হয়।

৭। **ইউরেনাসঃ** ইউরেনাস তৃতীয় বৃহত্তম গ্রহ। সূর্য হতে প্রায় ২৮৭ কোটি কিঃমিঃ দূরে এবং ৮৪ বছরে একবার সূর্যকে প্রদক্ষিন করে। ব্যাস প্রায় ৪৯০০০ কিঃমিঃ ও আয়তনে ৬৪ টি পৃথিবীর সমান এবং ওজন পৃথিবীর ১৫ গুন। মিথেনের পরিমান বেশি। একে সবুজগ্রহ বলা হয়। রোমান স্বর্গের দেবতার নামে নামকরণ করা হয়।

৮। **নেপসুনঃ** সূর্য হতে দূরত্ব প্রায় ৪৫০ কোটি কিঃমিঃ। ব্যাস ৪৮৫০০ কিঃমিঃ। দূরত্ব বেশি তাই শীতল। গ্রহটি নীলাভ বর্ণের। নেপচুন ১৬৫ বছরে সূর্যকে একবার প্রদক্ষিন করে। আয়তনে ৭২ টি পৃথিবীর সমান এবং ভর ১৭ টি পৃথিবীর। রোমান সমুদ্র দেবতার নামে এ গ্রহের নামকরণ করা হয়।

RAISUL ISLAM HRIDOY

গ্রহের পরিচিতি ছক

গ্রহ	সূর্য হতে দূরত্ব (কি:মি:)	সূর্যকে একবার প্রদক্ষিনকাল	ব্যাস (কি:মি:)	বৈশিষ্ট্য/গঠন	উপগ্রহ
বুধ	৫.৮ কোটি	৮৮ দিন	৪৮৫০ কি:মি:	চাঁদের মত গর্ত, এবড়ো থেবড়ো এবং পাহাড় আছে ।	নেই ।
শুক্র	১০.৮ কোটি	২২৫ দিন	১২১০৪ কি:মি:	এসিড বৃষ্টি হয়, বছরে মাত্র দুইদিন সূয দেখা যায়।	নেই।
পৃথিবী	১৫ কোটি	৩৬৫ দিন	১২৬৬৭ কি:মি:	জীবন ধারনের একমাত্র গ্রহ।ভর প্রায় ৫.৯৭২৩৭×১০^{২৪}	১ টি । চাঁদ
মঙ্গল	২২.৮ কোটি	৬৮৭ দিন	৬৭৮৭ কি:মি:	গিরিখাত ও আগ্নেয়গিরি।	২। ফেবোস ও ডেমোস।
বৃহস্পতি	৭৭.৮ কোটি	৪৩৩১ দিন	১৪২৮০০ কি:মি:	অভ্যন্তরী তাপমাত্রা বেশি।	
শনি	১৪৩ কোটি	২৯.৫ বছর	১২০০০ কি:মি:	উজ্জ্বল বলয় আছে।	
ইউরেনাস	২৮৭ কোটি	৮৪ বছর	৪৯০০০ কি:মি:	মিথেন গ্যাস বেশি। সবুজ গ্রহ।	
নেপচুন	৪৫০ কোটি	১৬৫ বছর	৪৮৪০০ কি:মি:	শীতল ও নীলাভ বণ	

RAISUL ISLAM HRIDOY

পৃথিবীর গতি

পৃথিবীর গতি দুইপ্রকার।

১।আহ্নিক গতি (Rotation)

২।বার্ষিক গতি (Revolution)

- নিজ অক্ষের উপর একদিনে আবর্তন করাকে আহ্নিক গতি বলে।
- এক বছরে সূর্যের পরিক্রমণ করাকে বার্ষিক গতি বলে।

আহ্নিক গতি

পৃথিবী তার নিজের মেরুদন্ডের বা অক্ষের চারদিকে দিনে একবার নির্দিষ্ট গতিতে পশ্চিম থেকে পূর্ব দিকে আবর্তন করে। পৃথিবীর এই আবর্তন গতিকে আহ্নিক গতি বলে। পৃথিবী তার নিজের মেরুদন্ডের উপর একবার পশ্চিম থেকে পূর্ব দিকে আবর্তন করতে সময় নেয় ২৩ ঘন্টা ৫৬ মিনিট ৪ সেকেন্ড বা ২৪ ঘন্টা অর্থাৎ একদিন।একে সৌর দিন বলে।পৃথিবীর আহ্নিক গতি বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম। পৃথিবী পৃষ্ঠ পুরোপুরি গোল না হওয়ায় এর পৃষ্ঠ সর্বত্র সমান নয়। সে কারনে পৃথিবীপৃষ্ঠের সকল স্থানের আবর্তন বেগও সমান নয়। এজন্য নিরক্ষরেখায় পৃথিবীর আবর্তনের বেগ সবচেয়ে বেশি। ঘন্টায় প্রায় ১৭০০ কিঃমিঃ। ঢাকায় পৃথিবীর আহ্নিক গতিবেগ ১৬০০ কিঃমিঃ। যত মেরুর দিকে যায় এর আবর্তনের বেগ তত কমতে থাকে এবং মেরুদ্বয়ে প্রায় নিঃশেষ হয়ে যায়।

- পৃথিবীর আলোকিত ও অন্ধকার অংশের মধ্যবর্তী বৃত্তাকার অংশকে ছায়াবৃত্ত বলে।
- প্রভাতের কিছু পূর্বের যে সময় ক্ষীন আলো থাকে তাকে ঊষা এবং সন্ধ্যার কিছু পূর্বে যে সময় ক্ষীন আলো থাকে সে সময়কে গোধূলি বলে।
- পৃথিবী পশ্চিম হতে পূর্বদিকে আবর্তিত হয়।
- আজকে জোয়ার যে স্থানে যে সময়ে হচ্ছে পরের দিন সেই সময়ে না হয়ে ৫২ মিনিট পরে হচ্ছে। এই যে সময়ের ব্যবধান তা আহ্নিক গতির কারনেই হচ্ছে।

RAISUL ISLAM HRIDOY

বার্ষিক গতি

- সূর্যের মহাকর্ষ বলের আকর্ষনে পৃথিবী নিজের অক্ষের উপর অবিরাম ঘুরছে।পৃথিবীর এই গতিকে বার্ষিক গতি বা পরিক্রমণ গতি বলা হয়।
- একবার সূর্যকে পরিক্রমণ করতে পৃথিবীর সময় লাগে ৩৬৫ দিন ৫ ঘন্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ড। একে সৌরবছরবলে।
- ৪ বছরে একবার ফেব্রুয়ারি মাসকে একদিন বাড়িয়ে ২৯ দিন করা হয় এবং ঐ বছরটিকে ৩৬৬ ধরা হয়। সেই বছরকে লিপ ইয়ার বা অধিবর্ষ বলে।
- আর্যভট্ট আহ্নিক গতি ও বার্ষিক গতি প্রথম আবিষ্কার করেন।
- ২১ শে জুনঃ এইদিনে উত্তর গোলার্ধে সবচেয়ে বড় দিন এবং সবচেয়ে ছোট রাত হয়। দক্ষিন গোলার্ধে বিপরীত অবস্থা বিরাজ করে। ২১ জুন সূর্য উত্তরায়নের শেষ সীমায় পৌঁছায় একে কর্কটক্রান্তি রেখা বলে।
- ২৩ শে সেপ্টেম্বরঃ এইদিনে দিবারাত্রি সমান হয়।
- ২২ শে ডিসেম্বরঃ উত্তর গোলার্ধের সবচেয়ে ছোট দিন ও সবচেয়ে বড় রাত হয়। দক্ষিন গোলার্ধে বিপরীত অবস্থা থাকে।
- ২১ শে মার্চঃ ২৩ সেপ্টেম্বরের মত এই দিনেও দিবারাত্রি সমান হয়।
- উত্তর গোলার্ধে যখন গ্রীষ্মকাল দক্ষিন গোলার্ধে তখন শীতকাল।
- উত্তর গোলার্ধে যখন শরৎকাল দক্ষিন গোলার্ধে তখন শরৎকাল।
- উত্তর গোলার্ধে যখন শরৎকাল দক্ষিন গোলার্ধে তখন বসন্তকাল।
- বাংলাদেশ উত্তর গোলার্ধে অবস্থিত।

RAISUL ISLAM HRIDOY

সময়	সূযের পরিক্রনমকালে পৃথিবীর ভৌগলিক রেখার উপর লম্বভাগে কিরণ।	দিবারাত্রির তথ্য	ঋতু নাম	
			উত্তর	দক্ষিন
২৩ শে জুন	কর্কটক্রান্তি রেখা	দিন বড় ও রাত ছোট	গ্রীষ্মকাল	শীত
২৩ শে সেপ্টেম্বর	নিরক্ষ রেখা	দিন রাত সমান	শরৎ	বসন্ত
২২ শে ডিসেম্বর	মকরক্রান্তি রেখা	দিন বড় ও রাত ছোট	শীত	গ্রীষ্মকাল
২১ শে মার্চ	নিরক্ষ রেখা	দিন রাত সমান	বসন্ত	শরৎ

পৃথিবীর রেখা সমূহ

অক্ষরেখা ও নিরক্ষরেখা

পৃথিবীর গোলাকৃতি কেন্দ্র দিয়ে উত্তর দক্ষিনে কল্পিত রেখাকে অক্ষ (Axis) বা মেরুরেখা বলে। উত্তর মেরুকে উত্তর মেরু বা সুমেরু এবং দক্ষিন মেরুকে দক্ষিন মেরু বা কুমেরু বলে।

দুই মেরু থেকে সমান দূরত্বে পৃথিবীকে পূর্ব পশ্চিমে বেস্টন করে একটি রেখা কল্পনা করা হয়েছে একে নিরক্ষরেখা বা বিষুবরেখা বলে।নিরক্ষরেখাকে নিরক্ষবৃত্ত/০° অক্ষরেখা/ মহাবৃত্ত রেখাও বলা হয়।

২৩.৫° উত্তর অক্ষাংশকে কর্কটক্রান্তিরেখা বলে

২৩.৫° দক্ষিন অক্ষাংশকে মকরক্রান্তিরেখা বলে

৬৬.৫° উত্তর অক্ষাংশকে সুমেরুবৃত্ত বলে

৬৬.৫° দক্ষিন অক্ষাংশকে কুমেরুবৃত্ত বলে

RAISUL ISLAM HRIDOY

মূল মধ্যরেখা (Prime Meridian)

যুক্তরাজ্যের লন্ডন শহরের উপকণ্ঠে গ্রীনিচ (Greenwich) মান মন্দিরের উপর দিয়ে উত্তর মেরু ও দক্ষিন মেরু পর্যন্ত বিস্তৃত যে মধ্যরেখা অতিক্রম করেছে তাকে মূল মধ্যরেখা বলে। পৃথিবীর পরিধি দ্বারা উৎপন্ন কোণ ৩৬০°। গ্রীনিচের দ্রাঘিমা ০°। ১° দাঘ্রিমার জন্য ৪ মিনিট। ৩৬০° কৌনিক দূরত্ব আবর্তন করতে পৃথিবীর ২৪ ঘন্টা বা ১৪৪০ মিনিট সময় মিনিট সময় লাগে।

- ৯০° দাঘ্রিমা রেখা বাংলাদেশের প্রায় মধ্যভাগে অবস্থিত।
- দাঘ্রিমা রেখা পৃথিবীর পরিধির অর্ধেক।

আর্ন্তজাতিক রেখা

আর্ন্তজাতিক রেখা অতিক্রমের সূত্র হলো ‘পশ্চিমগামী যানের জন্য একদিন যোগ হবে এবং পূর্বগামী যানের ক্ষেত্রে একদিন বিয়োগ হবে।

প্রতিপাদ স্থান

পৃথিবী গোল তাই এর কোনো একটি স্থানের দিকে অন্য একটি স্থান আছে। ঢাকার প্রতিপাদ স্থান চিলির সান্তিয়াগো।

সময়	সূর্যের পরিক্রমকালে পৃথিবীর ভৌগলিক রেখার উপর লম্বভাগে কিরণ।	দিবারাত্রির তথ্য	ঋতু নাম	
			উত্তর	দক্ষিন
২৩ শে জুন	কর্কটক্রান্তি রেখা	দিন বড় ও রাত ছোট	গ্রীষ্মকাল	শীত
২৩ শে সেপ্টেম্বর	নিরক্ষ রেখা	দিন রাত সমান	শরৎ	বসন্ত
২২ শে ডিসেম্বর	মকরক্রান্তি রেখা	দিন বড় রাত ছোট	শীত	গ্রীষ্মকাল
২১ শে মার্চ	নিরক্ষ রেখা	দিন রাত সমান	বসন্ত	শরৎ

RAISUL ISLAM HRIDOY

মহাজাগতিক রশ্মি

মহাশূন্য হতে পৃথিবীর বায়ুমণ্ডলে উচ্চ ক্ষমতাসম্পন্ন যে আলোক কণা সমূহ প্রবেশ করে তাদের সমষ্টিকে মহাজাগতিক রশ্মি বলে।এই মহাজাগতিক রশ্মির ৯০ শতাংশ প্রোটন, নয় শতাংশ হিলিয়াম, এক শতাংশ ভারী মৌল ও ইলেকট্রন (বিটা নেগেটিভ কণা)। মহাজাগতিক রশ্মির শক্তি ১০২০ ইলেকট্রন ভোল্টের ওপর (মানবসৃষ্ট পার্টিকেল এক্সিলেটরে তৈরি শক্তির পরিমাণ ১০১২ থেকে ১০১৩ ইলেকট্রন ভোল্ট)। ১৮৯৬ সালে হেনরি বেকেরেলের তেজস্ক্রিয়তা আবিষ্কারের পর বায়ুমণ্ডলের বিদ্যুৎপ্রবাহকে (বাতাসের আয়নীকরণ) সবাই ভূপৃষ্ঠে তেজস্ক্রিয় মৌলগুলোর তেজস্ক্রিয়তা অথবা তেজস্ক্রিয় গ্যাসের (রেডনের আইসোটোপ) ফলাফল হিসেবে ভাবতে শুরু করেন। ১৯১০ সালে থিওডর উলফ ইলেকট্রোমিটার নামের একটি যন্ত্র তৈরি করেন। ইলেকট্রোমিটারের সাহায্যে আয়ন উৎপাদনের হার নির্ণয় করা যায়। থিওডর উলফ আইফেল টাওয়ারের ওপর গিয়ে দেখলেন, ভূপৃষ্ঠ থেকে টাওয়ারের মাথায় বিকিরণ অনেক বেশি। কিন্তু ভূপৃষ্ঠে তেজস্ক্রিয় মৌলগুলোর তেজস্ক্রিয়তা অথবা তেজস্ক্রিয় গ্যাসের কারণে আয়নীকরণ হয়ে থাকলে যতই ওপরে যাবেন, ততই বিকিরণ তথা আয়নীকরণ কমার কথা।

১৯১২ সালে *ভিক্টর হেস*তিনটি অধিক কর্মক্ষম ও নিখুঁত উলফ ইলেকট্রোমিটার তৈরি করেন। তিনি এই ইলেকট্রোমিটার নিয়ে বেলুনে উড়ে পূর্ণ সূর্যগ্রহণের সময় ৫৩০০ ফুট উচ্চতায় ওঠেন। তিনি সেই উচ্চতায় ভূপৃষ্ঠের প্রায় চার গুণ বিকিরণ পান। মজার ব্যাপার হলো, অনেক বিজ্ঞানীরই ধারণা ছিল, বায়ুমণ্ডলের বিকিরণের মূল কারণ সূর্য। কাজেই সূর্যগ্রহণের সময় চাঁদের কারণে বিকিরণ একেবারেই কমে যাওয়ার কথা। কিন্তু হেস দেখলেন, বিকিরণ কমার লক্ষণ নেই। তখন তিনি উপসংহার টানলেন, 'আমার পর্যবেক্ষণকে ব্যাখ্যা করার জন্য মহাবিশ্ব থেকে অধিক ভেদনক্ষমতাসম্পন্ন বিকিরণ পৃথিবীর বায়ুমণ্ডলে আসে বলে ধরে নেওয়া যায়।' পরে ১৯১৩-১৪ সালে ওয়ার্নার কোলরস্টার নয় কিলোমিটার উচ্চতায় পরীক্ষা করে হেসের অনুমাণকে সত্য বলে নিশ্চিত করেন। তখন থেকে বিজ্ঞানীরা মহাজাগতিক রশ্মির বিষয়টি নিয়ে চিন্তা করছেন। ভিক্টর হেস তাঁর এই আবিষ্কারের জন্য ১৯৩৬ সালে *নোবেল পুরস্কার*পান।

মহাজাগতিক রশ্মি ইংরেজি কসমিক রে বাইরে থেকে পৃথিবীর বায়ুমন্ডলে উচ্চ শক্তিসম্পন্ন যে আহিত কণাসমূহ প্রবেশ করে তাদেরকে সমষ্টিগতভাবে মহাজাগতিক রশ্মি বলা হয়।মহাজাগতিক রশ্মি বিদ্যুৎ চার্জযুক্ত।

RAISUL ISLAM HRIDOY

বায়ুমন্ডল

বায়ুমণ্ডল (Atmosphere)

যে গ্যাসীয় আবরণ পৃথিবীকে বেষ্টন করে আছে তাকে বায়ুমন্ডল। পৃথিবীর মধ্যাকর্ষণ শক্তির ফলে বায়ুমণ্ডলও ভূ-পৃষ্টের চারদিকে জড়িয়ে থেকে অনবরত আবর্তন করছে। বায়ুমন্ডলের বর্ণ, গন্ধ, আকার কিছুই নেই। একে কেবল অনুভব করা যায়। ভূপৃষ্ঠ থেকে উপরের দিকে ১০০০০ কিঃমিঃ পর্যন্ত বায়ুমন্ডল বিস্তৃত, কিন্তু বায়ুমন্ডলের ৯৭ ভাগ উপাদানই ভূপৃষ্ঠ থেকে প্রায় ৩০ কিঃমিঃ এর মধ্যে সীমাবদ্ধ।

বায়ুমন্ডলের উপাদানের তালিকা

উপাদানের নাম	শতকরা হার
নাইট্রোজেন(N_2)	৭৮.০২
অক্সিজেন (O_2)	২০.৭১
আরগন (AR)	০.৮০
কার্বন ডাই অক্সাইড(CO_2)	০.০৩
জলীয় বাষ্প	০.৪১
ধূলিকণা ও কনিকা	০.০১
অন্যান্য গ্যাস	০.০২

RAISUL ISLAM HRIDOY

মোট	১০০.০০

বায়ুমন্ডলের স্তরবিন্যাস

বায়ুমন্ডল যে সমস্ত উপাদানে গঠিত তাদের প্রকৃতি, বৈশিষ্ট্য ও উষ্ণতার পার্থক্য অনুসারে ভূপৃষ্ঠ থেকে উপরের দিকে পর্যায়ক্রমে পাঁচটি স্তরে ভাগ করা হয়।

১) ট্রপোমন্ডল (Troposphere)

বায়ুমন্ডলের সবচেয়ে নিচের স্তর হলো ট্রপোমন্ডল। মেঘ, বৃষ্টিপাত, বজ্রপাত, বায়ুপ্রবাহ, ঝড়,তুষারপাত, শিশির, কুয়াশা সবকিছুই এই স্তরে সৃষ্টি হয়। ট্রপোমন্ডলের শেষ প্রান্তের অংশের নাম ট্রপোবিরতি (Tropopause)। ট্রপোমন্ডল স্তর ভূপৃষ্ঠ হতে নিরক্ষীয় অঞ্চলে প্রায় ১৬-১৯ কিঃমিঃ মেরু অঞ্চলে প্রায় ৮ কিঃমিঃ পর্যন্ত বিস্তৃত।

- ভূ-পৃষ্ঠ থেকে উচ্চতা বৃদ্ধির সাথে সাথে বায়ু ঘনত্ব কমতে থাকে এবং উষ্ণতাও কমতে থাকে। সাধারণত প্রতি ১০০০ মিটার উচ্চতায় ৬° সেলসিয়াস তাপমাত্রা হ্রাস পায়।
- বায়ুমন্ডলের ওজনের প্রায় ৭৫ ভাগ ট্রপোমন্ডল বহন করে।
- ট্রপোবিরতিতে তাপমাত্রা প্রায় -৫৪° সেলসিয়াসের নিচে নেমে যায়।

২) স্ট্রাটোমন্ডল (Stratosphere)

ট্রপোবিরতির উপরের দিকে প্রায় ৫০ কিঃমিঃ পর্যন্ত বিস্তৃত স্তর হলো স্ট্রাটোমন্ডল। স্ট্রাটোমন্ডলের উপরের অংশকে স্ট্রাটোবিরতি (tropopause)। এই স্তরে ওজোন(O_3) স্তর বেশি আছে।এই ওজোন স্তর সূর্যের আলোর বেশিরভাগ অতিবেগুনি রশ্মি (Ultraviolet ray) শুষে নেয়। তাপমাত্রা ধীরে ধীরে 8° সেলসিয়াস পর্যন্ত বৃদ্ধি পায়। অতি সূক্ষ্ম ধূলিকণা ছাড়া কোনোরকম জলীয়বাষ্প থাকেনা বলে এইস্তরের আবহাত্তয়া শান্ত ও শুষ্ক থাকে। ঝড় বৃষ্টি থাকেনা বলে জেট বিমানগুলো এই স্তর দিয়ে চলাচল করে।

RAISUL ISLAM HRIDOY

৩) মেসোমন্ডল (Mesosphere)

স্ট্রাটোবিরতির উপরে প্রায় ৮০ কিঃমিঃ পর্যন্ত বিস্তৃত স্তর হলো মেসোমন্ডল। এই স্তরে তাপমাত্রা হ্রাস পাত্তয়া থেমে যায়। মেসোমন্ডলের উপরের অংশকে মেসোবিরতি (stratopause) বলে। মহাকাশ হতে যে সব উল্কা পৃথিবীর দিকে ছুটে আসে সেগুলো এই স্তরেই ধ্বংস হয়।এই স্তরে তাপমাত্রা -৮৩° পর্যন্ত নামতে পারে।

৪) তাপমন্ডল (Thermosphere)

মেসোবিরতির উপরে প্রায় ৫০০ কিঃমিঃ পর্যন্ত বিস্তৃত বায়ুস্তরকে তাপমন্ডল বলে।এই মন্ডলে বায়ুস্তর অত্যন্ত হালকা ও ক্ষীন হয়।তাপমন্ডলের নিম্ন অংশকে আয়নমন্ডল বলে। ভূপৃষ্ঠ হতে পাঠানো বেতার তরঙ্গ আয়নমন্ডলে বাধা পেয়ে পুনরায় ভূপৃষ্ঠে ফিরে আসে।তীব্র সৌর বিকিরণে রঞ্জন রশ্মি ও অতিবেগুনি রশ্মির সংঘাতে এই অংশের বায়ু আয়নযুক্ত হয়।তাপমাত্রা বৃদ্ধি পেয়ে ১৪৮০° সেলসিয়াসে পৌঁছায়।

৫) এক্সোমন্ডল (Exosphere)

তাপমন্ডলের উপরে প্রায় ৯৬০ কিঃমিঃ পর্যন্ত বিস্তৃত বায়ুস্তর হলো এক্সোমন্ডল। এই স্তরে হিলিয়াম ও হাইড্রোজেনের প্রাধান্য বেশি দেখা যায়।

আবহাত্তয়া ও জলবায়ু

কোনো একটি নির্দিষ্ট স্থানের বায়ুর তাপ, চাপ, আদ্রতা, মেঘাচ্ছন্নতা, বৃষ্টিপাত ও বায়ুপ্রবাহের দৈনন্দিন সামগ্রিক অবস্থাকে সেইদিনের আবহাত্তয়া বলে। আবার কোনো একটি অঞ্চলের সাধারণত ৩০-৪০ বছরের গড় আবহাত্তয়ার অবস্থাকে জলবায়ু বলে।

ভূপৃষ্ঠ হতে উপরের দিকে তাপমাত্রা কমতে থাকে। সমুদ্র উপকূল অঞ্চলের চেয়ে সমুদ্র থেকে দূরে অবস্থিত অঞ্চলে শীতকালে বেশি শীত এবং গরমকালে বেশি গরম অনুভূত হয়। কারন স্থলভাগ জলভাগের তুলনায় বেশি ও তাড়াতাড়ি উত্তপ্ত ও শীতল হয়।

মরুভূমির বালুর তাপ সংরক্ষন ক্ষমতা কম তাই মরুভূমিতে দিনে বেশি গরম ও রাতে বেশি ঠান্ডা অনুভূত হয়।

RAISUL ISLAM HRIDOY

বাষ্পীভবন (Evaporation)

সূর্যের তাপে সমুদ্র, নদী, হ্রদ প্রভৃতি হতে পানি ক্রমাগত বাষ্পে পরিণত হচ্ছে এবং তা অপেক্ষাকৃত হালকা বলে উপরে উঠে বায়ুমন্ডলে মিশে অদৃশ্য হয়ে যাচ্ছে। একে বাষ্পীভবন বলে।বায়ুর বাষ্প ধারন ক্ষমতা বায়ুর উষ্ণতার উপর নির্ভর করে। বায়ু যত উষ্ণ হয় তত বেশি জলীয় বাষ্প ধারন করতে পারে।

ঘনীভবন (Condensation)

বায়ু শীতল হতে থাকলে তা জলীয়বাষ্প ধারন ক্ষমতা কমতে থাকে, তখন জলীয়বাষ্পের কিছু অংশ পানিতে পরিনত হয় তাকে ঘনীভবন বলে। বায়ু যে উষ্ণতায়(জলীয়বাষ্পরূপে) ঘনীভূত হয় তাকে শিশিরাঙ্ক (Dew point) বলে।তাপমাত্রা 0° সেলসিয়াস বা হিমাঙ্কের (Freezing point) নিচে নেমে গেলে তখন ঘনীভূত জলীয়বাষ্প কঠিন আকার ধারন করে এবং তুষার ও বরফ রূপে ভূপৃষ্টে পতিত হয়। কিন্তু হিমাঙ্ক শিশিরাঙ্কের উপরে থাকলে ঘনীভবনের মাধ্যমে শিশির, কুয়াশা অথবা বৃষ্টিতে পরিনত হয়।

- বায়ু যে উষ্ণতায় ঘনীভূত হয় তাকে শিশিরাঙ্ক বলে।
- ভূপৃষ্ঠ তাপ বিকিরনের মাধ্যমে রাতে শীতল হয়। এ সময় ভূপৃষ্ঠ সংলগ্ন বায়ুস্তরের তাপমাত্রা হ্রাস পায়।ফলে জলীয়বাষ্প ধারন ক্ষমতা হ্রাস পায় এবং অতিরিক্ত জলীয়বাষ্প ঘনীভূত হয়ে ক্ষুদ্র জলবিন্দুরূপে ভূপৃষ্টে সঞ্চিত হয়। এটাই শিশির নামে পরিচিত।
- কখনো কখনো বায়ুমন্ডলে ভাসমান ধূলিকণাকে আশ্রয় করে জলীয়বাষ্প রাত্রিবেলা অল্প ঘনীভূত হয়ে ধোঁয়ার আকারে ভূপৃষ্টের কিছু উপরে ভাসতে থাকে একে কুয়াশা বলা হয়।
- শীতপ্রধান এলাকায় তাপমাত্রা হিমাংঙ্কের নিচে নামলে জলীয়বাষ্প ঘনীভূত হয়ে পেঁজা তুষারের ন্যায় ভূপৃষ্ঠে পতিত হয় একে তুষারপাত বলে।
- বায়ুর জলীয়বাষ্প ধারন করাকে বায়ুর আদ্রতা বলে। আদ্র বায়ুতে জলীয় বাষ্প ২-৫ ভাগ। বায়ুর আদ্রতা দুই রকম।

১) পরম আদ্রতাঃ কোনো নির্দিষ্ট আয়তনের বায়ুতে জলীয় বাষ্পের প্রকৃত পরিমাণকে পরম আদ্রতা বলে।

RAISUL ISLAM HRIDOY

২) আপেক্ষিক আদ্রতাঃ কোন নির্দিষ্ট আয়তনের বায়ুতে জলীয় বাষ্পের প্রকৃত পরিমাণ আর একই আয়তনের বায়ুকে পরিপৃক্ত করতে যে পরিমাণ জলীয়বাষ্পের প্রয়োজন এ দুইটির অনুপাতকে আপেক্ষিক আদ্রতা বলে।

বৃষ্টিপাত (Rainfall)

স্বাভাবিকভাবে ভাসমান মেঘ ঘনীভূত হয়ে পানি ফোঁটা ফোঁটা আকারে মাধ্যাকর্ষণ শক্তির টানে ভূপৃষ্ঠে পতিত হলে তাকে বৃষ্টিপাত বলে।বৃষ্টিপাত বৃষ্টিমাপক যন্ত্রের (Rain gauge) দ্বারা পরিমাপ করা হয়।

বৃষ্টিপাতের শ্রেণীবিভাগঃ

১) পরিচলন বৃষ্টি – নিরক্ষীয় অঞ্চলে হয়।

২) শৈলোৎক্ষেপ বৃষ্টি – পর্বতের একপাশে হয় আরেক পাশে হয়না। যে পাশে হয়না সেই বৃষ্টিহীন স্থানকে বৃষ্টিচ্ছায়া (Rain-Shadow regin) বলে।

৩) বায়ুপ্রাচীরজনিত বৃষ্টি – নাতিশীতোষ্ণ অঞ্চলে

৪) ঘূর্নি বৃষ্টি – মধ্য ইউরোপের দেশে শীতকালে হয়।

বায়ুপ্রবাহ (Wind Move)

বায়ু সর্বদা শীতল ও ভারী বায়ু বিশিষ্ট উচ্চচাপ বলয় হতে উষ্ণ ও হালকা বায়ু বিশিষ্ট নিম্ন বলয়ের দিকে ধাবিত হয়। পৃথিবী পশ্চিম হতে পূর্ব দিকে আবর্তনশীল। এজন্য বায়ুপ্রবাহ উত্তর গোলার্ধে ডানদিকে এবং দক্ষিন গোলার্ধে বামদিকে বেকে যায় যা ফেরেলের সূত্র নামে পরিচিত।

বায়ু বিভিন্ন প্রকার।

নিয়ত বায়ু

যে বায়ু একদিকে প্রবাহিত হয় তাকে নিয়ত বায়ু বলে।নিয়ত বায়ু তিন প্রকার। যথা – অয়ন বায়ু, পশ্চিমা বায়ু ও মেরু বায়ু।

RAISUL ISLAM HRIDOY

- অয়ন বায়ুর অপর নাম বাণিজ্য বায়ু। বানিজ্যিক জাহাজ গুলো এই বায়ুকে অনুসরন করে চলাচল করে।
- নিরক্ষরেখার উভয়দিকে উত্তর-দক্ষিণে ৫০ অক্ষাংশ পর্যন্ত একটি শান্ত বলয় সৃষ্টি হয়। এ বলয়কে নিরক্ষীয় শান্ত বলয় (Doldrum) বলে।
- ৪০° থেকে ৪৭° দক্ষিন অক্ষাংশ পর্যন্ত পশ্চিমা বায়ুর গতিবেগ সর্বাপেক্ষা বেশি। এ অঞ্চলকে গর্জনশীল চল্লিশ (Roaring forties) বলে।

সমুদ্র ও স্থলবায়ু

দিনের বেলায় স্থলভাগ সমুদ্রের চেয়ে বেশি উত্তপ্ত হয়ে থাকে বলে স্থলে নিম্নচাপ এবং সমুদ্রে উচ্চচাপ থাকে। ফলে দিনে বায়ু সমুদ্র হতে ভূ-পৃষ্ঠের দিকে প্রভাহিত হয় একে সমুদ্রবায়ু বলে।

আর রাতের বেলায় স্থলভাগ তাপ বিকিরণ করে অধিক শীতল হয় বলে স্থলভাগে উচ্চচাপ থাকে এবং এর জন্য স্থলভাগ হতে বায়ু নিম্নচাপ বিশিষ্ট সমুদ্রের দিকে প্রভাহিত যাকে স্থলবায়ু বলে।

মৌসুমি বায়ু (Monsoon Wind)

আরবি শব্দ 'মত্তসুম' শব্দের অর্থ ঋতু। ঋতু পরিবর্তনের সাথে সাথে যে বায়ুপ্রবাহের দিক পরিবর্তিত হয় তাকে মৌসুমি বায়ু বলে। সূর্যের উত্তরায়ণ ও দক্ষিনায়নের ফলে শীত-গ্রীষ্মে ঋতুভেদে স্থলভাগ ও জলভাগের তাপের তারতম্য ঘটে। সে জন্য মৌসুমি বায়ুর সৃষ্টি হয়।

স্থানীয় বায়ু

যে বায়ু কোন নির্দিষ্ট অঞ্চলে সীমাবদ্ধ তাদেরকে বলে সেই নির্দিষ্ট অঞ্চলের স্থানীয় বায়ু। উদাঃ রকি পর্বতের চিনুক বায়ু, আর্জেন্টিনা ও উরুগয়ের পম্পাস অঞ্চলের উত্তরে পাম্পের বায়ু, আরব মালভূমির সাইমুন বায়ু, ফ্রান্সের কেন্দ্রীয় মালভূমি মিস্ট্রান বায়ু, আড্রিয়াটিক সাগরের পূর্ব উপকূলে বোরা, উত্তর আফ্রিকা ও দক্ষিন ইতালিতে সিরক্কো, মিশরের খামসিন, ভারতীয় উপমহাদেশের লু ইত্যাদি স্থানীয় বায়ু।

- গত ১০০ বছরে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পেয়েছে প্রায় ০.৬০° সেলসিয়াস।
- ২১ শতকের সমাপ্তিকালে গড় তাপমাত্রা আরো ২.৫° হতে ৫.৫° সেলসিয়াস বেড়ে যাবে।
- মেরু অঞ্চলে কাচের ঘরে সৌরতাপ আটকিয়ে সবজি চাষ করাকে গ্রিনহাউজ বলে।

RAISUL ISLAM HRIDOY

- বিশ্ব উষ্ণায়নের ফলে বিশ্বের মোট জনসংখ্যার ২০ শতাংশ মানুষের সরাসরি ভাগ্য বিপর্যয় দেখা দেবে।
- জাতিসংঘের তথ্য অনুসারে সমুদ্র উচ্চতা ৩ ফুট বাড়লে বাংলাদেশের সমুদ্র উপকূলের ১৭ শতাংশ ভূমি পানির নিচে চলে যাবে।
- ২০০৯ সালে বিশ্বব্যাংক বৈশ্বিক উষ্ণায়নের ৫ টি ঝুঁকিপূর্ণ দিক চিহ্নিত করে যার তিনটিতেই আছে বাংলাদেশ[বন্যা, ঝড়, সমুদ্র উচ্চতা বৃদ্ধি]।
- জলবায়ু সংক্রান্ত প্যানেল – IPCC

বারিমন্ডল

'Hydrosphere' এর বাংলা প্রতিশব্দ বারিমন্ডল। 'Hydro'শব্দের অর্থ পানি এবং 'sphere' শব্দের অর্থ মন্ডল। পৃথিবীর মোট জলরাশির ৯৭ ভাগ পানি রয়েছে সমুদ্রে।

মহাসাগর

বারিমন্ডলের উন্মুক্ত বিস্তীর্ণ বিশাল লবনাক্ত জলরাশিকে মহাসাগর (Ocean) বলে। সবচেয়ে বড় মহাসাগর প্রশান্ত মহাসাগর।

মহাসাগরের আয়তন, গভীরতা

মহাসাগর (Ocean)	আয়তন (বর্গ কিঃমিঃ)	গভীরতা (মিটার)	গভীরতম স্থান	অবস্থান
প্রশান্ত মহাসাগর	১৬ কোটি ৬০ লক্ষ	৪,২৭০	ম্যারিয়ানা ট্রান্স	আমেরিকা ও এশিয়ার মধ্যবর্তী স্থান
আটলান্টিক মহাসাগর	৮ কোটি ২৪ লক্ষ	৩,৯৩২	পোর্টোরিকো ট্রান্স	আমেরিকা, ইউরোপ, আফ্রিকা
ভারত মহাসাগর	৭ কোটি ৩৬ লক্ষ	৩,৯৬২	সুন্দা ট্রান্স	আফ্রিকা,ভারত ও অস্ট্রেলিয়া
দক্ষিন মহাসাগর	১ কোটি ৫০ লক্ষ	৮২৪		এন্টার্কটিকা ও ৬০° দক্ষিন অক্ষাংশের মধ্যবর্তী

RAISUL ISLAM HRIDOY

উত্তর মহাসাগর	১ কোটি ৪৭ লক্ষ	১৪৯		পৃথিবীর উত্তর গোলার্ধ

- মহাসাগর অপেক্ষা স্বল্প আয়তন বিশিষ্ট জলরাশিকে সাগর বলে।
- তিনদিকে স্থলভাগ দ্বারা পরিবেষ্টিত এবং একদিকে জল তাকে উপসাগর বলে।
- চারদিকে স্থলভাগ দ্বারা বেষ্টিত বিশাল জলভাগকে হ্রদ বলে।
- সবচেয়ে ছোট মহাসাগর হলো আর্কটিক মহাসাগর বা উত্তর মহাসাগর। একে সুমেরু মহাসাগরও বলা হয়। (৯ম -১০ম বইয়ে দক্ষিন মহাসাগর দেয়া হলেও তা ভূল।)
- শান্ত সাগরের চাঁদে অবস্থিত।

সমুদ্রতলের ভূমিরূপ

ভূপৃষ্ঠের উপরিভাগের মত সমুদ্র তলদেশও অসমান।শব্দ তরঙ্গের সাহায্যে সমুদ্রের গভীরতা মাপা হয়। এ শব্দতরঙ্গ প্রতি সেকেন্ডে পানির মধ্য দিয়ে প্রায় ১,৪৭৫ মিটার নিচে যায় এবং ফিরে আসে। ফ্যাদোমিটার (Fathometer) যন্ত্রটি দ্বারা সমুদ্রের গভীরতা মাপা হয়। সমুদ্রের তলদেশের ভূমিরূপকে পাঁচটি ভাগে বিভক্ত করা হয়।

১) মহীসোপান (Continental Shelf)

২) মহীঢাল (Continental slope)

৩) গভীর সমুদ্রের সমভূমি (Deeo sea plains)

৪) নিমজ্জিত শৈলীশিলা (Oceanic ridges)

৫) গভীর সমুদ্রখাত (Oceanic trench)

মহীসোপানঃ

পৃথিবীর মহাদেশসমূহের চারদিকে স্থলভাগের কিছু অংশ অল্প ঢালু হয়ে সমুদ্রের পানির মধ্যে নেমে গেছে। এরূপে সমুদ্রের উপকূল রেখা থেকে তলদেশ ক্রমনিম্ন নিমজ্জিত অংশকে মহীসোপান বলে। মহীসোপানের সমুদ্রের পানির সর্বোচ্চ গভীরতা ১৫০ মিটার। এটি ১° কোণে সমুদ্র তলদেশে নিমজ্জিত থাকে। এর গড় প্রশস্থতা ৭০ কিঃমিঃ এবং সবচেয়ে উপরের অংশকে ঢাল বলে।

RAISUL ISLAM HRIDOY

- পৃথিবীর বৃত্ততম মহীসোপান ইউরোপের উত্তর-পশ্চিমে অবস্থিত।২য় বৃত্ততম মহীসোপানের অবস্থান উত্তর আমেরিকার পূর্ব উপকূলে।

মহীঢালঃ

মহীসোপানের শেষ সীমা থেকে ভূভাগ হঠ্যৎ খাড়াভাবে নেমে সমুদ্রের গভীর তলদেশের সাথে মিশে যায়। এ ঢালু অংশকে মহীঢাল বলে। এর গড় গভীরতা ২০০ থেকে ৩০০০ মিটার।

গভীর সমুদ্রের সমভূমিঃ মহীঢাল শেষ হওয়ার পর থেকে সমুদ্র তলদেশে যে বিস্তৃত সমভূমি দেখা যায় তাকে গভীর সমুদ্রের সমভূমি বলে। এর গড় গভীরতা ৫০০০ মিটার। এটি সমভূমি নামে খ্যাত হলেও প্রকৃতপক্ষে তা বন্ধুর।

নিমজ্জিত শৈলশিরাঃ সমুদ্রের অভ্যন্তরে অনেকগুলো আগ্নেয়গিরি অবস্থান করছে। ঐ সব আগ্নেয়গিরির থেকে লাভা বেরিয়ে এসে সমুদ্রগর্ভে সঞ্চিত হয়ে শৈলশিরার ন্যায় ভূমিরূপ গঠন করেছে। এগুলো নিমজ্জিত শৈলশিরা নামে খ্যাত।

গভীর সমুদ্রখাতঃ

গভীর সমুদ্রের সমভূমি অঞ্চলের মাঝে মাঝে গভীর খাত দেখা যায়। এগুলো হলো গভীর সমুদ্রখাত।

- প্রশান্ত মহাসাগরে গভীর সমুদ্রখাতের সংখ্যা সবচেয়ে বেশি।প্রশান্ত মহাসাগরের ম্যারিয়ানা খাত (Marina Trench) পৃথিবীর সর্বাপেক্ষা গভীর সমুদ্রখাত।এর গভীরতা প্রায় ১০,৮৭০ মিটার। ২য় গভীরতম আটলান্টিক মহাসাগরের পোর্টেরিকো খাত ৮,৩৫৮ মিটার। ভারত মহাসাগরের গভীরতম খাত সুন্দা খাত।

সমুদ্রস্রোত (Ocean Current)

সমুদ্রস্রোতের প্রধান কারণ বায়ূপ্রবাহ। সমুদ্রের স্রোত একটি নির্দিষ্ট গতিপথ অনুসরণ করে চলাচল করে। একে সমুদ্রস্রোত বলে। উষ্ণতার তারতম্য অনুসারে সমুদ্রস্রোতকে দুইভাগে ভাগ করা হয়। যথা-

ক) উষ্ণ স্রোত

RAISUL ISLAM HRIDOY

খ) শীতল স্রোত

উষ্ণ স্রোত

নিরক্ষীয় অঞ্চলে তাপমাত্রা বেশি হওয়ায় জলরাশি হালকা হয় ও হালকা জলরাশি সমুদ্রের উপরিভাগ দিয়ে পৃষ্ঠপ্রবাহরূপে শীতল মেরু অঞ্চলের দিকে প্রবাহিত হয়। এরূপ স্রোতকে উষ্ণস্রোত বলে।

শীতল স্রোত

মেরু অঞ্চলের শীতল ও ভারী জলরাশি জলের নিচের অংশ দিয়ে অন্তঃপ্রবাহরূপে নিরক্ষীয় উষ্ণমন্ডলের দিকে প্রবাহিত হয়।এরূপ স্রোতকে শীতল স্রোত বলে।

সমুদ্রস্রোতের কারণ

- নিয়ত বায়ুপ্রবাহই সমুদ্রস্রোত সৃষ্টির প্রধান কারণ। এরজন্যই প্রধানত সমুদ্রস্রোতের দিক ও গতি নিয়ন্ত্রিত হয়।
- পৃথিবীর আহ্নিক গতির ফলে।
- সমুদ্রজলের তাপমাত্রার পার্থক্যের কারনে সমুদ্রস্রোত হয়।
- মেরু অঞ্চলের সমুদ্রে বরফের গলনের ফলে।
- সমুদ্রের গভীরতার তারতম্যের কারণে।
- লবনাক্ততার পার্থক্যের ফলে।

জোয়ার-ভাটা (High Tide and Low Tide)

সমুদ্র এবং উপকূলবর্তী নদীর জলরাশি ধীরে ধীরে ফুলে উঠে এবং কিছুক্ষন পরে আবার তা ধীরে ধীরে নেমে যায়। জলরাশির এরকম নিয়মিত স্ফীতি এবং ফুলে ওঠাকে জোয়ার এবং নেমে যাত্তয়াকে ভাটা বলে। জোয়ার-ভাটা দুই কারনে হয়।

১) চাঁদ ও সূর্যের মহাকর্ষ শক্তির প্রভাব

২) পৃথিবীর আর্বতনের ফলে উৎপন্ন কেন্দ্রাতিত শক্তির জন্য।

RAISUL ISLAM HRIDOY

ভূগোলের গুরুত্বপূর্ণ প্রশ্নাবলি

- ‘Geography‘ শব্দরে অর্থ ভূগোল।প্রাচীন গ্রীসের ভূগোলবিদ ইরাটথেনিস প্রথম এই শব্দ ব্যবহার করেন।
- পৃথিবীর কেন্দ্রে থাকে সূর্য।সূর্য একটি নক্ষত্র।
- যে সব জ্যোতিষ্কের নিজের আলো আছে তাদের নক্ষত্র বলা হয়।এরা হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাস দিয়ে তৈরি।৬০০০° সেলসিয়াস তাপমাত্রায় জ্বলছে এসব নক্ষত্র।
- আলো প্রতি সেকেন্ডে প্রায় ৩ লক্ষ কিলোমিটার পথ অতিক্রম করে।
- সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮ মিনিট ১৯ সেকেন্ড।
- সূর্যের নিকটতম গ্রহ হলো প্রক্সিমা সেনটোরাই। পৃথিবী হতে এর দূরত্ব প্রায় ৪.২ আলোক বর্ষ।
- মহাকাশে একশত বিলিয়ন গ্যালাক্সি রয়েছে।সর্পিলাকার গ্যালাক্সি বৃহৎ আকৃতির আর উপবৃত্তাকার গ্যালাক্সি বেশি উজ্জ্বল হয়।
- কোনো একটি গ্যালাক্সির ক্ষুদ্র অংশকে ছায়াপথ বা আকাশ গঙ্গা বলে। একটি ছায়াপথে লক্ষ কোটি নক্ষত্র থাকে। সৌরজগৎ একটি ছায়াপথের অন্তর্গত।
- রাতের আকাশে নক্ষত্রের ছুটে যাওয়া বা খসে পড়াকে নক্ষত্র পতন বা তারা খসা বলে।এরা প্রকৃতপক্ষে উল্কা। সেকেন্ডে প্রায় ৩ কিঃমিঃ ছুটে।
- মহাকাশে মাঝে মাঝে একরকমের জ্যোতিষ্কের আর্বিভাব হয় যার মাথা ও লেজ আছে তাকে ধূমকেতু বলে।
- জ্যোর্তিবিজ্ঞানী এডমন্ড হ্যালি খ্রিষ্টপূর্ব ২৪০ বছর হ্যালির ধূমকেতু আবিষ্কার করেন। এটি ৭৬ বছর পরপর দেখা যায়। সর্বশেষ ১৯৮৬ সালে দেখা যায় এটি। আবার ২০৬২ সালে দেখা যাবে এটি।
- সৌরজগতের গ্রহ ৮ টি।
- কিছু কিছু জ্যোতিষ্ক গ্রহকে ঘিরে আবর্তিত হয় এদের উপগ্রহ বলে।
- সৌরজগৎ সূর্য এবং তার গ্রহ, উপগ্রহ, গ্রহাণুপুঞ্জ, অসংখ্য ধূমকেতু ও অগনিত উল্কা নিয়ে গঠিত।
- সূর্য হলো হলুদ বর্ণে মাঝারি নক্ষত্র। ব্যাস প্রায় ১.৯৯×১০^{১৩} কিলোগ্রাম।

RAISUL ISLAM HRIDOY

- বুধ সৌরজগতের ক্ষুদ্রতম ও সূর্যের নিকটতম গ্রহ।সূর্য থেকে ৫.৮ কোটি কিঃমিঃ দুরে, ব্যাস ৪,৮৫০ কিঃমিঃ। সূর্যকে প্রদক্ষিণ করে ৮৮ দিনে। গর্ত, পাহাড়-পর্বত আছে।উপগ্রহ নেই।
- ভোরের আকাশে শুকতারা ও সন্ধার আকাশে সন্ধ্যাতারা হিসেবে দেখাযায়।ঘন মেঘে ঢাকা থাকে। সবচেয়ে উজ্জ্বল ও উত্তপ্ত গ্রহ।সূর্য হতে দূরত্ব ১০.৮ কোটি কিঃমিঃ। ব্যাস ১২,১০৪ কিঃমিঃ। সূর্যকে আবর্তনে সময় নেয় ২২৫ দিন।বছরে মাত্র ২ বার সূর্য দেখা যায়।শুক্র পূর্ব হতে পশ্চিমে পাক খায়। এসিড বৃষ্টি হয়।
- সূর্য হতে পৃথিবী ১৫ কোটি কিঃমিঃ দূরে। ব্যাস প্রায় ১২,৬৬৭ কিঃমিঃ। সূর্যকে প্রদক্ষিন করে ৩৬৫ দিন ৫ ঘন্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ডে। চাঁদ একমাত্র উপগ্রহ।
- মঙ্গল পৃথিবীর নিকটতম গ্রহ।খালি চোখে লালচে দেখায়।সূর্য হতে ২২.৮ কোটি কিঃমিঃ দূরে।ব্যাস ৬,৭৮৭ কিলোমিটার। সূর্যকে কেন্দ্রকরে ৬৭৮ দিনে প্রদক্ষিন করে। গিরিখাত ও আগ্নেয়গিরি আছে। দুইটি উপগ্রহ ফোবস ও ডিমোস।
- বৃহস্পতি হলো গ্রহরাজ। ব্যাস ১,৪২,৮০০ কিলোমিটার।পৃথিবী হতে ১,৩০০ গুন বড়।সূর্য থেকে ৭৭.৮ কোটি কিঃমিঃ দূরে।অভ্যন্তরীণ তাপমাত্রা প্রায় ৩০০০০° সেলসিয়াস।সূর্যকে ৪,৩৩১ দিনে বা ১২ বছরে প্রদক্ষিন করে।
- শনি ২য় বৃহত্তম গ্রহ।সূর্য হতে ১৪৩ কোটি কিঃমিঃ। ব্যাস ১,২০,০০০ কিলোমিটার। ভূত্বক বরফে ঢাকা।সূর্যকে কেন্দ্র করে ঘুরতে ২৯.৫ বছর লাগে।
- ইউরেনাস ৩য় বৃহত্তম গ্রহ।সূর্য হতে ২৮৭ কোটি কিঃমিঃ দূরে।সূর্যকে ৮৪ বছরে একবার প্রদক্ষিন করে।ব্যাস ৪৯,০০০ কিঃমিঃ। সবুজ গ্রহ বলা হয়।
- সূর্য হতে ৪৫০ কোটি কিঃমিঃ দূরে। ব্যাস ৪৮৪০০ কিঃমিঃ।
- পৃথিবীর গোলাকৃতি কেন্দ্র দিয়ে উত্তর – দক্ষিনে কল্পিত রেখাকে অক্ষ বা মেরুরেখা বলে।
- দুই মেরু থেকে সমান দূরত্বে পৃথিবীকে পূর্ব- পশ্চিমে বেষ্টন করে একটি রেখা কল্পনা করা হয়েছে একে নিরক্ষরেখা বা বিষুবরেখা বলে। একে নিরক্ষবৃত্তও বলে।

RAISUL ISLAM HRIDOY

পৃথিবীর অভ্যন্তরীণ ও বাহ্যিক গঠন

জন্মের সময় পৃথিবী ছিল এক উত্তপ্ত গ্যাসপিন্ড। এই গ্যাসপিন্ড ক্রমে ক্রমে শীতল হয়ে ঘনীভূত হয়। এই সময় পৃথিবীর বাইরের উপাদানগুলো এর কেন্দ্রের দিকে জমা হয়। আর হালকা উপাদানগুলো ভরের তারতম্য অনুসারে নিচের থেকে উপরে স্তরে স্তরে জমা হয়। পৃথিবীর এই বিভিন্ন স্তরকে মন্ডল বলে। উপরের স্তরটিকে অশ্মমন্ডল বলে। অশ্মমন্ডলের উপরের অংশ ভূত্বক নামেও পরিচিত।

পৃথিবীর এরূপ স্তর তিনটি। যথাঃ

১। অশ্মমণ্ডলঃ ভূপৃষ্ঠের উপরের অংশে যে শিলার কঠিন বহিরাবরণ দেখা যায় তাই অশ্মমণ্ডল বা শিলা মন্ডল। এটি নানা প্রকারের শিলা ও খনিজ উপাদান দ্বারা গঠিত। ভূ-অভ্যন্তরের অন্যান্য স্তরের তুলনায় অশ্বমন্ডলের পূরত্ব সবথেকে কম, গড়ে ২০ কিলোমিটার। ভূত্বক মহাদেশের তলদেশে গড়ে ৩৫ কিঃমিঃ এবং সমুদ্র তলদেশে তা মাত্র গড়ে ৫ কিঃমিঃ পুরু। সাধারনভাবে মহাদেশীয় ভূত্বকের এ স্তরকে সিয়াল (Sial) স্তর বলে, যা সিলিকন (si) ও অ্যালুমিনিয়ামের (Al) দ্বারা গঠিত। আর সিয়াল স্তরের তুলনায় ভারী যা প্রধান উপাদানে সিলিকন (si) ও ম্যাগনেসিয়াম (Mg) যা সাধারনভাবে সিমা (Sima) নামে পরিচিত।

- ভূত্বকের নিচের দিকে প্রতি কিলোমিটারে ৩০° সেলসিয়াস তাপমাত্রা বাড়ে।
- অশ্বমন্ডল হলো পৃথিবীর উপরের স্তর।
- অশ্বমন্ডলের উপরিভাগে দেখা যায় সমভূমি, মালভূমি, পাহাড়, পর্বত, নদী,সাগর, মহাসাগর ইত্যাদি।

২।গুরুমন্ডলঃ অশ্বমন্ডলের নিচে প্রায় ২৮৮৫ কিঃমিঃ পর্যন্ত বিস্তৃত স্তরকে গুরুমন্ডল বলে। গুরুমন্ডল মূলত ব্যাসল্ট (Basalt) শিলা দ্বারা গঠিত। এই অংশে সিলিকা, ম্যাগনেশিয়াম, লোহা, কার্বন ও অন্যান্য খনিজ পদার্থ দ্বারা গঠিত।

গুরুমন্ডলের দুইটি স্তর। যথা-

১। উর্ধ্ব গুরুমন্ডল

RAISUL ISLAM HRIDOY

২। নিম্ন গুরুমন্ডল

উর্ধ্ব গুরুমন্ডল ৭০০ কিঃমিঃ গভীর। এই মন্ডল প্রধানত আয়রন অক্সাইড, ম্যাগনেশিয়াম অক্সাইড ও সিলিকন অক্সাইড সমৃদ্ধ খনিজ দ্বারা গঠিত।

নিম্ন গুরুমন্ডল ২১৮৫ কিঃমিঃ। এই মন্ডল প্রধানত লোহা ও ম্যাগনেশিয়াম সমৃদ্ধ সিলিকেট দ্বারা গঠিত।

৩। কেন্দ্রমন্ডলঃ গুরুমন্ডলের নিচে হতে পৃথিবীর কেন্দ্র পর্যন্ত বিস্তৃত প্রায় ৩৪৮৬ কিঃমিঃ পর্যন্ত স্তরকে কেন্দ্রমন্ডল বলে। কেন্দ্রমন্ডল লৌহ, নিকেল, পারদ, সীসা প্রভৃতি কঠিন ও ভারি পদার্থ দ্বারা গঠিত।

- কতগুলো মৌলিক উপাদান প্রাকৃতিক উপায়ে মিলিত হয়ে যে যৌগ গঠন করে তাই খনিজ। আর শিলা হল এক বা একাধিক খনিজের মিশ্রন। একটি মাত্র মৌল দ্বারা গঠিত খনিজ হল হীরা, সোনা, তামা, রুপা, পারদ,গন্ধক।

শিলাঃ

ভূত্বক যে সব উপাদান দ্বারা গঠিত তাদের সাধারন নাম শিলা। ভূতত্ত্ববিদগণের মতে দুই বা ততোধিক খনিজ দ্রব্যের সংমিশ্রণে এসব শিলার সৃষ্টি হয়। ভূ-ত্বক গঠনকারী সকল কঠিন ও কোমল পদার্থই শিলা। যেমন – নুড়ি, কাঁকর, গ্রানাইট, কাদা, বালি প্রভৃতি। গঠনপ্রনালি অনুসারে শিলাকে তিনটি প্রধান শ্রেনীতে বিভক্ত করা হয়। যথা-

১। আগ্নেয় শিলা

২। পাললিক শিলা

৩। রুপান্তরিত শিলা

আগ্নেয় শিলা (Igneous Rocks)

পৃথিবী সৃষ্টির প্রথম পর্যায়ে আগ্নেয় শিলার সৃষ্টি হয়। তাই এর অপর নাম প্রাথমিক শিলা। এই শিলায় কোন স্তর নেই। তাই একে অন্তরীভূত শিলাও বলে। এতে কোন জীবাশ্ম নেই। আগ্নেয় শিলাকে দুইভাগে ভাগ করা হয়েছে।

RAISUL ISLAM HRIDOY

ক। বহিঃজ আগ্নেয় শিলাঃ ভূগর্ভের উত্তপ্ত তরল পদার্থ ম্যাগমা আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত বা অন্য কোনো কারনে বেরিয়ে এসে শীতল হয়ে জমাট বেঁধে বহিঃজ আগ্নেয় শিলার সৃষ্টি হয়, এদের দানা খুব সূক্ষ, রং গাঢ়।

উদাঃ- ব্যাসাল্ট, রায়োলাইট, অ্যান্ডিসাইট ইত্যাদি।

খ। অন্তঃজ আগ্নেয় শিলাঃ উত্তপ্ত ম্যাগমা ভূপৃষ্ঠের বাইরে না এসে ভূগর্ভে জমাট বাঁধলে তৈরি হয় অন্তঃজ আগ্নেয় শিলা। দানাগুলো স্থূল ও হালকা রঙের হয়। উদাঃগ্রানাইট, গ্যাব্রো, ডলোরাইট, ল্যাকোলি ইত্যাদি।

২। পাললিক শিলা (Selimentary Rocks)

তুষার, তাপ,সমুদ্রের ঢেউ প্রভৃতি শক্তির প্রভাবে আগ্নেয় শিলা ক্ষয়প্রাপ্ত ও বিচূর্ণীভূত হয়ে রূপান্তরিত হয় এবং কাঁকর, কাদা, বালি ও ধূলায় পরিনত হয়। ক্ষয়িত শিলাকণা জলস্রোত, বায়ু এবং হিমবাহ দ্বারা পরিবাহিত হয়ে পলল বা তলানিরূপে কোনো নিম্ন ভূমি, হ্রদ ও সাগরগর্ভে সঞ্চিত হতে থাকে। পাললিক শিলা ভূপৃষ্ঠের শতকরা ৫ ভাগ দখল করে আছে। তবে মহাদেশীয় ভূত্বকের আবরনের ৭৫ ভাগই পাললিক শিলা। স্তরে স্তরে সঞ্চিত হয় বলে একে স্তরীভূত শিলাও বলে। বেলেপাথর, কয়লা, শেল, চুনাপাথর, কেত্তলিন পাললিক শিলার উদাহরণ।

জীবদেহ হতে উৎপন্ন হয় বলে কয়লা ও খনিজ তেলকে জৈব শিলাও বলে।

বৈশিষ্টঃ ছিদ্র আছে, জীবাশ্ম দেখা যায়, স্তরীভূত, নরম ও হালকা, সহযেই ক্ষয়প্রাপ্ত হয়।

৩। রূপান্তরিত শিলা (Metamonphic Rocks)

আগ্নেয় ও পাললিক শিলা যখন প্রচন্ড চাপ, উত্তাপ এবং রাসায়নিক ক্রিয়ার ফলে রূপ পরিবর্তন করে নতুন রূপ ধারন করে তখন তাকে রূপান্তরিত শিলা বলে। ভূআন্দোলন, অগ্নুৎপাত ও ভূমিকম্প , রাসায়নিক ক্রিয়া কিংবা ভূগর্ভস্থ তাপ আগ্নেয় ও পাললিক শিলাকে রূপান্তরিত করে। চুনাপাথর রূপান্তরিত হয়ে মার্বেল, বেলেপাথর রূপান্তরিত হয়ে কোয়ার্টজাইট, কাদা ও শেল রূপান্তরিত হয়ে স্লেট, গ্রানাইট রূপান্তরিত হয়ে নিস এবংকয়লা রূপান্তরিত হয়ে গ্রাফাইটে পরিনত হয়।

ভূপৃষ্ঠের পরিবর্তন প্রক্রিয়া

RAISUL ISLAM HRIDOY

পরিবর্তন দুই প্রকার

১। ধীর পরিবর্তন

২। আকস্মিক পরিবর্তন

ধীর পরিবর্তন

সূর্যতাপ, বায়ুপ্রবাহ,বৃষ্টিপাত, নদী, হিমবাহ প্রভৃতি দ্বারা যে পরিবর্তন ধীরে ধীরে হয় তা ধীর পরিবর্তন।

আকস্মিক পরিবর্তন

ভূমিকম্প, সুনামি ও আগ্নেয়গিরির ফলে ভূপৃষ্ঠের যে পরিবর্তন হয় তাকে আকস্মিক পরিবর্তন বলে।

ভূমিকম্প (Earthquake)

পৃথিবীর কঠিন ভূ-ত্বকের কোনো কোনো অংশ প্রাকৃতিক কোনো কারনে কখনো কখনো অল্প সময়ের জন্য হঠাৎ কেঁপে ওঠে। ভূত্বকের এরূপ আকস্মিক কম্পনকে ভূমিকম্প বলে।

ভূমিকম্পের কারণসমূহঃ

ভূপাত, শিলাচ্যূতি, তাপবিকিরণ, ভূ-গর্ভস্থচাপ আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, হিমবাহ, ভূ-গর্ভস্থ বাষ্প।

সুনামি (Tsunami)

- সুনামি একটি জাপানি শব্দ। জাপানি ভাষায় এর অর্থ হলো 'পোতাশ্রয়ের ঢেউ ' । সুনামির পানির ঢেউ সমুদ্রের স্বাভাবিক ঢেউয়ের চেয়ে অনেক বিশালাকৃতির। সুনামির পানির ঢেউগুলো একের পর এক উঁচু হয়ে আসতেই থাকে তাই একে ঢেউয়ের রেলগাড়ি বা ' ওয়েভ ট্রেন ' বলে। সুনামি হলো পানির এক মারাত্মক ঢেউ যা সমুদ্রের মধ্যে বা বিশাল হ্রদে ভূমিকম্প, আগ্নেয়গিরির, অগ্ন্যুৎপাত, পারমাণবিক বিস্ফোরণ, ভূপাতের কারনে তৈরি হয়।

RAISUL ISLAM HRIDOY

- ২০০৪ সালের ২৬ শে ডিসেম্বর ভারত মহাসাগরে যে সুনামি সৃষ্টি হয় তা এই মহাসাগরের আশেপাশে ১৪ টি দেশে আঘাত হানে এবং মারাত্নক দুর্যোগের সৃষ্টি হয়।

আগ্নেয়গিরি (Volcano)

ভূ-পৃষ্ঠের দুর্বল অংশের ফাটল বা সুড়ঙ্গ দিয়ে ভূ-গর্ভের উষ্ণ বায়ু, গলিত শিলা, জলীয় বাষ্প, উত্তপ্ত পাথরখন্ড, কাদা, ছাই প্রভৃতি প্রবল বেগে উর্ধ্বে উৎক্ষিত হয়ে যখন ঐ ফাটলের চারপাশে ক্রমশ জমাট বেঁধে উচুঁ পর্বত সৃষ্টি করে তখন তাকে আগ্নেয়গিরি বলে। আগ্নেয়গিরির মুখকে জ্বালামুখ এবং জ্বালামুখ দিয়ে র্নিগত গলিত পদার্থকে লাভা বলে।

আগ্নেয়গিরি তিন প্রকার

১। সক্রিয় আগ্নেয়গিরি (Active Volcano): যে সব আগ্নেয়গিরির অগ্ন্যোৎপাত এখনো বন্ধ হয়নি তাকে সক্রিয় আগ্নেয়গিরি বলে। যেমনঃ হাওয়াই দ্বীপের মাওনালেয়া ও মাওনাকেয়া।

২। সুপ্ত আগ্নেয়গিরি (Dormant Volcano): যে সব আগ্নেয়গিরির অগ্ন্যোৎপাত অনেককাল আগে বন্ধ হয়ে গেছে তবে যে কোন সময় আবার সক্রিয় হতে পারে তাকে সুপ্ত আগ্নেয়গিরি বলে। যেমনঃ জাপানের ফুজিয়ামা।

৩। মৃত আগ্নেয়গিরি (Extinet Volcano): যে সব আগ্নেয়গিরির অগ্ন্যোৎপাত দীর্ঘকাল ধরে নিষ্ক্রিয় হয়ে আছে এবং ভবিষৎতে অগ্ন্যোৎপাতের সম্ভাবনা নেই তাকে মৃত আগ্নেয়গিরি বলে।যেমনঃ ইরানের কোহিসুলতান।

- আগ্নেয়গিরির অগ্ন্যোৎপাতের ফলাফলের ফলে সৃষ্টঃ

- ✓ আগ্নেয় মালভূমি- ভারতের দাক্ষিনাত্যের মালভূমি
- ✓ আগ্নেয় হ্রদ- আলাস্কার মাউন্ট আডাকামা, নিকারাগুয়ার কোসেগায়না
- ✓ আগ্নেয় দ্বীপ – যুক্তরাষ্ট্রের হাওয়াই দ্বীপপুঞ্জ।
- ✓ আগ্নেয় পর্বত – ইতালির ভিসুভিয়াস।

আগ্নেয়গিরির অগ্ন্যোৎপাতের ফলে ভূপৃষ্ঠের কোনো অংশ ধসে গভীর গহ্বরের সৃষ্টি হয়। ১৮৮৩ সালে সুমাত্রা ও জাভা দ্বীপের মধ্যবর্তী অংশে অগ্ন্যুৎপাতের ফলে একটি গহ্বর দেখা যায়।

RAISUL ISLAM HRIDOY

আগ্নেয়গিরির লাভা সঞ্চিত হতে হতে বিস্তৃত এলাকা নিম্ন সমভূমিতে পরিনত হয়।যেমন- উত্তর আমেরিকার স্নেক নদীর লাভা সমভূমিতে পরিনত হয়।

১৮৭৯ সালে ইতালির ভিসুভিয়াস আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের ফলে হারকিউলেমিয়াম ও পম্পেই নামের দুইটি নগর উত্তপ্ত লাভা ও ভস্মরাশির মধ্যে ডুবে গিয়েছিল।

নদী

যেখান থেকে নদীর উৎপত্তি হয় তাকে নদীর উৎস বলে । নদী যখন কোনো হ্রদ বা সাগরে পতিত হয় তখন সেই পতিত স্থানকে মোহনা বলে। নদীর অধিক বিস্তৃত মোহনাকে খাঁড়ি বলে।

দোয়াবঃ প্রবাহমান দুইটি নদীর মধ্যবর্তী ভূমিকে দোয়াব বলে।

নদীসংগমঃ দুই বা ততোধিক নদীর মিলনস্থলকে নদীসংগম বলে।

উপনদীঃ পর্বত বা হ্রদ থেকে যেসব ছোট নদী উৎপন্ন হয়ে কোনো বড় নদীতে পতিত হয় তাকে সেই বড় নদীর উপনদী |

শাখানদীঃ মূলনদী থেকে যে সকল নদী বের হয় তাকে শাখানদী বলে। বাংলাদেশের কুমার ও গড়াই হলো পদ্মা নদীর শাখা নদী।

নদী উপত্যকাঃ যে খাতের মধ্যদিয়ে নদী প্রবাহিত হয় সে খাতকে তাকে নদী উপত্যকা বলে।

নদীগর্ভঃ নদী উপত্যকার তলদেশকে নদীগর্ভ বলে।

নদী অববাহিকাঃ উৎপত্তি স্থান হতে শাখার-প্রশাখার মাধ্যমে যে বিস্তীর্ন অঞ্চল দিয়ে পানি প্রবাহিত হয়ে সাগর বা হ্রদে পতিত হয় সেই অঞ্চলই নদীর অববাহিকা।

ব-দ্বীপ (Delta)

নদী যখন মোহনার কাছাকাছি আসে তখন স্রোতের বেগ একবারে কমে যায়। এতে বালি ও কাদা তলানিরূপে জমা হয় এবং নদী মুখ সঞ্চিত বালু ও কাদা দ্বারা প্রায় বন্ধ হয়ে যায়। ধীরে ধীরে এই সঞ্চিত স্তর সাগরের পানির উচ্চতার উপরে উঠে যায়। তখন নদী বিভিন্ন শাখায় বিভক্ত হয়ে এই চরভূমিকে বেষ্টন করে সাগরে পতিত হয়। ত্রিকোনাকার এই নতুন সমতল ভূমিকে ব-দ্বীপ বলে। এটি দেখতে বাংলা 'ব' অক্ষর এবং গ্রীক 'ডেলটা' শব্দের মত।তাই এর বাংলা নাম ব-দ্বীপ এবং

RAISUL ISLAM HRIDOY

ইরেজী নাম ডেলটা। বাংলাদেশ পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ এবং সুন্দরবন বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ।

পৃথিবীর প্রধান ভূমিরূপ

ভৌগলিক দিক দিয়ে বিচার করলে পৃথিবীর সমগ্র ভূমিরূপকে তিনটি ভাগে ভাগ করা যায়।

১) পর্বত (Mountains): সমুদ্রতল থেকে অন্তত ১০০০ মিটারের বেশি উঁচু সুবিস্তৃ ও খাড়া ঢালবিশিষ্ট শিলাস্তূপকে পর্বত বলে। সাধারনত ৬০০ মিটার ১০০০ মিটার উঁচু স্বল্প বিস্তৃত শিলাস্তূপকে পাহাড় বলে।

কোনো কোনো পর্বত বিচ্ছিন ভাবে অবস্থান করে। যেমন- পূর্ব আফ্রিকার কিলিমানজারো।

আবার কিছু পর্বত অনেকগুলো পৃথক শৃঙ্গসহ ব্যাপক এলাকা জুড়ে অবস্থান করে। যেমন- হিমালয় পর্বতমালা।

প্রকারভেদ

উৎপত্তিগত বৈশিষ্ট্য ও গঠনপ্রকৃতির ভিত্তিতে প্রধানত চারপ্রকার। যথা-

ক) ভঙ্গিল পর্বত (Fold Mountains)

ভঙ্গ বা ভাঁজ থেকে ভঙ্গিল শব্দটির উৎপত্তি। কোমল পাললিক শিলায় ভাঁজ পড়ে যে পর্বত গঠিত হয়েছে তাকে ভঙ্গিল পর্বত বলে। যেমন- এশিয়ার হিমালয়, ইউরোপের আল্পস, উত্তর আমেরিকার রকি, দক্ষিন আমেরিকার আন্দিজ পর্বতমালা।

খ) আগ্নেয় পর্বত(Volcano Mountains)

আগ্নেয়গিরি থেকে উদগিরিত পদার্থ সঞ্চিত ও জমাট বেঁধে আগ্নেয় পর্বত সৃষ্টি হয়। একে সঞ্চিত পর্বতবলে। এই পর্বত সাধারণত মোচাকৃতির (Conical)। উদাহরণ- ইতালির ভিসুভিয়াস, কেনিয়ার কিলিমানজারো, জাপানের ফুজিয়ামা, ফিলিফাইনের পিনাটুবো।

গ) চ্যুতি-স্তূপ পবর্ত(Fault-block Mountains)

RAISUL ISLAM HRIDOY

ভূআলোড়নের সময় ভূপৃষ্ঠের শিলাস্তরে প্রসারণ এবং সংকোচনের সৃষ্টি হয়। এই প্রসারণ এবং সংকোচনের জন্য ভূত্বকে ফাটলের সৃষ্টি হয়। কালক্রমে এ ফাটল বরাবর ভূত্বক ক্রমে স্থানচ্যুত হয় একে চ্যুতি বলে। ভূত্বকের এ স্থানচ্যুতি কোথাও উপরের দিকে কোথাও নিচের দিকে। চ্যুতির ফলে উঁচু হত্তয়া অংশকে স্তূপ পর্বত বলে। উদাঃ- ভারতের বিন্ধা ও সাতপুরা পর্বত, জার্মানির ব্লাক ফরেস্ট, পাকিস্থানের লবন পর্বত।

ঘ) ল্যাকোলিথ পর্বত (Dome/Laccolith Mountains)

পৃথিবীর অভ্যন্তর থেকে গলিত শিলা বা ম্যাগমা বিভিন্ন গ্যাসের দ্বারা স্থানান্তরিত হয়ে ভূপৃষ্ঠে বের হয়ে আসার চেষ্টা করে। কিন্তু কোনো কোনো সময় বাঁধা পেয়ে এগুলো ভূপৃষ্টের উপরে না এসে ভূত্বকের নিচে জমাট বাধেঁ। উর্ধ্বমুখী চাপের কারনে স্ফীত হয়ে ভূত্বকের অংশ বিশেষ গম্বুজ আকার ধারন করে। এভাবে সৃষ্ট পর্বতকে ল্যাকোলিথ পর্বত বলে। উদাঃ- যুক্তরাষ্ট্রের হেনরী পর্বত।

মালভূমি (Plateaus)

পর্বত থেকে নিচু কিন্তু সমভূমি হতে উঁচু খাড়া ঢালযুক্ত ঢেউ খেলানো বিস্তীর্ণ সমতলভূমিকে মালভূমি বলে।

পৃথিবীর বৃহত্তম মালভূমির উচ্চতা ৪২৭০ থেকে ৫১৯০ মিটার।

মালভূমি তিনপ্রকার

১) পর্বত মধ্যবর্তী মালভূমি। উদাঃ- তিব্বত মালভূমি, দক্ষিন আমেরিকার বলিভিয়া, মধ্য আমেরিকার মেক্সিকো এবং এশিয়ার মঙ্গোলিয়া ও তামির।

২) পাদদেশীয় মালভূমি। উদাঃ- উত্তর আমেরিকার কলোরাডো এবং দক্ষিন আমেরিকার পাতাগোনিয়া।

৩) মহাদেশীয় মালভূমি। উদাঃ- স্পেন,অস্ট্রেলিয়া,সৌদি আরব, গ্রীন ল্যান্ড, এন্টার্কটিকা এবং ভারতীয় উপদ্বীপ।

RAISUL ISLAM HRIDOY

সমভূমি (Plains)

সমুদ্রপৃষ্ঠ থেকে অল্প উঁচু মৃদু ঢালবিশিষ্ট সুবিস্তৃত ভূমিকে সমভূমি বলে।

সমভূমি দুই প্রকার

১) ক্ষয়জাত সমভূমি। উদাঃ- অ্যাপোলেশিয়ান পাদদেশীয় সমভূমি, ইউরোপের ফিনল্যান্ড, ও সাইবেরিয়ান সমভূমি, বাংলাদেশের মধুপুেরর চত্বর ও বরেন্দ্রভূমি।

২) সঞ্চয়জাত সমভূমি। উদাঃ- নদীর পলি অবক্ষেপণের মাধ্যমে সৃষ্ট প্লাবন সমভূমি, নদীর মোহনার কাছাকাছি এসে নদী সঞ্চয়ের মাধ্যমে সৃষ্ট ব-দ্বীপ, শীতপ্রধান এলাকায় হিমবােহর গ্রাবরেখা দ্বারা সঞ্জয়কৃত পলি থেকে গড়ে উঠা হিমবাহ সমভূমি।

জাদুঘর বিশ্ববিদ্যালয় সপ্তাশ্চার্য

Museums, Universities, Wonders

বিশ্বের বিখ্যাত জাদুঘর

জাদুঘর (Museums)	শহর (City)	দেশ (Country)	মুল পয়েন্ট (Key Point)
Lovre Museums লুভ্যরো জাদুঘর	Paris প্যারিস	France ফ্রান্স	বিশ্বখ্যাত মোনালিসার চিত্রকর্মসহ অনেক বিখ্যাত শিল্পকর্ম এখানে শোভা পায়। Many famous art works, including the famous

RAISUL ISLAM HRIDOY

			Monalisa painting, are decorated here.
British Museum দ্য ব্রিটিশ মিউজিয়াম	লন্ডন London	যুক্তরাজ্য UK	
আমেরিকান মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রি American Museum of Natural History	নিউইয়র্ক New york	যুক্তরাষ্ট্র USA	
মেট্রোপলিটন আর্ট জাদুঘর Metropolitan Art Museum	নিউইয়র্ক New york	যুক্তরাষ্ট্র USA	
স্টেট গ্যালারী State Gallery	লন্ডন London	যুক্তরাজ্য UK	
ভিক্টোরিয়া আলবার্ট জাদুঘর Victoria Albert Museum	লন্ডন London	যুক্তরাজ্য UK	
ন্যাশনাল জাদুঘর National Museum	লন্ডন London	যুক্তরাজ্য UK	
দ্য ন্যাশনাল জাদুঘর The National Museum	নেপলস Naples	ইতালি Italy	
মাদাম তুসো Madame Tussauds	লন্ডন London	যুক্তরাজ্য UK	বিখ্যাত ব্যক্তিদের মোমের মূর্তি এখানে স্থান পেয়েছে।

RAISUL ISLAM HRIDOY

			Wax sculpture of famous people have been found here.
দ্য গুইমেন্ট মিউজিয়াম The Guimet Museum	Paris প্যারিস	ফ্রান্স France	
মিউজিও ডেল পেডো Museo Nacional Del Prado	মাদ্রিদ Madrid	স্পেন Spain	

বিশ্বের শীর্ষ ১০ বিশ্ববিদ্যালয়সমূহ

Top 10 Universities In The World

বিশ্ববিদ্যালয়ের নাম Name of University	অবস্থান ও প্রতিষ্ঠা Location and establishment
1. হার্ভাড ইউনিভার্সিটি Harvard University	কেমব্রিজ, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট-১৬৩৬ Cambridge, Massachusetts, United States-1636
2.স্ট্যানফোর্ড ইউনিভার্সিটি Stanford University	স্ট্যানফোর্ড, ক্যালির্ফোনিয়া – ১৮৮৫ Stanford, California -1885
3. ইয়েল ইউনিভার্সিটি Yale University	নিউ হেভেন, কানেস্টিকাট – ১৭০১ New Haven, Connecticut- 1701

RAISUL ISLAM HRIDOY

4. ক্যালির্ফোনিয়া ইনস্টিটিউট অব টেকনোলজি California institute of technology	প্যাসডোনা, ক্যালির্ফোনিয়া -১৮৯১ Pasadena, California, United States
5. ইউনিভার্সিটি অব ক্যালির্ফোনিয়া/University of California	বাকলি, ক্যালির্ফোনিয়া – ১৮৬৮ Oakland, California, US -1668
6. ইউনিভার্সিটি অব কেমব্রিজ/ University of Cambridge	কেমব্রিজ, ইংল্যান্ড – ১২০৯ Cambridge, England – 1209
7. ম্যাসচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি/ Massachusetts Institute of Technology	ক্যামব্রিজ, ম্যাসচুসেটস ১৮৬১ Cambridge, Massachusetts 1861
8. ইউনিভার্সিটি অব অক্সফোর্ড University of Oxford	অক্সফোর্ড, ইংল্যান্ড – ১০৯৬ Oxford, England – 1096
9. ইউনিভার্সিটি অব ক্যালির্ফোনিয়া University of California	সানফ্রান্সিসকো, ক্যালির্ফোনিয়া ১৮৭৩ San Francisco, California 1873
10. কলম্বিয়া ইউনিভার্সিটি Columbia University	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র – ১৭৫৪ New York, United States – 1754

RAISUL ISLAM HRIDOY

বিশ্বের প্রাচীনতম বিশ্ববিদ্যালয়

The oldest university in the world

বিশ্ববিদ্যালয়ের নাম Name of University	অবস্থান ও প্রতিষ্ঠাকাল Location and establishment	গুরুতপূর্ণ পয়েন্ট Key Point
1. নালন্দা বিশ্ববিদ্যালয় Nalanda University	বিহার, ইন্ডিয়া – ৪২৭ খ্রিস্টাব্দে Bihar, India – 427 AD	১ সেপ্টেম্বর, ২০১৪ সালে পুনরায় চালু করা হয়। On September 1, 2014, it was re-launched.
2. কারুইন বিশ্ববিদ্যালয় Karueein University	ফেজ, মরোক্ক – ৮৫৯ খ্রিস্টাব্দে Fes, Morocco – 859 AD	অদ্যাবধি বিরাজমান বিশ্বের প্রাচীনতম বিশ্ববিদ্যালয়। The oldest universities in the world are still running
3. আল-আজহার বিশ্ববিদ্যালয়র্ Al-Azhar University	কায়রো, মিশর – ৯৪৯ খ্রিস্টাব্দে Cairo, Egypy – 949 AD	
4. অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় University of Oxford	অক্সফোর্ড, ইংল্যান্ড- ১০৯৬ Oxford, England – 1096	
5. ইউনিভার্সিটি অব কেমব্রিজ University of Cambridge	কেমব্রিজ, ইংল্যান্ড – ১২০৯ Cambridge, England – 1209	
6. হার্ভাড ইউনিভার্সিটি Harvard University	কেমব্রিজ, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র-১৬৩৬	

RAISUL ISLAM HRIDOY

	Cambridge, Massachusetts, United States-1636	

বিশ্বের নতুন সপ্তাশ্চার্য

New Seven Wonders of the World

আশ্চর্য (Wonders)	নির্মাণের সময় (Time to build)	অবস্থান (Location)
চীনের প্রাচীর (Great Wall of China)	খ্রিস্টপূর্ব ৫ম – ১৬শ শতাব্দী BC 5th – 16th century	চীন (China)
পেত্রা (Petra)	অজানা (Unknown)	জর্ডান (Jordan)
ক্রাইস্ট দ্য রিডিমার Christ the Redeemer	অক্টোবর ১২, ১৯৩১-এ উদ্বোধন হয় It was inaugurated on October 12, 1931.	ব্রাজিল (Brazil)
মাচুপিচ্চু (ইনকা সভ্যতার নিদর্শন) Machu Picchu	১৪৫০ খ্রিস্টাব্দ (1450 AD)	পেরু (Peru)
চিচেন ইৎজা (Chichen Itza)	৬০০ খ্রিস্টাব্দ (600 AD)	মেক্সিকো (Mexico)
কলোসিয়াম (Colosseum)	৮০ খ্রিস্টাব্দ (80 AD)	ইতালি (Italy)
তাজ মহল (Taj Mahal)	১৬৪৮ খ্রিস্টাব্দ (1648 AD)	ভারত (India)

RAISUL ISLAM HRIDOY

নতুন প্রাকৃতিক সপ্তাশ্চর্য

New Natural Wonders

১। গ্রেট ব্যারিয়ার রিফ – এটি পৃথিবীর সবচাইতে দীর্ঘতম প্রবাল রিফ। এটি অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড রাজ্যের উপকূল ঘেঁষা কোরাল সাগরে অবস্থিত। মহাশূন্য থেকে পৃথিবীর যে কয়েকটি বস্তু দৃশ্যমান তার মধ্যে গ্রেট ব্যারিয়ার রিফ অন্যতম।

২। মাউন্ট এভারেষ্ট – মাউন্ট এভারেস্ট পৃথিবীর অন্যতম প্রাকৃতিক বিস্ময়। এটি নেপালে অবস্থিত। এটাকে নেপালে সররমাথা এবং তিব্বতে চোমোলাংমা বলে। চীন ও নেপালের আন্তর্জাতিক সীমান্ত মাউন্ট এভারেস্টের শীর্ষবিন্দু দিয়ে গেছে।

৩। ভিক্টোরিয়া জলপ্রপাত – ভিক্টোরিয়ার জলপ্রপাত বিশ্বের একটি আশ্চর্যজনক জলপ্রপাত। এটি মধ্য-দক্ষিণ আফ্রিকায় অবস্থিত। নায়াগ্রা জলপ্রপাতের দ্বিগুণ বড় এই ভিক্টোরিয় জলপ্রপাত। বর্তমানে এটি বহিঃবিশ্বের পর্যটকদের কাছে প্রধান আকর্ষণ হিসেবে রয়েছে।

৪। রিউ দি জানেইরু – রিও দি জানেইরু বা জানুয়ারীর নদী। এটি দক্ষিণ-পূর্ব ব্রাজিলের একটি প্রধান শহর এবং রিউ দি জানেইরু রাজ্যের রাজধানী। বর্তমানে এটি একটি প্রাকৃতিক সৌন্দর্যের বৈশিষ্ট্য।

৫। বৃহৎ গিরিখাত – বৃহৎ গিরিখাত একটি প্রাকৃতিক আশ্চর্যের বিষয়। এটি গ্র্যান্ড ক্যানিয়ন যুক্তরাষ্ট্রের অ্যারিজোনা অঙ্গরাজ্যে অবস্থিত। এই গিরিখাতের মধ্য দিয়ে কলোরাডো নদী বয়ে গেছে। প্রেসিডেন্ট থিওডোর রুজভেল্ট এই গিরিখাতের সংরক্ষণে একটি বড় ভূমিকা পালন করেন। তিনি প্রায়ই এখানে শিকার এবং ভ্রমণের উদ্দেশ্যে আসতেন।

৬। আরোরা – মেরুজ্যোতি বা অরোরা দেখতে অনেক সুন্দর। আরোরা উষা হলো আকাশে একধরণের প্রাকৃতিক আলোর প্রদর্শনী। প্রধানত উঁচু অক্ষাংশের এলাকা গুলোতে আরোরা'র দেখা মিলে।

৭। প্যারিক্যুটিন আগ্নেয়গিরি – প্যারিক্যুটিন পৃথিবীর পশ্চিম গোলার্ধের সবচেয়ে নবীন এ আগ্নেয়গিরির। এটি মেক্সিকোতে। পৃথিবীর সাত প্রাকৃতিক আশ্চর্যের মধ্যে অন্যতম। প্যারিক্যুটিন আগ্নেয়গিরি ১৯৪৩ সাল থেকে ১৯৫২ সাল পর্যন্ত সক্রিয় ছিল। এই আগ্নেয়গিরির ছাই ও লাভা দুটি শহর পুরোপুরি ধ্বংস করে দেয়।

RAISUL ISLAM HRIDOY

অধ্যায় ৬

নোবেল পুরস্কার ও অন্যান্য

১) নোবেল পুরস্কার

সারা বিশ্বে বিভিন্ন ব্যক্তি এবং প্রতিষ্ঠানকে সফল ও অনন্য সাধারন গবেষনা ও উদ্ভাবনের এবং মানবকল্যানশূলক কর্মকান্ডের জন্য প্রতিবছর একবার করে নোবেল পুরস্কার দেওয়া হয়।

নোবেল পুরস্কারের ইতিহাস: নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল ১৮৩৩ সালে সুইডেনের স্টকহোহে জন্মগ্রহন করেন। তিনি ডিনামাইট (উন্নত মানের বিস্ফোরক) আবিষ্কার করে বিশাল সম্পত্তির মালিক হয়ে যান। আবিষ্কারের অল্প কিছু দিনের মধ্যেই এর চাহিদা বাড়তে থাকে। এটি ছিল বারুদ এবং নাইট্রোগ্লিসারিনের চেয়ে অধিক নিরাপদ। নোবেল তাঁর প্যাটেন্ট কঠোর ভাবে নিয়ন্ত্রণ করতেন। কেউ অবৈধ ভাবে ডিনামাইট উৎপাদন করলে দ্রুত তা বন্ধ করার ব্যবস্থা করতেন। এরপরেও যুক্তরাষ্ট্রে কিছু ব্যবসায়ী কিছুটা ভিন্ন উপায়ে ডিনামাইট উৎপাদন করে তার প্যাটেন্ট নিয়েছিল। তারা তা ব্যাপকভাবে যুদ্ধাস্ত্র হিসেবে ব্যবহার করতে থাকে।ফলে নোবেল এর অপব্যবহারে হতাশ হয়ে পড়েন। তিনি তার আবিষ্কারের কৃতকর্মের জন্য অনুতপ্ত হয়ে মৃত্যুর বছরখানের আগে তার সম্পত্তির ৯৪% উইল করে যান। আর এই উইল মোতাবেক ১৯০১ সালে নোবেল পুরস্কার প্রবর্তিত হয়।সর্বপ্রথম পাঁচটি বিষয়ে নোবেল পুরস্কার চালু হয়। বর্তমানে ৬ টি বিষয়ে নোবেল পুরস্কার প্রদান করা হয়। এগুলো হলঃ

১) পদার্থবিদ্যা ২) রসায়ন ৩) সাহিত্য ৪) চিকিৎসা ৫) শান্তি ও ৬) অর্থনীতি

অর্থনীতিতে ১৯৬৯ সাল থেকে নোবেল পুরস্কার প্রদান করা হয়।

আলফ্রেড নোবেলের মৃত্যু দিবস ১০ ডিসেম্বর নরওয়ের অসলোতে শান্তি পুরস্কার এবং সুইডেনের স্টকহোমে বাকি পুরস্কার গুলো তুলে দেয়া হয় বিজয়ীদের হাতে।

RAISUL ISLAM HRIDOY

নোবেল পুরস্কার ২০২০

বিষয়/Subject	বিজয়ীর নাম/Winner	যে কারণে পেয়েছেন/ Reason
Physiology or Medicine (চিকিৎসা ক্ষেত্রে)	1. Harvey J. Alter (USA) 2. Michael Houghton (UK) 3. Charles M. Rice (USA) ১. হার্ভে জে. এল্টর (যুক্তরাষ্ট্র) ২. মাইকেল হংটন (যুক্তরাজ্য) ৩. চার্লিস এম. রীচ (যুক্তরাষ্ট্র)	হেপাটাইটিস সি ভাইরাস আবিষ্কার
Physics (পদার্থে)	1. Roger Penrose (UK) 2.Reinhard Genzel (Germany) 3. Andrea Ghez (USA) ১. রজার পেনরোজ (যুক্তরাজ্য) ২. রিনহ্যার্ড গ্যাঞ্জেল (জার্মানি) ৩. এন্ড্রি গ্যাজ (যুক্তরাষ্ট্র)	ব্ল্যাকহোলের গঠন, আপেক্ষিকতার সাধারণ তত্ত্বের দৃষ্টান্ত
Chemistry	1. Emmanuelle Charpentier (France) 2. Jennifer A. Doudna (UK)	জিনোম সম্পাদনা পদ্ধতি আবিষ্কার

RAISUL ISLAM HRIDOY

(রসায়ন)	১. ইমায়েন্যাল চারপেইন্টার (ফ্রান্স) ২. জেনিফার এ. দ্যুদানা (যুক্তরাজ্য)	
Economics Science অর্থনীতি	1. Paul R. Milgorm (USA) 2. Robert B. Wilson (USA) ১. পল আর. মিলর্গম (যুক্তরাষ্ট্র) ২. রবার্ট বি. উইলসন (যুক্তরাষ্ট্র)	Auction তত্ত্বের বিকাশ ও নতুন ফরম্যাট আবিষ্কার
Peace শান্তি	World Food Programme (WFP) সদর সপ্তর, রোম, ইতালি	ক্ষুদা নিবারন, যুদ্ধবিদ্ধস্ত এলাকায় শান্তি স্থাপন ও মহামারি করোনাকালীন সময়ে অক্লান্ত জরুরি সেবা প্রদান
Literature (সাহিত্যে)	Louise Gluck (USA) লুসি গ্লিক (যুক্তরাষ্ট্র)	সুস্পষ্ট কাব্যিক কণ্ঠ

নোবেল পুরস্কার ২০১৯

বিষয়/Subject	বিজয়ীর নাম/Winner	যে কারণে পেয়েছেন/ Reason

RAISUL ISLAM HRIDOY

Physiology or Medicine (চিকিৎসা ক্ষেত্রে)	1.Sir Peter J. Ratcliffe (UK) 2.William G. Kaelin Jr (USA) 3. Gregg L. Semenza (USA) ১. অধ্যাপক স্যার পিটার র‍্যাটক্লিপ (যুক্তরাজ্য) ২. উইলিয়াম ক্যাললিন (যুক্তরাষ্ট্র) ৩. গ্রেগ সেমেঞ্জা(যুক্তরাষ্ট্র)	For their discoveries of how cells sense and adapt to oxygen availability (কোষ কিভাবে অক্সিজেনের উপস্থিতি অনুভব করে এবং সাড়া দেয় অর্থাৎ প্রাণীর কিভাবে অক্সিজেনের প্রাপ্যতার সাথে খাপ খাইয়ে নেয় সেই রহস্য উন্মোচন করার কারণে।)
Physics (পদার্থে)	1.James Peebles (Canada) 2.Michel Mayor (Switzerland) 3.Didier Queloz (Switzerland) ১. জেমস পিবলস (কানাডা) ২. মাইকেল মেয়র (সুইজারল্যান্ড) ৩. দিদিয়ের কুলোজ (সুইজারল্যান্ড)	James Peebles wins Nobel Prize for theoretical discoveries in physical cosmology. Michel Mayor & Didier Queloz win for the discovery of an exoplanet orbiting a solar-type star. (জেমস পিবলস ভৌত বিশ্বতাত্ত্বিক বিষয়াবলি নিয়ে বহু তথ্য আবিষ্কারের জন্য। অন্যদিকে মাইকেল মেয়র ও দিদিয়ের কুলোজ যৌথভাবে সৌরজগতের বাইরের বহির্গহ (এক্সোপ্লানেট) নামক গ্রহ, যেটি অন্যান্য গ্রহের মতোই নক্ষত্রকে প্রদক্ষিন করে তা আবিষ্কার করেন।

RAISUL ISLAM HRIDOY

Chemistry (রসায়ন)	1. John B. Goodenough (USA) 2. M. Stanley Whittingham (UK) 3. Akira Yoshino (Japan) ১. জন বি গুডএনাফ(যুক্তরাষ্ট্র) ২. এম স্ট্যানলি হুইটিংগাম(যুক্তরাজ্য) ৩. আকিরা ইয়োশিনো (জাপান)	For the development of lithium-ion batteries. (লিথিয়াম আয়ন ব্যাটারি উন্নয়নের জন্য তিন বিজ্ঞানীকে রসায়নে নোবেল পুরস্কার পান)
Economics Science অর্থনীতি	1. Abhijit Banerjee (India) 2. Esther Duflo (France) 3. Michael Kremer(USA) ১. অভিজিৎ ব্যানার্জি (ভারত) ২. এস্থার দুফলো (ফ্রান্স) ৩. মাইকেল ক্রেমার (যুক্তরাষ্ট্র)	For their experimental approach to alleviating global poverty (অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে দারিদ্য বিমোচনে গবেষণায় অবদানের জন্য)
		For his efforts to achieve peace and international cooperation and in particular for his decisive initiative to resolve the border conflict with neighbouring Eritrea.

RAISUL ISLAM HRIDOY

Peace শান্তি	Abiy Ahmed Ali (Ethiopian) আবি আবদেল আলী (ইথিওপিয়ার প্রধানমন্ত্রী)	(আবি আহমেদ আলি প্রতিবেশী দেশ ইরিত্রিয়ার সঙ্গে দীর্ঘদিনের দ্বন্দ্ব নিরসনে ভূমিকা রাখেন।)
Literature (সাহিত্যে)	Peter Handke পিটার হান্দক (অস্ট্রিয়া)	For an influential work that with linguistic ingenuity has explored the periphery and the specificity of Human (ভাষার সৌকর্য এবং মানবিক অভিজ্ঞতার প্রান্তিক ও সুনির্দিষ্টতা উন্মোচনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য)

- ২০১৮ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন পোলিশ লেখক ওলগা তোকারজুক। গত বছরে নোবেল সাহিত্য কমিটির বিরুদ্ধে যৌন হয়রানি ও অর্থ কেলেংকারি গণমাধ্যমে তোলপাড় করে পেলে। এর পরই সাহিত্যে ২০১৮ সালের নোবেল স্থগিত করা হয়। পরে ২০১৮ ও ২০১৯ সালে সাহিত্যে দুই নোবেলজয়ীর নাম একসঙ্গে ঘোষনা করা হয়।
- আবি আবদেল আলী মুসলিম নন।
- ২০১৯ সালে অর্থনীতিতে নোবেল জয়ী অভিজিৎ ব্যানার্জি ও এস্থার ডাফেলো স্বামী-স্ত্রী। এই দম্পতি লেন ইতিহাসের পঞ্চম দম্পতি যারা একই বছর একসাথে নোবেল পেলেন। এস্থার ডাফেলো সর্বকনিষ্ঠ এবং দ্বিতীয় নারী হিসেবে নোবেল পুরস্কার লাভ করেন। অভিজিৎ ব্যানার্জি নোবেল বিজয়ী ৪র্থ বাঙ্গালী এবং অর্থনীতিতে নোবেল জয়ী ২য় বাঙ্গালী। অভিজিৎ ব্যানার্জির লেখা 'পওর ইকোনমিকস' বইটি বিশ্বব্যাপী সমাদৃত হয়। বইটি গোল্ডেন বিজনেস বুক সম্মানে ভূষিত হয়।অধ্যাপক অর্মত্য সেনও এই বইটির প্রশংসা করেন।
- এশিয়া নোবেল খ্যাতে "রেমন ম্যাগসেসে পুরস্কার ২০১৯" লাভ করেছেন

১. রবিশ কুমার (ভারত)

২. কো সোয়ে উইন (মিয়ানমার)

RAISUL ISLAM HRIDOY

৩. আংখানা নীলাপাইজিং (থাইল্যান্ড)

৪. রয়মুন্ডো পুজান্তে (ফিলিপাইন)

৫. কিম জং কি (দক্ষিন কোরিয়া)

- প্রথম নারী হিসেবে "ম্যান বুকার ইন্টারন্যাশনাল পুরস্কার ২০১৯" জিতেছেন ওমানের লেখিকা জোকা আলহারতি।নিজ দেশের ঔপনিবেশিক আমল পরবর্তী বিবর্তন নিয়ে লিখিত 'সেলেস্টিয়াল বডিজ' উপন্যাসের জন্য তিনি ব্রিটেনের মর্যাদাপূর্ণ এই পুরস্কার পান।
- ম্যান বুকার পুরস্কার বিশ্ব সাহিত্যের অন্যতম মর্যাদাসম্পন্ন পুরস্কার "ম্যান বুকার পুরস্কার"। সংক্ষেপে বুকার পুরস্কার হিসেবে পরিচিত। এই পুরস্কার বিজয়ী লেখকে অবশ্যই কমনওয়েলথ, জিম্বাবুয়ে অথবা আয়ারল্যান্ডের নাগরিক হতে হবে এবং উপন্যাসটি ইংরেজি ভাষাতে রচিত হতে হবে। ২০১৯ সালে পুরস্কারটি 'দ্য টেস্টামেন্টসের জন্য মার্গারেট আটউড এবং 'গার্ল, উইমেন, আদার' এর জন্য বার্নারডাইন ইভারিস্টোকে যৌথভাবে প্রদান করা হয়। যৌথভাবে পুরস্কারটি প্রদাননকে নিষিদ্ধ করে নিয়ম থাকলেও ১৯৯২ সালের পর এটিই প্রথম যেখানে দুইজন বিজেতাকে যৌথভাবে পুরস্কৃত করা হয়।

নোবেল পুরস্কার ২০১৮

বিষয়	বিজয়ীর নাম	যে কারনে পেয়েছেন
চিকিৎসাশাস্ত্র	যুক্তরাষ্ট্রের জেমস পি. এলিসন এবং জাপানের তাসুকু হনজো	ক্যানসারের চিকিৎসায় নেতিবাচক পার্শ্বপ্রতিক্রিয়াবিহীন থেরাপি আবিষ্কারের জন্য।
পদার্থবিজ্ঞান	যুক্তরাষ্ট্রের আর্থার অ্যাশকিন, ফরাসী জেরার ম্যুরো এবং কানাডার ডোনা স্ট্রিকল্যান্ড	ক্ষুদ্র ও তীব্র লেজার স্পন্দন আবিষ্কারের জন্য।
রসায়ন	আমেরিকার ফ্রান্সেস আর্নল্ড ও জর্জ স্মিথ, বৃট্রিশ বিজ্ঞানী গ্রেগরি উইন্টার	প্রাণিদেহে রসায়নঘটিত সমস্যা সমাধানে বিবর্তনের ক্ষমতা ব্যবহার করে প্রোটিন উন্নয়নে কাজ করার জন্য। (এনজাউম ও প্রতিষেধক আবিষ্কার)

RAISUL ISLAM HRIDOY

শান্তি	কঙ্গোর চিকিৎসক ডেনিস মুকওয়েগে এবং ইরাকের মানবাধিকার কর্মী নাদিয়া মুরাদ।	যৌন নিপীড়নকে হাতিয়ার হিসেবে ব্যবহার রোধে আপ্রাণ প্রচেষ্টার জন্য।
অর্থনীতি	আমেরিকার উইলিয়াম ডি নর্ডহাউস ও পল এম রোমার	দীর্ঘকালীন অর্থনৈতিক তত্ত্বে জলবায়ু পরিবর্তন ও প্রযুক্তিগত উদ্ভাবনে গভেষনা।
সাহিত্য	এ বছর সাহিত্যে নোবেল পুরস্কার প্রদান করা হবেনা	
এ বছর ৭ দেশের ১২ জন নোবেল পুরস্কার পেয়েছেন।		

নোবেল পুরস্কার ২০১৭

- রসায়ন – জ্যাকস ডুবোশেট, জোয়াকিম ফ্রাংক ও রিচার্ড হ্যান্ডারসন
- অর্থনীতি – রিচার্ড থ্যালার
- সাহিত্য – কাজুও ইশিগুরো
- শান্তি – ইন্টারন্যাশনাল ক্যাম্পেইন টু অ্যাবোলিশ নিউক্লিয়ার উইপন্স (পারমাণবিক অস্ত্রের ব্যবহার বন্ধে একটি চুক্তিতে পৌঁছানোর উদ্যোগে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় আইসিএএনকে নোবেল দেওয়া হয়েছে)
- পদার্থবিজ্ঞান – ব্যারি সি ব্যারিশ, কিপ থর্ন ও রেইনার ওয়েইজ
- চিকিৎসাবিজ্ঞান – জেফ্রি সি হল, মাইকেল রসব্যাশ ও মাইকেল ডব্লিউ ইয়ং

নোবেল পুরষ্কার ঘোষনা

পুরস্কারের বিষয়	ঘোষনাকারী প্রতিষ্ঠান
চিকিৎসাবিজ্ঞান	ক্যারোলিনিস্কা ইনস্টিটিউড
সাহিত্য	সুইডিস একাডেমি

RAISUL ISLAM HRIDOY

শান্তি	নরওয়েজিয়ান নোবেল কমিটি
পদার্থবিদ্যা	রয়েল সুইডিস একাডেমি অব সায়েন্স
রসায়ন	
অর্থনীতি	

প্রথম নোবেল পুরস্কার বিজয়ী

বিষয়	সাল	নোবেলজয়ীর নাম	দেশ
পদার্থ	১৯০১	উলহেম রন্টজেন	জার্মানি
রসায়ন	১৯০১	জ্যাকোবাস ভ্যান্ট হফ	নেদারল্যান্ডস
চিকিৎসা	১৯০১	এমিল বিহরিং	জার্মানি
সাহিত্য	১৯০১	সুলি প্রুধোম	ফ্রান্স
শান্তি	১৯০১	হেনরি ডুনান্ট ও ফ্রেডারিক পার্সি	সুইজারল্যান্ড ও ফ্রান্স
অর্থনীতি	১৯৬৯	রিগনার ফ্রেস ও জ্যান টিম্বারজেন	নরওয়ে ও নেদারল্যান্ড

RAISUL ISLAM HRIDOY

উপমহাদেশের নোবেলবিজয়ী ব্যক্তিত্ব

বিষয়	সাল	বিজয়ীর নাম	দেশ	তথ্য

সাহিত্য	১৯১৩	রবীন্দ্রনাথ ঠাকুর	ভারত	নোবেল বিজয়ী প্রথম এশীয়। সাহিত্যে নোবেলজয়ী প্রথম অ-ইউরোপীয়।
পদার্থ	১৯৩০	সিভি রমন	ভারত	নোবেল বিজয়ী দ্বিতীয় এশীয়। উপমহাদেশে নোবেল জয়ী প্রথম বিজ্ঞানী।
চিকিৎসা	১৯৬৮	এইচ জি খোরানা	ভারত	'জেনেটিক কোড' আবিষ্কার করেন।
পদার্থ	১৯৭৯	আব্দুস সালাম	পাকিস্থান	
শান্তি	১৯৭৯	মাদার তেরেসা	ভারত	নোবেল জয়ী প্রথম এশীয় নারী
পদার্থ	১৯৮৩	চন্দ্রশেখর	ভারত	
অর্থনীতি	১৯৯৮	অমর্ত্য সেন	ভারত	দারিদ্য ও দুর্ভিক্ষ নিয়ে গভেষণা করেন।
শান্তি	২০০৬	ড. মুহাম্মদ ইউনুস	বাংলাদেশ	ক্ষুদ্রঋণ ধারনার প্রবর্তক
রসায়ন	২০০৯	ভি. রামকৃষ্ণ	ভারত	
শান্তি	২০১৪	মালালা	পাকিস্থান	শিশু নির্যাতনের বিরুদ্ধে এবং শিশুদের অধিকার রক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রাখেন।
শান্তি	২০১৪	কৈলাস সত্যার্থী	ভারত	

RAISUL ISLAM HRIDOY

(•) নোবেলবিজয়ী বাঙালি মনীষী তিনজন। এরা হলেন – রবীন্দ্রনাথ ঠাকুর, অমর্ত্য সেন ও ড. মুহাম্মদ ইউনুস।

সামাজিক চয়ন তত্ত্ব বা কল্যান অর্থনীতিতে অবদানের জন্য ১৯৯৮ সালে অর্থনীতিতে তাকে নোবেল পুরস্কার প্রদান করা হয়। তার গ্রন্থ 'Poverty and Famine'। ২০০৬ সালে গ্রামীণ ব্যাংক এবং ড. মুহাম্মদ ইউনুস যৌথভাবে শান্তি পুরস্কার লাভ করেন।

বিভিন্ন ক্ষেত্রে নোবেলজয়ী প্রথম নারী

ক্ষেত্র	সাল	নোবেলজয়ীর নাম	দেশ	তথ্য
রসায়ন	১৯০৩	মেরী কুরি	পোল্যান্ড	নোবেলজয়ী প্রথম নারী
পদার্থ	১৯১১			
শান্তি	১৯০৫	বার্থাভন সুকনার	আস্ট্রিয়া-হাঙ্গেরী	শান্তিতে নোবেলজয়ী প্রথম নারী
সাহিত্য	১৯০৯	সেলমা লাগারলফ	সুইডেন	সাহিত্যে নোবেলজয়ী প্রথম নারী
চিকিৎসা	১৯৪৭	র্গাটি কুরি	যুক্তরাষ্ট্র	চিকিৎসায় নোবেলজয়ী প্রথম নারী
অর্থনীতি	২০০৯	ইলিনর অস্ট্রম	যুক্তরাষ্ট্র	অর্থনীতিতে নোবেলজয়ী প্রথম নারী

- সাহিত্যে নোবেলজয়ী নারীর সংখ্যা – ৩ জন।
- ২০০৯ সাল পযর্ন্ত অর্থনীতিতে নোবেল বিজয়ী নারী একজন।
- আফ্রিকা থেকে মাত্র তিনজন মহিলা নোবেল পান।

নোবেল জয়ী মুসলিম মনীষী

ক্ষেত্র	সাল	নোবেলজয়ীর নাম	দেশ	তথ্য

RAISUL ISLAM HRIDOY

শান্তি	১৯৭৮	আনোয়ার সাদাত	মিশর	প্রথম মুসলিম নোবেলজয়ী
পদার্থ	১৯৭৯	আব্দুস সালাম	পাকিস্থান	
সাহিত্য	১৯৮৮	নাগিব মাহফুজ	মিশর	সাহিত্যে নোবেলজয়ী প্রথম আরব সাহিত্যিক। উপন্যাসের জন্য তিনি সমধিক পরিচিত।
শান্তি	১৯৯৪	ইয়াসির আরাফাত	ফিলিস্থিন	ক্যাম্প ডেবিট চুক্তি করার জন্য নোবেল পুরস্কার পান
রসায়ন	১৯৯৯	আহমেদ জেবাইল	মিশর	
শান্তি	২০০৩	শিরিন এবাদি	ইরান	শান্তিতে নোবেলজয়ী প্রথম মুসলিম নারী
শান্তি	২০০৫	আল বারাদি	মিশর	IAEA এর প্রধান ছিলেন।পারমানবিক অস্ত্র বিস্তার রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।
শান্তি	২০০৬	ড. মুহাম্মদ ইউনুস	বাংলাদেশ	
সাহিত্য	২০০৬	অরহান পামুক	তুরস্ক	বিখ্যাত গ্রন্থ The White Castle
শান্তি	২০১১	তাওয়াক্কাল কারমান	ইয়েমেন	
শান্তি	২০১৪	মালালা ইউসুফজাই	পাকিস্থান	সর্বকনিষ্ঠ নোবেলজয়ী

RAISUL ISLAM HRIDOY

মরণোত্তর নোবেল পুরস্কারজয়ী

নোবেলজয়ীর নাম	ক্ষেত্র	দেশ	সাল
এরিক কে. কার্লফেল্ট	সাহিত্য	১৯৩১	সুইডেন

দ্যাগ হ্যামারশোল্ড	শান্তি	১৯৬১	সুইডেন
রাফ এম স্টেনম্যান	চিকিৎসা	২০১১	কানাডা

একাধিকবার নোবেলজয়ী

নোবেলজয়ীর নাম	পুরস্কার জয়ের বর্ষ ও বিষয়
আন্তর্জাতিক রেডক্রস কমিটি (ICRC)	১৯১৭, ১৯৪৪ ও ১৯৬৩ (শান্তি)
জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন (UNHCR)	১৯৫৪, ১৯৮১ (শান্তি)
মেরী কুরি	১৯০৩ (পদার্থ), ১৯১১ (রসায়ন)
লিনাস পাউলিং	১৯৫৪ (রসায়ন), ১৯৬২ (শান্তি)
জন বার্ডিন	১৯৫৮ (পদার্থ), ১৯৮০ (রসায়ন)
ফ্রেড্রিক স্যাঙ্গার	১৯৫৮ (রসায়ন), ১৯৮০ (রসায়ন)

শান্তিতে নোবেলজয়ী জাতিসংঘের অঙ্গসংগঠন

নোবেল পুরস্কারপ্রাপ্ত সংস্থা বা সংগঠন	সাল
জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশন (UNHCR)	১৯৫৪, ১৯৮১ (শান্তি)
জাতিসংঘ শিশু তহবিল	১৯৬৫

RAISUL ISLAM HRIDOY

আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)	১৯৬৯
জাতিসংঘের শান্তিরক্ষী বাহিনী	১৯৮৮
জাতিসংঘ	২০০১
আন্তর্জাতিক আনবিক শক্তি এজেন্সি (IAEA)	২০০৫
আবহাওয়া পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেল (IPCC)	
রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ সংস্থা (OPCW)	

নোবেল পুরস্কার প্রত্যাখ্যান

এ পর্যন্ত দুইজন নোবেলজয়ী সেচ্ছায় নোবেল পুরস্কার পত্যাখ্যান করেন। তারা হলেন :

জ্যা পল সাত্রে	১৯৬৪ (সাহিত্যে)
লি ডাক থো	১৯৭৩ (শান্তি)

RAISUL ISLAM HRIDOY

নোবেল প্রাইজের বিশেষ তথ্য

লিনাস পাউলিং	বিজ্ঞানী কিন্তু শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন ১৯৬২ সালে।
গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজ	গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজ ৬ মার্চ ১৯২৭ সালে কলম্বিয়ায় জন্মগ্রহণ করেন। ল্যাটিন আমেরিকার বিংশ শতাব্দীর সবচেয়ে গুরুত্বপূর্ণ লেখক হিসেবে পরিচিত। ১৯৮২ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান। 'লাভ হান্ড্রেড ইয়ারস অব সলিচ্যুড' তাঁর বিখ্যাত গ্রন্থ। ২০১৪ সালের ১৭ এপ্রিল মেক্সিকো সিটিতে মারা যান।

ড্যানিয়েল ক্যানেম্যান	মনোবিজ্ঞানী কিন্তু অর্থনীতিতে নোবেল পুরস্কার পান ২০০২ সালে।
বার্ট্রান্ড রাসেল	দার্শনিক কিন্তু সাহিত্যে নোবেল পুরস্কার পান ১৯৫০ সালে।
উইনস্টন চার্চিল	রাজনীতিবিদ কিন্তু সাহিত্যে নোবেল পুরস্কার পান ১৯৫৩ সালে।

ম্যাগসেসে পুরস্কার

রামোন ম্যাগসেসে পুরস্কার ১৯৫৭ সালে প্রবর্তিত হয়। এবা পুরস্কার প্রবর্তন করা হয় ফিলিপাইনের প্রয়াত প্রেসিডেন্ট রামোন ম্যাগসেসেকে স্মরণ করে। এ পুরস্কারকে এশিয়ার নোবেল পুরস্কার বলা হয়।প্রতিবছর ৬ টি শ্রেণিতে এশিয়ার বিভিন্ন ব্যক্তি এবং সংগঠনকে এই পুরস্কার প্রদান করা হয়। যথা:

- সরকারী সেবা
- জনসেবা
- সামাজিক নেতৃত্ব
- সাংবাদিকতা, সাহিত্য এবং যোগাযোগে উদ্ভাবনী কলা
- শান্তি ও আন্তর্জাতিক সমন্বয়
- নতুন নেতৃত্ব

বাংলাদেশের **সৈয়দা রিজওয়ানা হাসান** সরকারী সেবা শ্রেনীতে ২০১২ সালে এ পুরস্কার পান।সামাজিক নেতৃত্ব শ্রেনীতে ১৯৮০ সালে ফজলে আবিদ, ১৯৮৪ সালে ড. মুহাম্মদ ইউনুস, ১৯৮৫ সালে জাফরুল্লাহ চৌধুরী, ১৯৮৮ সালে মোহাম্মদ ইয়াসিন, ২০১০এ.এইচ.এম. নোমান খান এ পুরস্কার পান।সাংবাদিকতা, সাহিত্য এবং যোগাযোগে উদ্ভাবনী কলা বিভাগে ২০০৪ ও ২০০৫ সালে যথাক্রমে এ পুরস্কার পান বাংলাদেশের আব্দুল্লাহ আবু সায়্যীদ ও মতিউর রহমান।

ম্যানবুকার পুরস্কার

RAISUL ISLAM HRIDOY

ম্যানবুকার পুরস্কার (অথবা বুকার পুরস্কার) বিশ্বসাহিত্যের অণ্যতম মর্যাদাসম্পন্ন পুরস্কার।ব্রিটেনের ম্যান গ্রুপ এই পুরস্কার প্রদান করে।এই পুরস্কার প্রাপ্তির কিছু শর্তাবলী রয়েছে।য়েমন : লেখককে অবশ্যই কমনওয়েলথ, জিম্বাবুয়ে বা আয়ারল্যান্ডের নাগরিক হতে হবে এবং উপন্যাসটি ইংরেজীতে রচিত হতে হবে।সর্বকনিষ্ঠ বুকার পুরস্কারজয়ী হলেন নিউজিল্যান্ডের ইলিনর ক্যাটন।২০১৮ সালের ম্যান বুকার পুরস্কার পেয়েছেন আইরিশ আনা বার্নস।

একাডেমি পুরস্কার

একাডেমি পুরস্কার বা অস্কার বিশ্ব চলচ্চিত্রের সবচেয়ে সম্মানজনক পুরস্কার।১৯২৯ সালে যুক্তরাষ্ট্রের Academy of Motion Picture Arts and Science এ পুরস্কারটি প্রবর্ত ন করে। মরোনত্তর একমাত্র অস্কারজয়ী অভিনেতা Piter Finch (১৯৭৬)। ২০০৭ সালে প্রথম বাংলাদেশী হিসেবে অস্কার পান বিন জাফর, বিজ্ঞান ও প্রযুক্তি ক্যাটাগরিতে। তিনি আইস এজ মুভিতে কাজ করে এ পুরস্কার পান।

পুলিৎজার পুরস্কার

১৯১৭ সালে পুলিৎজার পুরস্কার চালূ হয়। যুক্তরাষ্ট্রের কলম্বিয়া বিশ্ববিদ্যালয় পুলিৎজার পুরস্কার প্রদান করে।যুক্তরাষেট্রর সাংবাদিক জোসেফ পুলিৎজারের নাম অনুসারে এই পুরস্কারের নামকরণ করা হয়।সংবাদপত্রের সাংবাদিকতা, সাহিত্য এবং সঙ্গীত বিষয়ে অনন্য অবদানের জন্য এ পুরস্কার প্রদান করা হয়।

২০১৮ সালে সাংবাদিকতায় বিশ্বের সবচেয়ে সম্মানজনক পুলিৎজার পুরস্কার প্রাপ্তদের মধ্যে রয়েছেন আন্তর্জাতিক বার্তা সংস্থা রয়টার্সের আলোকচিত্রী বাংলাদেশের মোহাম্মদ পনির হোসেন। গত গত ১৬ মে রয়টার্সের আলোকচিত্রী বিভাগ পুলিৎজার পুরস্কার লাভ করে। সেই বিভাগে বিজয়ী আলোকচিত্রীদের একজন মোহাম্মদ পনির হোসেন।

বিবিধ পুরস্কার

কান চলচ্চিত্র উৎসব	১৯৪৬ সালে কান চলচ্চিত্র উৎসব প্রথম চালু হয়। কান চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয় ফ্রান্সের কান শহরে।

RAISUL ISLAM HRIDOY

সার্ক পুরস্কার	২০০৪ সালে সার্ক পুরস্কার প্রবর্তিত হয়। প্রথম সার্ক পুরস্কার পান শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান।
মিলেনিয়াম পিস প্রাইজ	বিশ্ব শান্তিতে নারীর অবদানের স্বীকৃতি স্বরূপ এ পুরস্কার দেওয়া হয়।২০০১ সালে এ পুরস্কার প্রবর্তিত হয়।
আগা খান পুরস্কার	স্থাপত্য শিল্পে অবদানের জন্য আগা খান পুরস্কার প্রদান করা হয়।
শাখারভ পুরস্কার	মানবাধিকার ও গণতন্ত্রের সংগ্রামের অবদানের জন্য ইউরোপীয় পার্লামেন্টে 'শাখারভ পুরস্কার' প্রদান করে।রাশিয়ার বিজ্ঞানি এনডিউ শাখারভের নামানুসারে পুরস্কারেনামকরণ করা হয়।
প্রেসিডেন্সিয়াল মেডেল অফ ফ্রিডম	যুক্তরাষ্টের সর্বোচ্চ বেসামরিক পুরস্কার। বিশ্বশান্তি, সংস্কৃতি, যুক্তরাষ্ট্রের নিরাপত্তায় অবদান রাখার জন্য এ পুরস্কার প্রদান করা হয়।
২০১৫ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিবেশ বিষয়ক সর্বোচ্চ আন্তর্জাতিক পুরস্কার 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' লাভ করেন।	
তথ্য প্রযুক্তিতে অগ্রগতির স্বীকৃতি হিসেবে আন্তর্জাতিক টেলিযোগাযোগ সংস্থা (আইটিইউ) বাংলাদেশকে আইসিটি টেকসই উন্নয়ন পুরস্কারে ভূষিত করে।	
২০১৫ সালে গুসি পুরস্কার লাভ করেন বাংলাদেশের কৃষি উন্নয়ন ও গণমাধ্যম ব্যক্তিত্ব শাইখ শিরাজসহ মোট ১৯ জন। গুসি পুরস্কার দেয়া হয় ফিলিপাইন থেকে।	

RAISUL ISLAM HRIDOY

সংবাদপত্র

বিশ্বের শীর্ষ সংবাদ সংস্থা

News Agency	Headquarters	News Agency	Headquarters
Agency France Press (AFP)	প্যারিস, ফ্রান্স (Paris, France)	WAFA	ফিলিস্তিন (Palestine)
Jewish Telegraphic Agency	ইসরাইল (Israel)	Associate Press (AP)/Voice of America(VOP)	যুক্তরাষ্ট্র (USA)
Press Trust of India	ইন্ডিয়া (India)	Antara	ইন্দোনেশিয়া (Indonesia)
Deutsche Presse Agentur (DPA)	জার্মানি (Germany)	Kyodo News	জাপান (Japan)
Associate Press of Pakistan (APP)	পাকিস্থান (Pakistan)	Reuters	লন্ডন, যুক্তরাজ্য (UK)
Rashtriya Samachar Samiti (RSS)	কাঠমুন্ড, নেপাল (Nepal)	Xinhua	চীন (China)
Barnama	মালয়শিয়ার রাষ্ট্রীয় বার্তা সংস্থা (Malaysia)	Rossiya Segodnya/নভোস্থি	রাশিয়া (Russia)
Italian Journalist Agency (AGI)	ইতালি (Italy)	ITAR-TASS/Interfax/Yonhop/	রাশিয়া (Russia)
Notimax	মেক্সিকো (Mexico)	Iran News Agency	ইরান (Iran)

RAISUL ISLAM HRIDOY

Middle East News Agency (MENA)	মিশর (Egypt)	Fairfax	অস্ট্রেলিয়া (Australia)
Saudi Press Agency (SPA)	সৌদি আরব (Saudi Arabia)	United News of Bangladesh(UNB)/Bangladesh Sangbad Sangstha (BSS)	বাংলাদেশ (Bangladesh)

- এএফপি (AFP) বিশ্বের প্রাচীনতম সংবাদ সংস্থা।ফ্রান্সের প্যারিসে এর সদর দপ্তর অবস্থিত। এর প্রতিষ্ঠাতা চার্লস লুইস হ্যাবস।
- AFP is the oldest news agency in the world.The AFP headquarters is located in Paris,France.
- রয়টার্স (Reuters) বিশ্বের বৃহত্তম সংবাদ সংস্থা। এর প্রতিষ্ঠাতা Paul Julius Reuter.
- Reuters World's largest news agency. Its founder Paul Julius Reuter

সম্প্রচার ও স্যাটেলাইট চ্যানেল

Broadcasting & Satellite Channels	Headquarters
British Broadcasting Corporation (BBC)	লন্ডন, যুক্তরাজ্য (London,Uk)
Cable News Network (CNN)	যুক্তরাষ্ট্র (USA)
Al Jazeera	দোহা, কাতার (Doha, Qatar)
ESPN Star	যুক্তরাষ্ট্র (USA)

RAISUL ISLAM HRIDOY

বিভিন্ন দেশের প্রধান সংবাদপত্র

News Paper	Headquarter	Headquarter	
Yomiuri Shimbun	টোকিও, জাপান (Tokyo, Japan)	কলকাতা, ভারত (India)	
Asahi Shimbun	টোকিও,জাপান (Tokyo, Japan)	The times	লন্ডন, যুক্তরাজ্য (London, UK)
The times of India	Mumbai, India	Al-Ahram	মিশর, কায়রো (Cairo, Egypt)
Bild	বার্লিন, জার্মানি (Berlin, Germany)	Al Akhbar	মিশর, কায়রো (Cairo, Egypt)
The Sun	লন্ডন, যুক্তরাজ্য (London, UK)	The Guardian	লন্ডন, যুক্তরাজ্য (London, UK)
Dainik Jagran	কানপুর, ভারত (India)	The Indepedent	লন্ডন, যুক্তরাজ্য (London, UK)
The Wall Street Journal	নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র (New York, USA)	National Post	কানাডা (Canada)

RAISUL ISLAM HRIDOY

Reference News	বেইজিং, চীন (Beijing, China)	Dawn	পাকিস্থান (Pakistan)
Daily Mirror	লন্ডন, যুক্তরাজ্য (London, UK)	People's Daily	বেইজিং,চীন (Beijing, China)

- বিশ্বের সর্বাধিক বিক্রিত দৈনিক সংবাদপত্র Yomiuri Shimbun
- The world's largest-selling daily newspaper Yomiuri Shimbun
- বিশ্বের সর্বাধিক বিক্রিত ইংরেজী দৈনিক সংবাদপত্র The times of India
- The world's largest English daily newspaper The times of India

দিবস ও বর্ষ

আন্তর্জাতিক দিবস (International Day)

উদযাপিত দিবস -Days observed	তারিখ -Date
বিশ্ব ধর্ম দিবস (World Religion Day)	১৫ জানুয়ারি -15 January
বিশ্ব নিকুঞ্জ দিবস	২ ফেব্রুয়ারি
বিশ্ব ক্যান্সার দিবস- World Cancer Day	৪ ফেব্রুয়ারি – 4 February
বিশ্ব ভালবাসা দিবস -Valentine day	১৪ ফেব্রুয়ারি – 14 February
বিশ্ব সামাজিক ন্যায়বিচার দিবস-World Social Justice Day	২০ ফেব্রুয়ারি-20 February

RAISUL ISLAM HRIDOY

আন্তর্জাতিক স্কাউট দিবস-International Scout Day	২২ ফেব্রুয়ারি – 22 February
বিশ্ব নারী দিবস-World Women's Day	৮ মার্চ-8 March
আন্তর্জাতিক ভোক্তা দিবস-International Consumer Day	১৫ মার্চ 15-March
কমনওয়েলথ দিবস-Commonwealth Day	মার্চের দ্বিতীয় সোমবার-On the second Monday of March
বর্ণবৈষম্য বিলোপ দিবস-Racism Elimination Day	২১ মার্চ -21 March
বিশ্ব পানি দিবস-World Water Day	২২ মার্চ -22 March
বিশ্ব আবহাওয়া দিবস-World Meteorological Day	২৩ মার্চ -23 March
বিশ্ব যক্ষা দিবস-World Tickle Day	২৪ মার্চ – 24 March
বিশ্ব নাট্য দিবস – World drama day	২৭ মার্চ – 27 March
অটিজম সচেতনতা দিবস -Autism Awareness Day	২ এপ্রিল – 2 April

RAISUL ISLAM HRIDOY

বিশ্ব মুক্ত সংবাদপত্র দিবস -World Free Newspaper Day	২ এপ্রিল – 2 April
মাইন বিরোধী দিবস -Mein Opponent Day	৪ এপ্রিল- 4 April
বিশ্ব স্বাস্থ্য দিবস-World Health Day	৭ এপ্রিল- 7 April
বিশ্ব হিমোফিলিয়া দিবস -World hemophilia day	১৭ এপ্রিল – 17 April
বিশ্ব ধরিত্রী দিবস -World Earth Day	২২ এপ্রিল -22 April
বিশ্ব গ্রন্থ ও গ্রন্থস্বত্ব দিবস -World Book and Copyright Day	২৩ এপ্রিল-23 April
বিশ্ব ম্যালেরিয়া দিবস	২৫ এপ্রিল
বিশ্ব মেধাস্বত্ব দিবস	২৬ এপ্রিল
বিশ্ব নৃত্য দিবস	২৯ এপ্রিল
মে দিবস বা আন্তর্জাতিক শ্রম দিবস	১ মে
বিশ্ব সংবাদপত্র স্বাধীনতা দিবস	৩ মে
বিশ্ব হাপানি দিবস	মে মাসের প্রথম মঙ্গলবার

RAISUL ISLAM HRIDOY

বিশ্ব রেডক্রস ও রেডক্রিসেন্ট দিবস	৮ মে
বিশ্ব মা দিবস	১০ মে
আন্তর্জাতিক সেবিকা দিবস	১২ মে
বিশ্ব পরিবার দিবস	১৫ মে
টেলিযোগাযোগ দিবস	১৭ মে
আন্তর্জাতিক জীব বৈচিত্র্য দিবস	২২ মে
জাতিসংঘ শান্তিরক্ষী দিবস	২৯ মে
আন্তর্জাতিক তামাকমুক্ত দিবস	৩১ মে
আন্তর্জাতিক শিশু দিবস	১ জুন
বিশ্ব পরিবেশ দিবস	৫ জুন
বিশ্ব সমুদ্র দিবস	৮ জুন
বিশ্ব শিশু শ্রম দিবস	১২ জুন
বিশ্ব রক্তদাতা দিবস	১৪ জুন

RAISUL ISLAM HRIDOY

আন্তর্জাতিক উদ্বাস্তু দিবস	২০ জুন
বিশ্ব সঙ্গীত দিবস	২১ জুন
বিশ্ব বাবা দিবস	জুনের তৃতীয় রোববার
বিশ্ব বাবা দিবস	জুনের তৃতীয় রোববার
বিশ্ব বাবা দিবস	জুনের তৃতীয় রোববার
বিশ্ব বাবা দিবস	জুনের তৃতীয় রোববার
আন্তর্জাতিক সমবায় দিবস	জুলাইর প্রথম শনিবার
বিশ্ব জনসংখ্যা দিবস	১১ জুলাই
বিশ্ব হিরোশিমা দিবস	৬ আগস্ট
বিশ্ব আদিবাসী দিবস	৯ আগস্ট
বিশ্ব যুব দিবস	১২ আগস্ট
বিশ্ব মানবহিতৈষী দিবস	১৯ আগস্ট
আন্তর্জাতিক দাসপ্রথা বিলুপ্তি দিবস	২৩ আগস্ট

RAISUL ISLAM HRIDOY

বিশ্ব বন্ধুত্ব	আগস্টের প্রথম রবিবার
আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস	৮ সেপ্টেম্বর
আন্তর্জাতিক গণতন্ত্র দিবস	১৫ সেপ্টেম্বর
বিশ্ব শান্তি দিবস	২১ সেপ্টেম্বর
বিশ্ব শান্তি দিবস	২১ সেপ্টেম্বর
মীনা দিবস	২৪ সেপ্টেম্বর
বিশ্ব পর্যটন দিবস	২৭ সেপ্টেম্বর
আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস	২৮ সেপ্টেম্বর
আন্তর্জাতিক প্রবীন দিবস	১ অক্টোবর
আন্তর্জাতিক অহিংস দিবস	২ অক্টোবর
বিশ্ব হাসি দিবস	৩ অক্টোবর
বিশ্ব প্রাণী দিবস	৪ অক্টোবর
বিশ্ব শিক্ষক দিবস	৫ অক্টোবর

RAISUL ISLAM HRIDOY

বিশ্ব পতিবেশ দিবস	অক্টোবর মাসের প্রথম সোমবার
বিশ্ব ডাক দিবস	৯ অক্টোবর
বিশ্ব খাদ্য দিবস	১৬ অক্টোবর
বিশ্ব খাদ্য দিবস	১৬ অক্টোবর
বিশ্ব খাদ্য দিবস	১৬ অক্টোবর
বিশ্ব খাদ্য দিবস	১৬ অক্টোবর
আন্তর্জাতিক দারিদ্র নির্মূল দিবস	১৭ অক্টোবর
বিশ্ব তথ্য উন্নয়ন দিবস/জাতিসংঘ দিবস	২৪ অক্টোবর
হ্যালোইন	৩১ অক্টোবর
বিশ্ব স্বাধীনতা দিবস	৯ নভেম্বর
বিশ্ব ডায়াবেটিস দিবস	১৪ নভেম্বর
বিশ্ব সহিষ্ণুতা দিবস	১৬ নভেম্বর

RAISUL ISLAM HRIDOY

বিশ্ব শিক্ষার্থী দিবস	১৭ নভেম্বর
বিশ্ব পুরুষ দিবস	১৯ নভেম্বর
বিশ্ব শিশু অধিকার দিবস	২০ নভেম্বর
আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরাধ দিবস	২৫ নভেম্বর
প্যালেস্টাইন সংহতি দিবস	২৯ নভেম্বর
কম্পিউটার নিরাপত্তা দিবস	৩০ নভেম্বর
বিশ্ব এইডস দিবস	১ ডিসেম্বর
আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস	৩ ডিসেম্বর
আন্তর্জাতিক সেচ্ছাসেবক দিবস	৫ ডিসেম্বর
বিশ্ব মৃত্তিকা দিবস	৫ ডিসেম্বর
দুর্নীতি বিরোধী দিবস	৯ ডিসেম্বর
বিশ্ব মানবাধিকার দিবস	১০ ডিসেম্বর
আন্তর্জাতিক অভিবাসী দিবস	১৮ ডিসেম্বর

RAISUL ISLAM HRIDOY

আন্তর্জাতিক মানব সংহতি দিবস	২০ ডিসেম্বর
আল কুদস দিবস	রমজানের শেষ শুক্রবার

আন্তর্জাতিক শ্রম দিবস: ১৮৮৬ সালের ১ মে শিকাগো শহরে শ্রমজীবী মানুষের ৮ ঘন্টা কাজের দাবিতে আন্দোলন চলাকালে বোমা বিস্ফোরনে কয়েকজন পুলিশ অফিসার ও শ্রমিক নিহত হয়। ১৮৮৭ সালে এই ঘটনার বিচারের নামে প্রহসনে কয়েকজন শ্রমিকনেতাকে ফাঁসি দেওয়া হয়।এজন্য ১৮৯০ সাল হতে প্রতিবছর পহেলা মে 'আন্তর্জাতিক শ্রমিক দিবস' পালন করা হয়।

আন্তর্জাতিক বর্ষ/International Year

আন্তর্জাতিক বর্ষ – International Year	সাঁক বর্ষ -SAARC Year
আন্তর্জাতিক স্বাক্ষরতা বর্ষ -International Year of Literacy	সার্ক কন্যাশিশু বর্ষ-SAARC Year of Girl Child
	সার্ক আবাস বর্ষ – SAARC Year of Shelter
আন্তর্জাতিক মহাশূন্য বর্ষ -International space year	সার্ক পরিবেশ বর্ষ -SAARC Year of Environment
আন্তর্জাতিক আদিবাসী বর্ষ -International Indigenous Year	সার্ক পতিবন্ধী বর্ষ-SAARC Year of Disabled Persons
আন্তর্জাতিক পরিবার বর্ষ – International Family Year	সার্ক যুব বর্ষ-SAARC Year of the Youth

RAISUL ISLAM HRIDOY

আন্তর্জাতিক দারিদ্র দূরীকরণ বর্ষ	সার্ক দারিদ্র দূরীকরণ বর্ষ
আন্তর্জাতিক দারিদ্র উচ্ছেদ বর্ষ	সার্ক স্বাক্ষরতা বর্ষ
আন্তর্জাতিক সমুদ্র বর্ষ	

১৯৯৯	আন্তর্জাতিক প্রবীণ বর্ষ	সার্ক জীববৈচিত্র্য বর্ষ
২০০১	আন্তর্জাতিক সেচ্ছাসেবক বর্ষ	
২০০২	আন্তর্জাতিক সাংস্কৃতিক ঐতিহ্য বর্ষ	
২০০৩	আন্তর্জাতিক জীবানুমুক্ত পানি বর্ষ	
২০০৪	আন্তর্জাতিক ধান বর্ষ	এইডস সচেতনতা বর্ষ
২০০৫	আন্তর্জাতিক ক্ষুদ্রঋণ বর্ষ	
২০০৬	আন্তর্জাতিক খরা ও মরুকরণ বর্ষ	দক্ষিন এশিয়া ভ্রমন বর্ষ
২০০৭	আন্তর্জাতিক স্কাউট বর্ষ	সবুজ দক্ষিন এশিয়া বর্ষ
২০০৮	আন্তর্জাতিক ভাষা বর্ষ	সার্ক মিডিয়া বর্ষ
২০০৯	আন্তর্জাতিক জোর্তির্বিদ্যা বর্ষ	
২০১০	আন্তর্জাতিক জীববৈচিত্র্য বর্ষ	

RAISUL ISLAM HRIDOY

২০১১	আন্তর্জাতিক বন বর্ষ
২০১২	আন্তর্জাতিক সমবায় বর্ষ সকলের জন্য টেকসই জ্বালানি বর্ষ
২০১৩	আন্তর্জাতিক পানি সহযোগিতা বর্ষ আন্তর্জাতিক কিনুয়া বর্ষ
২০১৪	আন্তর্জাতিক কেলাসতত্ত্ব বর্ষ ফিলিস্থিনি জনগনের সাথে সংগহতি বর্ষ আন্তর্জাতিক পারিবারিক খামার বর্ষ
২০১৫	আলোক এবং আলোক নির্ভর প্রযুক্তি বিষয়ক আন্তর্জাতিক বর্ষ আন্তর্জাতিক পারিবারিক খামার বর্ষ
২০১৬	আন্তর্জাতিক ডাল বর্ষ
২০১৭	
২০১৮	আন্তর্জাতিক আদিবাসী ভাষা বর্ষ

RAISUL ISLAM HRIDOY

পঞ্জিকা

গ্রেগোরীয় বর্ষপঞ্জী

গ্রেগোরীয় বর্ষপঞ্জী (পাশ্চাত্য বর্ষপঞ্জী বা খ্রিষ্টীয় বর্ষপঞ্জী) হলো আন্তর্জাতিকভাবে স্বীকৃত বর্ষপঞ্জী। ১৫৮২ সালের ২৪ ফেব্রুয়ারি পোপ ত্রয়োদশ গ্রোগোরির এক আদেশনুসারে এই বর্ষপঞ্জীর প্রচলন ঘটে। গ্রোগোরিয় বর্ষপঞ্জীর ব্যাপ্তি ৩৬৫ দিন।

গ্রেগোরীয় সনের মাস Months of Gregorian	দিন সংখ্যা (Length in days)	গ্রেগোরীয় সনের মাস (Months of Gregorian	দিন সংখ্যা (Length in days)
January	31	July	31
February	28/29	August	31
March	31	September	30
April	30	October	31
May	31	November	30
June	30	December	31

Leap Year (অধিবর্ষ)

অধিবর্ষে মোট দিন থাকে ৩৬৬। গেগ্রোরীয় বর্ষপঞ্জীতে প্রতি চার বছরে একবার ফেব্রুয়ারি মাস এবং বাংলা সনমতে ফাল্গুন মাসে একদিন যোগ করা হয়।
অধিবর্ষে ফেব্রুয়ারি এবং ফাল্গুন যথাক্রমে ২৯ এবং ৩১ দিন হয়।

৪ দ্বারা বিভাজ্য বছরগুলোতে অধিবর্ষ হয়।যেমন-২০১৬। তবে এই নিয়মের ব্যতিক্রম আছে। যে সব বছর ১০০ দ্বারা বিভাজ্য কিন্তু ৪০০ দ্বারা নয় তাদের অধিবর্ষ থেকে েবাদ দেয়া হয়েছে। যেমন: ৪ দ্বারা বিভাজ্য হওয়া সত্ত্বেও ১৯০০ সাল অধিবর্ষ নয়।কারন এটি ১০০ দ্বারা বিভাজ্য কিন্তু ৪০০ দ্বারা নয়।

RAISUL ISLAM HRIDOY

(বাংলা সন বা বঙ্গাব্দ)

ভারতে ইসলামী শাসন আমলে হিজরী পঞ্জিকা অনুসারে সকল কাজকর্ম হতো। মোঘল সম্রাট আকবর প্রচলিত চান্দ্র পঞ্জিকাকে সৌরপঞ্জিকায় রূপান্তরিত করার দ্বায়িত্ব নেন। তিনি ইরান থেকে েআগত বিশিষ্ট বিজ্ঞানী এবং জ্যোতির্বিদ ওমর ফতুল্লা শিরাজীকে হিজরী চান্দ্র বর্ষপঞ্জিকে সৌর বর্ষপঞ্জিতে রূপান্তরিত করার দ্বায়িত্ব দেন। ওমর ফতুল্লা শিরাজীর সুপারিশে সম্রাট আকবর ৯৯২ হিজরী (১৫৮৪ খ্রিস্টাব্দে) – এ বাংলা সৌর বর্ষপঞ্জির প্রবর্তন করেন।তবে তিনি ২৯ বছর পূর্বে তার সিংহাসনে আহরোণের দিন থেকে এ পঞ্জিকা প্রচলনের নির্দেশ দেন।এজন্য ৯৬৩ হিজরী সাল থেকে বঙ্গাব্দ গণনা শুরু হয়।

গ্রেগোরিয়ান সনের মত বাংলা সনেরও মোট ১২টি মাস। বৈশাখ বঙ্গাব্দের প্রথম মাস এবং পহেলা বৈশাখকে নববর্ষ ধরা হয়।

১৯৬৬ সালের ১৭ ফেব্রুয়ারি বাংলা একাডেমি কর্তৃক বাংলা সন সংস্কারের উদ্যোগগ্রহণ করা হয়। ড. মুহম্মদ শহীদুল্লার নেতৃত্বাধীন একটি কমিটি বাংলা সনের সংস্কার করে। বাংলা সনের ব্যাপ্তি গ্রেগোরিয়ান বর্ষপঞ্জীর মত ৩৬৫ দিন।

এক নজরে বঙ্গাব্দ

